Only one evidence of the greatness of the man, and surely none such is needed now that he has left us, lies in the fact that three Britishers, a lawyer, a journalist and a politician, have thought it worthwhile to combine and write this authoritative biography of the Indian leader and an appreciation of the life and work of one of the world's greatest men. The character of the Mahatma, his philosophy of life and his influence on Indian and world affairs are all dealt with sympathetically, dispassionately and with as much understanding as it is probably possible for one man to have of another. Cheap panegyric and blind hero-worship you will not find in the book, because these men, for all their admiration of Gandhi, are primarily men of affairs with critical and analytical intellects the full force of which they bring to bear upon their subject. But you will find a keen and intelligent unravelling of the intricate mosaic of Indian politics through half a century of momentous changes. Class domination, sex domination and race domination had long shackled the freedom of humanity when Gandhi was born, but to the dissolution of each of these he had made a notable contribution before he died.

There are in the volume plenty of vividly drawn pen-pictures of many actors on the Indian political stage. To mention only two or three for example, those of Tilak and Gokhale by Brailsford, and one by Lord Pethwick-Lawrence of Jinnah.

The Mahatma throughout his long life had made many a sacrifice and not all of them in vain (to judge by our own limited powers) so that his last and supreme one, that of his life, was an end not unfitting though much to be deplored and in the words of Lord Pethwick-Lawrence "From that funeral pyre comes the message which came from the cross two thousand years ago.

"Greater love hath no man this, that a man lay down his life for his friends".

Sunday, April 17th 1949. K. C. Addy.

AN APOLOGY FOR THE DECADENTS

AN ACRE OF GREEN GRASS

by Buddhadev Bose, Published by Orient Longman's Ltd.
Price Rs. 4/8/-

Roger Garandy writing recently on Modern French poetry characterized it, leaving out the obviously dissimilar, as the literature of the graveyard. What is true of France is probably true of India and Bengal as well. A malign spirit is abroad touching everything with its opium wand and lulling our artists and poets into a hypnotised sleep. It would however be a mistake to think that this hypnotic spell is altogether externally imposed. It is very much internal—we have somehow ceased to distinguish between doctors and the disease. One does not have to be a Marxist, said Caudwell, to declare that bourgeois culture, is seriously ill. But the sick person has suddenly discovered that he is very much sick—though by no means bed-ridden—and he wants to shout from the house-top and convince every body else that he being sick there is no hope for any body else. There is thus to be heard a song of despair in contemporary literature. Contemporary literature seems to wallow in its own sickliness and helplessness. Despair, utility and meaninglessness is writ large on almost all that is being produced to-day.

Mr. Buddhadev Bose will go down in history not as a Jeremiah, but sa a Decadent prophet of a Decadent age. His "Acre of Green Grass" is at once the symbol of the hope (if any) and despair of the artists he writes about. Mr. Bose is himself a novelist, story-teller, Belle-letterist and essayist all rolled into one. He knows a good deal, but talks a great deal more. He is moreover, endowed with the none-too-happy faculty of talking with his tongue in his cheek. He starts well. When he writes about Rabindranath and Pramatha Chaudhuri somehow he keeps his fits of despair under control. But as he wars against his own generation the ghost of despair gets the better of his descriptions and literary conscience and does havoc to his excursive and audacious literary pronouncements. Mr. Bose is a

prophet *par excellence*. Aldous Huxley is writ large on all that he does and says. In this literary resume of Bengali literature, Mr. Bose, somehow constantly reminds us of Huxley and Eliot. To him these two have the last word with them. And as such, it is only natural for him to forget that Huxley and Eliot between themselves represent all that is putrid and rotten in English literature. Happily for us all English literature did not come to a stop when Mr. Aldous Huxley, the erstwhile iconoclast and pyrrlionist, published his 'Time Must Have a Stop' or Mr. T. S. Eliot his 'Waste land'. But for Mr. Bose this is exactly what has happened. We can only be sorry for him.

Politics is Mr. Bose's anathema. He wants to forget the abortive attempts he himself had made during the first phase of World War II to align himself with the Anti-Fascist writers and artists group. That is of course a shameful episode—it is better for everybody concerned to forget all about it. Mr. Bose does the same and his motives are not suspect. Let's hear what he has got to say on politics in literature. "Politics" be writes on Page 57, "at present, is playing havoc with our literature : writers even some of the quite reputable ones, seem divided into political camps ; and there is a brisk and dismal canvassing to recruit and be recruited. An appallingly large number of people has started thinking that it is no longer important that a work should be good ; all that matters to them is that it should conform to some particular brand of political ideology. Disastrous for young writers, this has adversely affected some of the elders too". These lines have a stamp of *ex cathedra* on them. The critic here has become a public hangman. His condemnation of the "particular brand of ideology", is a confession of a deep-rooted fear-complex and is essentially pathological. He acts merely as a mouth-piece of the Decadents —those who masquerade as the ivory-towerists or art-for-arters or the purveyors of pure art. Whatever the label these may attach to their wares —the wares remain always and inescapably decadent stuff fit only for the consumption of the sick and the dying. These people are afraid of life and life to-day has somehow come to be inextricably mixed up with politics. Man is a member of a politically organised and economically constituted society and as such none excepting the Decadents can preach pure art, —art that is above the battle that is being waged everywhere. Man is on the March—the Decadents are on the run everywhere. The apologists for Decadent aesthetics and philosophy are trying to put up a last-ditch opposition. The pity of it is—the ditch itself is not sufficiently deep to bury them all.

S. K. C.

UNIVERSITY OF CALCUTTA LIBRARY RAJA RAMMOHUNPUR

সেণ্ট পল্‌স্‌ কলেজ পত্রিকা

১৯৫০

[ছাত্র-ছাত্রী বিভাগ]

"……মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ। সে বিশ্বাস শেষ পর্য্যন্ত করব। আশা করব মহাপ্রলয়ের পরে বৈরাগ্যের মেঘমুক্ত আকাশে ইতিহাসের একটি নির্মল আত্মপ্রকাশ হয়ত আরম্ভ হবে।"

—রবীন্দ্রনাথ

সম্পাদনায়—
শ্রীসত্যেন দে (বাংলা বিভাগ)
শ্রীঅমিয় কুমার বন্দ্যোপাধ্যায় (ইংরাজী বিভাগ)

সম্পাদকীয়

সত্যেন দে

সবুজ অঙ্কুরের আশ্বাস পত্রাকুল বনস্পতি। সেই পুষ্পময়তার স্বপ্ন মানুষের দুঃখের সান্ত্বনা, দারিদ্র্যের ঐশ্বর্য্য। আত্মদর্শনের অমিত আকাংখা প্রতিটি অন্তরের গোপন স্তরে সুপ্ত। অজানিতের স্পর্শ লেগে তার সহস্রদল উন্মিলিত হয় যৌবনময় নির্ভরতায়। মানুষের চরিতার্থতা সেইখানে।

* * *

ভারতের ময়ূর সিংহাসন ছেড়ে ফিরে গেছে সপ্তডিঙ্গার জাতকণিক তার দুশো বছরের রক্তকলঙ্কিত ইতিহাসকে চিরঞ্জীব করে। সমর্পনের প্রতিশ্রুতি নিয়ে অযুত মৃত্যুহীন প্রাণ কারাগারকে করেছে তীর্থ, দ্বীপান্তরকে জেনেছে সিদ্ধিরূপে, ফাঁসীর রজ্জুকে গলায় নিয়েছে বৈজয়ন্তীর বরমাল্য বলে। সেই আত্মাহুতির হোমকুণ্ড থেকে জন্ম নিয়েছে মুক্তির সুপ্রভাত। কিন্তু অগ্নিগিরির মুখরতা এখনো অব্যাহত, বঞ্চিতদের মিছিল এখনো সিংহদ্বারে সমবেত। তাই অপেক্ষা করে আছি বহ্নিসাক্ষী পদাতিকদের পথ চেয়ে যারা পরিচয় দেবে অমৃত তেজস্ক্রিয়তার।

বাংলা আজ সর্বাধিক বিপন্ন। প্রতিবেশী রাষ্ট্রের অমানুষিকতার বিষবাষ্পে বাঙ্গালী হতবাক্, দিকে দিকে ব্যাপক আন্দোলনে তার চিন্তাচেতনা ভারাক্রান্ত, অদৃষ্টের কাছে আজ সে অপমানিত। প্রত্যুত্তরের কার্পণ্যে যেন তার বৈশিষ্ট্যের অপমৃত্যু না হয়। ত্রুটী সমাকীর্ণ অগণ্য সম্প্রদায় যেন লাভ করে ঐক্যের নির্ভুল মর্য্যাদা আমাদের এই কামনাই আজ একক। স্বামীজির শাশ্বত বাণী,—"You Young men of Bengal, do not look up to the rich and great men who have money ; the poor did all the great and gigantic work of the world. Come up. You do everything. You must do everything. Be steady and above all, be pure and sincere to the back bone."

* * *

একদিকে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করতে তৎপর হয়ে যেমন বিচক্ষণতার পরিচয় দিচ্ছেন বর্তমান দেশনায়কবৃন্দ অপরদিকে কলকাতায় ছাত্রসংখ্যা সীমাবদ্ধ করে ততোধিক ব্যর্থতা প্রকাশ করছেন। আমাদের কলেজ অবশ্য প্রায় আবাসিক ও ছাত্রসংখ্যা একান্ত সীমাবদ্ধ। মফঃস্বলের ছাত্রদের স্থানীয় এলাকায় অধ্যয়ন করতে হিতোপদেশ দেওয়া হচ্ছে। কিন্তু এপর্য্যন্ত আনুপাতিক ভাবে মফঃস্বলে কয়টি কলেজ স্থাপিত হয়েছে? বিপুল সংখ্যায় সাধারণ কলেজী শিক্ষা নিতে নিষেধ জানিয়ে গভীর ঔদার্য্যের পরিচয় দিয়েছেন তাঁরা, কিন্তু প্রবেশিকার পর অন্যান্য প্রয়োগ শিক্ষা গ্রহণের কতটুকু ব্যবস্থা তাঁরা করেছেন এপর্য্যন্ত? এভাবে মুখ্যতঃ ছাত্র-আন্দোলনকে পঙ্গু করার প্রচেষ্টা ও গৌণতঃ বেকার সমস্যা সমাধানের প্রয়াস কেবল হাস্যপ্রদ।

* * *

আমাদের কলেজে এ বৎসর থেকে সহশিক্ষার ব্যবস্থা হলো। যদিও প্রথম বৎসরে ছাত্রী সংখ্যা উল্লেখযোগ্য নয় তবু আশা করি আগামী পর্বে সে অপবাদ স্খলিত হবে।

* * *

কলেজ সুবর্ণ জয়ন্তীর ব্যাপক প্রভাব আমাদের পত্রিকার প্রকাশ কালকে পিছিয়ে দিয়েছে। এই অলঙ্ঘনীয় অপরাধের জন্যে আমরা ক্ষমাপ্রার্থী। স্থান সংকীর্ণতার জন্যে সব লেখকের সন্তুষ্টি বিধান করতে পারিনি এই সামান্যের ব্যর্থতা তাঁদের সম্ভাবনাকে পীড়িত করবেনা এ বিশ্বাস রাখি।

প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে যার কাছে যতটুকু সাহায্য পেয়েছি তার জন্যে আন্তরিক কৃতজ্ঞতা জানিয়ে রচনা করি আমার জবানবন্দীর তমামশোধ।

জয় হিন্দ!

দ্বৈপায়ন

দেবদাস পাঠক (প্রাক্তন ছাত্র)

সার্সিতে লাল রোদ। বন্ধ হলো লেজারের পাতা ;
ডালহৌসী স্কোয়ারের জলে গাঢ়তর আকাশের ছায়া।
ফুটপাতে অসংযত রিক্ত-আয়ু সায়াহ্ন মিছিল ;
অসংলগ্ন পদক্ষেপ—দীর্ঘ পথ—হে বিহঙ্গ মন,
ট্রামের হাতলে শান্তি ; অবসন্ন স্নায়ুরা শিথিল।
এস্‌প্ল্যানেডে দীর্ঘ বাঁক,—লালশাড়ি মারাঠী মেয়ের
খোঁপায় অচেনা ফুল। আচমকা হঠাৎ কখন
দক্ষিণ সমুদ্র থেকে এক আঁজলা ভিজে হাওয়া
ছুঁয়ে গেল অবসিত মন।
তারপর অন্ধকার ! চতুষ্কোণ ঘরের দেয়ালে
বিবর্ণ ভৌতিক ছায়া। তারা নেই—আকাশের ছবি
মুছে গেছে। সমুদ্র কৃপণ—হাওয়া স্থির।
মাকড়সার ঘন জালে মৃত্যুম্লান গুটি দুই মাছি।
সেতারে বেসুরো হাত—কেটে গেছে মুহূর্তের মীড়।
হিজলের ঘনবনে কে জানে হয়তো দূর গ্রামে
কোনও মেয়ের চোখে অপরূপ রাত্রি এক নামে।

তারা ও আমি

অমিয় মুখোপাধ্যায় (২য় বর্ষ, সাহিত্য)

তারা যে বলেছে জ্বলবেই একদিন।
দুরন্ত হাওয়া ওড়াবেই ছাই ; যে আগুন চাপা নীচে
শত সহস্র স্ফুলিঙ্গে তার নতুন জন্ম সুরু।
তারা যে দিয়েছে অস্থির উপাদানে
নতুন কাঠামো সৃষ্টির ডাক। রক্তে রক্তে আরো
প্রাণ প্রতিষ্ঠা সে ভারও তাদের হাতে।

তারা যে জেনেছে কুয়াশা ধ্বংসমুখী ;
সারা দুনিয়ার মানুষের চোখে
আগামী দৃষ্টি জয়ী।
আমি তাই চেয়ে আছি।
অপেক্ষারত আমার দৃষ্টি ; প্রতিমুহূর্ত্তে আরো
অধীরতা বাড়ে। আমার কানেও সুর
পৌঁছে দিয়েছে আজকে যে দেখি
সংগ্রামী সে কোরাস।
আমার লেখনী তাদের স্বপ্ন সার্থকতার তীরে
নিয়ে যেতে পথ খোঁজে।
তাদের ও আমার বন্ধন জানি
ক্রমশঃ অলঙ্ঘ্য।

দুর্জ্জয়

কুমার অজিত (১ম বর্ষ, সাহিত্য)

ঘনকালো মেঘে ঢেলে দিলো কে যে জল,
কজ্জল কালো চোখটি আজিকে করে শুধু ছল্ ছল্।
ঘনায়ে এলো যে বিপদের বেলা
ফেলে রাখ তোর জীবনের খেলা
নিমিষের তরে চেয়ে দেখ্ আঁখি জল ভরা অবিরল
ওড়না ওড়ায়ে দূর হ'তে ছুটে আসে ঐ ভৈরবী,
কাঞ্চন থালি হয়েছে যে খালি
জল ভরা ভরা রয়েছে যে ডালি
ছুটিয়া চলেছ লেখনীটি ফেলি, কেন তুমি আজ কবি

বজ্র হানিয়া গর্জ্জিছে আজি কজ্জল কালো মেঘ,
মত্ত বাতাস চঞ্চল পদে
ঠেলিয়া দিতেছে দৃপ্ত জলদে
বজ্র মুখর বাতাসে ধ্বনিত অন্ত বিহীন বেগ।
দুর্জ্জয় আজ দুর্জ্ঞেয় ভাষা রচেছে অভ্র পথে,
অগ্নি আখর ঝলিছে তাহারি সনে
দুর্জ্জয় মনে বিদ্যুল্লতা, কহিছে তাহার কতশত কথা
ব্যক্ত করিছে হৃদয়ের ব্যথা, কত যে সঙ্গোপনে।

আগামী পৃথিবী

রণজিত দত্ত (৩য় বর্ষ, সাহিত্য)

সমাজের বুক জুড়ে নাচে প্রেত আত্মহারা নাচে,
শতাব্দীর পুঞ্জীভূত গ্লানিমাখা সমাজের কাছে
মানুষের সভ্যতার ক্ষীণতম ব্যর্থ অধিকার
বার বার
লভিয়াছে করুণ লাঞ্ছনা ;
লুব্ধ বিদ্বেষীর শাশ্বত বঞ্চনা
সৃজিয়াছে পঙ্কিল বীভৎস জগত
রচিয়াছে রুধিরাক্ত, অভিশপ্ত পথ।
পীড়িতের শুষ্কপ্রাণ শক্তিবিহীন
শুধু রাত্রিদিন
মনোহর জীবনের স্বপ্ন সম্ভার
তিক্ত করে নয়নের ভার;—
ব্যর্থ আশা নিয়ত নীরব,
বুকভরা হাহাকার রব।

ঘরশত্রু মিত্রদের দুর্ণিবার যুঝি
অবিশ্রাম সংগ্রামের জীর্ণতম পুঁজি
শেষ হয়ে যায়—
আত্মঘাতী আঘাতের ঘায়।
দেহের কাঠামো হার মানে
প্রাচুর্য রয়েছে তবু বিদ্রোহী পরানে
ছিন্নমূল জীবনের যোগসূত্র ধরি
মিলনের সেতু রচে রিক্ত পথচারী ;
সময়ের প্রতীক্ষায় দিন গোণে কারা,
পৃথ্বী যাদের কাছে ব্যর্থ, সাহারা !
ব্যাভিচার, পীড়নের সমাধির পরে
ব্যাধিগ্রস্ত সভ্যতার শ্মশান শিয়রে
রুদ্র দানব জয়ী আগামী পৃথিবী
রক্ত মসীলিপ্ত এক জীবনের ছবি,—
আঁকিবে প্রাণের মূল্যে তাহাদের লাগি—
নিঃস্ব যারা—সবহারা, শ্মশান বিরাগী।

আগ্নিক

সত্যেন দে (৩য় বর্ষ, সাহিত্য)

ধরণীর ধূলি তীর্থে বিস্মৃত যাহাদের নাম
তাহাদের সহস্র প্রণাম !
সহস্র প্রণাম করি দীপ বহ্নিদহে
যে অগণ্য পতঙ্গ আপনারে সমর্পিতে চাহে
নাম, যশ, কুল, গোত্রহীন,—
যুগে যুগে সাধিয়াছে খররৌদ্র দিন।
রুদ্র দারিদ্র্যের দুঃসহ ঘাতে

৭

অভিশাপজর্জর কোনো অন্ধরাতে
দুর্গম বর্ত্ম হতে তারা ফেরে নাই,
তাই,
পত্র, পুষ্প মাল্যে উপাচারে
দাঁড়ায়েছি মৃত্যুস্তব্ধ সমাধির ধারে।

ঝটিকা বিক্ষুব্ধ কত শ্রান্ত গোধূলিতে
আকাশের আবহ সঙ্গীতে
নিভৃ নিভৃ হয়েছিল আলো
মেঘাবৃত মহাশূন্য ছিল মসী কালো,
যাত্রী তবু ছিল অব্যাহত
অবিরত ;
তাই
বৈজয়ন্তী বরমাল্যে সম্মানিতে চাই
যাহারা দুর্বার মৃত্যুহীন,—
যুগে যুগে সাধিয়াছে খররৌদ্র দিন।

সিন্ধুর আকণ্ঠভরি নামে কি ঝড়
প্রলয়ংকর—?
উত্তাল ঊর্মিবেগে সামান্য তরী
কেঁপেছিল ত্রস্তে থরহরি,
হালভাঙা ব্যর্থ নিরুপায়
অন্তিমের একান্ত প্রতীক্ষায় ;
অগণিত প্রাণবন্যা তবু যুঝিয়াছে
মৃত্যুর গহ্বরের কাছে।

তাই,
বঞ্চিত মানবের মাঙ্গলিক গাই
রক্তের স্বাক্ষরে যাহাদের ঋণ—
যুগে যুগে সাধিয়াছে খররৌদ্র দিন।

৮

দগ্ধমরু প্রান্তিকে বালুকার রাশি
তৃষ্ণারে ব্যংগ করি বিদ্রূপের হাসি
হাসিয়াছে ভ্রুকুটী নির্মম—
মরীচিকা আনিয়াছে ভ্রম।
চলিষ্ণু ছন্দ তবু রাখিয়াছে তাল
লজ্জাভরে ফিরে গেছে রুদ্র মহাকাল।

তাই,
নবজন্ম পথচাহি, যারা ফেরে নাই
দিগন্তের অস্তরাগে আজো অন্তলীন,—
যুগে যুগে সাধিয়াছে খররৌদ্র দিন।
এসেছে কি সূর্য্য-স্নাত সেই সুপ্রভাত—?
যার তরে অমারাত্রে কত বজ্রপাত
কত ঝঞ্ঝা, কত আত্মাহুতি
প্রতীক্ষ্য জনতার বেদন-আকুতি ;
এতো নহে ধারা মুক্তি স্নান—
অগ্নিগিরির কণ্ঠে শুনেছ কি ভাঙনের গান ?
শুনেছ কি কণ্ঠ-রুদ্ধ মৌন হাহাকার ?
সমাধি চরণ মূলে তাই পুনর্বার
আসিয়াছি ইহাদেরি পুনর্জন্ম চাহি
তমোরাত্রে যারা ছিল রাহী,
সংগ্রামের বহ্নি ছিল যাঁহাদের রক্তে অবিশ্রাম
তাহাদের সহস্র প্রণাম ! *

* সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানের সাংস্কৃতিক বৈঠকে পঠিত।

রাজপুত্তুর যাচ্ছে একলা ঘোড়ায় চেপে? তখন পড়াশুনা—? খোকা তার সমাধান করে রেখেছে—

"বড়ো হব, তখন আমি
পড়ব প্রথম পাঠ—
আজ বলো মা, কোথায় আছে
তেপান্তরের মাঠ।"

তখন খোকার কাছে বড়ো হওয়াটা যেমন একটা অবান্তর ব্যাপার পড়াশুনাটাও তেমনি। দুটোই সমান অপ্রীতিকর। সত্য কেবল আঁধার আকাশ আর তেপান্তরের মাঠ। আর বড়ো যদি হতেই হয়, খোকা তার সমস্ত দায়িত্ব নিতে রাজী আছে, এমন কি চোদ্দবৎসর বনে যেতেও রাজী আছে যদি লক্ষ্মণ ভাই তার সাথে সাথে থাকে। এক রাবণকে নিয়ে ভয়, খোকার না হোক অন্ততঃ খোকার মায়ের, তাই খোকা তৎক্ষণাৎ বুঝিয়ে দিলো—"রাবণ আমার কি করবে মা, নেই যে আমার সীতা!" অবশ্য মায়ের কাছে এটা খোকার সান্ত্বনা হোলো না আক্ষেপ হোলো, কবি তা জানাননি।

ছেলেবেলাকার এই যে মধুর ছবি এর রঙ্গের ছটা আমরা কবির অন্যান্য লেখাতেও পাই, আর পাই তাঁর শিশু চরিত্র অঙ্কনে। শিশুর মন তর্ক দিয়ে বোঝানো যায় না, কিন্তু তাকে রঙ দিয়ে ফলানো যায়। বাংলার মেয়েলী ছড়াগুলি এই জাতীয়। ছেলের মন ভোলাবার এমন মধুর রস বুঝি আর নেই। কবি নিজে একাধিক বার স্বীকার করেছেন, "বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদেয় এলো বান" এই ছড়াটি বাল্যকালে তাঁর মোহমন্ত্রের মত ছিল। (লোকসাহিত্য) তাঁর উক্তি—

"আমি আমার সেই মনের মুগ্ধ অবস্থা স্মরণ করিয়া না দেখিলে স্পষ্ট বুঝিতে পারিব না ছড়ার মাধুর্য এবং উপযোগিতা কি। বুঝিতে পারি না, কেন এত মহাকাব্য এবং খণ্ডকাব্য, এত তত্ত্বকথা এবং নীতি প্রচার, মানবের এত প্রাণপণ প্রযত্ন, এত গলদঘর্ম ব্যায়াম প্রতিদিন ব্যর্থ এবং বিস্মৃত হইতেছে অথচ এই সকল অসংগত, অর্থহীন যদৃচ্ছাকৃত শ্লোকগুলি লোকসাহিত্যে চিরকাল প্রবাহিত হইয়া আসিতেছে।" (লোকসাহিত্য—ছেলেভুলানো ছড়া) কবি এই প্রশ্নের সমাধান পান শিশুর প্রকৃতিতে।

"ভালো করিয়া দেখিতে গেলে শিশুর মত পুরাতন আর কিছুই নাই।

দেশ, কাল, শিক্ষা, প্রথা অনুসারে বয়স্ক মানবের কত নূতন পরিবর্ত্তন হইয়াছে কিন্তু শিশু শত সহস্র বৎসর পূর্ব্বে যেমন ছিল আজও তেমনি আছে; সেই অপরিবর্ত্তনীয় পুরাতন বারংবার মানবের ঘরে শিশুমূর্ত্তি ধরিয়া জন্মগ্রহণ করিতেছে, অথচ সর্বপ্রথম দিন সে যেমন নবীন, যেমন সুকুমার, যেমন মূঢ়, যেমন মধুর ছিল আজও ঠিক তেমনি আছে। এই নবীন চিরত্বের কারণ এই যে, শিশু প্রকৃতির সৃজন; কিন্তু বয়স্ক মানুষ বহুল পরিমাণে মানুষের নিজকৃত রচনা। তেমনি ছড়াগুলিও শিশুসাহিত্য; তাহারা মানবমনে আপনি জন্মিয়াছে।" (লোকসাহিত্য—ছেলেভুলানো ছড়া)

শিশুর এই রূপ কবি বারংবার অন্তরে উপলব্ধি করেছেন, যেরূপ তার আনন্দময়, লীলাময় রূপ। তিনি বলেন এই নিয়মহীন আনন্দলোকের স্রষ্টারূপেই তার সত্যকারের প্রকাশ। এবং "এই জন্যই আমাদের শাস্ত্রে ঈশ্বরের কার্যের সহিত বালকের লীলার সর্ব্বদা তুলনা দেওয়া হইয়া থাকে, উভয়ের মধ্যেই একটা ইচ্ছাময় আনন্দের সাদৃশ্য আছে।" বন্ধুবর ডাঃ নীহাররঞ্জন রায় "শিশু" কবিতাগুলির সমালোচনা প্রসঙ্গে কবির এই অনুভূতির উল্লেখ করেছেন। শিশুর কল্পলোক, দেবলোক। সে তো "আমাদের মতো সুদীর্ঘকাল নিয়মের দাসত্বে অভ্যস্ত হয় নাই, এইজন্য সে ক্ষুদ্রশক্তি অনুসারে সমুদ্রতীরে বালির ঘর এবং মনের মধ্যে ছড়ার ছবি স্বেচ্ছামত রচনা করিয়া মর্ত্ত্যলোকে দেবতার জগৎলীলার অনুকরণ করে।" (লোকসাহিত্য—ছেলেভুলানো ছড়া)। আমরা হয়েছি সেই অনিয়মের রাজত্ব থেকে নির্ব্বাসিত, কারণ আমরা দাদার চেয়েও বুড় হয়ে গেছি। জগৎমায়ের কোল থেকে আমরা এখন জড়ো হয়েছি জগৎপিতার শিক্ষাশ্রমে, আরো সত্যকে ফেলে এসেছি সত্যের সীমানায় প্রবেশ করবার সময়। কবি এই কথাটাই তাঁর অনুপম ভাষায় জানিয়েছেন, শিশুর 'ভিতর ও বাহির' শীর্ষক কবিতাটিতে। যাঁরা শিশুসাহিত্যের সীমানার ভিতরে বৈজ্ঞানিক সত্যের অনুশীলন, জ্ঞানবিজ্ঞানের তত্ত্বকথা, নৈতিক আদর্শ ইত্যাদি গুরুপাক, নিয়মে বাঁধা দ্রব্যের আমদানী করতে চান তাঁদের কাছে এই কবিতাটি নিবেদন করি।

শিশু যখন পাঠশালায় বিদ্যানুশীলন করে তখন মেঘের পিঠে চড়ে' রাজবাড়ির সন্ধান করতে যাওয়া যেমন তার বিদ্যালাভের পক্ষে অনুকূল নয়—অন্ততঃ যে ধরণের বিদ্যা পাঠশালার গুরুমশাইরা পছন্দ করেন,—তেমনি যখন তার

মন ছুটি পায়, বিশ্বচরাচর উন্মুখ হয়ে থাকে তার কল্পলোকের সৃষ্টির আশা ও আনন্দে, তখন যদি দাড়ীশ্বরকে মানৎ-করা, গোঁপ-গা থেকে সদ্য প্রত্যাগত হাবল মাষ্টার—হাবল কি মাষ্টার ছিল ?—এসে যদি বলে, "যা, গণেশধুরন্ধরের কাছে গিয়ে ইতিহাসের পড়া নে" তাহলে ঠিক তেমনি একটা বিপর্য্যয় কাণ্ড ঘটে। এর মানে এ নয় যে বাল্যজীবনে উচ্ছৃঙ্খলতার প্রশ্রয় দিতে হবে। কিন্তু যে শৃঙ্খলা দিয়ে আমরা শিশুমনকে বাঁধতে চাই, সে শৃঙ্খলা যে কি তা তাঁরাই জানেন যাঁরা জগৎমায়ের কোলের স্বাদ এখনও ভুলে যাননি। এই জন্যই ছোটো ছোটো ছেলেমেয়েদের শিক্ষার আদর্শেরও পরিবর্ত্তন হয়েছে ; এবং হয়তো এই আদর্শ জানা ছিল বলেই রামসর্ব্বস্ব পণ্ডিত মশাই বিদ্রোহী বালককবিকে সারা শকুন্তলা পড়িয়ে ফেলতে পেরেছিলেন।

তবুও আমরা যারা বড়ো হয়েছি, বুদ্ধিতে না হোক বয়সে, এক এক সময়ে মনে হয় না কি যে এই বুড়োর মুখোসটা খুলে ফেলি, Alice in Wonderland লেখকের মত চার হাত পায়ে ঘুরে বেড়াই, ছোট্ট নাতনিটাকে পিঠে করে ? কবির শেষ বয়সের লেখা "সে" ও "খাপছাড়া" বোধ করি দাদামশায়ের এই সাহিত্যিক হামাগুড়ি দেওয়ারই চেষ্টা কি না কে জানে ! তাই "খাপছাড়া"র মুখবন্ধে কবি শ্রীযুত রাজশেখর বসুকে শাসিয়েছেন।—

"যদি দেখো খোলসটা
খসিয়াছে বৃদ্ধের,
যদি দেখো চপলতা
প্রলাপেতে সফলতা
ফলেছে জীবনে সেই ছেলেমিতে সিদ্ধের
যদি ধরা পড়ে সে যে নয় ঐকান্তিক
ঘোর বৈদান্তিক,
দেখো গম্ভীরতায় নয় অতলান্তিক,
যদি দেখো কথা তার
কোনো মানে মোদ্দার
হয় তো ধারেনা ধার, মাথা উদ্‌ভ্রান্তিক
মন খানা পৌঁছয় ক্ষ্যাপামির প্রান্তিক,
তবে তার শিক্ষার
দাও যদি ধিক্কার
সুধাব বিধির মুখ চারিটা কি কারণে।"

উত্তর দেবার দরকার হয়নি, কবি নিজেই তার কারণ দেখিয়েছেন।

"একটাতে দর্শন
করে বাণী বর্ষণ
একটা ধ্বনিত হয় বেদ উচ্চারণে
একটাতে কবিতা
রসে হয় দ্রবিতা
কাজে লাগে মনটারে উচাটনে মারণে।
নিশ্চিত জেনো তবে
একটাতে হো হো রবে
পাগলামি বেড়া ভেঙ্গে উঠে উচ্ছ্বাসিয়া।
তাই তারি ধাক্কায়
বাজে কথা পাক খায়
আওড় পাকাতে থাকে মগজেতে আসিয়া।"

চতুরাননের এই নিরর্থক হো হো রবে হাসির কথায় মনে পড়ে আমরাও একদিন হাসতাম, যে হাসি বুঝি আজ হাসতে ভুলে গেছি। জানিনা, এডওয়ার্ড লীয়ার (Edward Lear) কত বয়সে তাঁর Book of Nonsense লিখেছিলেন। Limerick এর অন্যতম প্রবর্ত্তক হিসাবে তাঁর খ্যাতি আছে, কবির "খাপছাড়া" বাংলায় তারই প্রতিধ্বনি। কিন্তু বয়সের হিসাবের কি দরকার? ভাষা শেখার সঙ্গেই যে এসব বই এর রস উপলব্ধি করা যায়। এ সেই চিরন্তন বয়সহীন অকেজো মানুষটির জন্য লেখা, যে থাকে আমাদের দৈহিক খোলসের অন্তরালে, চিরন্তন শিশুরূপে। অবশ্য কবির "খাপছাড়া" ছড়াগুলি ঠিক লিমারিকের techniqueএ রচিত নয় কিন্তু রসসৃষ্টি একই শ্রেণীর।

কবির সৃষ্ট কয়েকটি শিশুচরিত্রের উল্লেখ করে' এই প্রবন্ধের উপসংহার করব। এগুলি সংখ্যায় বেশী নয়। তাছাড়া শিশুচরিত্র মাত্রে যে শিশু সাহিত্যের সৃষ্টি এ কথাও সব সময়ে সত্য নয়। "ডাকঘর" এ অমলের কথাই আগে মনে পড়ে। "ডাকঘর" ছোটো ছোটো ছেলেমেয়েদে দ্বারা অভিনীত হয়ে থাকে। মনে করা স্বাভাবিক ওটা শিশু সাহিত্য। কি তবুও মনে প্রশ্ন জাগে, যে টেকনিকে "ডাকঘর" রচিত, যে রসবোধ থাকে ওর প্রকৃতরূপ বোঝা সহজ হবে, তা'কি শিশুসাহিত্যের বস্তু? এটি একা রূপক, হয় তো নাটক বলাও একে ভুল হবে। রবীন্দ্রনাথের নাটক সম্বে

Thompson সাহেবের কথা মনে পড়ে,—"His dramatic work is the vehicle of ideas, rather than the expression of action". মেটারলিঙ্কও বলেছেন—"Indeed it is not in the actions but in the words that are found the beauty and greatness of tragedies that are truly beautiful and great". এই বিশ্বসংসারে অনেক অমল আছে যারা হাত-পা বন্দী অবস্থায় শুনছে সুদূরের ডাক, শুনছে রাজার ডাকঘরের ঘড়ির শব্দ ঢং ঢং ঢং। এমনি বন্দী অসুস্থ শিশু-মন যে বাংলার ঘরে ঘরে আছে, অমল তারই প্রতিনিধি; কিন্তু নাটক দেখতে এসে শিশুদের মন চলে যাবে অমলকে ছেড়ে, তার জানলার বাইরে, সুধার সঙ্গী হয়ে। শেষ দৃশ্যে সুধা যখন ফিরে আসবে, মৃত্যুর মহিমা তাদের অন্তরে সাড়া তুলবে কিনা জানিনা, হয় তো একটু ভ্রূ বাঁকিয়ে তারা ভাববে এ কি হোলো। এর উত্তর পাবে অনেকদিন পরে, তখন তারা নিজেরাও ডাকঘরের ঘণ্টা শুনছে ঢং ঢং ঢং। অন্য পক্ষ "শারদোৎসবের" ঠাকুর্দ্দা বয়সে বড় হলেও শিশুর দলের। সে আনে জীবনের লঘু ছন্দ। ঠাকুর্দ্দা যে তাদের আনন্দরসের উদ্বোদ্ধা, যে রস চারিধারে ছড়িয়ে পড়েছে গানে গানে ও নৃত্যের চপল লীলায়। শিশুসাহিত্যের আসর থেকে তাকে সরায় কে?

রবীন্দ্রনাথ রূপকথা রচনা করেন নি, কিন্তু রূপলোক সৃষ্টি করেছেন তাঁর শিশুচরিত্রগুলিতে। যেখানেই তারা এসেছে তারা এনেছে হঠাৎ আলোর ঝলকানি। এমনি হচ্ছে, "যোগাযোগ" এর হাবলু কুমুর জীবনের ট্রাজিডির মধ্যে। সে এসেছিলো বাইরেকার হারিয়ে-যাওয়া হাওয়ার মত। সেই হাবলুকে বুকে টেনে নিয়ে কুমুর যেন মনে হোলো কতদিন ঠাকুর ঘরে যে গোপালকে ফুল দিয়ে এসেছে গোপাল ওরফে হাবলু তা ঘুণাক্ষরে জানতে পারলো না। সে তখন ব্যস্ত জেঠাইমা জটাইবুড়িকে দেখেছে কিনা জানবার জন্য। জটাইবুড়ি নাকি একতলায় উঠানের পাশে কয়লার ঘরে সন্ধ্যের সময় চামচিকের পিঠে চড়ে আসে, আর ইচ্ছা করলেই সে খুব ছোট হতে পারে। জেঠাইমা কিছু জানে না। হাবলু আরও খবর জানে। সে জানে জটাইবুড়ি কয়লার মধ্যে সিঁদুরের কৌটা লুকিয়ে রেখেছে, জিজ্ঞাসা করল জেঠাইমা (কুমু) কে, "সেই সিঁদুর কোথা থেকে এনেছে জানো।" এবার কিন্তু হাবলুর হার হোলো। দেখা গেল, জেঠাইমা জানে।

"আচ্ছা বলো দেখি।" হাবলু শুধোয়।

"ভোর বেলাকার মেঘের ভিতর থেকে।"

হাবলু থমকে গেল। তাকে ভাবিয়ে দিলে। বিশেষ সংবাদদাতা তাকে সাগরপারের দৈত্যপুরীর কথা বলেছিল। কিন্তু জেঠাইমার কথাটা মনে হল বিশ্বাসযোগ্য।

হাবলুর অন্তরলোক শুধু যে বাঙলার রূপকথার রাজ্য তা নয়, সে মানুষের কালিমা ধুয়ে দিয়ে দেবলোকের সৃষ্টি করে, সে আসে বাঙলার অসংখ্য কুমুর কাছে বালগোপালের মূর্ত্তি নিয়ে। শিশুর এই পরিকল্পনা আর কোনো শিশু-সাহিত্যে পেয়েছি কিনা মনে পড়েনা যদিও Bible তার জন্য Kingdom of God রচনা করে গেছেন এবং পাশ্চাত্য রূপক নাট্যে বা রূপকথিকায় কোথাও কোথাও তার স্বর্গীয় সুষমার আভাস পেয়েছি বলে মনে হয়।

"রাজর্ষি"র হাসি ও তাতা কবির আর একটি অপূর্ব্ব সৃষ্টি। "রাজর্ষি" প্রথম প্রকাশিত হয় বালক পত্রিকায়। হাসি চরিত্রের সৃষ্টি হয় কবির একটি স্বপ্নে। এই স্বপ্ন সম্বন্ধে রবীন্দ্রনাথ জীবনস্মৃতিতে লিখছেন :—

.....দুই এক দিনের জন্য দেওঘরে রাজনারায়ণবাবুকে দেখিতে যাই। কলিকাতা ফিরিবার সময় রাত্রের গাড়িতে ভিড় ছিল, ভালো করিয়া ঘুম হইতেছিলনা—ঠিক চোখের উপর আলো জ্বলিতেছিল। মনে করিলাম ঘুম যখন হইবেই না তখন এই সুযোগে বালকের জন্য একটি গল্প ভাবিয়া রাখি। গল্প ভাবিবার ব্যর্থ চেষ্টার টানে গল্প আসিল না, ঘুম আসিয়া পড়িল। স্বপ্ন দেখিলাম, কোন্ এক মন্দিরের সিঁড়ির উপর বলির রক্তচিহ্ন দেখিয়া একটি বালিকা অত্যন্ত করুণ ব্যাকুলতার সঙ্গে তাহার বাপকে জিজ্ঞাসা করিতেছে—বাবা এ কি, এযে রক্ত! বালিকার এই কাতরতায় তাহার বাপ অন্তরে ব্যথিত হইয়া অথচ বাহিরে রাগের ভাণ করিয়া কোনোমতে তার প্রশ্নটাকে চাপা দিতে চেষ্টা করিতেছে। জাগিয়া উঠিয়া মনে হইল, এটি আমার স্বপ্নলব্ধ গল্প। এইরূপেই হল "রাজর্ষি"র হাসি ও "বিসর্জ্জন"এর অপর্ণার সৃষ্টি। "রাজর্ষিতে" হাসি প্রশ্ন করছে—"এ কিসের দাগ বাবা'!

রাজা বলিলেন, 'রক্তের দাগ মা।"

সে কহিল, "এত রক্ত কেন?"

কাতরস্বরে এই জিজ্ঞাসিত প্রশ্ন মহারাজ গোবিন্দমাণিক্যের মনে ঘুরে ফিরে

উচ্চারিত হতে লাগল—এত রক্ত কেন! হাসি অসুখে পড়ল, প্রলাপের মধ্যেও ঐ একই প্রশ্ন উচ্চারিত হ'ল—"মাগো, এত রক্ত কেন"! উত্তরের অপেক্ষা না করেই, যে তাতাকে সে একদিনের জন্যও ছাড়েনি, তাকেও ছেড়ে বোধ করি জগন্মাতার কোলেই শেষ উত্তর পাবার জন্য চলে গেল। মহারাজ গোবিন্দমাণিক্য ভুবনেশ্বরী দেবীর মন্দিরে বলি বন্ধ করবার আদেশ দিলেন। তবুও পুরোহিত রঘুপতি ও সভাসদ্‌বর্গের অসন্তোষে রাজা যখন সংশয়াকুল ঠিক সেই সময়টিতে রাজসভায় দিদি হারা তাতা এসে কেবল মাত্র একটি প্রশ্ন জিজ্ঞাসা করলো, "দিদি কোথায়"? রাজা সিংহাসন থেকে নেমে তাতাকে বুকে নিয়ে দৃঢ়কণ্ঠে বললেন, "আজ হইতে আমার রাজ্যে বলিদান হইতে পারিবে না। ইহার উপর আর কথা কহিও না"।

তারপর তাতার কি হল জানিনা, কিন্তু আখ্যায়িকার গতি সুরু হোলো।

কিন্তু কে এই হাসি? কে এই তাতা? আখ্যায়িকার দিক থেকে ওরা পিতৃ-মাতৃহীন একটি ছোটো মেয়ে ও তার ছোটো ভাই। প্রথম পরিচ্ছেদেই জানলাম তাতা মন্দিরকে বলে লদন্দ আর কড়াইকে বলে বলাই, আর হাসি-তাতে হাসে। তাতার বয়সে হাসি মন্দিরকে বলতো পালু আর কড়িকে বলতো ঘয়ি, কাজেই আজ তাতার ছেলেমানুষিতে হাসির হাসবারই কথা।

এটি হোলো শিশুচরিত্রের একটি মধুর ছবি। কিন্তু আখ্যায়িকা-কারের এখনও সব কথা বলা হয় নি। যেদিন রাজা গোবিন্দমাণিক্যের সঙ্গে হাসি তাতার প্রথম দেখা গোমতীর নদীতীরে, সেদিন রাজা যখন হাসির মুখের দিকে চেয়ে দেখলেন, তখন—

"সেদিনকার বিমল উষার সঙ্গে তাহার মুখের সাদৃশ্য ছিল। রাজার হাত ধরিয়া যখন যে মন্দির-সংলগ্ন ফুলবাগানে বেড়াইতেছিল তখন চারিদিকের শুভ্র বেল ফুলগুলির মতো তাহার ফুটফুটে মুখখানি হইতে যেন একটি বিমল সৌরভের ভাব উত্থিত হইয়া প্রভাতের কাননে ব্যাপ্ত হইতেছিল"।

আরো পরিচয় পাই, প্রথম পরিচ্ছেদের শেষ কয়েক পংক্তিতে। "এইরূপে সেদিনকার সকালে ফুলতোলা শেষ হইল। ছোটো মেয়েটির আঁচল ভরিয়া যখন ফুল দিলেন তখন রাজার মনে হইল যেন তাঁহার পূজা শেষ হইল; এই দুইটি সরল প্রাণের স্নেহের দৃশ্য দেখিয়া এই পবিত্র হৃদয়ের আশ মিটাইয়া ফুল তুলিয়া দিয়া তাঁহার যেন দেবপূজার কাজ হইল।" এটি পড়লে হঠাৎ

'যোগাযোগ'এর কুমু ও হাবলুর কথা আবার মনে পড়ে যায়। কুমুর কাছে ছিলো দেবতার কাছে উৎসর্গের অপেক্ষায় বাগান থেকে তোলা ফুল। হাবলুকে জিজ্ঞাসা করলো, নেবে ফুল? হাবলু বললে, হাঁ নেব।

—কি করবে বলো তো?

—পূজো-পূজো খেলব।

কুমু সেই ফুলগুলি হাবলুকে দিয়ে তাকে চুমা খেয়ে বললো, এই নাও। মনে-মনে ভাবলে, আমারও পূজো-পূজো খেলা হোলো।

হাবলু যে ছিল তার গোপাল, সে ছিল তার পালাবার পথঃ "বৃদ্ধ অশুচিতার কাছ থেকে নবীন নির্ম্মলতার মধ্যে, দুষিত নিঃশ্বাসবাষ্প থেকে ফুলের বাগানের হাওয়ায়"। শিশুর এই দেবমূর্ত্তি রবীন্দ্রসাহিত্যের একটি বিশেষ অঙ্গ। এই সম্পর্কে বন্ধুবর নীহার রঞ্জনের উক্তি উদ্ধৃত করা অপ্রাসঙ্গিক হবেনা। 'শিশু'কাব্যগ্রন্থ সমালোচনা প্রসঙ্গে নীহার রঞ্জন বলছেন—'কেবল মধুর বাৎসল্যরসই শিশুর শেষকথা নয় ইহার সঙ্গে আসিয়া মিশিয়াছে এক অপূর্ব্ব রহস্য রস। শিশুকে তিনি দেখিতেছেন বিশ্বজীবনের একটি খণ্ড অংশরূপে, ভাগবৎ দীপ্তির একটি পরম প্রকাশ দেখিতেছেন তিনি শিশুর মধ্যে। মধুর বাৎসল্যরসের পরিচয় বৈষ্ণবসাহিত্যে অপ্রতুল নয় কিন্তু সে রসের সঙ্গে কোনও রহস্যের পরিচয় হয় নাই, কোনও জিজ্ঞাসার আভাস সেখানে নাই কিংবা এমন কাব্যরূপের পরিচয়ও তাহাতে নাই।' (রবীন্দ্রসাহিত্যের ভূমিকা—১৪৩পৃঃ) কিন্তু নীহার রঞ্জনের একটা কথা প্রসন্নচিত্তে গ্রহণ করতে পারছিনা। তিনি বলেন 'শিশুর' কবিতা শিশুর মুখের কথা নয়, শিশুমনের কথাও নয়, শিশুকে আশ্রয় করিয়া বাৎসল্যরস, রহস্যরস যাহার মধ্যে মূর্ত্তি লইয়াছে তাহার মুখের কথা, মনের কথা। কথাটা আপাত দৃষ্টিতে সত্য মনে হতে পারে কিন্তু বীরপুরুষ কবিতাটির উল্লেখকালে যা বলেছি তা আপনাদের পুনরায় স্মরণ করিয়ে দিতে চাই। এই কবিতাটি রবীন্দ্রনাথের শিশুচিত্তেরই ছবি। এখানে বাৎসল্যরস শিশুচিত্তের সঙ্গে এক হয়ে মিশে কবিচিত্তের সঙ্গে শিশুচিত্তের পার্থক্য লুপ্ত করে দিয়েছে। এমনই আরো কয়েকটি কবিতা আছে শিশুর মধ্যে যা শিশুকবির মনের কথা, মুখের কথা না হলেও। অবশ্য আমি এ কথাও বলেছি যে শিশুর সব কবিতাগুলিই এই শ্রেণীর নয়। তাঁর 'খেলা' কবিতাটি নিছক অনাবিল বাৎসল্য রসের পরিচায়ক। এগুলি শিশুর মায়ের

মনের কথা, মুখের কথা। কিন্তু 'ছোটো বড়ো', 'বিজ্ঞ', 'সমালোচক', 'নৌকাযাত্রা', 'ছুটির দিনে' ইত্যাদি কবিতাগুলি শিশুচিত্তেরই অকথিত বাণী, তাদের বিচিত্র রসধারায় অভিষিক্ত। পরোক্ষভাবে সেগুলি বাৎসল্য রসের অভিব্যক্তি মনে করা হয় তো ভুল হবে না, কিন্তু প্রত্যক্ষভাবে এগুলি শিশুরই মনের কথা, কবির ভাষায় ও ভাবে সেগুলি অনুরঞ্জিত হয়ে এক অপরূপ অতুলনীয় কাব্যের সৃষ্টি করেছে। ব্যক্তিগত চরিত্র অঙ্কনের দিক দিয়েও এই কথা খাটে। কুমুর দিক দিয়ে কুমু হয় তো যশোদার ভাব-ঘন বাৎসল্যের অভিব্যক্তি কিন্তু শ্রীমতিলাল ঘোষাল যখন জটাইবুড়ির খবর দিতে ব্যস্ত তখন তাকে মনে হয় সে বুঝি আমাদের পাড়ারই এই হাবলুটা, সে বাঙলা দেশের চিরন্তন শিশু।

পরিশেষে একটা কথা বলি। রবীন্দ্রনাথের কাব্যে ও অন্যান্য রচনায় যে শিশু ছবিটি পাই তাতে একজাতীয় শিশু বুঝি একেবারেই বাদ গিয়েছে। ধরুন, সে আমাদের ঐ পাড়ার দুরন্ত খোকাটা, গদাই দস্যি। রবীন্দ্রনাথ কি তাকে দেখেন নি? মনে হয় সবটা দেখেন নি। সেদিন চুপি চুপি অন্ধকারে সিঁড়ি দিয়ে নামতে নামতে হঠাৎ তার কাঁদো-কাঁদো গলা শোনা গেল, কাতর-স্বরে তার প্রিয় ভৃত্য মানিককে ডেকে বলছে, 'মানকে, আমি কই রে'? রবীন্দ্রনাথ তাকে দেখেছেন। সেও তার দিদির কাছে বসে অবাক হয়ে জটাই বুড়ির গল্প, মেঘবরণচুল কন্যার বিবরণ শুনতে ভালোবাসে। কবি তখনও তাকে দেখেছেন। আবার যখন

"বাইরে কেবল জলের শব্দ
ঝুপ ঝুপ ঝুপ—
দস্যিছেলে গল্প শোনে
একেবারে চুপ"।

তখনও বোধ করি তাকে দেখেছেন। কেবল সে যখন "কাদা মাখে, কাপড় ছেঁড়ে, মার খায় দমাদম, গাল খায় অজস্র" আর যখন কাগজের বাক্সের মধ্যে গুবরে পোকা রাখে, তখন কি কবি তাকে দেখেছেন, না বুঝেছেন। যদি বুঝতেন তা হলে অম্বিকে মাষ্টারকে নালিস করতে হোতো না যে ওর বুদ্ধিটা নিরেট কারণ শিশুপাঠে লেখা কবির কবিতাগুলো পড়তে ওর মন লাগে না! কবি কি উত্তর দিলেন?—

"সে ত্রুটি আমারই
থাকতো ওর নিজের জগতের কবি
তা হলে গুবরে পোকা এত স্পষ্ট হোতো তার ছন্দে
ও ছাড়তে পারত না।
কোনদিন ব্যাঙের খাঁটি কথাটি কি লিখতে পেরেছি
আর সেই নেড়ি কুকুরের ট্র্যাজেডি"।

এ গলদের ত সমাধান নেই! কারণ যে ওর নিজের জগতের কবি তার ভাষাকে ত কোনো পাবলিশার দাম দেবেনা! তবুও কবিগুরু তাকে চিনেছেন তাঁর মনের মুকুরে। হয় তো তাঁকে ধরে রাখতে পারেন নি। তার কারণ যে তাকে ধরে রাখা যায় না। সে আমাদের কাছে চিরকালই থাকবে প্রশ্নজিজ্ঞাসা রূপে, বিশ্বব্রহ্মাণ্ডের প্রথম ও শেষ বিস্ময়।

২২শে শ্রাবণ

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

২২ শে শ্রাবণ কবিগুরু বিশ্বকবি রবীন্দ্রনাথ জরা মরণশীল দেহে অমরত্বের সাধনায় পূর্ণতা লাভ করে অমৃতত্ব লাভ করেছেন, মৃত্যুকে জয় করে মৃত্যুঞ্জয়ত্ব অর্জ্জন করেছেন, তাই আজিকার এই বাইশে শ্রাবণের স্মরণ বাসর শোকসভা নয়—কবির মৃত্যুকে স্বীকার করা নয়—জরামরণকে অতিক্রম করার বিস্ময়কর সাধনাকে উপলব্ধি করার পুণ্য বাসর। এ আমাদের ভাগবত কথকতার আসরে শ্রীকৃষ্ণের পার্থিব লীলা-অবসান-স্কন্দ পাঠ ও উপলব্ধির আসর, মহাভারতের স্বর্গারোহণ পর্ব্বে যুধিষ্ঠিরের মহাপ্রস্থানের পথে একক যাত্রার কথা পাঠ ও উপলব্ধির আসর।

রবীন্দ্রনাথ বাঙালী কবি—ভারতবর্ষের কবি।

ভারতবর্ষের এবং বাঙলার সুপ্রাচীন জীবন-সাধনার মধ্যে যে বিশেষ-তত্ত্ব, বিশেষ ভাবসম্মত মৃত্যুজয়ের সাধনা, সেই তত্ত্ব এবং সেই ভাবকে অন্তরের মধ্যে উপলব্ধি ক'রে, তাঁর জীবন কালের যে কালমাহাত্ম্য, যে যুগধর্ম্ম সেই মাহাত্ম্য এবং সেই ধর্ম্ম অনুযায়ী এই মৃত্যুজয়ের সাধনাকে এক নবরূপ দান ক'রে গেছেন। আজ সেইটুকুকেই বিশেষভাবে উপলব্ধি করবার দিন।

রবীন্দ্রনাথ তাঁর সমগ্র কীর্ত্তিতে বাঙালীর জীবনে গৌরবের হিমালয় সৃষ্টি করে গিয়েছেন। বাঙালীর ভাষা, বাঙালীর সাহিত্য, বাঙালীর ভাব ও সাধনা, বাঙালীর বহিরঙ্গ ও অন্তরঙ্গ—তার বিচার, তার সংস্কারকে নূতন কালের কালেশ্বরের যোগ্যতায়, শক্তিতে শক্তিময়ী করে' দেহান্তরিতা শ্যামা সতীকে নবজন্মে গৌরী উমার মত গড়ে তুলে গিয়েছেন। মহাকালের অঙ্গন তার চিরন্তন রূপের প্রভায় সমুজ্জ্বল হয়ে উঠেছে।

রবীন্দ্রনাথের কাব্য সাধনাকে যদি উমার সঙ্গে তুলনা করা যায় তবে তাঁর কাব্যের মধ্যে এই মৃত্যুজয়ের সাধনাকে, তপস্বী মৃত্যুঞ্জয়কে জয় করার জন্য উমার তপস্যার সঙ্গেই তুলনা করা যায়। ভারতীয় সাধনায় মৃত্যুকে জয় করবার পন্থার এই খানেই বৈশিষ্ট। বাঙালী কবি, ভারতের কবি, এই বৈশিষ্টে বিশিষ্ট এবং পৃথিবীর অন্যান্য সকল দেশের কবি থেকে পৃথক বলেই তিনি বিশ্বকবি হবার যোগ্যতা লাভ করেছেন।

রবীন্দ্র কাব্য সাহিত্যে ভানুসিংহের পদাবলীতে "মরণরে তুঁহু মম শ্যাম সমান" এই রচনার মধ্যে ভারতীয় বিশেষ করে বাঙলার বৈষ্ণবীয় সাধন পদ্ধতি অনুযায়ী মৃত্যুজয়ের আকাঙ্খা কাব্যের মধ্যে ব্যক্ত হয়েছে। তারপর ধীরে ধীরে কবির সাজাহান সম্বন্ধে উক্তির মতই তাঁর জীবনের মহৎ সাধনার রথ দেশ জাতি সমগ্র জগতকে পশ্চাতে ফেলে উপলব্ধির পর উপলব্ধির শৃঙ্গ থেকে শৃঙ্গান্তর অতিক্রম করে ভারতীয় উপনিষদের তত্ত্বকে উপলব্ধি করেছে। ব্রণ ব্যাধিতে অচেতন অবস্থায় মৃত্যুর সম্মুখীন হয়ে চেতনা লাভের পর কবি কাব্যে প্রকাশ করলেন—

"যে চৈতন্য জ্যোতি
প্রদীপ্ত রয়েছে মোর অন্তর গগনে
এ চৈতন্য বিরাজিত আকাশে আকাশে
আনন্দ অমৃতরূপে।
অথবা চৈতন্যের শুভ্র জ্যোতি
ভেদ করি কুহেলিকা
সত্যের অমৃত রূপ করুক প্রকাশ"।

এই খানে ব্যক্তিগত সাধনায় তিনি পূর্ণ সিদ্ধি লাভ করেছেন।

আর একদিকে অর্থাৎ জাতিগতভাবে মৃত্যুজয়ের সাধনা তিনি আজীবন

করে গেছেন। যৌবনে কাব্য সাধনার মধ্যে জাতিগতভাবে মৃত্যুকে জয় করবার আকাঙ্খা প্রথম প্রকাশ হয়েছে 'কথা ও কাহিনী'র 'বন্দীবীর' কবিতার মধ্যে। 'জীবন মৃত্যু পায়ের ভৃত্য, চিত্ত ভাবনাহীন'। অথবা 'ঝাঁকে ঝাঁকে প্রাণ পক্ষী সমান উড়ে যেন নিজ নীড়ে'। এই বাংলা দেশে এবং সমগ্র ভারতে কাল যে মূর্ত্তি তখন গ্রহণ করেছিল, তারই অন্তরলোকে প্রবেশ করে এবং সেই কালের জাতীয় জীবনের সাধনাকে মর্ম্মে মর্ম্মে অনুভব ক'রে, মৃত্যুকে জয় করবার সত্যকে তিনি প্রকাশ করেছেন। দেশ সেবায়, জাতির সেবায়, যুদ্ধে প্রাণ-দানের ফলে অমৃত্বকে অর্জ্জন করার যে ভারতীয় ক্ষাত্র তত্ত্ব সেই তত্ত্ব রবীন্দ্র কাব্যে সার্থক ভাবে আত্ম প্রকাশ করেছে। এই খান থেকেই কাব্যে এ তপস্যার আরম্ভ। তিনি নিজেও সেদিন দেশের জন্য এই ভাবে প্রাণ দেওয়ার ব্যাকুল আবেগ অনুভব করেছিলেন। 'নৈবেদ্যের' মধ্যে এই সাধনা প্রকাশ পেয়েছে মহত্তর রূপে। তারপর 'বলাকা'। বলাকায় তিনি তরীর নাবিকদের দারুণ দুর্য্যোগের মধ্যে বন্দর থেকে তরণী খুলবার আদেশ দিয়েছেন। ঘোষণা করেছেন—'বন্দরের কাল হ'ল শেষ'। নির্ণিমেষ নেত্রে দেখেছেন—'মৃত্যু ভেদ করি দুলিয়া চলেছে তরী'। কূল জানা নাই। তবু ভয় নাই। ঊর্দ্ধমুখে প্রশ্ন করেছেন—'নূতন ঊষার স্বর্ণদ্বার, খুলিতে বিলম্ব কত আর'? কঠিন রোগশয্যায় মৃত্যুর সঙ্গে মুখোমুখি দাঁড়িয়ে তাকে জেনে যে নূতন চেতনায় ফিরে তিনি লিখলেন—

"কলরব মুখরিত খ্যাতির প্রাঙ্গনে যে আসন
পাতা হয়েছিল কবে, সেথা হ'তে উঠে এস কবি"।

এবং ভিক্ষা ঝুলি ত্যাগ করে, মৃত্যুর মধ্যে যে কবি অমৃতের সমীপস্থ হতে বলেছেন নিজেকে,

'আমার আমির ধারা মিলে যেথা যাবে ক্রমে ক্রমে
পরিপূর্ণ চৈতন্যের সাগর সঙ্গমে'।

সেই কবির চেতনায় জাতিগত বা পীড়িত বিশ্বমানবগত ভাবে মৃত্যুজয়ের কামনার নির্ব্বাণ নাই। কতিপয় শক্তি মদমত্ত জাতি বিকৃত লোভে উদ্যত মারণাস্ত্রের মুখে মৃত্যুভয়কে ভয়ঙ্করের রূপে প্রতিফলিত করে অগণিত মানুষকে পীড়ন করেছে দেখে সেদিনও তিনি লিখেছেন—

"মহাকাল সিংহাসনে
সমাসীন বিচারক, শক্তি দাও, শক্তি দাও মোরে,
কণ্ঠে মোর আন বজ্রবাণী, শিশুঘাতী নারীঘাতী
কুৎসিত বীভৎসা পরে ধিক্কার হানিতে পারি যেন।"

মানুষ মানুষের উপর নিয়ে আসে অত্যাচারের মধ্য দিয়ে মৃত্যুর বিকৃত বীভৎস রূপকে, তাকে জয় করবার কথা, পন্থা তিনি এ দিনও ভেবেছেন।

মৃত্যুঞ্জয়ী কবি কণ্ঠের ভর্ৎসনায়, তাঁর তিরস্কারপূর্ণ দৃষ্টিতে মানুষের লোভের এবং বিকৃতির পথের সুযোগে মৃত্যু যে ভয়ঙ্কর রূপে আসে, সে আজ মাথা নত না করলেও একদিন করবে।

স্বদেশী ভাষা

•অধ্যাপক শ্রীচিন্তাহরণ চক্রবর্ত্তী, এম, এ।
(প্রাক্তন ছাত্র)

কবি বলিয়াছেন—

"নানান্ দেশের নানান্ ভাষা
বিনা স্বদেশী ভাষা পূরে কি আশা" ?

সকল দেশের সকল মানুষের ইহাই অন্তরের কথা। মানুষ মাত্রেই স্বভাবতঃ তাহার নিজের ভাষা ভালবাসে—নিজের ভাষায় মনের ভাব ব্যক্ত করিয়া—নিজের ভাষায় সাহিত্য আলোচনা করিয়া আনন্দ পায়। অন্যের ভাষার যাহা কিছু ভাল, যাহা কিছু সুন্দর তাহারও আস্বাদ সাধারণ মানুষ নিজের ভাষার মধ্যে দিয়াই পাইতে চায়। অত্যন্ত পরিতাপের কথা এই যে আমাদের দেশে এতদিন মানুষের সেই স্বাভাবিক ব্যগ্রতা চরিতার্থ হইবার অবকাশ পায় নাই—দেশের ভাষা ও সাহিত্য তাহার প্রাপ্য স্থান ও অধিকার হইতে বঞ্চিত হইয়াছে। অবাধে সর্ব্বত্র দেশের ভাষা ব্যবহার করিবার সাহস, উৎসাহ ও অধিকার আমাদের ছিলনা। দেশী ভাষাকে তাহার ন্যায্য মর্যাদা না দিয়া বিদেশী ভাষা তাহার আসনে অধিষ্ঠিত ছিল। আমরাও দেশী ভাষার বদলে সাগ্রহে বিদেশী ভাষার আরাধনা করিয়া—প্রয়োজনে অপ্রয়োজনে বিদেশী ভাষা ব্যবহার করিয়া আপনাদিগকে গৌরবান্বিত বোধ করিয়াছি।

বড়ই সৌভাগ্যের বিষয় আজ দীর্ঘ দিন পরে দেশী ভাষার দাবী স্বীকৃত হইয়াছে —স্বাধীনতা লাভের সঙ্গে সঙ্গে আমরা দেশীয় ভাষা ব্যবহারের অধিকার অর্জন করিয়াছি। কিন্তু চির অনভ্যাসের ফলে আমরা ইহাকে যথাযোগ্য কাজে লাগাইতে পারিতেছিনা—আমাদের সঙ্কোচ ও জড়তা এখনও কাটে নাই—যেখানে অনায়াসে দেশী ভাষা ব্যবহার করিতে পারি—সেখানেও নানা অজুহাতে আমরা বিদেশের শরণাপন্ন হওয়াকে লজ্জার বিষয় বলিয়া মনে করিতেছিনা। পোষাকী ভাবে মাঝে মাঝে দেশী ভাষার যে ব্যবহার আমরা করিতেছি তাহাতে আন্তরিকতার অভাব প্রকট হইয়া পড়িতেছে—আফিসী পোষাক ছাড়িয়া ফেলিবার জন্য আমাদের ব্যাকুলতার অন্ত নাই। তাই এখনও অন্ততঃ পনর বৎসর আমাদের দেশে ইংরাজি ভাষার আধিপত্য অক্ষুণ্ণ থাকিবে শাসন বিধানে এই আশ্বাস পাইয়া আমাদের মধ্যে অনেকে হাফ ছাড়িয়া বাঁচিয়াছেন—দেশী ভাষার পোষাকী ব্যবহারটুকু নিঃসঙ্কোচে ত্যাগ করিয়া স্বস্তির দীর্ঘ নিঃশ্বাস ছাড়িয়াছেন। একথা অস্বীকার করিবার উপায় নাই যে যতদিন আমাদের এই মনোভাব বর্ত্তমান থাকিবে ততদিন আমাদের ভাষার দৈন্য ঘুচিবে না—ততদিন ইহার উজ্জ্বল চিত্র কল্পনাও করিতে পারিবনা। আমাদের প্রত্যেকের ঐকান্তিক আগ্রহ ও আন্তরিক চেষ্টা ছাড়া আমাদের ভাষা পনর কেন পঞ্চাশ বৎসরেও সকল কাজে ব্যবহারের উপযোগী হইয়া উঠিতে পারিবেনা। কেবল সরকারী নির্দেশে নয় নিজেদের অন্তরের প্রেরণায় দ্বিধা ও সঙ্কোচ ঝাড়িয়া ফেলিয়া আমাদিগকে অগ্রসর হইতে হইবে। কোন কোন দিক হইতে আমরা পথেরইঙ্গিত পাইয়াছি—এখন আমাদিগকে সেই পথ সাবধানে অনুসরণ করিয়া চলিতে হইবে। স্বাধীনতা প্রাপ্তির অব্যবহিত পরেই মধ্য প্রদেশের সরকারী বিদ্যালয়গুলির নাম পরিবর্ত্তন করা হইয়াছে। নাগপুরের মরিস কলেজের নাম হইয়াছে নাগপুর মহাবিদ্যালয়, জব্বলপুরের সরকারী কলেজ মহাকোশল মহাবিদ্যালয় এবং অমরাবতী কিং এডওয়ার্ড কলেজ বিদর্ভমহাবিদ্যালয় এই নূতন দেশী নাম লাভ করিয়াছে। সরকারী কার্যে নিত্য প্রয়োজনীয় বিভিন্ন ইংরাজি শব্দের দেশীয় প্রতিশব্দ কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকারের পক্ষ হইতে সংকলিত হইয়াছে। সৈন্য বিভাগীয় কর্মচারীদের কৃতিত্বের নিদর্শন হইয়াছে বিদেশীনামের পদক পুরস্কারের স্থলে দেশীয় 'পরম বীরচক্র', 'মহাবীরচক্র' এবং

'বীরচক্র'। রেল কর্ত্তৃপক্ষ জনতা একস্‌প্রেস্‌ প্রবর্তন করিয়াছেন, জনসাধারণের সুবিধার জন্য দেশী ভাষায় গাড়ীর সময় তালিকা প্রচার করিয়াছেন। টেলিফোন কর্ত্তৃপক্ষ কোথাও কোথাও সাধারণের মধ্যে যোগাযোগ স্থাপন ব্যাপারে দেশীয় ভাষা ব্যবহার অনুমোদন করিয়াছেন বলিয়া শুনা যায়। ভারতীয় বীমাসমিতি বীমার কার্যে দেশী ভাষা চালাইবার চেষ্টা করিতেছেন। কোন কোন ব্যাঙ্ক দেশী ভাষায় চেক প্রবর্তন করিয়াছেন। সংবাদ পরিবেষণ কর্ত্তৃপক্ষ স্থানের নামের দেশীরূপ চালাইতেছেন—তাই 'বেনারস' আজ বনারস, 'গেঞ্জেস্‌' আজ গঙ্গা এবং 'কনপোর' কানপুর রূপে ইংরাজি হরপের মধ্যেও দেশী আকারে আত্মপ্রকাশ করিয়াছে। আশা করা যায় ভারত ও বঙ্গের রাজধানী ও অন্যান্য স্থানের নামগুলিও অচিরেই তাহাদের স্বরূপে প্রতিষ্ঠিত হইতে পারিবে। দেশীয় ভাষায় তারবার্তা প্রেরণের ব্যবস্থা হইয়াছে। ডাকযোগে টাকা পাঠাইবার এবং ডাক বিভাগীয় সেভিংস ব্যাঙ্ক হইতে টাকা তুলিবার দেশীয় ভাষায় মুদ্রিত ফরম পূর্ব হইতে পাওয়া যায়। অন্যান্য বিভাগেও এই জাতীয় বিভিন্ন ফরম পাওয়া যায়। কিন্তু দুঃখের বিষয় আমরা সাধারণতঃ সেগুলি ব্যবহার করিনা বা করিলেও অসঙ্কোচে ইংরাজি হরপে ঘরগুলি পূরণ করিয়া থাকি। দেশী অক্ষরে নিজের নামটী স্বাক্ষর করিতেও আমরা তেমন আগ্রহান্বিত নই। অথচ এই সামান্য ব্যাপারের মধ্যেই আমাদের স্বদেশ প্রীতির—নিজ ভাষার প্রতি মমত্ববোধের চরম পরীক্ষা। এ বিষয়ে শৈথিল্য হাস্যকর ও অমার্জনীয়। বস্তুতঃ আমরা এমনই অভ্যাসের দাস হইয়া পড়িয়াছি যে নিজ নিজ প্রদেশের মধ্যে ঘনিষ্ঠ আত্মীয় স্বজনের সঙ্গে পত্র ব্যবহারের সময়েও এখানে ওখানে দুই চারিটা ইংরাজি অক্ষর বসাইতে আমাদের অনুমাত্র দ্বিধাবোধ হয়না। নিজের বইপত্রের উপরই যখন ইংরাজি অক্ষরে নিজের নাম লিখিয়া রাখি তখন অপরের কাগজপত্রে দেশী অক্ষর ব্যবহার করিবার ইচ্ছা জাগিবে কিরূপে? পরস্পরের সঙ্গে কথাবার্ত্তায় যতদিন নির্বিচারে ইংরাজি শব্দ প্রয়োগ করিব—ততদিন লেখার সময়ও দেশী ভাষায় মধ্যে মধ্যে ইংরাজি শব্দ লিখিবার অভ্যাস দূর হইবে কি করিয়া? ইংরাজি শব্দ সম্পূর্ণরূপে বর্জন করিয়া বিশুদ্ধ দেশীয় ভাষা গড়িয়া তুলিতে হইবে এরূপ উদ্ভট দাবী কোন স্থিরমস্তিস্ক ব্যক্তিই করিতে পারেন না—কোন ভাষায়ই এজাতীয় বিশুদ্ধি সম্ভবপর বা কাম্য নয়। সুবিধা ও দরকার মত

দেশী ভাষার মধ্যে ইংরাজি শব্দ গ্রহণ করিতে হইবে সত্য তবে কখনও ইংরাজি ঢঙে ইংরাজি অক্ষরে নয়—দেশী ঢঙে দেশী অক্ষরে। সম্প্রতি কাশীর এক প্রখ্যাত হিন্দী পত্রিকায় দেখিলাম ইংরাজি গ্রন্থ হইতে দীর্ঘ সন্দর্ভ উদ্ধৃত হইয়াছে ইংরাজি অক্ষরে নয় নাগরীতে। ইহাতে অবাক হইবার কিছু নাই। ইহাই স্বাভাবিক। পৃথিবীর সর্বত্র এই রীতিই দেখিতে পাওয়া যায়। ইংরাজি গ্রন্থে যখন দেশীয় ভাষার গ্রন্থ হইতে অংশ বিশেষ উদ্ধৃত হয় তখন তাহাতে ক্বচিৎ দেশীয় অক্ষর ব্যবহৃত হয়।

আসল কথা, আমাদের ভাষা সম্বন্ধে আমাদিগকে নিত্য সচেতন হইতে হইবে—ইহার ব্যবহার বিষয়ে সর্বদা সজাগ দৃষ্টি রাখিতে হইবে। দেশীয় ভাষা শিখিব, বলিব ও লিখিব এই সঙ্কল্প লইয়া অবিচলিত ভাবে কাজ করিয়া যাইতে হইবে—যেখানে যতটুকু সম্ভব দেশের ভাষা বা অন্ততঃ অক্ষর নিঃসঙ্কোচে ব্যবহার করিতে হইবে। সম্মুখে বিশাল কর্মক্ষেত্র প্রসারিত—আগ্রহ থাকিলে সুযোগের অভাব হইবে না—অভ্যাসের ফলে ক্রমশঃ সমস্ত অসুবিধা দূরীভূত হইবে এবং সর্বত্র দেশী ভাষা ব্যবহারের পথ প্রশস্ত হইবে। ইংরাজি ভাষাকে কখনও অনাদর বা অশ্রদ্ধা করিব না—যোগ্যতা অনুসারে তাহাকে আয়ত্ত করিয়া দরকারমত তাহার প্রয়োগে কখনও কুণ্ঠিত হইব না। তবে চিঠি পত্রে আবেদন নিবেদনে কষ্টপ্রসূত বিকৃত ইংরাজি রচনার মোহ আমাদিগকে ত্যাগ করিতেই হইবে। আশ্চর্যের বিষয় বিশ্ববিদ্যালয়ের উচ্চ উপাধিধারী ব্যক্তিও এদিক্ দিয়া নিজেদের দৈন্য ঠিক উপলব্ধি করিতে পারেন না। অথচ ইহাঁরা সামান্য চেষ্টা করিলেই শুদ্ধভাবে দেশীয় ভাষায় লিখিতে পারেন। তাহাতে নিজেদের দৈন্য এমন বীভৎসভাবে অভিব্যক্ত হইয়া পড়ে না। অহরহ নানা ব্যাপারে এই দীনতার নিদর্শন আমাদিগকে পদে পদে ব্যথিত করিতেছে। মহাত্মা গান্ধী তাই ইংরাজি ব্যবহারের এই অপপ্রয়াসের তীব্র নিন্দা করিয়াছেন। সম্প্রতি এবিষয়ে সাধারণকে প্রবুদ্ধ করিবার উদ্দেশ্যে হরিজন পত্রিকায় ইহার এক নমুনা উদ্ধৃত হইয়াছে।

অবশ্য নিজের ভাষা ব্যবহারেও সকলের সমান নৈপুণ্য থাকিতে পারে না—ইচ্ছা করিলেই এই ভাষায় সকলেই সুষ্ঠুভাবে মনোভাব ব্যক্ত করিতে পারেন না। ইহাতে ত্রুটি বিচ্যুতি ঘটিলে তাহাও কম দোষের বা নিন্দার বিষয় নয়—নিজ ভাষা সম্বন্ধেও নিয়ম লঙ্ঘন ও যথেচ্ছচারিতা উপেক্ষণীয় বা

ক্ষমার্হ নহে। তবে আশ্বাসের কথা এই যে অপেক্ষাকৃত কম পরিশ্রমেই নিজের ভাষা আয়ত্ত করা চলিতে পারে—একটু সতর্ক হইলেই অযথা ভ্রমপ্রমাদের হাত হইতে অব্যাহতি পাওয়া যায়। এই পরিশ্রম ও সতর্কতার উপরই ভাষার শক্তি ও গৌরব নির্ভর করে—দেশের মান মর্যাদা, আশা ভরসার দৃঢ়ভিত্তি গঠনের মূল উপাদান ইহার মধ্যেই বর্ত্তমান, সুতরাং, এবিষয়েও ঔদাসীন্য বা অবহেলা আদৌ বাঞ্ছনীয় নহে।

হাস্যরসিক দ্বিজেন্দ্রলাল

শ্রীপরিমল গোস্বামী

প্রত্যেক যুগেরই সমসাময়িক কালে একদল লোক থাকেন যাঁরা সমাজ জীবনে পরিবর্তন আনতে চান, অর্থাৎ যা চলছে তাতেই তাঁরা তৃপ্ত থাকেন না, যা আছে তাকেই শেষ সত্য বলে না মেনে সমাজকে আর এক ধাপ সম্মুখের দিকে এগিয়ে নিয়ে যেতে চান। সমাজ জীবনের সকল দিক সম্পর্কেই তাঁরা এই পরিবর্তন দাবী করেন। কারণ মানুষের গড়া বিশেষ সামাজিক বিধি একটা নির্দিষ্ট কাল পর্যন্ত সত্য থাকে, তার আয়ুর একটা সীমা থাকে। সেই সীমা যথাসময়ে পার হওয়ার প্রয়োজন উপস্থিত হয়। এই হচ্ছে কালধর্ম। এই কালধর্ম অমোঘ। এর হাত থেকে নিষ্কৃতি পাওয়া সহজ নয়। কিন্তু তবু আর এক দল লোকের সঙ্গে এই প্রগতিশীল দলের বিরোধ বাধে। কেননা তাঁরা মনে করেন যা এক কালে সত্য তা চিরকালই সত্য হতে বাধ্য। জাগতিক অপরিবর্তনীয় সত্যের সঙ্গে তাঁরা প্রয়োজনের মাপে গড়া সাময়িক সত্যকে এক করে ফেলেন। এঁরা হচ্ছেন রক্ষণশীল, যাকে প্রগতির ভাষায় বলা চলে প্রতিক্রিয়াশীল। এই দুই দলের বিরোধ মানুষের সমাজে চির কালই আছে। দুই দলই পরস্পরকে বোঝাতে চেষ্টা করেন নানা ভাবে। তার মধ্যে বেশি সফল হন তাঁরাই যাঁরা প্রতিপক্ষের যুক্তির অসারতা ব্যঙ্গ-বিদ্রূপের মধ্যে দিয়ে ফুটিয়ে তুলতে পারেন। যে কথা শাদা ভাষায় বললে লোকের পক্ষে তার মর্ম গ্রহণ করা কঠিন হয়, ব্যঙ্গের ভিতর দিয়ে বললে তৎক্ষণাৎ তা মনে লেগে যায়। আর ব্যঙ্গের ভিতর দিয়ে উদঘাটিত সত্য একবার লোকের মনে লেগে গেলে তাকে আর সহজে দূর করা যায় না।

সেই জন্যেই সাহিত্য ও চিত্রের ক্ষেত্রে (কার্টুন চিত্রে) ব্যঙ্গ এমন শক্তিশালী হয়ে ওঠে।

কবি দ্বিজেন্দ্রলাল রায়ও সফল ব্যঙ্গের সাহায্যে বহু সামাজিক গলদকে ঠিক গলদ হিসাবে লোকের মনে ধরিয়ে দিয়ে গেছেন। কিন্তু আশ্চর্য এই যে তিনি ব্যঙ্গ বিদ্রূপের দ্বারা প্রতিপক্ষকে জব্দ করার চেষ্টা করেননি, সামান্য দু একটি ক্ষেত্র ছাড়া। তাঁর ব্যঙ্গে প্রতিপক্ষের প্রতি সহানুভূতি সুস্পষ্ট। তাঁর সমসাময়িক কালে ঠিক এই ধরনের ব্যঙ্গের প্রয়োজন ছিল।

আজকের দিনে তাঁর অনেক লেখাই আধুনিক পাঠকের কাছে নিরর্থক মনে হতে পারে, কিন্তু আজ সমাজ যে অনেকখানি উদার দৃষ্টি লাভ করেছে তার মূলে দ্বিজেন্দ্রলালের দানকেও অস্বীকার করবার উপায় নেই।

দ্বিজেন্দ্রলালের ব্যঙ্গ অবশ্য অধিকাংশ ক্ষেত্রেই মানুষের জীবনের ব্যাপক অসঙ্গতির প্রতি নয়, অতি সাধারণ সামাজিক রীতিনীতির অসঙ্গতির প্রতি, এবং কদাচিৎ তা বাঙালী জীবনের ব্যর্থতার প্রতি। দ্বিজেন্দ্রলাল তাঁর হাসির গান বা অন্যান্য ব্যঙ্গ কবিতা যখন লিখেছিলেন তখন আমাদের সমাজেও অতি তুচ্ছ অনেক ব্যাপার লোকের চোখে অত্যন্ত বড় হয়ে দেখা দিয়েছিল। যেমন মেয়েরা লেখাপড়া শিখবে কি শিখবে না, এ নিয়ে ঘোরতর মতবিরোধ ছিল। মেয়েরা স্বাধীন হলে দেশের সর্বনাশ হবে এ ধারণা ছিল তখন অনেক শিক্ষিত লোকেরও। (এখনও কি নেই ?)। দ্বিজেন্দ্রলাল এ নিয়ে যে কৌতুক বোধ করেছেন তা তাঁর "নসীরাম পালের বক্তৃতা"য় বেশ ফুটিয়ে তুলেছেন। তার একটি অংশ এই—

"স্ত্রীস্বাধীনতা ? সে কি রকম কথা ?
তাঁরা কি সব যাবেন চলে যথা ইচ্ছা তথা ?
স্ত্রীরা স্বাধীনই গৃহপ্রাচীর ভিতরে;
তাঁদের তো অপ্রতিহত রাজত্ব অন্দরে;
তাঁরাই তো ব্রাহ্মণী দাসীর রক্ষক কিংবা হন্ত্রী ;
তাঁরাই স্বামীদিগের হচ্ছেন সর্ব কার্যে মন্ত্রী।
শুধু মন্ত্রী ? অনেক সময় স্বামীদিগের প্রভু;
কখনো দেন খেতে, নাহি দেন বা কভু;
বিনা স্ত্রী সাহায্য হয় না কোনো কার্য ;
শয়নঘরে তাঁদের তো সুবিস্তীর্ণ রাজ্য"·····

তারপর বলছেন—

"ভদ্রবর্গ, এই তো গেল স্ত্রীদের স্বাধীনতার কথা।
সঙ্গে সঙ্গে এসে পড়ে তাদের শিক্ষার কথা।
·· শিখলে লেখাপড়া (তাঁদের) মেজাজ হবে কড়া
মাথায় উঠবে রাধাবাড়া শীঘ্রই নিঃসন্দ
স্বামীদেরও ক্রমে হবে খাওয়া দাওয়া বন্ধ।
···এখনও তো তবু তারা রাঁধে কভু
কিন্তু যদি তারা জেনে ফেলে অকস্মাৎ
যে পৃথিবী জোরে ভোঁ ভোঁ করে ঘোরে ;
চাঁদের রাহুভায়া শুধু তারি ছায়া;
শোনে, বাষ্পবলে রেল ও ষ্টিমার চলে ;
কিংবা যদি জেনে ফেলে পাঁচ আর দুয়ে সাত
তা হলে কি ভাব তারা রেঁধে দেবে ভাত ?

এই কবিতাটি অত্যন্ত দীর্ঘ, কিন্তু এতে মাঝে মাঝে এই রকম চমৎকার ব্যঙ্গ এবং কৌতুক ফুটে উঠেছে।

বাঙালী জাতির কর্মহীন বাক্‌সর্বস্বতা সম্পর্কে 'কলিযজ্ঞ' নামক তাঁর কবিতাটিতেও ব্যঙ্গ এবং কৌতুক অতি চমৎকার ফুটে উঠছে। এ কবিতাটি সংস্কৃত একটি ছন্দের তালে পড়তে হবে। সুর করে রামায়ণ পড়ার মতোও বেশ পড়া যায়। সংস্কৃত শ্লোকে ছন্দের খাতিরে অকারণে যেমন চবৈতুহি এই চারটি ধ্বনি ব্যবহার করা হয়, এখানেও ঐ চারটি ধ্বনিকে তেমন ব্যবহার করা হয়েছে। এতে হাস্য রস আরও জমে উঠেছে।

ব্যারিষ্টার উকিলাদি মহাযজ্ঞ সমাধিলা।
ভারতে ভারী অদ্ভুত আশ্চর্য মহতী সভা।
আসিলা সে মহা যজ্ঞে মহারাষ্ট্রীয় পশ্চিমে!
মান্দ্রাজী উড়িয়া শিখ বাঙালী চ দলে দলে॥
কাহারো পরনে কুর্ত্তি কাহারো উড়ুনি উড়ে
কাহারো বা ঝুলে চাপকান কাহারো সাহেবী ধড়া।
কাহারো সম্মুখে টেড়ি কাহারো পিছনে টিকি
কাহারো উপরে ঝুন্টি কাকস্য পরিবেদনা।
এরূপ বিবিধা মূর্ত্তি সমাগত সভাতলে
বক্তৃতা করিয়া বাবা, লড়াই করিতে ফতে॥

তন্মধ্যে মুখসর্বস্ব বাঙালী হি পুরোহিত।
রেজল্যুশন নির্মাণে বক্তৃতায় মহারথী॥
এ হেন হি মহাযজ্ঞে হইল বক্তৃতা সুরু।
ইংরেজের মহাকেচ্ছা ইংরেজী রেজল্যুশনে॥
ইংরেজীতে কথাবার্ত্তা, ইংরেজী বক্তৃতা
প্যাণ্ডালের তলে আজি ইংরেজীতে খদী ফুটে।
বাহবা বাহবা শব্দ করতালি চটাপট
এরূপ শুদ্ধ ইংরেজী এরূপ উপমাঁছটা।
এরূপ শব্দ বিন্যাস এরূপ দ্রুত বক্তৃতা॥
সিসেরো পিট বর্কাদি কাছাকাছি তো নিশ্চয়।
একবাক্যে মহাহর্ষে বলিলা সব কাগজে॥
চাপান নিরত প্রাতে ইংরেজ লাট সাহিব।
পড়িয়া এ মহাবার্ত্তা আতঙ্কে ত বিমূর্চ্ছিত॥
উঠিয়া দীর্ঘ নিঃশ্বাসি বলিলেন অতঃপর
এ জাতিকে দমে রাখা দেখিতেছি অসম্ভব॥
উঠিবে উঠিবে এরা ঠেকানো বড় দুষ্কর।
বুঝি যে এখন শ্রেয় মানে মানে পলায়ন॥

এই কবিতাটি দীর্ঘ এবং ব্যঙ্গ হিসাবে সার্থক রচনা। উহার অংশমাত্র উদ্ধৃত করা হল। আর একটি কবিতা—এটিও ভীরু অলস আরামপ্রিয় বাঙালী চরিত্রের উদ্ঘাটন—যে বাঙালী নিরীহ চাকরিজীবী। যারা কোনো ঝঞ্ঝাট বা গোলমালের মধ্যে থাকে না, দিনের পর দিন অভ্যস্ত রীতিতে শুধু চাকরি করে যায়। কানমলা এবং ঘুঁসি খাওয়া সম্পর্কে তার উদাসীন মনোভাব এই কবিতার উপজীব্য। এটিও সংস্কৃতের একটি বিশেষ ছন্দে লেখা। এর অংশ বিশেষ এখানে উদ্ধৃত হল।

"কর্ণাকর্ষণ অতিশয় তুচ্ছ,
যা কর সাহিব নাড়িব পুচ্ছ।
হুজুর হুজুর বলি জীবন মরণে
রব পড়ি ইন্দু নিন্দিত চরণে
রহিও খুশি ঘুঁসি আসটা রাগে
মেরো না কো কেবল নাকে।"

দ্বিজেন্দ্রলালের হাসির কবিতাগুলোয় একটা আশ্চর্য রকম সরলতা আছে এবং অধিকাংশ ক্ষেত্রেই তা শিশুসুলভ। যেমন নিত্যানন্দের উপাখ্যান।

নিত্যানন্দ শুনেছিল সিদ্ধি খেলে হাসি পায়, তাই সে পরীক্ষামূলকভাবে একটু সিদ্ধি খেয়ে ফলাফলের অপেক্ষায় রইল। তারপর হঠাৎ এক সময় হাসতে শুরু করল, সেই হাসি আর থামানো যায় না। বহু জাতীয় চেষ্টা, বহু প্রক্রিয়া কিন্তু কোনো ফল হয় না,--মাঠে ঘাটে সর্বত্র ছুটে বেড়ালো হাসি থামানোর জন্যে, এবং শেষকালে তপ্ত লৌহ শলাকা ইত্যাদির ব্যবস্থা দেখে হাসি থেমে গেল।

দ্বিজেন্দ্রলালের হাসির গানের মধ্যে বিশুদ্ধ প্রাণখোলা হাসির যে সব নিদর্শন আছে তা কেবল গানের সুরের ভিতর দিয়েই উপভোগ্য। কিন্তু তা ছাড়াও এমন অনেক গান আছে যা কবিতা হিসাবেও উপভোগ্য। "কিছু না" গানটিতে সহজ জীবন দর্শনের যে সুরটি ফুটে উঠেছে তা সকল কালের পক্ষেই সত্য—

"কেন চটাচটি আর রেষারেষি,
আর গালাগালি আর দোষাদোষি ?
কর হাসাহাসি ভালবাসাবাসি
আর বসে গোঁফে দাও তাঃ
ছেড়ে দলাদলি কর গলাগলি
ছেড়ে রেষারেষি কর মেশামেশি
ছেড়ে ঢাকাঢাকি কর মাখামাখি
আর সবাইকে বল বাঃ
নইলে জীবনটা কিছু নাঃ।"

বর্তমান বিজ্ঞানের যুগে পৃথিবীর সমাজ অতি দ্রুত রূঢ় বাস্তবতার দিকে এগিয়ে চলেছে, জীবন থেকে আনন্দ চলে যাচ্ছে এই কথাটিই "যায় যায় যায়" গানের মধ্যে চমৎকার রূপ পেয়েছে। এর মধ্যে যেটুকু অতিবাদ সেইটুকুই এর বিদ্রূপ, কিন্তু আসলে এটা একটা অনিবার্য সত্য যা অবশ্য তাঁর যুগে অনেকের কাছে কল্পনাতীত ছিল।

"ঐ যায় যায় যায়
পড়ে' এ কলির ফেরে সবই যে রে ভেঙে চুরে যায়।
ঐ যায়, ব্রহ্মা যায়, বিষ্ণু যায়, ভোলানাথও চিৎ
ঐ যায়—রামরাবণ পতিতপাবন কৃষ্ণ
শ্রীগৌরাঙ্গ ভেসে
আছেন এক ঈশ্বর মাত্র দিবারাত্র টানাটানি
তাঁরেও শেষে।...

বলি তো "হাসব না" প্রাচীনপন্থীদের প্রতি শ্লেষ এবং "গীতার আবিষ্কার" তৎকালীন নব্যদের প্রতি শ্লেষ। "নন্দলালে" আত্ম সর্বস্ব, ভীরু অথচ নামের কাঙালের স্বরূপ প্রকাশ পেয়েছে। "জিজিয়া কর" গানে ফুটে উঠেছে পরাধীনতার গ্লানি। "তা সে হবে কেন" গানটিতে কবির হাসি মিলিয়ে গেছে —এখানে তিনি কঠোর হয়ে উঠেছেন—

"তোমরা সাবেক ভাবে সমাজটিরে
রাখতে চাও যে খাড়া,
—তা সে হবে কেন ?"

দ্বিজেন্দ্রলালের হাসির কবিতা বা গানে সব চেয়ে প্রধান যে গুণ তা হচ্ছে তার সরলতা, এবং কোনো ব্যঙ্গ বিদ্রূপেই তিনি নিজেকে পৃথক করে বাইরে থেকে খোঁচা মারতে চেষ্টা করেননি। সব বিষয়েই তিনি নিজেকে জড়িত করে সবার সঙ্গে শত্রুমিত্রনির্বিশেষে হেসেছেন। আর এ শুধু সরলতা নয়, মানসিক ঔদার্যেরও পরিচায়ক।

বাংলা সাহিত্যে শ্রীচৈতন্যের প্রভাব

অধ্যাপক শ্রীহরিহর মিশ্র, এম, এ

পঞ্চদশ শতাব্দীর শেষভাগে বাংলা দেশে শ্রীচৈতন্য মহাপ্রভুর আবির্ভাব হয়। বাংলার সংস্কৃতি, সমাজ ও সাহিত্যে শ্রীচৈতন্য ও তাঁহার সম্প্রদায়ের প্রভাব এত পরিস্ফুট ও সুদূরপ্রসারী যে, পরবর্ত্তী কালে মননশীল বিদগ্ধ সমাজ মহাপ্রভুকে অবতার রূপে গ্রহণ করিতে কিছু মাত্র কুণ্ঠাবোধ করেন নাই। ভাবালুতার সংস্কারমুক্ত হইয়া মাত্র ঐতিহাসিক দৃষ্টি ভঙ্গীতে বিচার করিলেও, এ কথা অবিসংবাদিতরূপে স্বীকার করিতে হইবে যে শ্রীচৈতন্যের আবির্ভাব বাংলার তথা ভারতের ইতিহাসে অসামান্য ঘটনা।

ধর্মজীবনের গ্লানি, জাতীয় চরিত্রের সর্ব্ববিধ অধঃপতন এবং সর্ব্বোপরি মুসলমান আক্রমণ—ইত্যাদি নানা কারণ পরম্পরায় বাংলার সমাজদেহ —যখন শিথিল ও অবসাদগ্রস্ত, ধর্মজীবন পঙ্গু, রাষ্ট্রীয় চেতনা লুপ্ত এবং স্বাধীন চিন্তা মন্দীভূত, ঠিক সেই মুহূর্ত্তে এরূপ এক অসাধারণ যুগপ্রবর্ত্তকের আবির্ভাব না হইলে বাঙ্গালী জাতি ও বাংলার কৃষ্টির যে কিরূপ শোচনীয়

পরিণতি হইত তাহা কল্পনাতীত। মহম্মদ বিন্ বখ্‌তিয়ার যে শিথিলতার সুযোগ লইয়া বাংলাদেশ নিতান্ত অনায়াসে জয় করিয়াছিলেন, তাহা যুগসঞ্চিত তামসিকতার ফল। বিকৃত বৌদ্ধ সহজিয়া মতবাদে ও তান্ত্রিকতার পঙ্কিল প্রবাহে বাংলার ধর্মচেতনা নিতান্ত কলুষিত হইয়া পড়িয়াছিল। নানা কদাচার ও কদর্থের কূপে পড়িয়া সমাজ দৈহিক মানসিক ও চারিত্রিক বল হারাইয়া ফেলিয়াছিল। জনসাধারণ বিষহরির পূজায় ধর্ম্মানুষ্ঠানের পরাকাষ্ঠা মনে করিতেছিল। অপরদিকে স্মৃতিশাস্ত্রের উদ্যতদণ্ড নিত্য কঠোর হইতে কঠোরতর হইয়া জাতির ঐক্যবোধ ও স্বাধীন চেতনাকে ক্রমশঃ দুর্ব্বল ও পঙ্গু করিয়া তুলিতেছিল। তৈলাধার পাত্র কি পাত্রাধার তৈল—এইসব অবান্তর কূটতর্কে প্রতিভার বিলাস পর্য্যবসিত হইতেছিল। মূক জনসাধারণ যাঁহাদের মুখাপেক্ষী সেই মননশীল বিদ্বৎ সমাজও এমনি বিভ্রান্ত ও তামসিকতাগ্রস্ত হইয়া পড়িয়াছিলেন যে, এই অবধারিত ও অবশ্যম্ভাবী বিনাশের কবল হইতে দেশ ও জাতিকে রক্ষা করিবার শক্তি তাঁহারা হারাইয়া ফেলিয়াছিলেন। তর্জ্জা, খেউড় ও আখড়াই গানে জাতির রস চেতনা পর্য্যবসিত হইয়াছিল। এরূপ সর্ব্বাঙ্গীণ অধোগতি যে কোন জাতির পক্ষে চরম দুর্গতির দিন—তাহাতে সন্দেহ নাই।

বাংলার জাতীয় জীবনাকাশ যখন এমনি ঘনঘটাছন্ন, তখন কল্যাণী ঊষার শুচিশুভ্র দীপ্তি ও নির্মলতা বহন করিয়া, তামসী রাত্রির ঘনান্ধকার মথিত করিয়া যে জ্যোতিঃপুঞ্জ প্রাচী গগনে উদিত হইল, তাহারই মূর্ত্ত বিগ্রহ শ্রীচৈতন্য। বাসন্তী পূর্ণিমার গৌরকান্ত জ্যোৎস্নাধারায় ধরণী প্লাবিত। শীতের অপগমে প্রকৃতি প্রসন্না। আকাশ নির্মল ও পবন সুখস্পর্শ। বনে বনে বসন্তের বীণা বাজিয়া উঠিয়াছে। পত্রে পুষ্পে পল্লবে প্রেমের প্রতীক রক্তিমা ফুটিয়া উঠিয়াছে। মাধবীর কুঞ্জে কুঞ্জে মলয় প্রেমের বাণী বহন করিয়া আনিতেছে। আম্রমুকুলের গন্ধে রজনী সুবাসিতা। এ হেন প্রেমসিক্ত পরিবেশে প্রেমের পরিপূর্ণ বিগ্রহ, ভক্তি ধর্মের সার্থক পূজারী শ্রীগৌরাঙ্গের জন্ম। শ্রদ্ধা ও ভক্তির আতিশয্যবশে চৈতন্য সম্প্রদায় তাঁহাতে সে সমস্ত অতিপ্রাকৃত গুণ ও অলৌকিক শক্তির আরোপ করিতেছেন সংস্কারমুক্ত দৃষ্টিতে তাহার অতিরঞ্জন অংশ বাদ দিলেও জন্মাবধি গৌরাঙ্গ চরিত্রে যে পরিপূর্ণ

পবিত্রতা প্রেম ও প্রতিভার পরিচয় আমরা পাই, তাহা অসামান্য মহিমার খ্যাপক, তাহাতে দ্বিমত নাই।

শ্রীচৈতন্যের লোকোত্তর চরিত্রকে অবলম্বন করিয়া বাংলাসাহিত্যে চরিত-শাখার প্রবর্ত্তন হয়। পৌরাণিক যুগের সাহিত্যে যে চরিতাবলীর বর্ণনা আমরা পাই, তাহার নায়ক-নায়িকা মুখ্যতঃ দেবদেবী। তাই সে সমস্ত চরিত্রের অতি মানুষিক কার্য্যাবলী যতই ভক্তি ও বিস্ময়ের উদ্রেক করুক না কেন সাধারণ মানুষ কখনই বোধ করিতে পারিতনা যে, তাহার তুচ্ছ জীবনের হাসি অশ্রু, উত্থান পতন ও শুভাশুভের সহিত সে গুলির কিছু মাত্র যোগ আছে। কিন্তু মহাপ্রভু নিজের জীবন দেখাইয়া প্রমাণ করিলেন যে মনুষ্যলীলার অপরূপ দীপ্তিপাতেই শাস্ত্রবাক্য সমুজ্জ্বল ও সার্থক হয়। উচ্চ ভাব, মহান্ উপদেশ ও দিব্য আদর্শ নিতান্তই শুষ্ক ও নিরর্থক হইয়া পড়ে, যদি না তাহার সহিত জীবন্ত চরিত্রের যোগ থাকে। তাই যুগ যুগ ধরিয়া শাস্ত্রবাণী শুনিতে শুনিতে মানুষ তাহার সার্থকতা সম্পর্কে সন্দিহান হইয়া পড়িতেছিল। কিন্তু চৈতন্যদেবের জীবন ও জীবনী যখন শাস্ত্রবাক্যের মূর্ত্ত বিগ্রহরূপে সাহিত্য ক্ষেত্রে দেখা দিল, তখন যেন জাতির রসচেতনা নূতন খাতে প্রবাহিত হইতে আরম্ভ করিল। চৈতন্যের ভক্ত ও পারিষদগণ চৈতন্য চরিত্রকে কেন্দ্র করিয়া যে বিপুল গ্রন্থরাশি রচনা করেন তাহা বাংলা সাহিত্যের অমূল্য সম্পদ। চৈতন্যভাগবত, চৈতন্যমঙ্গল, চৈতন্যচরিতামৃত প্রভৃতি গ্রন্থ চৈতন্যলীলাসিক্ত হইয়া চিরকাল ভক্ত বিদগ্ধ সমাজকে আনন্দ দান করিবে। পরমভাগবত গোবিন্দদাস, কৃষ্ণদাস কবিরাজ, জয়ানন্দ প্রভৃতি ভক্ত কবিগণ একাধারে বিদ্যা ও বিনয়ের অবতার ছিলেন। 'বিদ্যা দদাতি বিনয়ম্'—এই বাক্যের সার্থকতা পরিপূর্ণ ভাবে ইহাদের জীবন হইতে উপলব্ধি করা যায়। ইহাদের গ্রন্থাবলীর প্রতি ছত্রে অপূর্ব্ব ভক্তি রসাশ্রিত কবিত্ব ও সহৃদয় বিদগ্ধ মনের পরিচয় পাই। কৃষ্ণদাস কবিরাজ তাঁহার চৈতন্যচরিতামৃত গ্রন্থে স্বরচিত বহু সংস্কৃত কবিতা নিবদ্ধ করিয়াছেন। তাহা ছাড়া বিভিন্ন সংস্কৃত মূলগ্রন্থ হইতে প্রায় আট শত কবিতা প্রসঙ্গানুযায়ী উদ্ধৃত করিয়াছেন। চৈতন্যের পরবর্ত্তী কালে তাঁহার বিশিষ্ট ভক্তবৃন্দেরও জীবনলীলা চরিতসাহিত্যে স্থান পাইয়াছে। এমনি ভাবে চরিতসাহিত্য

ক্রমশঃ বর্দ্ধিতায়তন হইয়া বাংলাসাহিত্যে একটি বিশেষ ধারার প্রবর্ত্তন করে। তাহারই প্রভাব আমরা বর্ত্তমান জীবনী সাহিত্যে দেখিতে পাই।

চৈতন্য যুগের অন্যতম শ্রেষ্ঠ দান—বৈষ্ণব গীতি কবিতাবলী। শ্রীচৈতন্যের আবির্ভাবের পূর্ব্ব হইতেই চণ্ডীদাস, বিদ্যাপতি প্রভৃতি ভক্ত কবিগণের রাধাকৃষ্ণাশ্রিত পদাবলী প্রচলিত ছিল। কিন্তু পদাবলীর প্রসার ও আদর হয় মহাপ্রভুর পর হইতেই। চণ্ডীদাস, বিদ্যাপতির কবিতা যদি মহাপ্রভু প্রচার না করিতেন, তাহা হইলে ঐ সব অমূল্য পদাবলী জনসমাজে ব্যাপক ভাবে আত্মপ্রকাশ করিত কিনা সন্দেহ। পরমভাগবত জয়দেব গোস্বামী অবশ্য বৈষ্ণব গীতিকবিতার প্রথম প্রবর্ত্তক। কিন্তু তাঁহার 'গীত গোবিন্দ' সংস্কৃতে রচিত হইয়াছিল বলিয়া আপামরজনসাধারণ তাহার রস হইতে বঞ্চিত ছিল। জয়দেবের গীতগোবিন্দ ভক্ত কবিমানসের অপূর্ব্ব সৃষ্টি। ভাবে ভাষায় ও ছন্দঝঙ্কারে গীতগোবিন্দ সংস্কৃত গীতি কাব্যমালিকার মধ্যমণি। গীতগুলি সমস্তই রাধাকৃষ্ণ প্রেমবিষয়ক, সুতরাং আদি রসাশ্রিত। বোধ করি ইহার অপরূপ মাধুর্য্যে পরবর্ত্তী ভক্ত কবিগণ একান্ত আকৃষ্ট হইয়া এই অনুপম বৈষ্ণব গীতিকবিতাবলী রচনা করেন। কবিশিরোমণি শ্রীজয়দেব বাংলার ভক্তিভাবাতুর কোমল রসচেতনার বীণাতে যে ঝঙ্কার তুলিয়াছিলেন, তাহাই বহু শতাব্দীর সাধনার ফলে, বিশেষতঃ চৈতন্য যুগের প্রভাবে আজ শত রাগিণীতে রূপায়িত হইয়া উঠিয়াছে। আগেকার পদকর্ত্তাগণ রাধাকৃষ্ণ লীলাকেই পদাবলীর প্রধান উপজীব্য রূপে ব্যবহার করিতেন। চৈতন্যোত্তর যুগে এই ধারার মোড় ফিরিয়া গেল। রাধাকৃষ্ণের লীলা ছাড়াও শ্রীগৌরাঙ্গের বিভিন্ন লীলা, ভাবাবেগ ও দিব্যাবস্থা প্রভৃতিও পদাবলীর মধ্যে গ্রথিত হইল। মহাপ্রভুর আবির্ভাব ও লীলাপ্রচার নিতান্ত সমসাময়িক ঘটনা হওয়াতে এইসব পদাবলীর বিষয়বস্তুও জীবন্ত বাস্তব রূপে জনসাধারণের একান্ত আকর্ষণীয় হইয়া উঠিল। এইসব কবিতা নিছক কাব্য নহে। তানলয় যোগে বিভিন্ন রাগ রাগিণীতে গীত হইবার জন্য ইহাদের রচনা হইয়াছিল। বিশ্বের সর্ব্বত্র সেই অনন্ত লীলাময়ের অপরূপ মাধুরী লীলায়িত হইয়া রহিয়াছে। নদীর কলতান, সমুদ্রের কল্লোল ও বনপত্রের মর্মরে নিত্য যে আনন্দের বাণী উৎসারিত হইতেছে, সংসারের দুঃখদৈন্যকাতর মানুষ তাহার সন্ধান রাখেনা। যুগসঞ্চিত তামসিকতার

ফলে সে কেবল ভাবিতে শিখিয়াছে যে সংসার দুঃখময়, জীবন মরীচিকা, সুতরাং এ জীবন হইতে নিষ্কৃতিলাভই একমাত্র শান্তির উপায়। সে জানিয়াছে, সংসারে প্রেম নাই—স্নেহ নাই, ভালবাসা নাই, সহানুভূতি নাই। আছে কেবল ঈর্ষ্যার হলাহল, হিংসার বহ্নিশিখা, স্বার্থের বিপুল সংঘাত। এইরূপ হতাশাদগ্ধ মানুষের মনে মহাপ্রভুর প্রেমের আগুন নব জীবনের উন্মাদনা আনিয়া দিল। সে যেন দূরাগত বীণাতন্ত্রীর ঝঙ্কারের মত উপনিষদের বাণী শুনিতে পাইল—

"আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে, তেন জাতানি জীবন্তি—আনন্দমেব প্রয়ন্তি অভিসংবিশন্তি।"

মধুর রসই বৈষ্ণব কবিতাবলীর প্রাণ। মান, মাথুর, বিরহ, হোলি, রাস, ঝুলন, বাদল অভিসার প্রভৃতি লীলার মধ্য দিয়া শাশ্বত কালের যে প্রেম রূপায়িত হইয়া উঠিয়াছে, তাহার সহিত ভক্ত হৃদয়ের আকুতি মিশ্রিত হইয়া সেগুলিকে অপূর্ব্ব মাধুর্য্যময় করিয়া তুলিয়াছে। গৌড়ের যে প্রেমধর্ম একদালে আপামরসাধারণকে একসূত্রে গ্রথিত করিয়াছিল, খণ্ড ছিন্ন, শতধাবিভক্ত জাতিকে যাহা ঐক্যের প্রশস্ত সরণি দেখাইয়াছিল, তাহার প্রকাশ ও প্রচার এই অনুপম পদাবলী সাহিত্যের মধ্য দিয়া। তাই পদাবলী সাহিত্য বাংলার জনসাধারণের এত প্রিয়। অন্তঃসলিলা ফল্গুর ন্যায় ইহার ধারা বাংলার সাহিত্যজগতকে আজও সিক্ত ও সমৃদ্ধ করিয়া রাখিয়াছে। বর্ত্তমান যুগের বিদগ্ধ সম্প্রদায় ইহার প্রভাব মুক্ত হইতে পারেন নাই। নিখিলের বিরহমিলনের, সুখ দুঃখের, উত্থান পতনের, হাসি অশ্রুর মর্মকথা এই পদাবলী সাহিত্যে নিত্য উৎসারিত হইতেছে। প্রেমিকের সহিত প্রেমিকার সে আসঙ্গলিপ্সা তাহাই ত পরমের সহিত জীবের শাশ্বত মিলন-স্পৃহা। তার কত বাধা, কত বিপত্তি—কত ত্রুটিবিচ্যুতির সম্ভাবনা। তাই যখন পড়ি—

"গগনে অব ঘন মেহ দারুণ—
সঘনে দামিনী ঝলকই।
কুলিশ পাতন শবদ ঝন ঝন
পর্তন খরতর বলসই॥"

—তখন নিখিলের প্রণয়ীহৃদয়ের নিত্য কালের আকুতির ক্রন্দন শুনিতে পাই। "এমন দুর্দ্দিনে আমার প্রাণকান্ত সঙ্কেত কুঞ্জে গিয়াছেন। আমি কি গৃহের মাঝে বসিয়া থাকিতে পারি? আমারত না গেলেই নয়! ঐ শুনিতেছনা, থাকিয়া থাকিয়া বাঁশী বাজিতেছে?"

এ বাঁশীর ধ্বনি কেবল গোপাঙ্গনা শোনেন নি। এযে মানস যমুনার পারের বাঁশী! ইহার আহ্বান জীব মাত্রকে নিত্য আহ্বান করিতেছে—সেই পরম পুরুষের সহিত মিলিত হইতে। কিন্তু মধ্যে দুস্তর দুর্য্যোগ। ভোগাসক্তির ঘনঘটায় জীবের চিত্তাকাশেও নিত্যই

"সঘনে দামিনী ঝলকই।"

মানুষ যে নিতান্ত অসহায়! ইন্দ্রিয়গ্রাম অহরহ তাহাকে আকর্ষণ করিতেছে। মনকে সেত কিছুতেই নিরোধ করিতে পারিতেছেনা। তাহার মানস তরণী আজ ডুবুডুবু, কারণ আজ যে,—

"পবন খরতর বলসই।"

সে কেমন করিয়া জীবন যমুনা অতিক্রম করিবে? গীতায় অর্জ্জুনেরও ওই একই সমস্যা—

"চঞ্চলং হি মনঃ কৃষ্ণ প্রমাথি বলবদ্ দৃঢ়ম্,
তস্যাহং নিগ্রহং মন্যে বায়োরিব সুদুষ্করম্।"

এমনি করিয়া পদাবলী সাহিত্য নানা ভাবব্যঞ্জনায় সমৃদ্ধ হইয়া সর্ব্ব শ্রেণীর রসপিপাসুর রসলিপ্সা তৃপ্ত করিয়া আসিতেছে এবং রসজ্ঞ মনের নিকট ইহার আবেদন চিরকালই থাকিবে। এই পদাবলী সাহিত্যকে অবলম্বন করিয়া সঙ্গীতের শাখা হিসাবে কীর্ত্তন নূতন রূপ পরিগ্রহ করিল। বিরহ, মান, মাথুর প্রভৃতি পালা হিসাবে কীর্ত্তন বোধ হয় চৈতন্যযুগের শ্রেষ্ঠ দান। সঙ্গীতের আবেদন সার্ব্বজনীন ও সার্ব্বভৌম। মনের তন্ত্রীতে ইহা এমনি একটি ঝঙ্কার তোলে যে, মানবের সমস্ত চেতনাকে তাহা স্নিগ্ধ ও অপূর্ব্ব আনন্দরসসিক্ত করিয়া তোলে। এই দুঃখ শোকদীর্ণ জগতের নানা দুশ্চিন্তানাগিনী ক্ষণেকের জন্য স্তব্ধ ও মন্ত্রমুগ্ধ হইয়া দাঁড়ায়। বোধ করি জীব ক্ষণেকের জন্য ব্রহ্মাস্বাদের সন্ধান পায়। আবার সেই সঙ্গীত অধ্যাত্ম-বিষয়াশ্রয়ী হইলে তাহা মানুষের চিত্তমল ক্ষালন করিয়া অসামান্য আনন্দ-লোকের সন্ধান দেয়। তাই কীর্ত্তনের মধ্য দিয়া বাংলার ভক্তিরসলোলুপ

ভাবপ্রবণ মানস যেন একটি কল্পলোকের আভাস পাইল। সেই ধারা আজও বাংলার সমাজে ও সঙ্গীতে ফল্গুর ন্যায় নিঃশব্দে প্রবাহিত হইতেছে।

এমনি ভাবে বাংলার সাহিত্যে, ধর্মে, সমাজে, সঙ্গীতে ও জীবনদর্শনে —সর্ব্বত্রই চৈতন্যযুগের কল্যাণময় প্রভাব সুস্পষ্টভাবে অঙ্কিত হইয়া আছে। মহাপ্রভুর ধর্ম এমনিই উদার ও সর্ব্বজনগ্রাহ্য ছিল যে, কামরূপ, উড়িষ্যা প্রভৃতি গৌড়বহির্ভূত অঞ্চলেও ইহারও প্রভাব ও প্রতিষ্ঠা এখনও বর্ত্তমান। যুগসঞ্চিত কালিমা ও গ্লানির অবসান করিয়া চৈতন্যচন্দ্র যে অপূর্ব্ব দ্যুতি বিকীরণ করিয়াছিলেন, বহু শতাব্দীর তমিস্রা ভেদ করিয়া তাহা আজও অম্লান রহিয়াছে। কালের নিকষে তাহার মূল্য নির্দ্ধারিত হইয়া গিয়াছে। যুগধর্মের প্রভাবে আমাদের জাতীয় জীবনে বর্ত্তমান যে অধঃপতন ও দুর্নীতিপরায়ণতা দেখা দিয়াছে তাহা যে কোন মননশীল ব্যক্তির হৃদয়ে দুঃখ ও আশঙ্কার উদ্রেক করিবে। চারি দিকে নিত্যই আশাহতের হতাশা ও পীড়িতের মর্মবেদনা পুঞ্জীভূত হইয়া উঠিতেছে। যুগে যুগে উচ্চারিত মহাপুরুষগণের সতর্ক-বাণীর অবহেলা করিয়া, তাঁহাদের জীবনের মধ্য দিয়া প্রচারিত মহান্ আদর্শের অবমাননা করিয়া যে পাপ করিয়াছি তাহারই পরিপূর্ণ প্রায়শ্চিত্ত আরম্ভ হইয়াছে। এ ভুল যত শীঘ্র উপলব্ধি করি তত কল্যাণকর। তাই ভক্ত কবির ভাষায় বলি—

"হরিঃ পুরটসুন্দর দ্যুতিকদম্বসন্দীপিতঃ।
সদা হৃদয় কন্দরে স্ফুরতুবঃ শচীনন্দনঃ।"

কলেজী শিক্ষা

(শ্রীচারু চন্দ্র ভট্টাচার্য)

আজ সেণ্ট পল্‌স ক্যাথিড্রাল মিশন কলেজের পঞ্চাশত্তম বৎসর পূর্ত্তিতে আমরা তাহার জয়গান করি। যে সকল মহাপ্রাণ ব্যক্তি এদেশে শিক্ষা বিস্তার কল্পে এই প্রতিষ্ঠান স্থাপিত করেন আজ সশ্রদ্ধ ভাবে তাঁহাদিগকে আমরা স্মরণ করি।

এই পঞ্চাশ বৎসর ভারতবর্ষের রাষ্ট্রনীতি ক্ষেত্রে পরিবর্তন অভাবনীয় হইলেও শিক্ষা ব্যাপারে দেশের অগ্রগতি একেবারেই মন্থর ছিল। আজও ভারতবর্ষে শতকরা পঁচাশি জন নিরক্ষর।

কিন্তু কিছুদিন হইতে একটা ব্যাপার দেখা দিয়াছে যাহাতে মনে হয় চাকা যেন পিছন দিকে ঘুরিতে আরম্ভ করিয়াছে। আজ শিক্ষক ও ছাত্রদের মধ্যে সম্বন্ধ যে আকার লইতেছে তাহাতে দেশের চিন্তাশীল ব্যক্তি মাত্রই উদ্বিগ্ন হইয়াছেন। উভয়ের মধ্যে ব্যবধান এই ভাবে বাড়িয়া চলিলে দেশের শিক্ষা কোথায় গিয়া দাঁড়াইবে ভাবিলে আতঙ্কিত হইতে হয়।

প্রাচীন ভারতের গুরুগৃহের কথা তুলিয়া লাভ নাই, কিন্তু এই তো সেদিন আমরা ছাত্রবৎসল প্রফুল্ল চন্দ্র রায়, বিনয়েন্দ্র নাথ সেন, হেনরি ষ্টিভেন্‌স্ প্রমুখ অধ্যাপকবৃন্দকে দেখিয়াছি। শিক্ষককে গুরুর আসনে বসাইয়া গুরুর মর্য্যাদা দিতে কোনও ছাত্র তো কার্পণ্য দেখাই নাই। আজ এরূপ হইল কেন? ছাত্রেরা কি তাহাদের প্রকৃতি পরিবর্তন করিল, না শিক্ষকরা হঠাৎ নিষ্করুণ হইয়া উঠিলেন?

বর্তমান অবস্থার কারণ চিন্তা করিতে যাইলে আমাদের মনে পড়ে সর্ব্বপল্লী রাধাকৃষ্ণণ কমিশন কর্ত্তৃক প্রদত্ত একটি তথ্য। এই কলিকাতা শহরের পাঁচটি কলেজ ত্রিশ হাজার ছাত্রকে নিজেদের মধ্যে ভাগাভাগি করিয়া লইয়াছে। একটা গল্প এইরূপ শুনিলাম। কমিশন কলিকাতার কোন একটি কলেজ পরিদর্শন করিতে গিয়াছেন, কলেজের অধ্যক্ষ মহাশয় অধ্যাপকদিগকে কমিশণের সভ্যদের নিকট পরিচয় করাইয়া দিতেছেন। প্রথমে তিনি অধ্যাপকের নিকট হইতে তাঁহার নাম জানিয়া লইতেছেন এবং সেই নাম বলিয়া তাঁহার পরিচয় করাইতেছেন। আশ্চর্যের কথা কিছুই নাই। ছয় হাজার ছাত্রের মধ্যে যতগুলি অধ্যাপক আছেন একা অধ্যক্ষের পক্ষে তাহা মনে করিয়া রাখা তো সম্ভবপর নয়। এইরূপ একটি কলেজের ঝাড়ুদার বলিয়াছিল, "আমাদের খুব সুখের চাকুরি, রবিবার রবিবার ঘর ঝাঁট দিলেই চলে, অন্যদিন ঘর খালি পাওয়া যায় না। ভোর ৬টা থেকে রাত্রি ১০টা পর্য্যন্ত ক্লাশ চলিতে থাকে।"

এই পরিবেশের মধ্যে যে শিক্ষাপদ্ধতি পরিচালিত হইতেছে তাহাতে শিক্ষক ও ছাত্রের মধ্যে সংযোগ স্থাপনের অবকাশ কোথায়? ফলে পারস্পরিক সম্বন্ধ শিথিল হইয়া যাইতেছে, একদল অপর দলকে ভুল বুঝিতেছে এবং উভয়ের মধ্যকার ফাটল দিন দিন গভীর হইয়া উঠিতেছে।

রাধাকৃষ্ণণ কমিশন শিক্ষা সম্বন্ধীয় অনেকগুলি সমস্যার আলোচনা করিয়াছেন। এ বিষয়টিও তাহাদের দৃষ্টি এড়ায় নাই। তাঁহারা সুপারিশ করিয়াছেন যে কোন কলেজের ছাত্রসংখ্যা একটি নির্দিষ্ট সীমা ছাড়াইবে না এবং অনেকগুলি আবাসিক প্রতিষ্ঠান স্থাপনের কথাও তাহারা বলিয়াছেন। কার্যে পরিণত হইলে ইহাতে সমস্যার অনেকটা সমাধান হইবে। আমি কলিকাতার বাহিরের কয়েকটি আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান দেখিয়াছি। এখানকার কলেজগুলি যে আবর্তনের মধ্যে পড়িয়া ঘুরপাক খাইতেছে ঐ সকল আবাসিক প্রতিষ্ঠান সেই আলোড়ন হইতে অনেকটা বিমুক্ত আছে। কিন্তু কথা হইতেছে রাধাকৃষ্ণণ কমিশনের প্রস্তাবসমূহ অচিরে কার্যে পরিণত করিবার কি কোন সম্ভাবনা আছে, না স্যাড্‌লার কমিশনের রিপোর্টের যে দশা হইয়াছিল এই রিপোর্টেরও সেই সদ্‌গতি হইবে?

ইটন ও হ্যারো, অক্সফোর্ড ও কেম্ব্রিজ ইচ্ছা করিলে বহু ছাত্র লইতে পারিত, কিন্তু তাহারা সেরূপ করে নাই। এই কলিকাতা সহরেও কয়েকটী কলেজ আছে যাহারা ছাত্রসংখ্যা বৃদ্ধির দ্বারা শিক্ষাকে ব্যাহত করেন নাই। দেখা যায় এই সব প্রতিষ্ঠান বাহিরের বাত্যায় বিক্ষুব্ধ হয় নাই। একটু আধটু হাওয়া হয়ত সময় সময় আসিয়াছে, কিন্তু তাহা ক্ষণিকের জন্য এবং কোনরূপ রেখাপাত না করিয়া তাহা চলিয়া গিয়াছে। আজ আনন্দের সহিত স্মরণ করি যে সেণ্ট পল্‌স কলেজ ছাত্রবৃদ্ধির মোহ ত্যাগ করিয়া শিক্ষাকে সর্বোচ্চ স্থান দিয়া ধীর ভাবে অগ্রসর হইতেছে। এই প্রতিষ্ঠানের আদর্শ দিন দিন উজ্জ্বল হইতে থাকুক।

এই কলেজের শিক্ষকবৃন্দ ছাত্রদের হৃদয়ে তাহাদের আসন প্রতিষ্ঠিত করুন, তাহাদের চিত্তকে উদ্বোধিত করুন, ছাত্রদের মধ্যে তাহারা পরিব্যাপ্ত হোন, বিকশিত হোন।

পথের নির্দ্দেশ

অধ্যাপক শ্রীফণিভূষণ চট্টোপাধ্যায়, এম, এ

দীর্ঘকাল অধ্যাপনা কার্যে নিযুক্ত থাকায় এমন একটা দুশ্চিকিৎস্য অভ্যাস জন্মিয়াছে যে ছাত্র দেখিলেই কিছু না কিছু বলিবার স্পৃহা বলবতী হইয়া

উঠে—তা সে নিজের কলেজের ছাত্রই হউক বা অপর কলেজের ছাত্রই হউক। দীর্ঘ ৩৪ বৎসর কাল অধ্যাপনার ফলে ছাত্রমাত্রকে আপনার কলেজের ছাত্র বলিয়া মনে হয়—ভেদজ্ঞান আর থাকে না। ছাত্রসম্প্রদায়ের, কোনও দিক দিয়া কিছু উপকার করিতে পারিলে, আনন্দ লাভ হয়। ছাত্রদের পক্ষে যাহা কল্যাণকর ও তাহাদের মানসিক উন্নতিবিধায়ক, সেই বস্তুটী তাহাদিগকে জ্ঞাপন করাইতে না পারিলে, শিক্ষকের মনে শান্তি নাই, তাঁহার আনন্দ নাই এবং তাঁহার শিক্ষক এই নামেরও সার্থকতা নাই। অধ্যাপনা করিতে করিতে যেটাকে সত্য বলিয়া উপলব্ধি করিয়াছি, সেই বস্তুকে যদি ছাত্রদের হৃদয়ঙ্গম করাইতে না-ই পারিলাম, তাহা হইলে আমাদের শিক্ষকবৃত্তি ব্যর্থতায় পর্যবসিত হইল। আমাদের অনুভূত সত্য ছাত্র সমাজে বিতরণ করিতেই হইবে, নচেৎ আমাদের মুক্তি নাই।

বিদ্যার্থিগণই বা দলে দলে বিদ্যায়তনে কেন আসিয়া থাকে? বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় কৃতকার্য হইয়া অর্থোপার্জনের পথে দাঁড়াইবার জন্য? কিন্তু পরীক্ষায় উত্তীর্ণ হইয়া অনেকেই আর প্রয়োজন মত অর্থার্জন করিতে পারে না। ফলে নৈরাশ্য, দুঃখ ও কষ্ট, নানা প্রকারে বহু বিশ্ববিদ্যালয়-শিক্ষিত ছাত্রগণকে নিপীড়িত করিতেছে। এক্ষণে তাহারা অনুতাপ করে যে পরীক্ষার জন্য দীর্ঘ কাল তাহারা বৃথাই অতিবাহিত করিয়াছে। আসলে শিক্ষার মূল উদ্দেশ্য তাহারা বুঝে নাই। কেন তাহারা বিদ্যায়তনে আসিয়াছে তাহা তাহারা জানে না।

শিক্ষার উদ্দেশ্য অবগত হইতে হইলে, জীবনের উদ্দেশ্য কি তাহা জানিতে হইবে। প্রকৃত পক্ষে মানব জীবনের উদ্দেশ্য ব্যক্ত করাই বিদ্যাধিষ্ঠানের প্রধান লক্ষ্য হওয়া উচিত। এই সত্যই অধ্যাপক ছাত্রবৃন্দকে অবগত করাইবেন। এই সত্যজ্ঞাপনই অধ্যাপকের প্রধান ও একমাত্র কর্ত্তব্য। এই সত্যশ্রবণ করাই ছাত্রগণের প্রধান কর্ত্তব্য। এই সত্য ছাত্রগণের নিকট প্রীতিকর হউক বা নাই হউক, ইহাকে ছাত্রসমাজে প্রচার না করিলে, যেমন অধ্যাপকের মুক্তি নাই, তেমনই জীবনের মুখ্য উদ্দেশ্যরূপ সত্য শ্রবণ না করিলে ছাত্রদেরও মুক্তি নাই—ছাত্রদের শুনিতেই হইবে, অধ্যাপকদের বলিতেই হইবে—নচেৎ ছাত্র ছাত্রই নয়, অধ্যাপক অধ্যাপকই নন্।

এক্ষণে প্রশ্ন হইতেছে মানব জীবনের উদ্দেশ্য কি? মানব জীবনের উদ্দেশ্য হইতেছে সত্যানুসন্ধিৎসা। সত্য—Truth—মিথ্যার • বিপরীত। সকল অবস্থাতেই সত্যকে অবলম্বন করিয়া থাকা এবং সত্য কি তাহা আবিষ্কার করিতে পারা এবং এই সত্যের সাধনা ইহাই মানব জীবনের মূল উদ্দেশ্য। মহাভারতে বর্ণিত হইয়াছে যে কর্ণ পরশুরামের নিকট অস্ত্র শিক্ষা করিতে গিয়াছিলেন। কিন্তু পরশুরাম ব্রাহ্মণ ব্যতীত অন্য কোনও জাতিকে শিক্ষা দিতেন না। কর্ণ নিজ জাতি গোপন করিয়া পরশুরামকে জানাইলেন যে তিনি ব্রাহ্মণতনয়। পরশুরাম তাঁহাকে যথাযথ ভাবে অস্ত্রশিক্ষা দিলেন এবং কর্ণও অস্ত্রবিদ্যায় অসাধারণ নৈপুণ্য লাভ করিলেন। • এবার পরশুরাম তাঁহাকে পরীক্ষা করিবার সঙ্কল্প করিলেন। এক দিন পরশুরাম নিদ্রা যাইলেন কর্ণের ক্রোড়ে মস্তক রাখিয়া। নিদ্রিত হইবার পূর্বে তিনি কর্ণকে বলিলেন, "বৎস, আজ আমি বড় শ্রান্ত—যতক্ষণ না আমার নিদ্রাভঙ্গ হয়, ততক্ষণ আমায় জাগাইও না।" অনেকক্ষণ তিনি গাঢ় নিদ্রায় অভিভূত রহিলেন। কিছুক্ষণ পরে একটী দীর্ঘবৃশ্চিক কর্ণের উরুদেশে এরূপ ভীষণ দংশন করিল যে উরুর তলদেশ ভেদ করিয়া একেবারে উরুর উপরি ভাগে উহা উঠিয়া পড়িল। কর্ণের সমগ্র ক্রোড়দেশ শোণিতাপ্লুত হইয়া গেল। কিছুক্ষণ পরে পরশুরাম নিদ্রোত্থিত হইয়া দেখিলেন এই বীভৎস দৃশ্য, এবং জিজ্ঞাসা করিলেন, "বৎস, বৃশ্চিক দংশন কালে তুমি আমায় জাগাইলে না কেন?" কর্ণ বলিলেন, "প্রভু, জাগাবার আদেশ ত ছিল না।" তখন পরশুরাম বলিলেন, "তুমি নিশ্চয়ই ক্ষত্রিয় সন্তান, এত নিদারুণ দেহকষ্ট ব্রাহ্মণে কখনও সহ্য করিতে পারে • না। তুমি যখন মিথ্যার আশ্রয় লইয়াছ—তখন তোমার অধিগত অস্ত্রবিদ্যা কার্যকালে বিফল হইবে।" সত্যই বড়, অস্ত্রবিদ্যা তাহার কাছে কিছু নয়—কর্ণ শ্রেষ্ঠ জ্ঞান লাভ করিলেন, এবং অনেক মূল্য দিয়া। ইহার হইল সত্য সাধনা। এই সত্য সাধনাই মানব জীবনের মূল উদ্দেশ্য। এই সত্যই বাজশ্রবা ঋষির পুত্র নচিকেতা উপলব্ধি করিয়াছিলেন। এই সত্যের সাধনা করিয়াছিলেন মহারাজ শিবি। এই সত্যই রক্ষা করিবার জন্য মহারাজ যুধিষ্ঠির এবং রামচন্দ্র যাবজ্জীবন দুঃখ কষ্ট বরণ করিয়াছিলেন এবং নিজেদের রাজ্য পত্নী পর্যন্ত পরিত্যাগ করিয়াছিলেন। এই সত্যই তাঁহাদের জীবন ও শ্বাস বায়ু স্বরূপ ছিল।

কোন্ পথে জীবনকে পরিচালিত করিতে পারিলে সত্যের পথে ধাবিত হওয়া যায়—এ নির্দ্দেশ ছাত্রগণকে কে দিবে? কে তাহাদিগকে জীবন পথের অন্ধকারে আলোক প্রদর্শন করিবে? এই মহান্ ও গুরু কর্ত্তব্য শিক্ষকের। বিদ্যামন্দিরে আসিয়া ছাত্রগণকে সাহিত্য, বিজ্ঞান, অঙ্কশাস্ত্র, তর্কবিদ্যা, দর্শন, অর্থশাস্ত্র প্রভৃতি বিষয়ে শিক্ষা দিয়া পরীক্ষায় সাফল্য লাভ করিতে সাহায্য করিতে পারাই শিক্ষকের প্রধান কর্ত্তব্য নয়। ছাত্রদের চিত্তে জ্ঞানলাভের প্রতি একটা আন্তরিক অনুরাগ সৃষ্টি করাই শিক্ষকের একমাত্র কর্ত্তব্য। ছাত্রদের মনে জ্ঞানলিপ্সা যখন অত্যন্ত বলবতী হইয়া উঠিবে, তখন তাহাদিগকে পাঠাগারে, "পড়, শোন, এদিকে মনোযোগ দাও", এই সকল বাক্য আর শিক্ষককে বলিতে হইবে না। তখন তাঁহারা তন্ময় হইয়া অধ্যাপকের মুখ-নিঃসৃত প্রত্যেক কথাটাই শ্রবণ করিবার জন্য উদ্‌গ্রীব হইয়া থাকিবে। এইরূপ এক অধ্যাপকের আমরা সন্ধান পাই এদেশে ইংরাজী শিক্ষার প্রথম যুগে। ইনি একজন ফিরিঙ্গি। ইংরাজি সাহিতের অতিপ্রসিদ্ধ অধ্যাপক ছিলেন। এঁর নাম হেনরি লুই ভিভিয়ান্ ডিরোজিও। এঁর তুল্য অধ্যাপক এদেশে খুব অল্পই হইয়াছেন। ইংরাজি সাহিত্যের প্রতি বাঙ্গালী ছাত্রদের অনুরাগ ইনিই প্রথম সৃষ্টি করিয়াছিলেন। ইনি এক অত্যাশ্চর্য্য প্রকৃতির অধ্যাপক ছিলেন। তিনি তখনকার হিন্দু কলেজের ছাত্রদের মনে এক অদ্ভুত রকমের পরিবর্ত্তন সাধন করিয়াছিলেন, যেমন যাদুকর তাহার যাদু বিদ্যার সাহায্যে লোককে চকিত স্তম্ভিত করিয়া দেয়। তিনি অল্পবয়সে ইহ-ধাম ত্যাগ করিয়াছিলেন। কিন্তু তিনি এই অল্পসময়ের মধ্যেই বাঙ্গালী ছাত্র সমাজে যে অনুপ্রেরণার সঞ্চার করিয়াছিলেন তাহার প্রভাব দীর্ঘকাল ধরিয়া বাঙ্গালী সমাজে অনুভূত হইয়াছিল। ডিরোজিও ফিরিঙ্গি হইলেও, তাঁহাকে আমরা নির্ভয়ে বাংলার ডিরোজিও বলিতে পারি। তাঁহার রচিত কবিতা "Fakir of Janghira" প্রকৃত পক্ষে বাংলার প্রথম জাতীয় সঙ্গীত। এই কবিতাটীর প্রথম ২।৪টী ছত্র তুলিবার লোভ সংবরণ করিতে পারিতেছি না। কবিতাটীর প্রারম্ভটী এইরূপ,—

"My country! in the days of glory past
A beauteous halo circled round thy brow,
And worshipped as deity thou wast—
Where is thy glory, where that reverence now?"

দ্বিজেন্দ্র নাথ ঠাকুর ঐ অংশের এইরূপ অনুবাদ করিয়াছিলেন,

"স্বদেশ আমার, কিবা জ্যোতি র্মণ্ডলী—
ভূষিত ললাট তব, অস্ত গেছে চলি
রে দিন তোমার ; হায় সেই দিন যবে
দেবতাসমান পূজ্য ছিলে এই ভবে ॥"

এই ডিরোজিও ছিলেন নব্য বঙ্গের সর্বপ্রধান দীক্ষাগুরু, বাংলার চিন্তা-বিপ্লবের শ্রেষ্ঠ নায়ক। এইরূপ শিক্ষক আমরা এখনও চাই—তবেই ছাত্রদের মধ্যে পুনরায় সত্যকার জ্ঞানানুরাগ উদ্ভূত হইবে।

এই প্রসঙ্গে আমরা আরও দুই তিনটী অধ্যাপকের নাম করিতে পারি। তখনকার রিপন কলেজের অধ্যক্ষ স্বর্গত পণ্ডিতাগ্রগণ্য জানকী নাথ ভট্টাচার্য। ইংরাজি ও সংস্কৃত সাহিত্যের তাঁহার যেমন অগাধ জ্ঞান ছিল তেমনই তাঁহার শিক্ষকতায় অসাধারণ নৈপুণ্য ছিল। আর এক জন এই প্রকার অসাধারণ অধ্যাপক ছিলেন—Dr. H. Stephen। তখন তিনি ছিলেন শ্রেষ্ঠ অধ্যাপক Scottish Church কলেজের। তাঁহার যেমন অগাধ পাণ্ডিত্য, তেমনি অসাধারণ শিক্ষাদানকৌশল ছিল। তাঁহাদের অপর চিন্তা ছিল না। এঁদের প্রভাব অসীম। বর্ত্তমান যুগের অধ্যাপকদের মধ্যে অধিকাংশই তাঁহাদের ছাত্র। এই প্রবন্ধ লেখকের তাঁহাদের পাদমূলে শিক্ষালাভ করিবার সৌভাগ্য হইয়াছিল। এঁদেরই প্রেরণায় বাংলার বহু ছাত্রের চিত্তে জ্ঞানানুরাগ সৃষ্টি হইয়াছিল। বক্তৃতাশালায় স্থানের অভাবে বহু ছাত্র দণ্ডায়মান থাকিয়া আনন্দ চিত্তে এবং উৎসাহভরে সমস্ত ঘণ্টাই তাঁহাদের বক্তৃতা শুনিত।

এই জ্ঞানানুরাগ সৃষ্টির সম্বন্ধে আমি আর একটী কথা না বলিয়া থাকিতে পারিতেছি না। কয়েক বৎসর পূর্বে আমাদের এই কলেজের এক বাৎসরিক পারিতোষিক বিতরণী সভায় Oxford বিশ্ববিদ্যালয়ের প্রসিদ্ধ অধ্যাপক Dr. Lindsay সভাপতিত্ব করিয়াছিলেন। তিনি দেখিলেন, কলেজের মধ্যস্থলে উন্মুক্ত প্রশস্ত ক্রীড়াক্ষেত্র, উহার চতুর্দিকে কলেজের হর্ম্যাবলী, সভাপতির সম্মুখে পুরস্কারের নানাপ্রকার বস্তু বিদ্যমান। তিনি এই সব দেখিলেন এবং এই সমস্তেরই কিছু প্রশংসা করিলেন। কিন্তু তাঁহার ভাষণে তিনি এই কথাটাই বিশেষ গুরুত্বের সহিত বলিলেন, "বড় বড় আবাসিক প্রাসাদ, তৃণসমাচ্ছাদিত ক্রীড়ার মাঠ, পদক, পুস্তক, বৃত্তি—এই সমস্তই

ভাল বটে, কিন্তু এই সমস্তই বিদ্যাপ্রতিষ্ঠানের অবিচ্ছেদ্য অঙ্গ নহে। আমি ব্যক্তিগতভাবে ছেলেদের পুরস্কার দেওয়ার পক্ষপাতী নই, ছেলেদের পড়াইবার জন্য আমি ঘুষ দিতে প্রস্তুত নহি। আমি ছেলেদের মধ্যে যদি জ্ঞানপিপাসা সৃষ্টি করিতে পারি, সেইটাই তাহাদের যথেষ্ট পুরস্কার এবং আমাদের অধ্যাপকদেরও সেইটাই গৌরবময় সাফল্য এবং এই জ্ঞানপিপাসা সৃষ্টি করা বৃক্ষতলে, মাঠে, অরণ্যে সর্বত্রই সম্ভব—এর জন্য লক্ষ লক্ষ টাকা ব্যয় করিয়া বড় বড় অট্টালিকা নির্মাণের কোনও প্রয়োজন নাই। এই কথাগুলি আমার চিত্তে চিরন্তন রেখাপাত করিয়াছিল, এবং প্রাচীন ভারতেরও এই ছিল মূল মন্ত্র—জ্ঞানের প্রতি অনুরাগ সৃষ্টি করা।

আজ যে ছাত্র ও শিক্ষকদের মধ্যে সেরূপ ভালবাসা ও আন্তরিকতা দেখা যাইতেছেনা, পাঠে ছাত্রদের মন আকৃষ্ট হইতেছেনা, ঘন ঘন ছাত্রধর্মঘট হইতেছে, তাহার একমাত্র কারণ ছাত্রগণের মধ্যে পাঠের প্রতি অনুরাগাভাব। করণীয় কার্যে ভালবাসা জন্মিলে তবে সে কার্য সফল করিবার কামনা মনুষ্যচিত্তে জাগরিত হয়। এ সম্বন্ধে মহাত্মা গান্ধীর একটী অতিস্মরণীয় বাক্য আমি উদ্ধৃত করিবার লোভ সম্বরণ করিতে পারিতেছিনা। মহাত্মার কোনও অনুরাগী তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, "আমাকে চরকা কাটিতে বলিতেছেন, কিন্তু আমার যে উহা ভাল লাগেনা।" মহাত্মাজী প্রত্যুত্তরে বলিলেন, "কিছুদিন চরকাকে ভালবাসিবার সাধনা করিতে হইবে।" তিনি আরও বলিলেন, "One should approach Charka, as a hungry man approaches his meal, as a lover approaches his lady love."—(*Young India*) ছাত্রদের অন্তরে জ্ঞানের প্রতি একটা তীব্র তৃষ্ণার সৃষ্টি হইলেই বুঝিতে হইবে, ছাত্র এবং শিক্ষক উভয়েরই উদ্দেশ্য সাফল্যমণ্ডিত হইয়াছে। এই জ্ঞানানুরাগই আমাদিগকে সত্যসাধনার দিকে প্রধাবিত করিবে এবং মানবজীবনের সাধনার যোগ্য মূলসত্যের স্বরূপ আমাদের সমক্ষে প্রতিভাত করিবে। ইহাই হইল ছাত্রদের মধ্যে সাধারণ ভাবে জ্ঞানার্জনী প্রবৃত্তি সৃষ্টি করার প্রকৃষ্ট পন্থা। ইহাতে বিজ্ঞান, দর্শন এবং অন্যান্য শাস্ত্রে বিশিষ্ট ব্যুৎপত্তি লাভ হইবে।

বাল্য এবং যৌবন উভয়ই একটা স্বপ্নদেখার বয়স। জগতে যত মানব কীর্ত্তির দ্বারা অমরত্ব লাভ করিয়াছেন, তাঁহারা সকলেই প্রাগ্‌যৌবন বয়স হইতে একটা না একটা মহাদর্শসিদ্ধির স্বপ্ন দেখিয়াছিলেন। প্রাচীন ভারতের

ঋষিগণ নিগূঢ় তত্ত্ব আবিষ্কারের স্বপ্ন দেখিয়াছিলেন। তাহারই ফল—উপনিষদ্। কেহবা জগৎসমক্ষে সুমহান্ চিরজ্যোতির্ময় আদর্শসৃষ্টির স্বপ্ন দেখিয়াছিলেন—বাল্মীকি এবং হোমর। কেহ কেহ বা মানবসমাজের চিন্তাধারার নেতৃত্ব করিবার স্বপ্ন দেখিয়াছিলেন—তাহার ফল, Socrates, Plato, Aristotle। কেহ বা কবিত্বের স্বপ্ন দেখিয়াছিলেন—তাহাতেই কালিদাস ও সেক্‌স্‌পীয়ারের আবির্ভাব। কোনও কোনও মহাপুরুষ বাল্যাবধি জগজ্জয়ের স্বপ্ন দেখিয়াছিলেন—তাহার ফল আলেক্‌জেণ্ডার দি গ্রেট, চেঙ্গীজ খাঁ, নেপোলিয়ান্ বোনাপার্টি। কেহ জগতে প্রেম ও শান্তি প্রচারের স্বপ্ন দেখিয়াছিলেন—তাহার নিদর্শন বুদ্ধ, যীশুখৃষ্ট ও চৈতন্যদেব। কেহ কেহ বা স্বদেশপ্রেমের স্বপ্ন দেখিয়াছিলেন যেমন ইংলণ্ডেশ্বর মহামতি আল্‌ফ্রেড, পৃথ্বীরাজ, প্রতাপাদিত্য, শিবাজী, রাণা প্রতাপ, রণজিৎ সিংহ, আনন্দমঠ প্রণেতা বঙ্কিমচন্দ্র এবং বাংলার প্রিয় সুভাষচন্দ্র। কেহ বা মানব হৃদয় বীণার সূক্ষ্ম সূক্ষ্ম তন্ত্রী সকলকে গীতির আকারে ধ্বনিত করিবার স্বপ্ন দেখিয়াছিলেন, যেমন মহাকবি রবীন্দ্রনাথ। কেহ বা চিত্রবিদ্যায় প্রাধান্যলাভের স্বপ্ন দেখিয়াছিলেন, যেমন র‍্যাফেল, যোশুয়া রেণল্‌ড্‌স্। এইরূপ বহু অলৌকিক স্বপ্নের বৃত্তান্তে মনুষ্যেতিহাস গৌরবান্বিত। এই সমস্ত বাস্তব স্বপ্ন অবাস্তব স্বপ্নের কল্পনাকেও ম্লান করিয়া দেয়। এই স্বপ্ন সাধনায় কত লোকের জীবনাবসান হইয়াছে, উন্মত্তের ন্যায় তাঁহারা আদর্শসিদ্ধির পথে প্রধাবিত হইয়াছেন, নিজেদের সুখ দুঃখ কোনও দিকেই তাঁহারা দৃষ্টি পাত করেন নাই। কোনরূপ ফলাকাঙ্খা নাই, কোনও সুখ সমৃদ্ধি বা ঐশ্বর্য কামনা নাই। জীবন প্রভাতে কি এক স্বপ্ন দেখিলেন, তাহাকেই বাস্তবরূপ দিবার জন্য সমগ্র জীবনটাই বিশ্রামশূন্যভাবে ব্যয়িত করিলেন, মনে করিলেন যেন জীবনই বৃথা যদি আদর্শসিদ্ধি না হইল। এই প্রকারেই মানব অমৃতের পুত্র হইয়াছেন, এই সাধনাতেই জগতে যত বড় বড় কার্যসিদ্ধ হইয়াছে।

এক্ষণে আমার বাঙ্গালী ছাত্রবৃন্দের উদ্দেশ্যে বিশেষ কিছু না বলিয়া এই প্রবন্ধের উপসংহার করিতে পারিতেছি না। হে আমার বাংলার প্রিয়ছাত্রগণ! তোমাদের মধ্যে কেহ কি ঐরূপ স্বপ্ন দেখিতে পারিবে না? দীর্ঘকাল ধরিয়া বাংলার ছাত্রসমাজের সহিত মিলিত হইবার সুযোগ লাভ করিয়াছি। তাহাতে

আমার স্থির বিশ্বাস জন্মিয়াছে যে এখনও বাংলার ছাত্রসম্প্রদায়ে স্বপ্নদর্শনক্ষম বহু ছাত্র আছে। হে আমার প্রিয় ছাত্রমণ্ডলী! বর্ত্তমান যুগে বাঙ্গালী জাতি ও বাংলা দেশ যে নিদারুণ অবস্থায় নিপতিত হইয়াছে তাহার কথা একবার স্মরণ কর। এরূপ সঙ্কটে দেশে কখনও উপনীত হয় নাই। লোকের উদরে নাই অন্ন, অঙ্গে বস্ত্র নাই, মাথা গুঁজিবার গৃহ নাই, খাদ্য দুর্মূল্য, আবর্জনামিশ্র ও বিষতুল্য। সঙ্কীর্ণ একটা দেশে এত নিবিড় জনসমাগম পৃথিবীর আর কোনও দেশে আছে কিনা সন্দেহ। দেশবাসিগণের মধ্যে একতা ও আত্মীয়তা অন্তর্হিত। নৈতিক অধঃপতন পরিপূর্ণ। রোগ, শোক, অকাল এবং অপঘাত মৃত্যু নিত্য নৈমিত্তিক ঘটনার মধ্যে পরিগণিত। সর্বাপেক্ষা অত্যধিক মর্মান্তিক দুঃখ এই যে আমরা না দেশকে ভালবাসি, না জাতিকে ভালবাসি। নিজেদের ক্ষুদ্র স্বার্থ ব্যতীত লোক আর কিছু জানে না। মনুষ্যের জীবন গৃহে নিরাপদ নয়, রাজপথে ত নয়ই। বর্ত্তমানে আমাদের জীবনযাত্রা পশুদের স্তরে আসিয়া সমুপস্থিত। দুঃখের কাহিনী অনন্ত। প্রতিমুহূর্ত্তেই মনে হয় দেশ সুনিশ্চিত ধ্বংসের পথে অগ্রসর হইতেছে। মারাঠী কাংলা লেখক সখারাম গণেশ দেউস্কর দেশের সম্বন্ধে একসময়ে বলিয়াছিলেন,

"কে কহিবে এ সুদীর্ঘ কথা।
সমসিন্ধু অপার অগাধ ব্যথা॥"

হে ছাত্রগণ, এক্ষণে বাগ্‌বিতণ্ডা পরিত্যাগ করিয়া, তোমরা স্বপ্ন দেখ—যে স্বপ্ন প্রাচীন কালের মহামানবগণ দেখিয়াছিলেন, সেই স্বপ্ন দেখ। যে স্বপ্ন রামকৃষ্ণ পরমহংসদেব এবং স্বামী বিবেকানন্দ দেখিয়াছিলেন, এবং যে স্বপ্ন এই সেদিনেও মহাত্মা গান্ধী এবং তোমাদের প্রিয় সুভাষ দেখিয়াছিলেন, সেই স্বপ্ন দেখ ও নিজেদের জীবনকে সার্থক কর। তোমাদের স্বপ্নপথের নির্দ্দেশ দিবে—ভারতের দুইটি সর্বপ্রধান ও প্রাচীন পর্বত—হিমবান্ ও বিন্ধ্যগিরি। আর সন্ধান দিবে—ভারতের পবিত্র নদী সকল—গঙ্গা, যমুনা, গোদাবরী, সরস্বতী, নর্মদা, সিন্ধু এবং কাবেরী। এই পর্বত ও নদী সকল ভারতের ঐতিহ্যের বৈদ্যুতাগ্নিতে সম্পূরিত। তোমাদের পথের সন্ধান দিবে —কুরুক্ষেত্রের প্রাচীন প্রান্তর, পথের সন্ধান দিবে আলেগ্‌জেণ্ডারের ভারত আক্রমণ, চন্দ্রগুপ্তের সাম্রাজ্য প্রতিষ্ঠা ও চাণক্য পণ্ডিত। আর সন্ধান দিবে মহম্মদ বিন কাসিমের প্রথম সিন্ধুদেশ আক্রমণ, পৃথ্বীরাজ ও জয় চন্দ্র।

পথের সন্ধান তোমরা ভাল ভাবেই পাইবে পানিপথের তিনটি যুদ্ধে---আকবর ও আওরঙ্গজেবের ভারত শাসনে—আরও ভাল নির্দ্দেশ পাইবে—প্রতাপাদিত্য, শিবাজী, গুরু গোবিন্দ সিংহ এবং রণজিৎ সিংহের কাহিনীতে। শেষ নির্দ্দেশ পাইবে—পলাশীর যুদ্ধে, সিরাজুদ্দৌলা, মীরজাফর, মোহনলাল, নন্দকুমারের এবং সিপাহী বিদ্রোহের ইতিহাসে। তাহার পর তোমরা পাইবে—ভারতে লব্ধজন্মা নব্য মহাপুরুষগণের নিকট—বালগঙ্গাধর তিলক, লালা লাজপত রায়, বিদ্যাসাগর, রাজা রামমোহন রায়, সুরেন্দ্র নাথ, অরবিন্দ, বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র, আচার্য জগদীশ চন্দ্র। বিদ্যাপতি, চণ্ডীদাস, জয়দেব, কালিদাস, কৃত্তিবাস, মুকুন্দরাম, বাংলার কাব্য সাহিত্যে নবযুগ প্রবর্ত্তয়িতা মাইকেল মধুসুদন, নীলদর্পণ প্রণেতা নিপীড়িত উদ্ধার যজ্ঞের ঋত্বিক দীনবন্ধু,—এঁরা সকলেই তোমাদের স্বপ্নাভিযানের পথে প্রোজ্জ্বল দীপশিখা ধারণ করিবেন। এইরূপ সার্থক স্বপ্নাভিদ্রষ্টারই নেতৃত্বে নির্বাধ অধিকার জন্মাইবে। বর্ত্তমানে এইরূপ নেতৃত্বই আমাদের একান্ত প্রয়োজন। এই সাধনায় তাঁহারা যুগযুগান্তর ধরিয়া বিভোর হইয়াছিলেন।

হে বাংলার যুবসম্প্রদায়! তোমরা বর্ত্তমানে সব কিছু বিস্মৃত হইয়া স্বপ্নসমুদ্রে ঝাঁপ দাও। রত্নের আকর সমুদ্রের মধ্যে নির্মগ্ন হইলে যেমন রত্নলাভ হয়, স্বপ্নসমুদ্রে ডুব দিলে অমরত্ব লাভ তেমনই হইবে। কেননা, যাহারা অমৃতের পুত্র তাহারাই অমৃতত্বে অধিকারী—'শৃণ্বন্তু সর্বে অমৃতস্য পুত্রাঃ"। হে বাংলার যুবকগণ, এক্ষণে তোমরা অগণিত সংখ্যায় স্বপ্নসমুদ্রাভিগামী হও, পারত আবালবৃদ্ধবনিতা সকলকে লইয়া ধাবিত হও, স্ব স্ব আদর্শরসপানে উন্মত্ত হইয়া তীর বেগে ছুটিতে থাক, দেখিবে নিজেদের মনুষ্যজীবন সার্থক হইবে। তোমাদের উৎসাহ ও দৃষ্টান্তে আমাদের ন্যায় নৈরাশ্যাভিভূত বৃদ্ধেরাও ছুটিতে থাকিবে—তখনই দেশের মুক্তি, শিক্ষকের মুক্তি, এবং হে যুবকগণ, তোমাদেরও মুক্তি, জাতিরও মুক্তি।

"Tell me not in mournful numbers
Life is but an empty dream."
"বলোনা কাতর স্বরে বৃথা জন্ম এ সংসারে
এ জীবন নিশার স্বপন।"
"শুভমস্তু"

সাহিত্যের নবজন্ম

অধ্যাপক শ্রীশিশির চট্টোপাধ্যায়, এম, এ

পৃথিবীর প্রাণবান সমস্ত জাতির ইতিহাসে কখনও, কখনও এমন এক বিস্ময়কর যুগান্তর আসে তখন তাদের মনের গাঙে হঠাৎ নোতুন সৃষ্টির জোয়ার খেলে যায়। নোতুন নোতুন দিকে চিন্তার উন্মীলন হতে থাকে। চিত্তের সব ক্ষেত্রেই এই উন্মীলন আলোড়নের সৃষ্টি করে। কেবল মাত্র সাহিত্যেই তাহার গতিবিধি সীমাবদ্ধ থাকে না। কিন্তু মাঝে মাঝে ইতিহাসের ধারা আমূল পরিবর্ত্তনের মধ্যে জাতিকে নিয়ে যায়। তাই তাকে যুগান্ত বল্লেই এর সঠিক পরিচয় দেওয়া হয় না, একে বলতে হয় যুগসন্ধিক্ষণ। এই যুগসন্ধিক্ষণ সমাজ বিবর্ত্তনের সাধারণ নিয়মে আসেনা, আসে সামাজিক যুগপরিবর্ত্তনের সঙ্গে।

এই রকম এক যুগান্ত এসেছিল মধ্য যুগের শেষে রেনেসাঁর রূপ ধরে। রেনেসাঁর বাণী মূর্ত্ত হয়েছিল য়ুরোপীয় জাতীয় কথায় ও সাহিত্যে। এই বিস্ময়কর যুগান্ত কেবল মাত্র সাহিত্য আর কথায় নিবদ্ধ থাকেনি, এর প্রতিফলন হয়েছিল জীবনের প্রতিটি স্তরে, মানুষের চিন্তার প্রতিটি ধারায়। অর্থনৈতিক যে কাঠামোর উপর ভর দিয়ে প্রাক্-রেনাসাঁ সামন্তপ্রথা বেঁচেছিল তা সেদিন যুগান্তের আচম্‌কা আবির্ভাবে বিপর্য্যস্ত হয়ে পড়লো এবং সামন্ত-প্রথার ধ্বংস স্তূপের ওপর গড়ে উঠলো নোতুন এক বনিয়াদ। সমাজের অগ্রগতি হয় কম্বুরেখায়। তাই সময়ে সময়ে সেই কম্বু বিবর্ত্তনের পথ ধরে আসে একটা মৌলিক গুণগত পরিবর্ত্তন। তাতে সমাজ নাড়া খায়। প্রাচীন সমাজ ব্যবস্থায় ফাটল ধরে যায়। প্রথমে কিছুদিন ফাটল মেরামত করবার নানারূপ প্রচেষ্টা দেখা যায়। কিন্তু অচিরেই সকলে বুঝতে পারে যে সমস্ত কাঠামোটাই জরাজীর্ণ। তাই মেরামত হবেনা, প্রয়োজন আমূল পরিবর্ত্তনের। সমস্ত কাঠামোটাই তাই বদলে ফেলতে হয়।

বাংলা সাহিত্যে আজ এই রকম একটা যুগান্তের আবির্ভাব হয়েছে। এতদিন যাঁরা নিরঙ্কুশ জীবন যাত্রায় অভ্যস্ত ছিলেন তারা নেহাৎ স্বার্থবুদ্ধিপ্রণোদিত হয়ে চিরাচরিত প্রথাকে আঁকড়ে ধরে বেঁচে থাকতে চান। আরও একদল আছেন যাঁরা সাহিত্যের মৌলিক পরিবর্ত্তনের সূচনা অস্বীকার করেন না, প্রয়োজনীয়তাও স্বীকার করেন, তবে এরাও পুরানো স্বভাবের দোষে প্রগতিকে ব্যাখ্যা করেন আধা সামাজিক ভাবে। এরা গোর্কীর কথায় 'a writer is not only the creature but also the creator of his time' ঘাড় নাড়েন। বলেন কথাটা তো ঠিকই কিন্তু হঠাৎ কোন মৌলিক পরিবর্ত্তন সাহিত্যে আনা সমীচিন নয়, কেন না তাতে সমাজ ব্যবস্থাকে অকারণে বিপর্য্যস্ত করা হবে। এঁদের মতবাদ প্রথমোক্তদের মতবাদের চেয়ে আরও ভয়ঙ্কর। কারণ এদের প্রগতিবাদের মুখোস জনসাধারণকে কিছুদিনের জন্য বিভ্রান্ত করে কিন্তু এরাও আসলে প্রগতি-বিরোধী, এরা সমাজের সব-পাওয়াদের দলভুক্ত; সাহিত্য এদের কাছে, এরা যে সমাজব্যবস্থার অর্থভুক তারই জয়গাথা গাইবার যন্ত্র—এরা আসলে পরিবর্ত্তনের বিরোধী। তাই এদের কথায় ও কাজে সামঞ্জস্য এতো কম।

দ্বিতীয় মহাযুদ্ধোত্তর পৃথিবী স্বাভাবিক নিয়মে দ্বিধা বিভক্ত হয়ে পড়ে। ফ্যাসিস্ত অকল্যাণের পরাজয়ের ফলে যে রাজনৈতিক সঙ্ঘবদ্ধতা দেখা গিয়েছিল যুদ্ধজয়ের অব্যবহিত পরেই সেই কল্যাণ ইচ্ছায় ভাঁটা পড়লো ইঙ্গ-আমেরিকান শক্তিবর্গের অপপ্রচেষ্টায়। এই অপপ্রচেষ্টার ইতিহাস লিপিবদ্ধ হবে অন্যত্র কিন্তু দ্বিতীয় মহাযুদ্ধের শেষে পৃথিবীময় একটা শুভবুদ্ধির প্রকাশ দেখা গেল। দ্বিতীয় মহাযুদ্ধের পর্ব্ব তাই শুধুমাত্র শান্তিপর্ব্ব নয়, জাগরণ পর্ব্ব। এশিয়ায়, মধ্য ইউরোপে জনসাধারণ নিজের অধিকার স্থাপনের জন্যে আন্দোলন সুরু করলো। আন্দোলন পর্য্যবসিত হলো মুক্তিযুদ্ধে। আজও ভিয়েৎনামে, মালয়ে, ভারতবর্ষে, ইন্দোনেশিয়ায়, বর্ম্মায়, চীনে, গ্রীসে সাধারণ মানুষের যুদ্ধ চলেছে স্বাধীনতার শত্রুদের বিরুদ্ধে। প্রশ্ন উঠতে পারে মুক্তিযুদ্ধের সঙ্গে সাহিত্যের কোনও অঙ্গাঙ্গী সম্বন্ধ নেই। প্রশ্ন তুলবেন তাঁরাই যাঁরা বলেন সাহিত্যেই সাহিত্যের শেষ বা সাহিত্যে প্রোপাগ্যাণ্ডার স্থান নেই। রসসৃষ্টি হয় কবির নৈর্ব্যক্তিক মানস মণি-কোঠায়, সেখানে কবি বা লেখক একান্তভাবে একক ও স্বসম্পূর্ণ। কিন্তু ঐসব নৈর্ব্যক্তিক-বাদীরা সহজেই ভুলে যায় যে সাহিত্য বা কাব্য একান্ত ভাবে সামাজিক বস্তু। সাহিত্যের প্রধান উপজীব্য মানুষ, তার আশা আকাঙ্খা, দৈনন্দিন তুচ্ছতা, তার জীবন যাত্রার নৈমিত্তিক ক্ষুদ্রতা ও মহত্ব। মানুষ সামাজিক, তার মানস তাই সামাজিক প্রতিফলন। তার আশা, তার স্বপ্ন তাই তার একান্ত ভাবে নিজস্ব হলেও তা সামাজিক প্রতিফলন। তার ভাষা, তার ভাব প্রকাশের বাহন তার নিজত্বের ছাপ মারা বিশেষ বস্তু হলেও তা সামাজিক যেহেতু ভাষাটাই ভাব প্রকাশের একমাত্র হাতিয়ার। কিছুদিন আগেও অনেক প্রতিষ্ঠাশীল সাহিত্য সমালোচক বলতে দ্বিধা করতেন না যে সাহিত্যিকরা সামাজিক বা রাজনৈতিক কলহের উর্দ্ধে; লোকোত্তর রসসৃষ্টিই তাদের একমাত্র উপজীব্য হওয়া উচিত। আর্ট ও প্রোপাগ্যাণ্ডার মধ্যে স্থায়ীভাবে একটা ব্যবধান রচনা করা হয়েছিল এই একই প্রয়োজনে। কিন্তু আজকে পৃথিবীর সর্ব্বত্র বিশেষ করে' আমাদের সমাজের কাঠামোয় যে কঠিন ফাটল ধরেছে তা' মেরামত করে সমাজকে দাঁড় করিয়ে রাখা যাবে না। আজকে সমাজে যাঁরা সবহারাদের অন্নপুষ্ট হয়েও সমাজব্যবস্থাব শীর্ষস্থানে তাদের বোঝাপড়ার দিন এসেছে। দিকে দিকে তার ইঙ্গিত সুস্পষ্ট। আজ যে সমস্ত সাহিত্যিক ও সমালোচক পুরানো ব্যবস্থাকে বাঁচিয়ে রাখবার প্রচেষ্টায় সহায়তা করবেন তারা মুষ্টিমেয় পরভোজী ধনিক শ্রেণীর সমর্থক। তারা যতই প্রগতির কথা আওড়ান না কেন, মাধ্যাকর্ষণ গতি তাদের টেনে জনসাধারণের মাঝে নামিয়ে আনবে। সাহিত্য হয়ে উঠবে সবহারাদের শ্রেণী সংগ্রামের শ্রেষ্ঠ হাতিয়ার।

নোতুন যুগ জন্মগ্রহণ করেছে সীমাহীন ব্যথার মধ্যে। জাতীয় জীবনের আজও জয় গানের মুহূর্ত্ত আসেনি। মুক্তিকামী জয়গানের বাণী মূর্ত্তিমতী হয়ে উঠেছে ফাঁসির মঞ্চে, কারাগারের নিপীড়নে। দেশভক্তরা পাচ্ছে দেশদ্রোহীর খাতা আর প্রবঞ্চকেরা বসেছে নিগ্রাহকের আসনে। সমাজে যুগান্ত এসেছে। সমাজ মানসের মৌলিক পরিবর্ত্তন এসেছে সেই পথ ধরে। যুগান্তরের কম্বুগতি কখনও থামেনা। সাহিত্য তাই আজ নোতুন রূপ পরিগ্রহ করেছে জনসাধারণের হাতে। সাহিত্য তাই আজ আর কোন গোষ্ঠীর কর-তলগত থাকবে না। শ্রেণী সংগ্রামে শোষিতদের হাতের প্রধান অস্ত্র হবে সামাজিক চেতনা থেকে উদ্ভূত নোতুন সাহিত্য যাতে থাকবেনা মানুষের জীবনে গ্লানিকর অধ্যায়ের ক্লেদ আর নিরাশাবাদীর আক্ষেপোক্তি। 'Man is a proud name'—মানুষ নিজেকে মানুষ

বলেই পরিচয় দেবে। সেই পরিচয় থাকবে লেখা নোতুন সাহিত্যের ছত্রে ছত্রে। মুক্তিযোদ্ধাদের দৃঢ় পদক্ষেপ রাত্রিসমাপনের সুস্পষ্ট নির্দ্দেশ ঘোষণা কর্চ্ছে। আজও যারা সে ঘোষণা শুনতে পাচ্ছেনা তাদের সুপ্তি আর ভাঙবে না। রাত্রি শেষ হয়ে এসেছে নোতুন দেশের নোতুন মানুষের। সাহিত্য তাই নবজন্ম গ্রহণ করেছে নোতুন ভাবে নিজেকে রূপায়িত করে। রোঁলা বলেছেন "The marching column never stops.'—আজকের নোতুন দিনের সূচনায় সেই marching column—সেই মুক্তির বার্ত্তাবাহীদের পদধ্বনি মুখরিত হয়ে উঠুক আমাদের সাহিত্যে।

সাহিত্যে প্রতীকবাদ

অধ্যাপক শ্রীঅরুণ চক্রবর্ত্তী, এম, এ।

কাব্যসংসারে প্রজাপতি সার্থক কবির চিরযৌবনদীপ্ত হৃদয় অদ্ভুতময় অপ্রাপ্ত সুন্দরের অস্ফুট পিপাসায় বিভোর। আত্মহারা কবির এই স্বপ্নমদির মনোবৃত্তির একটি বিশেষ প্রকাশ সাহিত্যের প্রতীকধর্ম্মিতার মধ্যে। এই প্রতীক বস্তু অথবা ভাবব্যঞ্জনার প্রতীক অদ্ভুত এবং রহস্যময়। সে অন্ধকারকে আরও অন্ধকার করে, দেয় না কোন আলোর সন্ধান। পাঠকের মনের সামনে রহস্যময়কে দুর্জ্ঞেয় এবং দুর্বোধ্য করে তার দুর্বোধ্যতাকে রসরূপে অবলম্বন করে নোতুন সৃষ্টিতে প্রতীকধর্মী কবির কাব্যানন্দ।

প্রতীক আর রূপকে আছে বিরাট পার্থক্য। রূপক ব্যাখ্যা করে রূপকের অন্তর্নিহিত ভাবধারাকে। ভাবধারার সুসমঞ্জস ব্যাখ্যার জন্য রূপকের সৃষ্টি। কিন্তু প্রতীক তত্ত্বকে ব্যাখ্যা করে না, দেয় suggestion। রবীন্দ্রনাথের রূপকনাটক রক্তকরবীর কথা ধরা যাক। এখানে অন্ধকারের রাজা যন্ত্রবদ্ধতার রূপক; নন্দিনী প্রাণ প্রাচুর্য। "চারিদিকের পীড়নের মধ্য দিয়ে তার আত্মপ্রকাশ, নাটকের মধ্যে রাজা আপনাকে প্রকাশ করেছে, ব্যাখ্যা করেছে। সে বলে—

"আমি যৌবনকে মেরেছি—এতদিন ধরে আমার সমস্ত শক্তি দিয়ে কেবল যৌবনকে মেরেছি। মরা যৌবনের অভিশাপ আমাকে লেগেছে।"

নন্দিনী নিজেকে ব্যাখ্যা করেছে—পরিষ্কার করেছে, অনেক কথা বলার মাঝে সে রাজাকে বলেছে—

"তবু বলি, সোনার পিণ্ড কি তোমার ঐ হাতের আশ্চর্য ছন্দে সাড়া দেয়, যেমন সাড়া দিতে পারে ওই ধানের খেতে?"

বিচিত্র রসময় প্রাণের প্রতীক নন্দিনী রাজার কথা বল্‌তে গিয়ে নিজেকে প্রকাশ করেছে বড় পরিস্কার করে। সে রাজার সম্বন্ধে বলেছে—

"ও যেন হাজার বছরের বটগাছ, আমি যেন ছোট্ট পাখী। ওর ডালের একটি ডগায় কখনও যদি একটু দোল খেয়ে যাই, নিশ্চয়ই

ওর মজ্জার মধ্যে খুসী লাগে। ওর একলা প্রাণকে সেই খুসীটুকু দিতে ইচ্ছা করে"।

রূপক নাটক হিসাবে এ সার্থক হয়েছে। নন্দিনী আর রাজার মধ্য দিয়ে ভাবদ্রষ্টা কবি যা বল্‌তে চেয়েছেন তা অপূর্বরূপে ব্যাখ্যাত হয়েছে। এ সৃষ্টি করেনা কোন দুর্জ্ঞেয়তা, কোন রহস্যময়তা। কিন্তু প্রতীকধর্মী সাহিত্যে এই রহস্যময়তাই রস রূপ লাভ করেছে। বাংলা সাহিত্যে সত্যকার প্রতীকধর্মী রচনা নেই বল্‌লেই চলে। যেভাবে Maeterlinck এর "Blue Bird" প্রতীকধর্মী, ঠিক তেমনটি আমাদের সাহিত্যে সত্যি নেই। একটা ছেলে ছুটে চলে নীলপাখীর পিছনে। এ নীলপাখী suggest করে নানা কথা, কিন্তু ব্যাখ্যা করে না কিছুই। এই প্রতীকের ধর্ম। রবীন্দ্রনাথের রাজার মধ্যে পেয়েছি এই প্রতীক-ধর্মিতার অস্পষ্ট চিহ্ন। এখানে কবি ইচ্ছে করেই প্রতিটি ঘটনা সংস্থাপনে এবং চরিত্র চিত্রনে আমাদের logical self কে অবজ্ঞা করেছেন। রাজা বল্‌তে মানুষের মনে যে ধারণা আসে, সেই ধারণা থেকে দূরে সরে তিনি এঁকেছেন অন্ধকারের রাজা। রাণীর সংগে সাধারণ রাণীর মত মিলন হয়না; বিচ্ছেদের রূপটাও সম্পূর্ণ আলাদা। সবশেষে রাণী সুদর্শনা রাজার সাথে মিলেছেন—

> "প্রমোদবনে আমার রাণীর ঘরে দেখ্‌তে চেয়েছিলুম বলেই তোমাকে এমন বিরূপ দেখেছিলুম যেখানে তোমার দাসের অধম দাসকে তোমার চেয়ে চোখে সুন্দর ঠেকে। তোমাকে তেমন করে দেখবার তৃষ্ণা আমার ঘুচে গেছে। তুমি সুন্দর নও প্রভু, তুমি সুন্দর নও; তুমি অনুপম।"

এখানে রহস্যময়তা কিছুটা প্রকাশ হয়ে পড়ে সত্য, তবু কবি এ রহস্যময়তা বজায় রাখবার জন্য চেষ্টা করেছেন প্রাণপনে। সুদর্শনা রাজাকে সুন্দর দেখেননি, দেখেছিলেন—অনুপম।

মনের সামনে পরিষ্কার হয়ে যায় প্রতীক আর রূপকের পার্থক্য। এই যে হিন্দুর বাগ্দেবী সরস্বতী মূর্তি—শ্বেতকমলাসনা বীণাবাদিণী পুস্তকশোভিতা—এটি রূপক। সৌন্দর্য কলাবিদ্যার অধিষ্ঠাত্রী তিনি। এ মূর্তি দেখবার পর মননশীল মানুষের কাছে মূর্তির অর্থগ্রহণে কোন বাধা নেই। তেমনি সিংহবাহিনী দুর্গামূর্তি—দশবাহু দশদিকে প্রসারিত পদতলে শত্রু বিমর্দিত—এ মূর্তি বীর্যের রূপক। কিন্তু নারায়ণশিলা—ছিদ্রসমন্বিত শিলাখণ্ডটি—এটি প্রতীক। বহুদিনের সংস্কার যাদের আছে, তারা এই শিলারূপী দেবতার স্নানমন্ত্র যখন গভীর স্বরে উচ্চারণ করে—

সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ……তাদের মনে কোন গ্লানি আসেনা। এই যে সিন্দুর বিন্দু—আয়ুষ্মতীর ললাটরঞ্জিত শুভ সিন্দুরবিন্দু—এটি প্রতীক। সাধারণ মানুষের কাছে এ সিন্দুর জিঘাংসার দ্যোতনা—রক্তবর্ণের মর্মার্থ ত তাই। কিন্তু এ সিন্দুর-রহস্য যার বিদিত, সিন্দুর তার মনে আনে আয়ুষ্মতীর পবিত্রতার, শান্ত সমাহিত সৌন্দর্যের কথা। তাই দেখা যায় রূপক সমষ্টির, কিন্তু প্রতীক গোষ্ঠীর মধ্যে সীমাবদ্ধ। রূপকের সার্বজনীন আবেদনে সমস্ত জগৎ মুগ্ধ, কিন্তু প্রতীক ক্ষেত্রে তা হয় না, হওয়া সম্ভবও না। বিশ্ববিদ্যালয়ের প্রতীক চিহ্ন পদ্ম। বিদেশীর কাছে এই পদ্ম 'লিলি' হলেও ক্ষতি ছিল না, কিন্তু আমাদের কাছে এই পদ্মের অর্থ অন্য রকম। ঠিক এই রকমে "নীলপাখী" সাধারণ বাঙালীর কাছে "সাদা পাখী" হলে আপত্তি ছিল না। সুতরাং আমরা দেখি প্রতীকের পিছনে আছে একটা সংস্কার, একটা Convention।

সাহিত্যে একটি দল এই প্রতীকধর্মিতার আবেদন প্রচার করেছিলেন। Maeterlinck এর নাম উল্লেখযোগ্য সবচেয়ে বেশী। তাঁর লেখনীর যাদুস্পর্শে এই সূক্ষ্মবোধ অপূর্বভাবে রূপায়িত হয়ে উঠেছে। কিন্তু প্রশ্ন এই—এই প্রতীকবাদ সাহিত্যের ধর্মকে কতখানি উন্নত বা অবনত করে?

রূপকের অন্তর্নিহিত ভাবধারার আবেদন মনস্বী পাঠকের মনের দ্বারে গভীর ভাবে আঘাত করে। জীবনকে রূপায়িত করে সাহিত্য। কিন্তু জীবনের অতলান্ত রহস্য খণ্ড-জীবনের গতানুগতিক ভাষা-চিত্রনে সার্থক ভাবে রূপায়িত হতে বাধা পায়। অনন্ত রহস্যের অসীম পিপাসা যখন রূপদক্ষের মনের দুয়ারে আঘাত হানে তখন ইঙ্গিতে ইসারায় আভাস দেওয়া ছাড়া গত্যন্তর নেই। একই মনোবৃত্তি হিন্দুর দেব বিগ্রহ সৃষ্টি করেছে। তাই জীবন তার অনন্ত কামনা বাসনা, আশা আকাঙ্খা নিয়ে সাহিত্যের জীবনে পরিণত হবার একটা পথ করে নিয়েছে এই রূপকের মধ্য দিয়ে। 'ডাকঘরের' সৌন্দর্যমুগ্ধ কল্পনাপীড়িত সুদূরের বাঁশরী-ধ্বনিতে উন্মনা রুগ্ন বালক অমল তাই আমাদের হৃদয়কে স্পর্শ করে যায়। কিন্তু প্রতীক-ধর্মিতার মাঝে আছে অবান্তর রেখাপাতে অর্থগুপ্তির সুমহান প্রচেষ্টা। "অন্ধ জড়বাদ এবং ঘন সংশয়ের ঔরস জাতা এবং তাহার হৃদয়ঙ্গমা এই অন্ধকন্যা।"

দ্রুতি এবং দীপ্তি দুয়েরই স্থান আছে সাহিত্যে কিন্তু দীপ্তির চেয়ে দ্রুতি স্থান পেয়েছে বেশী, এযে পরিপূর্ণ কুম্ভোচ্ছলনবৎ হঠাৎ বিকশিত, কাব্য যে "emotional delight; its end is to give pleasure". কিন্তু এই হেঁয়ালি ভরা প্রতীকধর্মিতার মধ্যে intellect এর আবেদন বেশী। এ বুদ্ধিদীপ্ত—রবীন্দ্রনাথের ভাষায় একে 'অনুপম' বলতে পারি, কিন্তু 'সুন্দর' বলতে বাধে। Maeterlinck পরিস্কার ভাবে বলেছেন—'Symbolism is that light which makes the darkness visible'. রবীন্দ্রনাথও বলেছেন তাঁর প্রধান উদ্দেশ্য 'not to explain meaning but to knock at the door of the mind." কিন্তু এ সত্যকে অস্বীকার করে লাভ নেই তাতে সাহিত্যের অন্তর্নিহিত ভাবরসের অস্পষ্টতা পাঠকের রসবোধকে উদ্রিক্ত করতে সময় নিয়েছে। Thompson এর মত পণ্ডিত রবীন্দ্রনাথের নাটককে বলেছেন, "a tiresome insistence on the tremendous significance of the trivial." কবির *elan vital* মনোবৃত্তি এবং তাঁর romantic nostalgia পাঠকের হৃদয়ঙ্গম হতে সময় লেগেছে। দ্বিজেন্দ্রলালের সংগে রবীন্দ্রনাথের পত্রোত্তর এবং দ্বিজেন্দ্রলালের আলোচনা এর জলন্ত সাক্ষ্য হয়ে আছে।

সাহিত্যের থাকবে সার্বজনীন আবেদন—বিজ্ঞ সমালোচকদের এ মতবাদকে স্বীকার করবার পক্ষে যুক্তির সার্থকতা আছে। কিন্তু প্রতীকের আবেদন সমষ্টির নয়, সাধারণের নয়। পাঠকের রসবোধকে সে ব্যাহত করে। তাই সাহিত্যের প্রতীকধর্ম তার সার্বজনীন আবেদনকে ধ্বংস করে সাহিত্যকে সাহিত্য হবার পথে বাধা দেয় যেমন বাধা দেয় mystic মনোবৃত্তিসম্পন্ন মানুষকে সাহিত্য সৃষ্টির পথে তার mystic মনোভাব।

Mystic চিন্তাধারা রূপকে অগ্রাহ্য করে এককের দিকে ছুটে চলে। অন্ধকারে ঝাঁপ দেওয়াই তার ধর্ম্ম। 'Idea of oneness' পথের কথা ভুলিয়ে দেয় যে পথ নিয়েই কবির কারবার। তাই মহাকবি রবীন্দ্রনাথ mystic হতে গিয়ে ভোগের পথ ধরে অজান্তে

romantic হয়ে পড়েছেন বা romantic হওয়া ছাড়া তাঁর পথ ছিল না। mystic কবিতায় তাঁর কাব্যকে মনোরম করেনি, বুদ্ধিদীপ্ত করেছে। নৈবেদ্যের 'জনারণ্য' কবিতা তার প্রমাণ।

"মধ্যাহ্নে নগর মাঝে পথ হতে পথে
কর্মবন্যা ধায় যবে উচ্ছলিত স্রোতে
* * * * *
তখন সহসা হেরি মুদিয়া নয়ন'
মহাজনারণ্য মাঝে অনন্ত নির্জন
* * * * *
যতদূর দৃষ্টি যায় শুধু দেখা
হে সঙ্গবিহীন দেব, তুমি বসি একা"।

যে কবির কাব্যে রূপবর্ণনার এত উচ্ছলতা, এত মুখরতা, mystic সংযম তাঁকে নীরব করে দিয়েছে। এ কবিতা অনুপম কিন্তু অভাব এতে বিশ্বজনীন আবেদনের। ঠিক এই কথাই বলা যায় প্রতীকধর্মী সাহিত্যকে, এ সাহিত্য গোষ্ঠীর জন্য—সাধারণের জন্য নয়। এ নৈরাশ্যবাদের ভিত্তিকে দৃঢ়তর করে আর এই সাধনাই প্রতীকধর্মী কবির শ্রেষ্ঠ সাধনা।

আমার কলেজ

শ্রীমণীন্দ্রমোহন সিংহ, বি, সি এস, (প্রাক্তন ছাত্র)

১৯১৯ সালের গ্রীষ্মের এক মধ্যাহ্নে ভর্ত্তি হইবার জন্য কলিকাতার সমস্ত কলেজ দেখিয়া সেণ্ট পল্‌স্, সি, এম্, এস্, কলেজের গেট দিয়া ভিতরে প্রবেশ করিলাম। বিস্তীর্ণ খেলার মাঠ, হোষ্টেল দুটির সৌন্দর্য্য আর কলেজের পরিচ্ছন্ন এবং গম্ভীর ভাব মনকে আকর্ষণ করিল। অন্যান্য সব কলেজ ও তাদের হোষ্টেল দেখিয়া যে একটা সঙ্কীর্ণ অস্বস্তির ভাব অনুভব করিয়াছিলাম এখানে আসিয়া দেখিলাম তাহা কোথায় মিলাইয়া গিয়াছে আর তার জায়গায় মনের ভিতর একটা যেন কিসের আবেগ অনুভব করিলাম, সেটা ঠিক প্রকাশ করিয়া বলার মত নয়, যেন মন বলিয়া উঠিল—"এই যে"—তার জবাবে এখানকার আকাশ বাতাসও সানন্দে সাড়া দিল 'এই যে'। সঙ্গে সঙ্গে প্রিন্সিপালের সঙ্গে দেখা করিয়া ভর্ত্তি হইলাম।

কলেজ খুলিল। হোষ্টেলে উপস্থিত হইলাম, সব অপরিচিত। মনে চিন্তা হইল কি করিয়া থাকিব। কিন্তু এক মাস যাইতে মনে হইল এই জীবনই চাহিয়াছিলাম। আর এই জীবনই আমার প্রতীক্ষায় ছিল। ভোর বেলায় ঘণ্টার সঙ্গে জাগিয়া ওঠা, প্রিফেক্টের ঘরে গিয়া নাম সহি করা, জিমনাসিয়ামে শরীর চর্চ্চা করিয়া পড়িতে বসা, তার পর কলেজ ক্লাস হইতে ফিরিয়া আসিয়া খেলা ধূলা, কমন রুমে গিয়া পড়া, রাত্রের পড়া, তার

পর লাইট অফ হইলে ঘুমাইয়া পড়া—সব যেন একটা আনন্দের স্রোতের ভিতর দিয়া ওলট পালট খাইয়া ছুটিয়া চলিত। আজ দুই যুগেরও বেশী দূরে বসিয়া ঐ দিনগুলির দিকে অনিমেষে চাহিয়া থাকি। দুঃখ হয় কলেজের দিনগুলি এত বেগে এত শীঘ্র শেষ হইয়া গেল কেন। খেলা ধূলা চির কালই টানে। এখানে আসিয়া এর প্রাচুর্য্য আর বৈচিত্র্য দেখিয়া মন আনন্দে নাচিয়া উঠিল। ফুটবল, টেনিস্, ক্রিকেট, হকি, ভলিবল্, বাস্কেট বল আর ফাইভ্‌স—এক একদিন মনে হইত কোনটা ছাড়িয়া কোনটা খেলি।

দ্বিতীয় বার্ষিকে উঠিলাম, হঠাৎ মহাত্মা গান্ধীর অহিংস অসহযোগের বাণী ভারতের এক প্রান্ত হইতে আর এক প্রান্ত পর্য্যন্ত এক বিরাট আলোড়নের সৃষ্টি করিল। দেশবন্ধু চিত্তরঞ্জন, দেশপ্রাণ বীরেন শাসমল, দেশপ্রিয় যতীন্দ্রমোহন, বিপিন পাল, জে, এল, ব্যানার্জ্জি, শ্যামসুন্দর চক্রবর্ত্তী প্রভৃতি নেতারা আন্দোলনে ঝাপাইয়া পড়িলেন। চারিদিক হইতে আহ্বান আসিল—স্কুল কলেজ ছাড়িয়া দাও, দেশ মাতৃকার পদে আত্মবলি দাও—এক বৎসরে স্বরাজ হইবে। আই, এ পরীক্ষার আর দেরী নাই কিন্তু পড়িতে মন বসে না। বুকের ভিতর সর্ব্বদা দুরু দুরু কম্পন অনুভব করি। সারা দেশ হাতছানি দিয়া ডাকে। সবাই অপেক্ষা করিতেছে—আকাশে বাতাসে এক বাণী—'ওরে আয়—আয়'।—ঘুম নাই, খাওয়া নাই। কলেজ ছাড়িয়া এক দিন সন্ধ্যায় আরও কয়েক জন ছেলের সঙ্গে অকূলে ভাসিয়া পড়িলাম। সেদিন অনেকেই এই সন্দেহ দোলায় দোল খাইয়াছিলেন। যাহারা ছাড়িতে পারেন নাই তাঁহারাও দুঃখ করিয়াছিলেন। অনুশোচনা করিয়াছিলেন, ছাড়িতে পারেন নাই বলিয়া। "দেশের কাজ" করিয়া তিন মাস কাটিয়া গেল; নেতাদের কাছে গেলাম কাজ চাই। উপদেশ হইল "অপেক্ষা কর"। অপেক্ষা করিয়া করিয়া নিরাশ হইলাম। আমাদের বলা হইয়াছিল জাতীয় কলেজ করা হইবে কিন্তু সেই জাতীয় কলেজ কোন দিনই হয় নাই। সেই অনিশ্চিতের ভিতর থাকিতে না পারিয়া আবার ফিরিয়া আসিলাম—কয়েকদিন পড়িয়া পরীক্ষা দিলাম।

বি, এ ক্লাশে ভর্ত্তি হইলাম। অহিংস আন্দোলন বিফল হইয়াছে। দিন আবায় চলিতে লাগিল। কিন্তু সে ছন্দ আর ফিরিয়া আসিল না। কোথায় যেন একটা অসোয়াস্তি, অবিশ্বাস মনের কোণে দোলা দেয়। অবশেষে সব ঝাড়িয়া ফেলিয়া দিয়া কলেজের জীবনের ভিতর আবার ডুবিয়া গেলাম। তার পর একদিন পরীক্ষা দিয়া বাহির হইয়া আসিলাম। আসিবার সময় বুঝি এক ফোঁটা চোখের জল গড়াইয়া পড়িয়াছিল! চাপা দীর্ঘশ্বাস কি খেলার মাঠের বাতাসের সঙ্গে মিশিয়া গিয়াছিল? বার বার কি পেছন ফিরিয়া তাকাইয়াছিলাম? ক্ষুধার্ত্ত আগ্রহে কি এই হোষ্টেল, এই কলেজ এই প্রান্তরের দিকে বার বার দেখিয়াছিলাম? মনে পড়েনা, তবে এ কথা আজও মনে পড়ে চলিয়া যাইবার কয়েকদিন পূর্ব্ব হইতেই মনে বার বার এই কথা জাগিয়াছিল এ জীবন আর ফিরিয়া পাইব না; এইবার আরম্ভ হইল অন্য জীবন যার সঙ্গে কোন পরিচয় ছিল না।

আজ মনে পড়ে—প্রথম যখন যাই ওপরের ক্লাশের ছেলেরা কি সহানুভূতি ও স্নেহের সঙ্গে আমাদের সঙ্গে ব্যবহার করিতেন। আমরা যখন পুরানো হইয়া গেলাম আবার আমরাও সর্ব্বদা কত যত্নে আমাদের ছোট ছোট ভাই গুলিকে সাহায্য করিবার জন্য আগ্রহান্বিত হইতাম। মফঃস্বলের কলেজ হইতে কোন ছেলে আসিয়া কখন কখন আবার বেশ হাসির খোরাক যোগাইত। একদিন সন্ধ্যার সময় এইরূপ একটি ছেলে আসিয়া বলিল তার ঘরের আলোটা খারাপ হইয়া গিয়াছে। একটা দেশলাইয়ের সব গুলি কাঠি খরচ

করিয়াও আলোটা জ্বালাইতে পারিতেছেনা ! একটা হাসির প্রচণ্ড আলোড়নে ঘর ফাটিয়া যায় আর কি। আমাদের হাসি আর থামে না, তারপর তাহাকে বুঝাইয়া দেওয়া হইল। আর একদিন ভূমিকম্প হইল ; রাত্রে একটি ছেলে আর দরজা খুঁজিয়া না পাইয়া প্রাণপণে চীৎকার করিতেছে। ভূমিকম্প শেষ হইল—তাহাকে উদ্ধার করা হইল, তার পর তাহাকে ঘিরিয়া তাণ্ডব হাসি। এইরূপ কত কি মনের কোণে জমা আছে।

আবার দুঃখের কাহিনী কি নাই ? ফার্ষ্ট ইয়ারে সবে ভর্ত্তি হইয়াছি। একটি ছেলের টাইফয়েড্ হইয়াছে, তাহাকে সিক্ রুমে নেওয়া হইয়াছে, অবস্থা খারাপ কিন্তু তাহার মাকে আসিতে দেওয়া হইল না কারণ তখন মেয়েদের আসা একেবারে নিষিদ্ধ ছিল। ছেলেটি একদিন শেষ নিশ্বাস ত্যাগ করিল। কলেজ গেটে মৃতদেহ নিয়া যাওয়া হইল। সেখানে দুঃখিনী মা তাঁর ছেলের অপেক্ষায় ছিলেন। সে দৃশ্য আজ বহুদিন পরে মনে পড়িলে মন কান্নায় ভাঙ্গিয়া পড়ে ; বর্ণনা করিতে পারা যায় না। পরে এই নিষ্ঠুর নিয়ম তুলিয়া দেওয়া হইয়াছিল।

এই কলেজে আমার নাগরিক জীবনের প্রথম হাতেখড়ি হইয়াছিল। প্রত্যেকটী প্রতিষ্ঠানের জন্য প্রতিবৎসর ইলেক্সন হইত—এখনও হয়। আর ভোটের জন্য কি তোড়জোড় ! সুতরাং যাহারা ভবিষ্যতে কোন প্রতিষ্ঠানে প্রবেশ করিবার আশা রাখিত—তাহারা নিজেকে সকলের নিকট প্রিয় করিতে সর্ব্বদা সচেষ্ট থাকিত। মনে পড়ে আমাকে ফুটবলের ক্যাপ্টেন করিবার জন্য আমার বন্ধুদের কি আগ্রহ, কি চেষ্টা ! তাহারা প্রত্যেকের কাছে গিয়া আমার গুণ কীর্ত্তন করিয়া আমার গলায় জয় মাল্য পড়াইয়াছিল। আজ তাহাদের কথা বার বার মনে পড়ে।

আর মনে পড়ে প্রিন্সিপাল মিঃ ই, সি, ডিউইকের কথা। তাঁহার স্নেহমাখা সুন্দর ব্যবহারে আমরা সকলেই মুগ্ধ হইয়াছিলাম। শ্রীবিজয়কৃষ্ণ ভট্টাচার্য্য, শ্রীধীরেন্দ্র সরকার ধীরেন মণ্ডল, শ্রীফণী বাবু, হৃষীকেশ বাবু প্রভৃতি প্রফেসরদের সস্নেহ ব্যবহার আমার জীবনের অমূল্য সম্পদ। এখনও যদি আমার এই পূজ্যাস্পদ, অগ্রজপ্রতিম শিক্ষকদের সঙ্গে কখনও দেখা হয় তখনকার কথা বলিতে বলিতে কোথা দিয়া সময় কাটিয়া যায় ! আমার সেই হারানো দিনগুলিতে যেন ফিরিয়া যাই। ষ্টাফের পারেন বাবু এবং চিত্তবাবুর কথা না বলিলে আমার কথা অসম্পূর্ণ থাকিয়া যায়। তাঁহারা প্রথম হইতেই আমাদের অন্তরঙ্গ হইয়ছিলেন। তাঁহাদের সরল ও সহৃদয় ব্যবহারে আমরা সত্যই সুখী হইয়াছিলাম। আজ আমার এই প্রিয় শিক্ষায়তনের সুবর্ণ জয়ন্তীর দিনে আমার পূজ্যপাদ শিক্ষকদের আমার নমস্কার, আমার পুরানো বন্ধুদের অন্তরের ভালবাসা, আর আজ যাঁহারা আমাদের পুরানো স্থান অধিকার করিয়া আছেন তাঁহাদিগকে সস্নেহ আশীর্ব্বাদ জানাই, এবং আমার কলেজের সর্ব্বাঙ্গীন উন্নতি কামনা করি।

সাহিত্যে বাস্তববাদ ও আদর্শবাদ

পীযূষ কান্তি রায় (১ম বর্ষ, সাহিত্য)

সাহিত্যের সঙ্গে সমাজ এবং মানবজীবন একই সূত্রে ওতপ্রোতভাবে গ্রথিত। একটিকে বাদ দিয়া অপরটি কখনও সম্পূর্ণ হইতে পারেনা। রস-সাহিত্যের প্রধান লক্ষ্য আনন্দ সৃষ্টি,কিন্তু তাহার উপাদান সমাজ-বেষ্টিত মানব-জীবনের ক্রমিক ইতিহাস। সাহিত্যের আদর্শ ও প্রকৃত স্বরূপ নির্ণয় করিতে হইলে সাহিত্যের শ্লীল অশ্লীল, সুন্দর অসুন্দর, সুনীতি ও দুর্নীতি সকল প্রকার জিনিষেরই আলোচনার প্রয়োজন। শিল্পের ক্ষেত্রে রূপ ও রসের আনন্দকে প্রাধান্য দিলেও নীতির প্রশ্ন, মঙ্গলের আদর্শ ও বিধি নিষেধকে একেবারে বাদ দিয়া প্রকৃতভাবে উৎকৃষ্ট সাহিত্য সৃষ্টি সম্ভবপর নয়। প্রত্যেকযুগে প্রতিটি দেশে প্রত্যেকটি সমাজ-জীবনে এইভাবেই নীতিবোধ এবং বিধিনিষেধের প্রচলন হইয়াছে। সমাজ সত্তার অস্তিত্বকে স্থায়ী করিবার জন্য মানুষ নীতির প্রয়োজনীয়তাকে স্বীকৃতি জানাইয়াছে। সমাজে এই প্রাচীন নীতির আদর্শটি সংস্কার রূপে অজ্ঞাতসারে মানবজীবনের উপর ক্রমে ক্রমে প্রভাব বিস্তার করিয়াছে।

শিল্প-সৃষ্টিতে শ্রেয়বোধ ও প্রেয়বোধকে পৃথক করিয়া দেখিলে চলিবে না। প্রাচীন সাহিত্যে তাই সুন্দর, সত্য ও মঙ্গলের আদর্শ একই সূত্রে গাঁথা ছিল। তবে সুকুমার শিল্পের প্রকৃত বিচারে নীতির প্রশ্নটিকে তেমন মূল্য দেওয়া হয়না। কারণ যদিও সাহিত্যের মূলে রহিয়াছে সমাজ ও জীবন, তবুও সাহিত্য যে ইহাদের কেবলমাত্র অনুকৃতি বা প্রতিকৃতি নয়,—সমাজ এবং জীবনকে স্বীকার করিয়াও সাহিত্য ইহাদিগকে অতিক্রম করিয়া যায়; রূপে ও রসে আপনা আপনি ইহা এক নূতন সৃষ্টি হইয়া উঠে। এইজন্য আবার বাস্তব জগৎ ও সাহিত্য জগতের মধ্যে একটা পার্থক্য দেখা যায়; লৌকিক জগৎ শিল্পীর শিল্পচাতুর্য্যে অলৌকিক হইয়া উঠে। সাহিত্য আপন ধর্ম্মবশেই গড়িয়া উঠে। তাহাতে থাকে শিল্পীর অন্তরের প্রেরণা;—যাহার শিল্পের ভিতর ইহার প্রভাব যত বেশী তাঁহার শিল্প তত বেশী মর্ম্মস্পর্শী ও হৃদয়গ্রাহী। সেইজন্য মনে হয়, সুকুমার শিল্প নিজের স্বাতন্ত্র্যকে বজায় রাখিয়া সামাজিক

রীতি-নীতি ও আদর্শের মাপকাঠি হইতে একটু পৃথকভাবে আপনা আপনি নিজ গতিপথে অবাধে চলিয়াছে।

সাহিত্যের সত্য বাস্তবসত্য হইতে আরও বেশী ব্যাপক এবং গভীর—জীবনের খণ্ড অংশটাই অখণ্ডে রূপায়িত হয়। তাই সাহিত্যে পাওয়া যায় একটা পরিপূর্ণতার আস্বাদ; জীবন এখানে সগভীরতায় ভরপূর। সামাজিক নীতির আদর্শ সাহিত্যের নীতির আদর্শ হইতে পৃথক বলিয়া সাহিত্যের ধর্ম্ম বৃহত্তর মানবতাবোধ, রূপসৃষ্টি ও রস-সৃষ্টির ধর্ম্ম। সাহিত্যের নীতি হইতেছে শাশ্বত ও উদার; আর সমাজনীতি কিন্তু স্বভাব-ধর্ম্মেই পরিবর্ত্তনশীল। সমাজের প্রয়োজনেই নীতিজ্ঞানের জন্ম। আবার সত্যকারের উচ্চশ্রেণীর সাহিত্য সুনীতিরও যেমন জয়গান গায় না, তেমনই দুর্নীতি প্রচার করাও তাহার কাজ নয়;—মানুষের চারিত্রিক মহত্ব ও দুর্বলতাকে আশ্রয় করিয়া রূপ রস এবং আনন্দ সৃষ্টিই তাহার প্রধানতম লক্ষ্য। সাহিত্যে আদর্শবাদ ও বাস্তববাদ—এই দুইটিরই গতি ভিন্নমুখে প্রবাহিত। আদর্শবাদী সাহিত্যে সামাজিক নীতিজ্ঞান অনেকখানি স্থান লইয়াছে; অন্যদিকে বস্তুতান্ত্রিক সাহিত্যে দেখা দিয়াছে সামাজিক রীতি-নীতির বিরুদ্ধে একটা পরোক্ষ বিদ্রোহের সুর। এই দুইটি মতবাদের মধ্যে কোন একটিকে সম্পূর্ণ গ্রহণ করিয়া অপরটিকে বাদ দেওয়া চলে না। কারণ দুইটির মধ্যেই কিছু না কিছু পরিমাণে সত্য নিহিত আছে। শিল্পী হইতেছে প্রথমে রূপকার, তারপর প্রচারক কিম্বা সমাজ সংস্কারক। বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ ও শরৎচন্দ্রের সাহিত্যের গতিপথ লক্ষ্য করিলে বাংলা সাহিত্যের প্রকৃতি সম্বন্ধে অনেকটা স্পষ্ট ধারণা জন্মে।

বঙ্কিমচন্দ্রের যুগ বাংলা-সাহিত্যের শৈশবকাল। পাশ্চাত্যের অন্ধ আদর্শে মাতোয়ারা হইয়া মানুষ যেন দিশাহারার ন্যায় সেইদিকে আকৃষ্ট হইয়া পড়ে। তখন বঙ্গ-ভারতীর সব থাকিয়াও কিছু নাই;—ভাষা শব্দ সম্পদে সৌভাগ্যশালিনী হইলেও একরূপ অজ্ঞাত ও উপেক্ষিত ছিল। সেই সময় সাহিত্যের প্রকৃত মঙ্গলের আদর্শে অনুপ্রাণিত হইয়া বঙ্কিমচন্দ্র অপূর্ব্ব সাধনায় ভারতীর চরণে জীবন উৎসর্গ করিলেন। অসামান্য প্রতিভাবলে তিনি সকলকে মন্ত্রমুগ্ধ করিয়া ফেলিলেন।

সাহিত্যিকের বৈঠক বসা উচিত শিশুর মনের আঙিনায়। তা না হলে আমরা যে সাহিত্য সৃষ্টি করবো তা হবে হয় বড়োদের সাহিত্য নয় পাঠশালার বই। অর্থাৎ সে সাহিত্য হয় কতকটা wishful thinking এর পর্য্যায়ভুক্ত ; তাহত আমরা রচয়িতার প্রতিভার পরিচয় পাই বটে, কিন্তু 'শিশুর উপযোগী সাহিত্য' এই অর্থে শিশু সাহিত্যের সৃষ্টি হয় কিনা তা' আপনাদের বিবেচনা করতে অনুরোধ করি। সত্যকারের শিশু সাহিত্য স্রষ্টা হবেন তিনিই যিনি শিশুমনকে নিজের মনের মধ্যে ফিরিয়ে আনতে পারবেন, যে স্মৃতির আলো বাল্য ও কৈশোরের ছবিকে এখনও দীপ্তিমান্ করে রেখেছে সেই আলোককে নিজের সহায় ক'রে বলতে পারবেন—"তমসো মা জ্যোতির্গময়"—এই অন্ধকারময় নির্ব্বাসন পুরী থেকে নিয়ে যাও আমাকে সেই স্বর্গীয় সুষমামণ্ডিত আনন্দলোকে শিশুর মানসরাজ্যে। সকল লেখকই যে তা পারেন তা মনে হয় না; এবং যখন তর্কের জালে সত্যের আলো অবরুদ্ধ হয় তখন মনে হয় না যে আমরা বর্ত্তমানের মোহে পড়ে ভবিষ্যৎকে ফাঁকি দিচ্ছি।

ইংরাজি সাহিত্য থেকে একটু নজির নেওয়া যাক। অষ্টাদশ শতাব্দীর আগে, অর্থাৎ মোটামুটি বলা যায় Mother Goose's Fairy Tales প্রকাশিত হবার আগে, যে সব বই শিশুদের উদ্দেশে লেখা হোতো সেগুলো মোটামুটি ছিল নীতিসন্দর্ভ এবং তার উদ্দেশ্য ছিল ঐ সব শিশুদের "litel clergeon, seven years of age" বা সাতবৎসরের ছোট্ট পাদরিতে পরিণত করা, কিংবা a square "curteys, lowly and servisable" তৈরী করা। সত্যকারের শিশুসাহিত্যের সৃষ্টি হোলো যখন জন নিউবেরি (John Newbery) প্রথম Nursery Rhyme সৃষ্টি করলেন। এগুলি যদিও তাঁর সংগ্রহ তবুও শিশু-সাহিত্যে এ একটি নূতন সৃষ্টি হোলো। এই ছড়ার যুগের সূচনা হোলো অষ্টাদশ শতাব্দীর মাঝামাঝি। কিন্তু শিশুসাহিত্যের রাজ্যে তার স্থান কায়েম হবার আগেই আর এক প্রকারের বিপদ দেখা দিল। গল্পের মধ্যে পৌঁছুল পলিটিক্সের বাণী, যেমন টমাস ডে (Thomas Day)র Sandford and Merton ; নয় তো পুনরুজ্জীবিত কোনো নীতি অনুশীলন। এই সময়কার একজন লেখিকা (Mrs. Trimmler) এমন কথা পর্য্যন্ত বললেন যে রূপকথা-গুলি দুর্নীতির প্রশ্রয়দায়ক। সৌভাগ্যক্রমে এ যুগ বেশীদিন স্থায়ী হয় নি। উনবিংশ শতাব্দীর প্রারম্ভেই আবার রূপকথার যুগ জেগে উঠলো। এই

শিশুসাহিত্য ও রবীন্দ্রনাথ

অধ্যক্ষ শ্রীখগেন্দ্রনাথ সেন, এম, এ,

শিশুসাহিত্য সম্বন্ধে কিছু বলতে গেলেই প্রশ্ন ওঠে শিশুসাহিত্যের সংজ্ঞা কি। সাহিত্যমাত্রেই সৃষ্টি; এবং যা কিছু সৃষ্টি হয় তার রূপ নিরূপণ করা যায় দুদিক থেকে। এক সৃষ্ট বস্তুটির দিক থেকে, আর একটি স্রষ্টার দিক থেকে। সাহিত্যসৃষ্টির কিন্তু আর একটি, অর্থাৎ তৃতীয়, দিক আছে। সেটি পাঠক-পাঠিকার দিক। শিশুসাহিত্যের কথাই ধরা যাক। শিশুরা এই সাহিত্য সৃষ্টি করে না। যারা করেন তাঁদের শৈশব বহুদিন পার হয়ে গেছে, একটু ক্ষীণ স্মৃতির আলো হয়ত অতীত থেকে এসে পড়েছে তাঁদের জীবন পথে। কাজেই শিশু সাহিত্য সৃষ্টিতে আমরা যা পাই তা মুখ্যতঃ হয় বড়োদের সাহিত্য, অন্ততঃ যারা কৈশোরের অনেকগুলি ধাপ পার হয়ে যৌবনের সীমানায় এসে পৌঁছেচে, তাদের সাহিত্য। প্রত্যক্ষ অভিজ্ঞতা হারিয়ে ফেলে লেখকেরা কল্পনার লড়াই সুরু করেন। ফলে যে সাহিত্য সৃষ্টি হয়, তাতে শিশু কি চায় তার পরিবর্তে তাঁরা মনে করেন শিশু কি চায় অথবা শিশুর কি চাওয়া উচিত, সেইটেই হয় সাহিত্যের বস্তু। ফলে হয় অনেক সময়ে আমরা শিশুদের বড়ো করে ভাবি; এবং শিশুদের নামে যে সাহিত্যসৃষ্টি হয় সে এই সব কাল্পনিক বড়ো শিশুদের জন্য। ধরে নেওয়া হয় যে তারা সকলেই পাপ ও অন্যায়ের পথে এগোচ্ছে, যেখানে সত্যিকারের বেত পাওয়া যায় না সেখানে সাহিত্যিক কশাঘাতে তাদের ঠিক রাখতে হবে। এই নিয়ে তর্কের উপর তর্কের সৃষ্টি হয়, সাহিত্যিক কসরৎ চলে। আর খোকা তখন খোঁজে ইরুমাসীর রাজবাড়িটা কোথায় গেল। বড়োদের কাছে বোধ করি সে খোঁজটা নেহাৎ ছেলেমানুষী, তাদের আখড়ায় তখন আদর্শের ও নীতিবাক্যের জিমন্যাষ্টিক চলছে। সাহিত্যিক ভাবছেন একটা ভেলকীবাজিতে নৈতিক জগৎ সৃষ্টি করা যায় কিনা। এদিকে রাজবাড়ির খোঁজ শেষ হবার আগেই ইরুমাসী শ্বশুরবাড়ি চলে গেলো, খোকা হঠাৎ একদিন আবিষ্কার করলো সে বড়ো হয়ে গেছে, রাজবাড়ি ফাঁকি দিয়ে বারবাড়িতে পরিণত হয়েছে, সেখানে তখনও চলছে তুমুল তর্ক।

অভিজ্ঞতার বাইরে এই বারবাড়িই বাধিয়েছে যত গোল। শিশু

লজ্জা পেয়েছিলেন যত বেশী, তার চেয়েও বেশী বিচলিত হয়েছিলেন নিমন্ত্রিত অভ্যাগতেরা।

যাই হোক Alice in Wonderlandএ যে নূতন ধারার সৃষ্টি হোলো তাতে আজ শিশুসাহিত্যের পথ সুগম হয়েছে সন্দেহ নাই। আধুনিক রূপকথা তার প্রাণ পেয়েছে এই নূতন ধারায়। এমন কি কেউ কেউ বলেন যে Mr. Kenneth Grahame এবং A. A. Milne এর মত লেখকেরাও তাঁদের টেক-নিকের জন্য লিউইস ক্যারলের নিকট ঋণী। শিশুসাহিত্যের এই ক্রমবিবর্ত্তনের ধারা অন্যান্য দেশেও মোটামুটি লক্ষ্য করা যায়। আমেরিকায় সপ্তদশ শতাব্দীতে শিশুপাঠ্য একটী বইর বর্ণনা ছিল—"Spiritual Milk Drawn out of the Breasts of Both Testaments, chiefly for the Spiritual Nourish-ment of Boston Babes in either England"; লেখক জন কট্‌ন (John Cotton) এবং বইটী প্রকাশিত হয়েছিল ১৬৪৬ অব্দে। আমেরিকান লেখকদের মতে উনবিংশ শতাব্দীটা মার্কিণ শিশুদের শতাব্দী। মার্কিণ শিশুসাহিত্যের ক্রমবিকাশের তিনটি স্তর পাওয়া যায়। একটিকে বলা যায় ধর্ম্ম প্রচারের যুগ, দ্বিতীয়টিকে বলা যায় নীতিকারের যুগ। এবং তৃতীয়টি অর্থাৎ বর্ত্তমান স্তরকে বলা যায় সহানুভূতির যুগ। কিন্তু সহানুভূতির যুগেও মার্কিণ লেখকরা তাঁদের আদর্শবাদকে ভুলতে পারেন নি। তাই আধুনিক কিশোর সাহিত্যের জন্যে একটি নূতন অনুপ্রেরণার সন্ধান পাওয়া যায়। সর্ব্বজাতির সমন্বয়ে যে মার্কিণ জাতির জন্ম হয়েছে তারই ভবিষ্যৎ ইতিহাস গঠন করবার জন্য যেন এই নূতন সাহিত্যের সৃষ্টি হয়েছে। এই সাহিত্য থেকে ধর্ম শিক্ষা বিদায় নিয়েছে বটে, কিন্তু তার বিষয়বস্তু অনেক খানি সংগৃহীত হয়েছে মার্কিণ জাতীয় জীবনের উৎস থেকে। সাহিত্যের দিক দিয়ে এই নব প্রচেষ্টার গতিনির্ণয় করা বোধ করি অন্যায় হবে। এমন কি এই গঠনমূলক সাহিত্যকে শিশুসাহিত্যের সংজ্ঞার দিক দিয়ে প্রতিক্রিয়াশীল বলবো না প্রগতিশীল বলবো এ প্রশ্নের বিচার করা এখন সম্ভব নয়। এটুকু বলা যায় যে মার্কিণ শিশুদের অন্তরে ন্যাথানিয়েল হথর্ণ (Nathaniel Hawthorne)এর স্থান এখনও অটুট আছে, গত একশো বছরের পরিবর্ত্তন সত্ত্বেও।

পাশ্চাত্য সাহিত্যের নজির একটু দীর্ঘ হয়ে পড়ায় লজ্জা বোধ করছি।

সময়কার কয়েকটি উল্লেখযোগ্য বই, Roscoe-র Butterfly Ball, Mrs. Dorsetএর Peacock at Home, Catherine Sinclairএর Holiday House এবং Edward Lear এর Book of Nonsense ; কিন্তু সেদিনকার শিশুমহল এবং সাহিত্যিক মহল সবচেয়ে আলোড়িত হয়েছিল এবং আজও তার সমাদর সমানভাবে আছে গ্রিম (Grimm) ভ্রাতৃদ্বয়ের ও হ্যান্স এণ্ডারসেনের (Hans Andersen)এর অপূর্ব্ব রূপকথার বইগুলিতে।

একথা মনে করলে ভুল হবে যে এই যুগের শিশুসাহিত্য কেবলমাত্র রাজপুত্র, রাজকন্যা, রাক্ষস ও দৈত্য, জীবনকাঠি ও মরণকাঠির মধ্যেই আবদ্ধ ছিল। জ্ঞানবিজ্ঞানের রাজ্যেও আহরণ চলছিল ; কিন্তু ১৮৬৫-১৮৭২ খৃষ্টাব্দের মধ্যে যখন লিউইস ক্যারল (Lewis Caroll)এর Alice in Wonderland প্রকাশিত হোলো, আনন্দভাণ্ডারে ডুবে গিয়ে ছেলেমেয়েরা ভুলে গেলো তাদের বাহ্যজগৎ। শিশুসাহিত্য এক নূতন জগতের সন্ধান পেলো এবং সাহিত্যিকও শিশুসাহিত্যের সোণার কাঠির সন্ধান পেলেন। আপনারা জানেন Lewis Caroll এর প্রকৃত নাম C. L. Dodgson, ইনি ছিলেন একজন পাদরি। এর সম্বন্ধে একটি মজার গল্প আছে যেটি আপনাদের না বলে থাকতে পারলাম না। Alice in Wonderlandএর লেখক হিসাবে শিশুমহলে তাঁর এত প্রতিপত্তি হয়েছিলো যে কোনো উৎসবে দেখা হলেই ছেলেমেয়েরা তাঁকে ধরে বসতো মজার এবং অদ্ভুত কথা শোনাবার জন্য। এমন কি তারা মনে করতো যে আজগুবি বইর লেখকের ধরণধারণও আজব হবে। পাদরি ভদ্রলোকটি যথাসাধ্য চেষ্টাও করতেন তাঁর এই খ্যাতি ও প্রতিপত্তি বাঁচিয়ে চলবার। কিন্তু খ্যাতির বিড়ম্বনাও ত আছে! একবার অক্সফোর্ডের একটি পার্টিতে তাঁর নিমন্ত্রণ হয়। বেচারী মনে করেন যে এটিও বুঝি তাঁর অন্যান্য পার্টিগুলির মত ছেলেমেয়েদের পার্টি। তাদের খুসী করবার জন্য তিনি উৎসব কক্ষে হাত এবং পায়ের উপর ভর দিয়ে অর্থাৎ হামাগুড়ি দিয়ে প্রবেশ করেন। কিন্তু যখন দেখলেন কোন চপল শিশুকণ্ঠ তাঁর এইরূপ প্রবেশ কলহাস্যের সহিত অভ্যর্থনা করলো না, তখন দাঁড়িয়ে উঠে সভয়ে লক্ষ্য করলেন যে পার্টিতে যাঁরা উপস্থিত আছেন তাঁদের প্রায় সকলেরই বয়স পঞ্চাশোর্দ্ধ, তাঁরা সকলেই অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের গম্ভীর আকৃতি অধ্যাপক বা তাঁদের বর্ষিয়সী গৃহিণী বা আত্মীয়বর্গ। বলা বাহুল্য, পাদরি সাহেব

কিন্তু প্রসঙ্গের দিক দিয়ে এর মূল্য আছে। যারা আজ শিশু-সাহিত্যের আসরে নেমেছেন, এই নজির আমি তাঁদেরই কাছে নিবেদন করতে চাই। পূর্ব্বেই বলেছি যে বর্ত্তমানের মোহে পড়ে আমরা যেন ভবিষ্যৎকে ফাঁকি না দিই। শিশুসাহিত্যের সংজ্ঞা না পেলে সাহিত্যস্রষ্টাকে বুঝবো কিরূপে? পাশ্চাত্যদশের সাহিত্য প্রচেষ্টায় দেখি যে স্থান বা কালোপযোগী যে সাহিত্য তার স্থায়িত্ব যুগানুবর্ত্তী হয়ে আছে, কিন্তু আজব দেশের Alice চিরকালকার, আমাদের ঠাকুরমার ঝুলির মতো শিশুসাহিত্যের মণিকোঠায় তার স্থান। আজ যদি বর্ত্তমান আমাদের কাছে বড়ো হয়ে দেখা দেয়, আমাদের ছেলে-মেয়েদের দোষ ত্রুটি নিরাকরণের জন্য আমরা কোমর বেঁধে লেগে যাই, বলি "সদা সত্যকথা বলিবে" তা না হলে গুরুমশাইর বেত্র আস্ফালন সহ্য করতে হবে, যদি বলি শিশুসাহিত্য মানে শিশু-শিক্ষা কারণ শিশু মানে "small-sized adult" বা "litel clergeon, seven years old", যাদের সাহিত্যিক খাদ্য হচ্ছে spiritual milk, যা পাওয়া যায় ধর্ম্মপুস্তক দোহন করে—তা হলে ইরুমাসীর রাজবাড়ী দেখা দেবে ইস্কুল বাড়ীর ইমারতের মধ্যে এবং সেটা রাজবাড়ী মোটেই খুঁজে না পাওয়ার চেয়েও মারাত্মক! অথচ কয়েকজন লেখকের লেখা বাদ দিলে আমাদের তথাকথিত শিশুসাহিত্য শিক্ষা ও আদর্শের আওতায় পড়ে এমন একটা জায়গায় এসে পৌঁছেছিল যেখানে দেখা গেল মাষ্টার মশাইরা, পাদরিবা কিংবা মিলিটারী কম্যাণ্ডাররা সারি সারি বসে আছেন সাহিত্যিকের মুখোস পরে'। এ সেই যুগ, যে যুগ পাশ্চাত্য দেশগুলি পার হয়ে গেছে দু'শ বৎসর আগে এবং যার কথা ভাবলে আজকের দিনের শিশুরা এখনও বোধ করি আতঙ্কে শিউরে ওঠে।

ঠিক এই সময়ে রবীন্দ্রনাথ তাঁর অতুলনীয় লেখনীর দ্বারা প্রচার করলেন বাঙ্গলা দেশের শিশুর চিরন্তন অধিকার। এই শিশু হ'ল রূপকথার চিরন্তন রাজকুমার। ১৩৩৪ সালে লেখা বিচিত্রায় প্রকাশিত বিখ্যাত প্রবন্ধ "সাহিত্য ধর্ম্ম" পড়ছিলাম। রূপকথায় সে প্রবন্ধের আরম্ভ। রাজপুত্র, কোটালপুত্র ও সওদাগরপুত্র বার হয়েছেন রাজকন্যার সন্ধানে। কোটালপুত্রের ডিটেকটিভ বুদ্ধি, তিনি রাজকন্যাকে জানতে চান প্রশ্ন জিজ্ঞাসার দ্বারা। রাজকন্যার রূপের আড়াল থেকে বেরিয়ে আসে শরীর তত্ত্ব, গুণের আবরণের ভিতর থেকে মনস্তত্ত্ব। এখানে রাজকন্যার তফাৎ নেই ঘুটে কুড়ুনীর সাথে, কারণ দুজনেই

তত্ত্বের সামগ্রী, বৈজ্ঞানিকের বা দার্শনিকের প্রশ্ন জিজ্ঞাসার বিষয়বস্তু। তেমনি সওদাগরপুত্র রাজকন্যার মূল্য যাচাই করেন তার কাজের হিসাব দিয়ে, এখানে আছে অর্থের সন্ধান। কিন্তু রাজপুত্র—?

রাজপুত্র বৈজ্ঞানিক নন—অর্থশাস্ত্রের পরীক্ষায় উত্তীর্ণ হন নি—তিনি উত্তীর্ণ হয়েছেন, বোধ করি চব্বিশ বছর বয়স এবং তেপান্তরের মাঠ। দুর্গম পথ পার হয়েছেন জ্ঞানের জন্যে না, ধনের জন্যে না, রাজকন্যারই জন্যে। এই রাজকন্যার স্থান ল্যাবরেটারিতে নয়, হাট বাজারে নয়, হৃদয়ের সেই নিত্য বসন্ত লোকে, যেখানে কাব্যের কল্পলতায় ফুল ধরে। যাকে জানা যায় না, যার সংজ্ঞা নির্ণয় করা যায়না, বাস্তব ব্যবহারে যার মূল্য নেই, যাকে কেবল একান্তভাবে বোধ করা যায়, তারি প্রকাশ সাহিত্যকলায়, রসকলায়। এই কলাজগতে যার প্রকাশ, কোনো সমজদার তাকে ঠেলা দিয়ে জিজ্ঞাসা করে না, 'তুমি কেন'? সে বলে 'তুমি যে তুমিই, এই আমার যথেষ্ট'। রাজপুত্রও রাজকন্যার কানে কানে এই কথাই বলেছিলেন। এই কথাটা বলবার জন্য সাজাহানকে তাজমহল বানাতে হয়েছিল।" (বিচিত্রা শ্রাবণ, ১৩৩৪) এই ইঙ্গিতের মধ্যেই আমরা পাই সাহিত্য ধর্ম্মের প্রকৃত রূপ। কিন্তু কুসমি (—গল্পসল্প·) যখন তার দাদামশায়কে বল্লে, "তুমি বড্ড বানিয়ে কথা বলো—একটা সত্যিকারের গল্প শোনাও না"! তখন দাদামশায় বল্লেন, "জগতে দুরকমের সত্য আছে। এক হচ্ছে সত্য, আর এক হচ্ছে আরো সত্য।" আমাদের কোটালপুত্র সাহিত্যিকরা সত্যটা উপলব্ধি করেছেন। গোল বেধেছে আরো সত্যকে নিয়ে। এই আরো সত্যটা কি? সত্য যদি হয় কুসমি দাদামশায়ের নাতনি, আরো সত্যটা হোলো এই যে কুসমি পরীস্থানের পরী। দাদামশায় তার সন্ধান দিলেন—

"তোমার ছিল একজামিন, বিছানার উপর বসে বসে ভূগোল বৃত্তান্ত মুখস্থ করছিলে, কখন তোমার মাথা ঠেকল বালিশে, পড়লে ঘুমিয়ে। সেদিন ছিল পূর্ণিমার রাত্রি। জানলার ভিতর দিয়ে জ্যোৎস্না এসে পড়ল তোমার মুখের উপরে তোমার আসমানী রঙের শাড়ির উপরে। আমি সেদিন স্পষ্ট দেখতে পেলুম, পরীস্থানের রাজা চর পাঠিয়েছে তাদের পলাতকা পরীর খবর নিতে। সে এসেছিল আমার জানলার কাছে তার সাদা চাদরটা উড়ে পড়েছিল ঘরের মধ্যে। চর দেখল তোমাকে আগাগোড়া, ভেবে পেল না তুমি তাদের সেই

পালিয়ে-আসা পরী কিনা। তুমি এই পৃথিবীর পরী ব'লে তার সন্দেহ হোলো। তোমাকে মাটির কোল থেকে তুলে নিয়ে যাওয়া তাদের পক্ষে সহজ হবেনা। এত ভার সইবেনা। ক্রমে চাঁদ উপরে উঠে গেল, ঘরের মধ্যে ছায়া পড়ল, চর শিশুগাছের ছায়ায় মাথা নেড়ে চলে গেল। সেদিন আমি খবর পেলুম, তুমি পরীস্থানের পরী, পৃথিবীর মাটির ভারে বাঁধা পড়ে গেছ।" (-গল্পসল্প, "পরী") কুসমি বোকা মেয়ে, তার মন তখনি সত্য থেকে ঝাঁপিয়ে পড়লো আরো সত্যের মানস সরোবরে। হোলো সাহিত্য সৃষ্টি। যারা চালাক তারা বন্ধ হয়ে রইল য়্যানাটমি ও অর্থনীতির যে সমস্ত ধ্রুব সত্য আছে, তারই মায়াজালে।

মনে আছে সাহিত্য ধর্ম্মের এই সংজ্ঞা নিয়ে সেদিন তুমুল এক যুদ্ধের সৃষ্টি হয়েছিল। আজও যখন সেই তর্কের কথা মনে হয় কবির একটি কথা মনে রাখি যে যাকে জানা যায়না, যার সংজ্ঞা নির্ণয় করা যায় না, বাস্তব ব্যাপারে যার মূল্য নেই, যাকে কেবল একান্ত ভাবে বোধ করা যায়, যে সকল তর্কের বাইরে তারি প্রকাশ সাহিত্য কলায়, রসকলায়। এক কথায়, আমরা ব্রিলিজিয়স্ ও ডাইড্যাকটিক স্তর পার হয়ে পৌঁছলাম সিমপ্যাথেটিক স্তরে এবং তারই মধ্যে সংজ্ঞা পেলাম শিশু সাহিত্যের।

এ পর্য্যন্ত যতটুকু বলেছি তার থেকেই বোঝা যাবে যে শিশু সাহিত্য সম্বন্ধে রবীন্দ্রনাথের দৃষ্টিভঙ্গী কি। আপনারা হয়ত মনে করবেন রবীন্দ্রনাথ কবি, ওটা কবির দৃষ্টিভঙ্গী। কিন্তু কবি যে সত্যদ্রষ্টা, লক্ষ্মীর বরমাল্য তাঁর গলায় না পড়লেও রাজসভার বরমাল্য যে তাঁরই গলায়। কিন্তু সে কথা থাক্। শিশু সাহিত্যের প্রতি রবীন্দ্রনাথের যে দৃষ্টিভঙ্গী তা গ্রহণ করা না করা আমাদের বিবেচনাসাপেক্ষ। কিন্তু পৃথিবীর শিশু সাহিত্যের গতি কোন দিকে সেদিকে দৃষ্টি রাখলে বিবেচনার সুবিধা হতে পারে মনে করে' এই প্রবন্ধের ভূমিকায় পাশ্চাত্য সাহিত্য থেকে কিছু নজির দেবার চেষ্টা করেছি। রবীন্দ্রনাথের সাহিত্য-দৃষ্টি শিশুর অধিকারকে সত্য দৃষ্টিতে দেখেছে এইটুকু জানাবার জন্যই এই ভূমিকা। এই সত্য বৈজ্ঞানিকের সত্য বা দর্শনের সত্যকে অতিক্রম করে চলে গেছে কল্পনার কল্পলোকে, যেখালে ফুস্থং পাখি গান গেয়ে গিয়ে বসে হাচাং গাছে। শিশুর এই কল্পনা লোককে অস্বীকার করি কিরূপে? সেখানেই যে সে সত্যকারের শিশু, বাকিটাতে ত সে আমার,

আপনার প্রতিচ্ছবি, small-sized adult বা litel clergeon ! সেই আরো সত্যকে অস্বীকার করলে যে শিশুর সাহিত্যকেই অস্বীকার করা হয়।• নইলে গুরুজনদের ভক্তি করা, দেশসেবার আদর্শ, রোজ সকালে উঠে মনে মনে• বলা যে আমি ভালো হয়ে চলি, দলাদলির বাইরে থাকা, ভগবানে বিশ্বাস রাখা, নিয়মের রাজত্বকে মেনে চলা, এ সমস্ত নীতিবাক্য শিশুদের কেন শিশুদের বাবাদেরও বলা যায়। কিন্তু শিশুদের বাবাদের বলা যায় কি, মশাই দেখুন তো আপনাদের শঙ্খী নদীর ঘাটে শাঁকের নৌকা চড়ে নাগকন্যে এলো কি না ? হয় তো অজ্ঞাতে মনটা একটু উতলা হয়ে উঠবে, কোন্ হারানো দিনের ছেঁড়া স্বপ্ন এসে হয়তো মনের দোলায় একটু দোল দিয়ে যাবে কিন্তু তখনই আবার মনকে সংযত করে হিসাবের জমাখরচ মিলানোর পালা চলবে। কোটালপুত্র ও সওদাগরপুত্রেরই জয় হবে।

কবিগুরুর নিজের কথাই বলি। তাঁর ছেলেবেলার কথা আজ বাঙলার ছেলেবুড়ো কারুর জানবার বাকী নেই। তাঁরই কথায় বলতে গেলে "ইস্কুল মহালের আশে পাশে ঘুরেছি, বাড়িতে মাষ্টার পড়িয়েছেন, দিয়েছি ফাঁকি। কিন্তু রামসর্ব্বস্বপণ্ডিত মহাশয় তাঁর ছাত্রকে বুঝেছিলেন। ক্লাশের পড়ার বাইরে আমাকে দিয়েছিলেন ছেড়ে, কিছু ফল পেয়েছিলেন। বাঙলাদেশের সব শিশুদেরই এই দশা হলে ভালো হোতো কি মন্দ হোতো জানিনে, কিন্তু পড়া ছেড়ে ডাকাতের খেলা দেখতে সব শিশুদেরই যে উৎসাহ হবে সে কথা নিঃসন্দেহে বলা যায়। এই ডাকাতি খেলা কবি একদিন দেখেছিলেন তাঁদের বাড়িতে এবং "ডাকাতি খেলার এই ছবি শ্যামের মুখের গল্পর সঙ্গে মিলিয়ে নিয়ে কতবার সন্ধ্যে কাটিয়েছি দুহাতে পাঁজর চেপে ধরে।" তারপর একদিন ছুটির রবিবারের কথা বলি ঃ

"ছুটির রবিবার। সন্ধ্যেবেলায় ঝিঁ ঝিঁ ডাকছিল বাইরের দক্ষিণের বাগানের কোনে, গল্পটা ছিল রঘু ডাকাতের। ছায়া-কাঁপা ঘরে মিট মিটে আলোতে বুক করছিল ধুক ধুক। পরদিন ছুটির ফাঁকে পালকিতে চড়ে বসলুম। সেটা চলতে সুরু করল বিনা বলায়, উড়ো ঠিকানায়, গল্পের জালে জড়ানো মনটাকে ভয়ের স্বাদ দেবার জন্য নিঝুম অন্ধকারের নাড়ীতে যেন তালে তালে বেজে উঠছে বেহারা গুলার হাঁই হুই, হাঁই হুই, গা করছে ছম ছম ধূধূ করে মাঠ, বাতাস কাঁপে রোদ্দুরে। দূরে ঝিক ঝিক করে কাজলদীঘির জল

চিক চিক করে বালি। ডাঙ্গার উপর থেকে ঝুঁকে পড়েছে ফাটল ধরা ঘাটের দিকে ডালুপালা ছড়ানো পাকুড় গাছ।

"গল্পের আতঙ্ক জমা হয়ে আছে না-জানা মাঠের গাছতলায় ঘন বেতের ঝোপে। যত এগোচ্ছি, দুরু দুরু করছে বুক। বাঁশের লাঠির আগা দু'ই একটা দেখা যায় ঝোপের উপর দিকে। কাঁধ বদল করলে বেহারাগুলা ঐখানে। জল খাবে, ভিজে গামছা জড়াবে মাথায়। তারপরে" ?

"রে রে রে রে রে রে।" (—ছেলেবেলা, ২৯ পৃঃ)

এটা ছিলো কবির সেদিনকার শিশুমনের অভিজ্ঞতা। তার পর শৈশবের সেই কল্পনা ফিরে এলো কবির যখন বয়স চল্লিশের উপর। বুঝতেই পারছেন 'শিশুতে' প্রকাশিত তাঁর 'বীরপুরুষ' কবিতাটির কথা বলছি। পূর্ব্বেই বলেছি শিশু বলতে পারেনা তার সাহিত্যিককে তার মনের কথা। কিন্তু যখন তার মনের কথা সাহিত্যিকের বুকে বন্দী হয়, কোন্ এক সোনালী মুহূর্ত্তের পরোয়ানায়, কিংবা তাঁর নিজের ফিরে পাওয়া কল্পলোকের আমন্ত্রণে, তখনই পাই শিশুর শিশু-সাহিত্য, তারই বুকের ভাষা। "বীরপুরুষ" কবিতাটি এই শ্রেণীর। তাছাড়া 'শিশু'র অন্যান্য কয়েকটি কবিতার সঙ্গে এই কবিতাটিও একটি বিশেষ সময়ে রচিত হয়েছিল। তখন কবিগুরুর পত্নীর মৃত্যু হয়েছে; কবি গিয়েছেন আলমোড়ায়, সঙ্গে তার পীড়িতা কন্যা রেণুকা ও কনিষ্ঠ পুত্র শমীন্দ্রনাথ। রেণুকার বয়স তখন ১৩, শমীন্দ্রের বয়স মাত্র ৯। মাতৃহীন বালক বালিকার পরিতোষের জন্য এই কবিতাগুলি রচিত হয়। (রবীন্দ্র-রচনাবলী, ৯ম খণ্ড, ৫৪৩ পৃঃ)। এইজন্যই বোধ হয় এই কবিতাগুলির মধ্যে আমরা শিশুসাহিত্যের সত্যকারের সুরটি খুঁজে পাই। এবং এইজন্যই বোধ হয় চল্লিশোর্দ্ধবর্ষবয়স্ক কবি বীরপুরুষ খোকার মুখ দিয়ে তার মায়ের কাছে বলালেন,

"রোজ কত কি ঘটে যাহা তাহা—
এমন কেন সত্যি হয় না আহা।
ঠিক যেন এক গল্প হত তবে
শুনত যারা অবাক হত সবে
দাদা বলত, 'কেমন করে হবে,
খোকার গায়ে এত কি জোর আছে' ?

পাড়ার লোকে সবাই বলত শুনে,
"ভাগ্যে খোকা ছিল মায়ের কাছে।"

খোকার জগতে যে সব পাড়াপড়শীরা আছে তাদের এই প্রশংসা উক্তি, সন্দেহপরায়ণ সমালোচক দাদার ইস্কুলমাষ্টারী প্রশ্নর চেয়ে শেষ পর্য্যন্ত বড় হল কিনা, কবি তা' লিখে যাননি। কিন্তু খোকার হাতে শেষ পর্য্যন্ত দাদার এই বৈজ্ঞানিক দৃষ্টি যে টেঁকেনি তার প্রমাণ পাওয়া গেছে। উদাহরণ স্বরূপ "বৈজ্ঞানিক" কবিতাটি উল্লেখ করতে পারি। খোকো বোঝাচ্ছে যে ফুলগুলি ফূল নয়, ওরা হোলো ইস্কুলের ছেলে, মাটির নীচে ওদের ইস্কুল, বোশেখ জষ্টিমাস ওদের দুপুর বেলা, আষাঢ়ের আঁধার হল ওদের বিকেল; আর যখন "ডালপালারা শব্দ করে ঘন বনের মাঝে, মেঘের ডাকে তখন এদের সাড়ে চারটে বাজে", তখনই তো তারা ছুটি পেয়ে হলদে, রাঙা, সবুজ, সাদা কতরকম সাজে বাইরে বেরিয়ে আসে। এমন এক অকাট্যযুক্তির বিরুদ্ধে, দাদা যত বড়ো নৈয়ায়িকই হোক, হার হবেই। তেমনি আবার খোকা যখন তার দাদাকে বলে যে কদমগাছের ডালে যখন পূর্ণিমার চাঁদ আটকা পড়ে তখন তাকে কি কেউ ধরে আনতে পারে? আর দাদা উত্তরে বলেন যে "খোকা, তোর মত আর দেখি নাই তো বোকা", তখন খোকা গভীর অবজ্ঞাভরে বলে "দাদা, তুমি জানো না কিছুই।" তাই বলে' এ কথা মনে করা ভুল হবে যে খোকার বড় হবার সখ নেই। জোড়াদীঘির মাঠে যখন খোকার হাতে ডাকাতরা কাটা পড়লো, তখন যে খোকা ক-ত বড়, যদিও দেখতে ছোটো। দাদার সঙ্গে তার সর্ব্বদাই ঝগড়া, এবং দাদা তার নিজের বড়ো হওয়ার সুযোগ ও সুবিধা পূরামাত্রাতেই আদায় করে, তাই খোকার সান্ত্বনা এই যে "দাদার চেয়ে অনেক মস্ত হব, বড়ো হয়ে বাবার মত হলে।" এমন কি মাষ্টার মশাই যখন শেলেট আনা হয়নি দেখে বকাবকি করবেন, তখন খোকা জানিয়ে দেবে—"হয়েছি যে বাবার মত বড়!" তখন চাবি খুলতে শিখেছে। তার গণ্ডীর প্রথমেই পড়ে তার ঝি। তাই চাবি খুলতে শিখেই দেখা গেল খোকা যত ইচ্ছে টাকা দিচ্ছে ঝিকে! তবে এক এক সময়ে বড় হবার আকাঙ্খাটা একটু কমে আসে। যখন আকাশ ছেয়ে আলো মিলিয়ে আসে, খোকা তখন খেলা ভুলে যায়, মাকে মনে পড়ে, যে মা তার জোড়াদীঘি মাঠে যাবার সাথী, তাঁকে শুধোয়, তেপান্তরের মাঠটি কোথায়, যেখানে

বঙ্কিমচন্দ্র ছিলেন আদর্শের পূজারী। সত্য, শিব এবং সুন্দর-এই তিনটি ছিল শ্রেষ্ঠ উপাচার। ইহার মধ্যে আবার সুন্দরের স্থান ঊর্দ্ধে হইলেও সত্য এবং মঙ্গলকে বাদ দিয়া শুধু সুন্দরকে গ্রহণ করিয়া দেবীর চরণে পূজার অর্ঘ্য বলিয়া সেই অসম্পূর্ণ উপাচার নিবেদন করিতে অন্তরের অনুভূতি তাহাকে বার বার নিষেধ জানাইয়াছে। মঙ্গল ও সত্যের আদর্শ হইতে বঞ্চিত যে সাহিত্য তাহাকে তিনি এমন কি পাপের পর্য্যায়ে স্থান দিতেও কখন কুণ্ঠাবোধ করেন নাই। কারণ, বঙ্কিমচন্দ্র সমাজ এবং জীবন প্রবাহকে একটি সীমাবদ্ধ গণ্ডীর মধ্যে কখনও স্থান দিতে পারেন নাই। তাঁহার অন্তরে ছিল এক বিশালতার ছাপ। তাহারই প্রভাবে তিনি সব কিছুতে আদর্শের ইঙ্গিত স্পষ্ট করিয়া উপলব্ধি করিতেন। আবার সেই উপলব্ধিই পরে সম্পূর্ণতা পাইয়া প্রকৃত আদর্শ চরিত্র সৃষ্টিতে প্রয়াস পাইয়াছে। তাঁহার এই আদর্শ চরিত্র সৃষ্টির ভিতর এক অভিনব ও অলৌকিক প্রতিভার বিকাশে মুগ্ধ হইয়া তখনকার যুগের পাঠকসমাজও সাগ্রহে তাঁহাকে জানাইল আন্তরিক অভিনন্দন। সে সময়ের লোকসমাজও তাঁহার আদর্শ চরিত্রের অভূতপূর্ব্ব অনুপ্রেরণায় অভিভূত হইয়া নিজেদের জীবন প্রবাহের ভিতর এই মহৎ গতির স্পন্দন হৃদয়পটে নূতন আকারে ও রসে রূপ দিবার প্রচেষ্টায় আবেগময়ী ভাষায় উচ্ছ্বসিত হইয়াছিল।

তবে সাহিত্যের পরিপ্রেক্ষিতের বিচার করিলে দেখা যায় বঙ্কিম চন্দ্রের উপন্যাসের নায়ক নায়িকার সাধারণতঃ আবির্ভাব ঘটিয়াছে অতিমানবরূপে, তাহাতে সাধারণের স্থান একেবারে নাই বলিলেও চলে। সামাজিক জীবনে মানুষের নানা ঘাত প্রতিঘাতের সংঘাতে এবং অনুকূল আবহাওয়ার প্রভাবে যে মনোবৃত্তি গড়িয়া উঠে তাহতে একের সঙ্গে অপরের তারতম্য হওয়াটাই স্বাভাবিক। ইহাতে অতি মহৎ, নিকৃষ্ট ও অতি নিকৃষ্ট সকল প্রকার চরিত্রের অবতারণাই পাশাপাশি হওয়া প্রয়োজন। তাহাতে তাঁহার সমতুল্যজ্ঞানে বিচার করিবারও যে একটা অন্তর্দৃষ্টি আছে তাহা সম্যকরূপে উপলব্ধি করিতে পারা যায়। আর শুধু যাহা ভাল—যাহা শুধু সত্য, মঙ্গল ও সুন্দরের আদর্শে মহিমামণ্ডিত হইয়াছে তাহাই একমাত্র সম্পূর্ণ ভাবে চরিত্র গঠনের পর্য্যায়ে পড়ে না। পুরাপুরি রকমের চরিত্র গড়িয়া তুলিতে প্রয়োজন উৎকৃষ্ট ও নিকৃষ্ট সকল রকমের চরিত্রের অবতারণা। বঙ্কিমচন্দ্র শুধু যাহা

ভাল, যাহা সমাজের আদর্শস্থানীয় তাহাকেই তিনি জীবনের প্রতি মুহূর্ত্তে সকলের সামনে এক নূতন অভিব্যক্তিতে নানা রঙ ও রূপের উপাচারে সাজাইয়া পাঠক সমাজের হৃদয় জয় করিয়াছিলেন। কিন্তু ক্ষুদ্র মানুষের মধ্যে এমনকি অবহেলিত সমাজ জীবনেও যে মানবসত্তার পূর্ণবিকাশ হইতে পারে সেদিকে তাঁহার মোটেই লক্ষ্য ছিল না। বেদনাবিক্ষুব্ধ দরিদ্র মানুষের প্রতি তাঁহার সহানুভূতির দৃষ্টি ততটা পড়ে নাই, পড়িয়াছে উচ্চস্তরের সুখী মানবের প্রতি। তাঁহার দরদী প্রাণের প্রভাব সেই আদর্শকেই সমর্থন জানাইয়াছে। এরূপ ঘটার পক্ষে সহযোগিতা করিয়াছিল ধর্ম্মে অচপল ও অবিনশ্বর বিশ্বাস, ভক্তি শ্রদ্ধার প্রাণস্পর্শী গতির প্রবাহ। ইহারই প্রভাবে তিনি যে কোন নরনারীকেই দেবত্বের মাপকাঠিতে বিচার করিয়া তাহাদের নিজেদের পৃথক পৃথক সত্তার কথা বিস্মৃত হইয়া সেই দেবত্বের চরম আদর্শে চরিত্র সুপ্রতিষ্ঠ করিয়াছিলেন। ইহাতে সামাজিক জীবনে সাধারণ মানবের সহজ সরল সাধারণ চরিত্রগুলি পাইয়াছে এক চরম আঘাত। এই আঘাতের ফলে বঙ্কিমচন্দ্রের রসযুক্ত আদর্শচরিত্র সামাজিক সাধারণ মানুষের অন্তর্জগতে কখনও প্রকৃতভাবে স্থায়ী রেখাপাত করিতে সমর্থ হয় নাই।

বঙ্কিমচন্দ্র ছিলেন ধর্ম্ম বা সত্যের উপাসক। তিনি বুঝিয়াছিলেন ধর্ম্ম অবিনশ্বর, তাহার জয় চিরস্থায়ী। তাই ধর্ম্মের মহিমায় পাপকে বিচার করিয়া পাপকে সমুচিত শাস্তি দিতে কখনও বিচলিত হন নাই। 'পাপের পরাজয় অবশ্যম্ভাবী'—এই মূল মন্ত্রকে তিনি হৃদয়ের তন্ত্রে তন্ত্রে অনুভব করিয়া পাপকে সমুচিত শাস্তি দিয়া পাপের প্রায়শ্চিত্ত করিতে কখনও সঙ্কোচ বোধ করেন নাই। তিনি দৃঢ়চিত্তে প্রতিটি ক্ষেত্রে ঐ সত্যকে জানাইয়াছেন আন্তরিক অভিনন্দন। তাই বঙ্কিমচন্দ্রের উপন্যাসে 'সত্যানন্দ' ও 'দেবী চৌধুরাণী'র মত দেব-দেবী তুল্য সত্যের প্রতীক সাধু ও সাধ্বী মানব-মানবীর আবির্ভাব। তাই শুভ কুন্দনন্দিনী পরে অশুভ কুন্দনন্দিনীতে পরিবর্ত্তিত হওয়ায় আত্মঘাতিনীর চরম পর্য্যায়ে পরিসমাপ্তি ঘটে।

প্রকৃত পক্ষে বঙ্কিমচন্দ্রই বাংলা উপন্যাসের স্রষ্টা। তাঁহার আদর্শের মাহাত্ম্য কীর্ত্তন করিবার অবসরে বলিতে পারা যায় বঙ্কিমচন্দ্রের সাহিত্যে বাস্তব সত্যের তেমন কোনই স্থান নাই—সেখানে আছে শুধু আদর্শবাদের স্থান।

শরৎচন্দ্রের সাহিত্য রচনায় বাস্তব সত্যের জীবন্ত ছবি মূর্ত্ত হইয়া

উঠিয়াছে। ইহাতে রসদ যোগাইয়াছে তাঁহার সমাজ জীবনে প্রত্যক্ষ অভিজ্ঞতার প্রভাব ; যে প্রভাব রবীন্দ্রনাথের ভিতরেও তেমনটা স্পষ্ট হইয়া উঠিতে পারে নাই;—ইহার কারণ প্রতিকূল পারিপার্শ্বিক আবেষ্টনীর প্রভাব ও প্রত্যক্ষ অভিজ্ঞতার সুযোগ হইতে তিনি চিরদিনই বঞ্চিত ছিলেন।

রবীন্দ্রনাথ চাহিয়াছিলেন বাস্তব ও আদর্শের সংমিশ্রণে এক নূতন চরিত্র গঠন করিতে। কিন্তু শেষ পর্য্যন্ত তিনি উভয়ের মধ্যে প্রকৃতভাবে সামঞ্জস্য রক্ষা করিয়া চরিত্র সৃষ্টি করিতে পারেন নাই। তাঁহার রচিত কাব্য, উপন্যাস সব কিছুর ভিতরই বাস্তব সত্য সাধারণতঃ অনাদৃত হইয়াছে, ঠিক সেইস্থানে বুদ্ধিদীপ্ত আদর্শ ও কল্পনায় গড়িয়া তোলা সঞ্জীবনী রসধারার অন্তঃপ্রবাহে এক নূতন মূর্ত্তিতে চরিত্রের সৃষ্টি হইয়াছে। প্রকৃতি ও পারিপার্শ্বিক স্বচ্ছল অবস্থাই ইহার প্রধান কারণ। তিনি ছিলেন প্রকৃতির কবি। তাই এক নূতন আদর্শের প্রভাবে অনুপ্রাণিত হইয়া বিরাট প্রকৃতির সংস্পর্শে নিজের হৃদয় মন্দিরে তিনি এক বিরাটত্বের উচ্চ আদর্শকে প্রতিষ্ঠিত করিয়াছিলেন। তাহাতে নিবিড় ভাবপূর্ণ কল্পনা নানা রূপ রঙ ও রসের মহিমায় সাহিত্যে এক নূতন আকার, এক নূতন ভাষায় রূপ পাইল। ইহার ফলে আদর্শ চরিত্র সৃষ্টিই বহুলাংশে জয়ী হইল। তবে বাস্তব সত্য প্রত্যক্ষভাবে কাজ না করিলেও পরোক্ষভাবে মাঝে মাঝে সাড়া দিয়া চলিয়াছে। তাই কবির এই মিশ্রিত উপাদানের উপর আপন মাধুরী মিলাইয়া কবি যে চরিত্র সৃষ্টি করিলেন তাহাতে কবির ভাষাতেই বলা যায়,—'অর্দ্ধেক মানবী তুমি, অর্দ্ধেক কল্পনা।'

শিল্প সাহিত্যের ক্ষেত্রে রবীন্দ্রনাথ যে পথের স্রষ্টা শরৎচন্দ্র সেই পথকে অনুসরণ করিয়াই সাহিত্যের অকূল সাগরে তরী ভাসাইলেন। তবে তাঁহার শিল্প চাতুর্যের মহিমায় সাহিত্য এক নূতন রূপ পাইল। তাঁহার সৃজনী প্রতিভার বিকাশ হইয়াছে মৌলিকত্বের প্রকাশে। সাহিত্যে সমাজ-চিত্র অঙ্কন ব্যাপারে শরৎচন্দ্র আরও এক ধাপ নীচে নামিয়া আসিলেন—নিম্ন শ্রেণী, বিশেষতঃ নিম্ন মধ্যবিত্ত শ্রেণীর সমাজ-জীবনের ইতিহাস প্রাণবন্ত ছবির আকারে উজ্জ্বল হইয়া তাঁহার উপন্যাসে স্থান পাইয়াছে। তিনিই সর্ব্বপ্রথমে মমতাহীন, ক্ষমতাহীন সমাজের নিষ্পেষিত, ঘৃণিত ও অপমানিত নর নারীর অন্তরের অনুভূতিকে অপার সহানুভূতির দৃষ্টিতে দেখিয়া ঔপন্যাসিক জীবন্ত

চরিত্রের সৃষ্টি করিলেন। ঘাত প্রতিঘাত পূর্ণ কঠোর বাস্তবের অভিজ্ঞতা রবীন্দ্রনাথ অপেক্ষা শরৎচন্দ্রের অনেক বেশী ছিল। তাঁহার দরদী মনের অনুভূতি আরও বেশী, মনোবিশ্লেষণ আরও সূক্ষ্ম। তাঁহাকে এই ভীষণ বাস্তবের সঙ্গে যুদ্ধ করিয়া টিকিয়া থাকিতে হইয়াছে। তাই তিনি অত সহজে নিম্ন মধ্যবিত্ত নর নারীর সুখ-দুঃখ, হাসি-কান্নাকেও নিজের মনোবীণার তারের সঙ্গে যোগ করিয়া, তাহা হৃদয়ে প্রকৃত ভাবে অনুভব করিয়া অসঙ্কোচে উপন্যাসের পৃষ্ঠার স্তরে স্তরে লিপিবদ্ধ করিতে সক্ষম হইয়াছিলেন।

সমাজকে তিনি যে শুধু সমর্থনই জানান নাই তাহা নহে, তিনি প্রচলিত সমাজ ব্যবস্থার বিরুদ্ধে দ্বিধাহীন কণ্ঠে তীব্র অভিযোগ দাখিল করিতে কখনও এতটুকুও কার্পণ্য প্রকাশ করেন নাই। শরৎচন্দ্র বাস্তবকে বাস্তবরূপেই সর্ব্বসমক্ষে তুলিয়া ধরিয়াছেন। এই জন্য রবীন্দ্রনাথ অপেক্ষা শরৎচন্দ্র আরও বেশী প্রত্যক্ষ, বেশী বাস্তব। সমাজ সংস্কারক হিসাবেও শরৎচন্দ্রের স্থান বহু উর্দ্ধে। তাঁহার সৃষ্ট সাহিত্য নিপীড়িত মানব সমাজের জীবন-বেদ। অবহেলিত নর-নারীর সংঘাতময় জীবনপ্রবাহকে অবলম্বন করিয়া ট্র্যাজেডির সৃষ্টি হইয়াছে। তিনি শুধু সমাজের বহির্দৃশ্য প্রকাশ করিয়াই থামিতে রাজি হন নাই, সমাজের ভিতরকার অন্যায়, কুসংস্কারের বিরুদ্ধেও তীব্র প্রতিবাদ চালাইয়াছেন। আর তিনি পতিতা নারীর গোপন অন্তর্বেদনাকে সাহিত্যের মধ্যে সহানুভূতির দৃষ্টিতে জীবন্ত মূর্ত্তিতে তুলিয়া ধরিয়াছেন। স্বার্থে আঘাত পাইয়া প্রাচীন-পন্থীদের ভিতর কেহ কেহ আর্টের মধ্যে দুর্নীতি প্রশ্রয় পাইতেছে বলিয়া অভিযোগ জানাইলেও সত্যের মহিমায় মহিমামণ্ডিত বলিয়া তাহা আজও প্রকাশ পাইতেছে।

তবে শরৎচন্দ্র বস্তুতন্ত্রবাদের প্রকৃত পথপ্রদর্শক হইলেও তিনি নিজেই বলিয়াছেন যে সম্পূর্ণ আদর্শকে বাদ দিয়া শুধু বাস্তবকে লইয়াই প্রকৃত পক্ষে শ্রেষ্ঠ সাহিত্যশিল্পের সৃষ্টি হইতে পারেনা; তাহাতে আদর্শ এবং বাস্তব উভয়েরই প্রয়োজন আছে।



THE COLLEGE FOOTBALL TEAM, 1949-50

UNIVERSITY OF NORTH BENGAL
LIBRARY
RAJARAMMOHUNPUR

THE MENIAL STAFF WITH THE PRINCIPAL IN THE CENTRE, 1950

বাংলার লোকসাহিত্য

নির্মল চট্টোপাধ্যায় (৩য় বর্ষ, সাহিত্য)

লোকসাহিত্য সম্বন্ধে ইদানীং কিছু কিছু আলোচনা দেখতে পাওয়া যায়। কিন্তু তাই বলে যে এবিষয়ে সব কথাই বলা হয়ে গেছে এমন কথা চিন্তা করা বোধ হয় অন্যায় হবে। বাংলার সাহিত্যের ভেতর লোক-সাহিত্যের একটা বিশেষ স্থান রয়েছে অথচ আজকালকার মানুষের কাছে সে সাহিত্যের মূল্য অতি সামান্য ; তাই এবিষয় সম্বন্ধে আলোচনাও হয় খুবই অল্প।

লোকসাহিত্যের আলোচনা করার পূর্বে লোকসাহিত্য বলতে আমরা কি বুঝি সে সম্বন্ধে কিছু বলা বোধ হয় অপ্রাসঙ্গিক হবে না। এক কথায় এর কোন সংজ্ঞা দেওয়া যায় কিনা আমার জানা নেই। কারণ এর মধ্যে আছে ছেলে ভুলানো ছড়া, কবিওয়ালাদের বাঁধা গান ইত্যাদি। মোটামুটিভাবে বলা চলতে পারে যে প্রাচীন কালের গ্রাম্য সাহিত্যই লোকসাহিত্য। প্রাচীন কবিগণের বাঁধা গান ছড়া ইত্যাদির মাধ্যমেই সৃষ্টি হয়েছিল আমাদের এই সাহিত্য। কবে হয়ত কোন্ গাঁয়ের বধূর গোঁসা হয়েছিল বা কবে হয়ত শ্বশুর এবং জামাইয়ের মধ্যে ঘোরতর বিবাদ হয়েছিল সেই সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র ঘটনাগুলিকে গ্রাম্য কবিগণ তাঁহাদের লেখনীর স্পর্শে রূপ দিতে সচেষ্ট হয়েছেন। তাই লোকসাহিত্যকে প্রাচীন কালের একটা বিশেষ যুগের সমাজের প্রতিচ্ছবি বলা চলে। এ সাহিত্যের সৃষ্টিও নাকি হোয়েছে প্রায় মুখে মুখে। কবিরা ছড়া, গান, ইত্যাদি বাঁধতেন মুখে মুখে। এখনও অনেক প্রাচীনা ঠাকুরমা এবং দিদিমাদের মুখে এই সব ছড়া বা গান শুনতে পাওয়া যায়।

যাক্ এবার আসল বক্তব্যে আসা যাক্। এবার লোকসাহিত্যের কথা কিছু আলোচনা করবার চেষ্টা করবো। প্রথমে কবিওয়ালাদের বাঁধা গানের কথা দিয়ে আলোচনা সুরু করি।

কবিওয়ালাদের গানে ভাবের গাঢ়তা বা গঠনের তাৎপর্য্য বিশেষ চোখে পড়েনা। বোধ হয় এর কারণরূপে এই কথাটাই বলা যায় যে যাঁরা এই

গানের শ্রোতা ছিলেন তাঁরা সকলেই গ্রাম্য জনসাধারণ, সাহিত্যরস গ্রহণের যোগ্যতাও তাঁদের ছিলনা এবং চেষ্টাও ছিলনা। গানের সুর বেসুরো হচ্ছে কিনা তা তাঁরা আসরে বসে ভাবতেন না, কারণ সুরের জ্ঞান তাঁদের ছিলনা। তাঁরা অবসর সময়ে চাইতেন আমোদ, সাহিত্যরস নয়। তাই এই গানগুলিতে রচয়িতাসুলভ চাতুরী দেখিয়ে শ্রোতৃবর্গকে মুগ্ধ করতেন।

"গেল গেল কুল কুল, যাক্ কুল,
তাহে নই আকুল ;
লয়েছি যাহার কুল, সে আমার প্রতিকূল,
যদি কুল কুণ্ডলিনী অনুকূলা হন্ আমায়,
অকূলের তরী কূল পাবে পুনরায়।
এখন ব্যাকুল হ'য়ে কি দুকূল হারাবো সই,
তাহে বিপক্ষ হাসিবে যত রিপু পরিচয়।"

উপরিউদ্ধৃত গীতাংশে ব্যাকরণ, ভাব ভাষা ইত্যাদির কোন বালাই নেই ; আছে শুধু অনুপ্রাসের আধিক্য। অনুপ্রাস আধিক্য না থাকলে এই গীতগুলি এত সহজে মানুষের মন আকৃষ্ট করতে পারত না।

কবিওয়ালাদের গানের প্রধান বিষয়বস্তু ছিল অভিমান, কারণ বাঙ্গালী প্রকৃতিতে অভিমান কিঞ্চিৎ বেশী। তাই দেখি কবিওয়ালাদের রচনার মধ্যে নায়ক নায়িকার, মাতাপিতার সঙ্গে পুত্রকন্যার অভিমানের কথা। গ্রাম্যবধূর অভিমান হ'লে প্রিয়জন তার মান ভঞ্জনের জন্য বহু চেষ্টা ক'রে যখন বিফলকাম হ'ন তখন দেখি তিনি সান্ত্বনা দিচ্ছেন—

যুবতী ক্যান্ কর মন ভারী !
পাবনা থ্যাহে আন্যে দেব ট্যাহা দামের শাড়ী।

অভিমানিনী যুবতীর মান ভঞ্জনের জন্য ট্যাহা দামের শাড়ীই যথেষ্ট। কোন দুর্লভ অবিশ্বাস্য জিনিষ দিয়ে যুবতীর মান ভঞ্জন করবার ব্যর্থ প্রয়াস এর ভেতর নেই, আছে অতি সরল, স্পষ্ট, সত্য প্রতিশ্রুতি।

গ্রাম্য সাহিত্যের একটা প্রধান অংশ জুড়ে আছে হর গৌরী ও কৃষ্ণ রাধার কথা। হর গৌরীর কথা বাংলার একান্ন পরিবারে প্রধান বেদনার কথা, কারণ জামাতাপক্ষের সঙ্গে কন্যা পক্ষের কলহ লেগেই আছে। তাই হর গৌরী সম্বন্ধীয় ছড়াগুলি বাস্তব ভাবের। কন্যাকে বাপের বাড়ী আনবার জন্য

মেনকার উদ্বেগের অন্ত নেই। প্রতি বছরই তাই দেখি তিনি গিরিরাজকে একই কথা বলেন!

"বৎসর গত হয়েছে কত করছে শিবের ঘর,
যাও গিরিরাজ আন্‌তে গৌরী কৈলাস-শিখর।"

আবার যখন গৌরীর শ্বশুরালয়ে যাবার দিন ঘনিয়ে আসে তখন মেনকাদেবী জামাতাকে ফিরিয়ে দেবার জন্য গিরিরাজকে অনুরোধ করে বলেন,

"নাহি কাজ গিরিরাজ শিবকে বল যেয়ে
অমনি ভাবে ফিরে যাক্ সে থাকবে আমার মেয়ে।"

তাঁর ধারণা উমা শ্বশুরালয়ে ঠিকমত যত্ন পায়না। বাংলার প্রত্যেক মা-ই মেয়েকে শ্বশুর বাড়ী পাঠাবার সময় এমন কথা ভাবেন। কিন্তু মায়ের স্নেহের নীড় ছেড়ে মেয়েকে যেতেই হয় পতিগৃহে ফিরে।

স্ত্রীর সম্মুখে স্বামীর নিন্দা করলে প্রত্যেক স্ত্রীই অত্যন্ত রুষ্টা হন। শিব তাই উমাকে নিজের বয়স এবং দারিদ্র্যের কথা বলে মাঝে মাঝে অত্যন্ত চটিয়ে একটু কৌতুক করতেন! এক জায়গায় আমরা দেখ্‌তে পাই উমা শঙ্খ পরবার জন্য শিবের নিকট কৌতূহল জানাতে শিব ঠাকুর বলেন!

"শুনহে পার্বতী
আমিত কড়ার ভিখারী শঙ্খ কথি?
হাতের শিঙাটা বেচলা পরে হবেনা
একখানা শঙ্খের কড়ি
বলদটা মূল করিলে হবে কাহণটেক্ কড়ি।
এটি ওটি ঠাকাঠিকাটি চাওহে গোরী
থাকলে দিতে পারি।
তোমার পিতা আছে বটে অর্থের অধিকারী,
সেকি দিতে পারেনা দু'মুঠো শঙ্খের মজুরি?"

উমা এই কথা শুনে অত্যন্ত চটে যান। স্ত্রীর স্বামীর উপর রাগ হলে তাঁর বয়স এবং রূপের উল্লেখ করে তাঁকে বুঝিয়ে দেন যে একান্ত ভাগ্যগুণে এবং তাঁর মাতাপিতার কৃপাতেই তিনি তাঁর মত মেয়েকে স্ত্রী হিসাবে পেয়েছিলেন, না হ'লে তাঁর স্বামীটীকে সারা জীবন অশেষ কষ্ট ভোগ করতে হতো। অথবা এমন মেয়ে আসত যে সারা জীবন তাঁকে শুধু কষ্ট আর দুঃখই দিত। যাই হোক্ উমাদেবী নিজের ক্রোধের মাত্রাটা ভাল করে বুঝিয়ে দেবার জন্য গণেশ এবং কার্ত্তিককে নিয়ে তৎক্ষণাৎ বাপের বাড়ী চলে গেলেন।

অতঃপর শিব বিশ্বকর্মাকে ডেকে শঙ্খ তৈরী করে নিজে শাঁখারী সেজে বেরিয়ে পড়লেন হিমালয়ের উদ্দেশ্যে। সেখানে গিয়ে 'শঙ্খ নিবি শঙ্খ নিবি' বলে শ্বশুরালয়ের সামনে হাঁকতে সুরু করলেন। গৌরী তাড়াতাড়ি ছুটে আসেন সেখানে এবং শঙ্খ দেখে মুগ্ধ হয়ে যান। তিনি মূল্য জানতে চাইলে শিব তাঁকে মূল্য জানাতে চান না। শুধু ইংগিতে তাঁকে বুঝিয়ে দিতে চেষ্টা করেন যে তাঁদের ব্যবসা হচ্ছে যাকে শঙ্খ পরাবেন তাকেই তাঁরা নেবেন। অন্য কোন মূল্য তাঁরা নেন না। তাই তিনি গৌরীকে জানান!

"আমি যদি তোমার শঙ্খের লব তঙ্ক
জ্ঞেয়াৎ মাঝারে মোর রহিবে কলঙ্ক।"

তাঁর একথায় উমা শিউরে উঠেন।

"কেমন কথা কও শাঁখারী' কেমন কথা কও
মানুষ বুঝিয়া শাঁখারী এসব কথা কও।"

শিব ইহাতে আরও ইন্ধন জুগিয়ে দিলেন। নিজের সম্বন্ধে যে সকল মিষ্টবাক্য এতদিন তিনি স্ত্রীর মুখে শুনে আসছেন আজ সেইগুলিই ব্যবহার করলেন।

"তোমার পতি ভাঙড় শিব তাত আমি জানি।
নিতি নিতি প্রতিঘরে ভিক্ষা মাঙেন তিনি।
ভস্ম মাখা তায় ভুজঙ্গ মাখে অঙ্গে
নিরবধি ফেরেন তিনি ভূত প্রেতের সঙ্গে!"

স্বামী নিন্দা শুনে উমার সর্বশরীর রাগে কাঁপতে থাকে। তিনি তৎক্ষণাৎ শঙ্খ জোড়া খুলে ফেলতে উদ্যত হন কিন্তু তাঁর সে চেষ্টা ব্যর্থ হয়। তিনি হাত কেটে ফেলতে উদ্যত হলে শাঁখারী বলে 'রুধির লাগিলে শঙ্খ নাহি লব ফিরে'। উমা দিশাহারা হ'য়ে যান। এমনকি আত্মহত্যার কথাও তাঁর মনে জাগে। তিনি তৎক্ষণাৎ ধূপ দীপ নৈবেদ্য সাজিয়ে ধ্যানে বসেন—

"ধ্যানে পেলেন মহাদেবের চরণ দু'খানি'।"

কৌতূকের সমাপ্তি ঘটে এইখানে এসে।

শিশুসাহিত্যও লোকসাহিত্যের অন্তর্গত কারণ সে গুলিও মানব মনে আপনি আপনি জন্মেছে। সেই 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদেয় এল বান' আজও ভুলতে পারিনি। শিশুকাল থেকে এ সব কবিতাগুলো আমাদের হৃদয়াসনের এক কোণে নিজেদের স্থান ক'রে নিয়েছে। দাদা যেই সামান্য রোজগার করতে সুরু করেছে অমনি ছোট বোনটি এসে আবদার জুড়ে দেয়

"হেই দাদা তোমার পায়ে পড়ি।
বউ এনে দাও খেলা করি॥"

অল্প মাহিনায় দাদার পক্ষে বিবাহ করা সম্ভব কিনা তা সে ভাবেও না, ভাবতে চায়ওনা। শিশুদের এই ছড়া বা কবিতাগুলি এত প্রিয় তার প্রধান কারণ আমার মনে হয় নিশ্চয়ই শিশুর এই সরলতা। শিশু চঞ্চল, দুষ্টামী তার স্বভাব, অত সাত পাঁচ ভেবে কথা বলা তার ধাতেই আসেনা। তাই সরলতা তার কথায় প্রচুর। শিশুসাহিত্য তাই সব চেয়ে বেশী আমাদের মনকে আকৃষ্ট করে।

প্রবন্ধটির পরিসমাপ্তি টানবার আগে একটা কথা আমার বলবার আছে। যদিও এই বিষয়ের বিশেষ আলোচনা বর্ত্তমানে দেখতে পাওয়া যায় না তবু এটা সত্যি যে এই সাহিত্য আলোচনা করলে একটা নির্ম্মল আনন্দ আমরা পাই। যদিও অনেক ত্রুটী বিচ্যুতিই চোখে পড়ে তবুও প্রত্যেকটি কবিতাই রস মাধুর্য্যে ও সরলতায় অতুলনীয়।

কবর

সুবোধ রায় (তৃতীয় বর্ষ, সাহিত্য)

রিফি আমাকে এনে দাঁড় করালে একটা জঙ্গলা জায়গায়। শিয়াকুল গাছ ঘেরা ছোট একটি ঢিবি দেখিয়ে বললে: এখানেই সে ঘুমিয়ে আছে। চুপ করে রইলেম আমি।

রিফি বললে: দেখোতো রক্তের দাগ মিলিয়ে গেছে কিনা মাটির গায়?

সপ্রশ্ন দৃষ্টিতে চাইলেম তার পানে।

তারপর?

কাহিনী সে বলতে আরম্ভ করেছিলো অনেক আগেই। তারই রেশ টেনে বলতে আরম্ভ করলে আবার: এখানকার জনগণ তখন মেতে উঠলো, কেউ পারলে না তাদের রুখতে'—না তোমাদের পুলিশ-শক্তি, না সরকারের গোরা ফৌজ! ছাত্রদের ছিলো না পেছু টান, তাই তারা ঝাঁপিয়ে পড়লো সবার আগে।

রিফি নীরব হোলো। কবরের দিকে তাকিয়ে রইলে স্থির দৃষ্টিতে। চাপা একটা দীর্ঘশ্বাস ফেলে বললে : ক্ষুদ্র এই শহরের মাঝে কোথায় আশ্রয় নেবে তারা ; সবাই সবাইকে তো চেনে এখানে। তারা ঘুরতে লাগলো রাত্রির অন্ধকারে একটু আশ্রয়ের জন্য পাগল হয়ে। দিনের পর দিন দুরূহ হোয়ে উঠলো তাদের জীবন!—তবুও বাবাই দিলেন থাকবার জায়গা তাদের মধ্যে মাত্র একজনকে।

তোমার বাবা ?—আহত-স্বরে বললেম আমি। হ্যাঁ। রিফি উত্তর করলে স্নিগ্ধ স্বরে, মনুষ্যত্বের ভিত্তিতে যে বস্তু গড়ে ওঠে সেখানে তো ব্যক্তিগত আক্রোশ কারুর ওপর থাকতে পারেনা দিলু!

তবু বাধা দিয়ে বললেম : যাদের সুনজরে পড়ে তোমার বাবার সারাটা জীবন কাটলো কারাগারের মধ্যে,—তাদেরই একজনকে দিলেন আশ্রয়!

রিফি একটু ক্লান্ত হাসি হাসলো। বললে : তোমরা বলবে বাবার জীবনে ওইটেই বড় ট্র্যাজেডি, কিন্তু তা নয়।

যে জাতি শুধু বুটের নীচে এতোদিন দাবিয়ে এলো তাদেরই সাহায্য করতে যাওয়া ?—বিস্ময় আমার উত্তরোত্তর বৃদ্ধি পেলো।

রিফি কোন প্রতিবাদ করলে না আমার কথায়। তর্ক করবার মতো হয়তো মনের অবস্থা তখন ছিলো না তার। আর কোন প্রশ্ন করে আমিও বিব্রত করলেম না তাকে।

সে বলে যেতে লাগলো : সেদিন বোধ হয় ছিলো সোমবার। সূর্য ওঠবার আগেই বাবার ঘুম থেকে ওঠা অভ্যাস। আধো আলো আধো ছায়ায় বসে তিনি পড়ছিলেন কোরান শরীফ। বিছানায় শুয়ে শুয়েই শুনছিলেম আমি। কিছুক্ষণ পর কড়া নাড়ার মৃদু শব্দ পেলেম। বাবা চুপ করলেন। আবার শব্দ হোলো সদর দরজায়।

বাবা বললেন : কে?

আমি।—আগন্তুকের কণ্ঠস্বর বড্ড বেশী ভারী। কি রকম যেনো সন্দেহ হোলো আমার। উঠে বসলেম বিছানার উপর।

দরজা খুলতেই সে ঝড়ের বেগে প্রবেশ করলো ঘরের মধ্যে। বাবা চমকে কিছুটা পেছিয়ে এলেন।

আগন্তুক বললে কম্পিত স্বরে মিনতি ভরা চাহনি নিয়ে : একটু আশ্রয়, মৌলভি, একটু আশ্রয় দাও আমাকে !

বাবার মুখ দিয়ে কোন কথা বেরুলো না। তিনি দাঁড়িয়ে রইলেন স্তব্ধ হয়ে। সে তাঁর হাতদুটি ধরে মিনতি জানাতে লাগলো বারম্বার।

আমি তখন পর্দার আড়ালে এসে দাঁড়ালেম।

বাবা আগন্তুকের কাঁধের উপর একটা হাত রেখে মৃদু স্বরে বললেন : নিশ্চয়ই তোমায় আশ্রয় দেবো, বন্ধু ! বিপদে পড়েছো তুমি, আশ্রয় তোমায় দেবো বইকি।

পর্দা সরিয়ে ঘরের মধ্যে এলেম আমি।

থরথর ক'রে কাঁপছিলো তার পা'দুটো। শেরোয়াণী আর পাজামাটা ছিলো তার গায়, মাথায় জড়ানো ছিলো পাঠান পাগড়ী। ছদ্মবেশে পালিয়ে এসেছে বিদ্রোহী জনতার চোখে ধূলি নিক্ষেপ ক'রে।

বয়স তার খুবই অল্প। বছর ষোল হবে কিনা সন্দেহ। গোঁফের রেখাও ভালো ক'রে পড়েনি তার কোমল মুখের উপর।

বাবা বললেন আমাকে : রিফি, একে বাড়ির মধ্যে নিয়ে যাও। এর থাকবার উপযুক্ত বন্দোবস্ত ক'রে দাও শিগ্‌গির।

কয়েকটি ঘর খালি পড়েছিলো বাড়ির মধ্যে। তারই একটাতে থাকতে দেয়া হোলো তাকে।

চা তৈরি ক'রে নিয়ে গেলেম তার কাছে। কি রকম যেনো বিহ্বল নয়নে সে চেয়ে রইলে আমার পানে।

হঠাৎ এক সময় উঠে দাঁড়িয়ে বললে, Can you speak English ? Yes. I do—শান্ত স্বরে জবাব দিলেম আমি।

হাতে যেনো সে স্বর্গ পেলো।

উচ্ছল নির্ঝরের মতো বলে যেতে লাগলো। তাদের পরিবারের বিগত কয়েকদিনের কাহিনী। ক্ষণিক বিরতিতে যদি সহানুভূতি নষ্ট হয় আমার, তাই সে ঝড়ের বেগে বলতে লাগলো : ওরা আমাদের মিল বন্ধ ক'রে দিয়েছে। খানসামা বেয়ারাদের আসতে দেয়না বাড়িতে। আজ তিনদিন হোলো না খেয়ে আছি।

উদ্ধত একটা দীর্ঘশ্বাস চেপে নিয়ে অপলক দৃষ্টিতে চেয়ে রইলেম তার পানে। সে বললে: কাল সন্ধ্যে থেকে মা-বাবাকে খুঁজে পাচ্ছিনা। সমস্ত রাত ধ'রে পরিচিত অপরিচিত স্থানে খুঁজেছি তাঁদের। সন্ধান তবুও তাঁদের পাইনি।

একটু সময় নীরব থেকে জিজ্ঞেস করলেম, আমাদের বাড়ি আসতে তোমাকে পরামর্শ দিলে কে? আর এখানেই যে তোমার মা-বাবাকে খুঁজে পাবে তাই বা জানলে কি ক'রে?

ফ্যালফ্যাল ক'রে চেয়ে রইলে সে আমার মুখের পানে। তারপর বললে ধীরে ধীরে: পরশু মৌলভি সাহেবের কথা বলছিলেন বাবা। তিনি মহৎ ব্যক্তি, ওঁর কাছে গেলে আশ্রয় পাওয়া যেতে পারে।

চুপ ক'রে রইলেম আমি।

রিফি আবার নীরব হোলো কিছুক্ষণের জন্যে। আমার মুখেও কোন কথা ফুটলো না। কিছু পরে আবার বলতে আরম্ভ ক'রলে, বাবাকে গিয়ে একসময় চুপিচুপি বললেম, বিপদ কি নিজের ঘাড়ে টেনে না নিলেই চলতো না? কেন একে আশ্রয় দিলে? সব যদি জানাজানি হোয়ে যায়!

বাবা মৃদু হাসলেন। একটা দমকা হাওয়া যেনো নিবিয়ে দিলো উজ্জ্বল প্রদীপের আলো। আমি স্তব্ধ হয়ে গেলেম ক্ষণিকের জন্যে। তবু বললেম কিছুক্ষণ পর মৃদু প্রতিবাদের সুরে এরা এতোদিন আমাদের মানুষ বলে গণ্য করেনি। আজ বিপদে পড়েছে তাই এসেছে আমাদের দুয়ারে জীবন ভিক্ষা চাইতে!

আগের মতোই মধুর একটু হাসলেন তিনি। বললেন রিফি, ওদের জাতের উপর হয়তো বিদ্বেষ আছে আমার, কিন্তু ব্যক্তিবিশেষের উপরতো আক্রোশ নেই। অসহায় বিদেশী কিশোর এসেছে আজ আমার কাছে একটু আশ্রয়ের জন্যে, একে আমি ফেরাই কি বলে, মা? আমি ওর জীবন রক্ষা ক'রবো এই আশ্বাস নিয়ে এসেছে ও। কি ক'রে এখন ওর সঙ্গে বিশ্বাসঘাতকতা করি বল্?

উচ্চস্বরে বললেম ওদের দলে গিয়ে মিশতে পারলে ওযে তোমাকেই আবার বুটের লাথি মারবে, ব্যয়নেট গেঁথে দেবে বুকের মাঝে!

ওদের জাতির হয়ে ও যখন লড়বে আমিও তখন বাধা দেবো ওকে আপ্রাণ শক্তিতে নিজের জাতির তরফ থেকে। কিন্তু আজ তো ওর জাতির পানে চাইলে চলবে না, রিফি—ও আজ জীবন ভিক্ষা চাইতে এসেছে আমার কাছে। বড় অসহায় শোনালো বাবার কণ্ঠস্বর। তিনি আবার বললেন আমার সামান্য একটু করুণায় যদি একটা প্রাণরক্ষা হয়, কেন সেটুকু কার্পণ্য করবো, রিফি ?

দ্বিতীয় প্রশ্ন তাঁকে আর করতে পারিনি আমি।

বেলা তখন দশটা হবে। একদল লোক এলো বাবার কাছে। পাশের ঘরে বসে সমস্তই শুনলেম তাদের কথাবার্তা।

বাবা বললেন ঃ আমিতো বলতে পারবো না কোথায় গেছে সে ছোকরা। একজন বলে উঠলো ঃ খুব সকালে নাকি তাকে এদিকেই আসতে দেখা গেছে। তাকে এদিকে আসতে দেখা গিয়ে থাকলে এটা প্রমাণ হয়না যে সে আমার বাড়িতেই এসেছে।—শান্ত অথচ দৃঢ় বাবার কণ্ঠস্বর।

আরও দু'চারটি কথা হোলো ছেলেটিকে নিয়ে, কিন্তু বাবা বিশেষ কর্ণপাত করলেন না তাঁদের আলোচনায়। তারা ফিরে গেলো বিক্ষুব্ধ চিত্তে।

দুপুরে গেলেম খাবার নিয়ে ছেলেটির কাছে। সকালের ঠিক তেমনি অবস্থায় পড়ে আছে। শুধু চায়ের বাটিটা শূন্য।

বললেম ঃ খাবারগুলি খাওনি কেন ?

সে কিছুক্ষণ স্থির নয়নে চেয়ে রইলে আমার পানে। তারপর হু হু করে চোখ দিয়ে তার জল গড়িয়ে এলো, আমার হাত ধরে বললে ঃ ওরা আমায় মেরে ফেলবে, তুমি আমায় রক্ষা করো !

মনটা সহসা অজ্ঞাত ব্যথায় মুচড়ে উঠলো। আশ্বাস দিলেম তাকে স্নিগ্ধ স্বরে কোন ভয় নেই, ভাই। বাবা তোমাকে আশ্রয় দিয়েছেন তোমার জীবন সম্বন্ধে সম্পূর্ণ নির্ভয় হোতে পারো।

আমার সহানুভূতি তার অশ্রুধারাকে টেনে আনলো অবিশ্রান্ত ধারায়। অশ্রু বিকৃত কণ্ঠে বললে আমি যে খেতে পারছি না, কেবলই আমার মা বাবার কথা মনে হয়।

কোন ভয় নেই, তারা ভালোই আছেন।—সান্ত্বনায় ভুলিয়ে রাখতে চাইলেম তাকে।

রিফির চোখ দু'টি চক্‌চক্‌ ক'রে উঠলো। একটু নীরব থেকে আবার বললে এমনি কোরেই চারদিন কেটে গেলো।

পঞ্চম দিন গভীর রাত্রে হঠাৎ তার চীৎকারে আমার ঘুম ভেঙে গেলো। ছুটে গেলেম আমি আর বাবা।

ছেলেটি ঘরের মাঝখানে দাঁড়িয়ে আছে স্তব্ধ হোয়ে। রক্তহীন ফ্যাকাশে নয়নে ফ্যালফ্যাল ক'রে আমাদের দিকে চেয়ে রইলো।

বাবা উঠলেন: লয়েড, কি হয়েছে?

লয়েড স্বপ্নাবিষ্টের মতো বলে গেলো—আমার মা ওই জানালা দিয়ে এইমাত্র দেখা দিয়ে গেলেন। সমস্ত শরীরে তার রক্তচিহ্ন!

শিউরে উঠলেম আমি।

তুমি স্বপ্ন দেখেছো, লয়েড—বাবা বললেন ওর পিঠে হাত বুলিয়ে দিয়ে। লয়েড প্রতিবাদ জানাল—না না আমি ঘুমোইনি। স্পষ্ট দেখেছি আমি।

আবার ফিরে এলেম নিজেদের ঘরে। বাবা তাঁর ঘরে যাবার সময় আমায় বলে গেলেন শুধুমাত্র একটি কথা—হ্যালিউশিনেশন।

শেষ রাতে আবার আমাদের ঘুম ভেঙে গেলো বিকট গুলির আওয়াজে! চমকে উঠে বললেম আমি: গুলি?

রিফি ব্যথায় ম্লান চোখদুটি আমার দিকে তুলে ধরে বললে: হ্যাঁ, তাই।

খানিকক্ষণ চুপ ক'রে থেকে আবার বললে: আমি ভয়ে কাঠ হোয়ে বসে রইলেম নিজের ঘরে। বাবা ছুটে গেলেন লয়েডের কাছে। আস্তে আস্তে আমিও গেলেম কিছুক্ষণ পর তার ঘরে।

বাবা বজ্রাহতের মতো দাঁড়িয়ে আছেন লয়েডের শিয়রে। ওর মাথা ফুটো হোয়ে গিয়ে ঘিলু বেড়িয়ে এসেছে গলগল করে। ডানহাতে পিস্তল বাঁ হাতের মুঠোতে ছোট একটি চিঠি—তোমরা আমাকে বাঁচাতে চেয়েছিলে, বিধাতা বাদ সাধলেন। মা আমার বলে'গেছে লয়েড, চলে এসো। তুমিও বাঁচবেনা; ওদেরও সর্বনাশ করে যাবে, যদি জানাজানি হোয়ে যায় ওদের ওখানেই আছ তুমি!

ঈশ্বর তোমাদের মঙ্গল করুন!

আবছা অন্ধকারে আমি আর বাবা এসে লয়েডকে কবর দিয়ে গেলেম এখানে। একটি প্রাণীও জানতে পারেনি সে কাহিনী। শহরের সীমানা



His Excellency Dr. K. N. Katju, Governor of West Begal,
addressing the College on ST. PAUL'S DAY



Prize distribution—Sports Day.

UNIVERSITY OF NORTH BENGAL
LIBRARY
RAJARAMMOHUNPUR



THE COLLEGE HOCKEY TEAM, 1949-50

Hitendra Guha clearing in fine style



Rabiul Haque who won the College Championship in the Annual Sports, 1950

Apurba Moitra winning the 110 metres Hurdles followed by Gopal Pillai Navaratnam.

ছাড়িয়ে এই নির্জন প্রান্তরে চিরদিনের তরে ঘুমিয়ে রইলো সে লোকচক্ষুর অন্তরালে! কোন সাক্ষী নেই, নেই কোন নিশানী।

রিফি কাঁদতে লাগলো ফুঁলে ফুঁলে। আমি ওর মাথায় হাত বুলিয়ে দিতে লাগলেম। কাঁদুক ও লয়েডের জন্যে। আর হয়তো কেউ নেই এই পৃথিবীতে দু' ফোঁটা চোখের জল ফেলতে হতভাগ্য বিদেশী কিশোরের স্মৃতি স্মরণ করতে।*

অনিমেষের ডায়েরী

রবি বন্দ্যোপাধ্যায় (৪র্থ বর্ষ, সাহিত্য)

অনেকদিন পরে অনিমেষ যখন তার পুরানো ডায়েরীটা খুঁজে পেল—তার মন ভরে উঠ্‌লো এক মধুর স্মৃতিভরা আনন্দে। ছাত্রজীবনের আশা-আকাঙ্খার প্রতীক এই তার ডায়েরী। আজ বহুদিন পরে সে যখন এই ডায়েরী খুঁজে পেল, সে তার চোখদুটোকেই যেন সহসা বিশ্বাস করতে পারলো না। কেননা ডায়েরীর আশা সে একরকম ছেড়েই দিয়েছিল। পুঞ্জীভূত বিস্মৃতির অন্তরালে তার ডায়েরী হারিয়ে গেছে—এই ছিল তার বিশ্বাস।

আজ জীবনের মধ্যাহ্নে সে তার মধুর অতীতকে খুঁজে পেয়েছে। প্রায় বিশ বছরের পুরানো স্মৃতি তার চোখের সামনে জ্বল্‌জ্বল্ করছে প্রদীপ্ত অগ্নিশিখার মত—তার দীপ্তিতে সে যেন দেখতে পাচ্ছে তার পুরাতন অতীতকে একেবারে স্পষ্ট জীবন্ত। ডায়েরীর পাতাগুলো হয়ে গেছে মলিন—ওপরে তার ছাপ পড়েছে বার্দ্ধক্যের। কিন্তু অনিমেষ ভাবে—সত্যিই কি তার ডায়েরী মলিন হয়ে গেছে?—না, তার ডায়েরী চিরদিন অমলিন। কালের কুটিল অভিশাপ সমস্ত কিছুকে করে দেয় মলিন ও বিভ্রান্ত; কিন্তু সে পরাজয় স্বীকার করে স্মৃতির কাছে। মানুষ পুরাতন হয়—তার পরিবর্তন আসে। কিন্তু স্মৃতির পরিবর্তন নেই! তার বার্দ্ধক্য নেই, জরা নেই। তার চির যৌবনের জয়গানে সে অধীর। তাই তো পুরাতন স্মৃতি মানুষকে দেয় আনন্দ, উৎসাহ, প্রেরণা। যুগে যুগে মানুষ তার এই স্মরণটুকুকে অবলম্বন করে দুঃখে পেয়েছে আনন্দ, শোকে পেয়েছে সান্ত্বনা...ডায়েরীর বিস্রস্ত পাতাগুলোর দিকে চেয়ে অনিমেষের চোখ ঝাপসা হয়ে আসে। সে যেন দেখ্‌তে

* সাহিত্য সমিতির উদ্যোগে অনুষ্ঠিত ছোটগল্প প্রতিযোগিতায় প্রথম পুরস্কার প্রাপ্ত রচনা।

পায়—তার বিস্মৃত অতীতের ঘটনাবলী। একের পর একটি দৃশ্য চোখের ওপর ভেসে ওঠে—আবার মিলিয়ে যায়। জীবননাট্যের দৃশ্যান্তর যেন। এরই মধ্যে কখনও পেয়েছে সে আনন্দ, কখনও পেয়েছে দুঃখ; কিন্তু সব মিলিয়ে উপভোগ করেছে সে এক মধুর আনন্দবোধ যা আজও তার মনকে বারবার উৎফুল্ল করে তোলে।···

মধ্যাহ্নের বিরামবিহীন ছন্নছাড়া বাতাস হু হু শব্দে বয়ে যায়। তার সঙ্গে জাগে পাখীর কাকলি। মধ্যাহ্নের খররৌদ্রে অনিমেষ চেয়ে দেখে প্রকৃতির তাম্রাভ রূপ। নির্জন, নিস্তব্ধ দ্বিপ্রহর—তার মনের ভেতরটা হুহু করে ওঠে। এইরকম কত কাকলিমুখর দ্বিপ্রহর তার কেটে গেছে বেদনাবিধুর স্মৃতিতে ভরা। বৈশাখের উত্তপ্ত আবহাওয়ায় সে যেন হাঁপিয়ে ওঠে। খোলা জানালার ধারে চিন্তাক্লিষ্ট দেহটাকে ছড়িয়ে দেয় অনিমেষ, বাইরে তাকিয়ে থাকে একদৃষ্টে।

চারিদিকে অশান্ত বাতাস
ফেলিতেছে মর্মর নিঃশ্বাস
বনের বুকের আন্দোলনে···

অনিমেষ ডায়েরী পড়ছিল। অতীতকালের মধুর স্মৃতিভরা ডায়েরী।

"১৯——। পিছনে ফেলে এলাম কতকগুলি স্মৃতিভরা বৎসর। এ গুলোর দিকে যখন ফিরে চাই—মনটা এক অজ্ঞাতপূর্ব ব্যথায় ভরে ওঠে। কিন্তু এ ব্যথা-বেদনা কেন? স্মৃতিভরা দিনগুলি মনকে আনন্দ দেয় না কেন? এ প্রশ্ন আমার মনে অহরহঃ বাজে। এর উত্তর কিন্তু আমি পেয়েছি। আত্ম-জিজ্ঞাসা মনকে বার বার পীড়া দিয়েছে এবং এই জিজ্ঞাসু মনের তৃষ্ণা যতদিন না মিটেছে, মনে প্রাণে অনুভব করেছি এক অসহ্য বেদনা। তাই বিগতদিনগুলির স্মৃতি হয়ে উঠেছে একান্ত বেদনাবিধুর।

পিছনের দিনগুলি মনে বেদনা দেয় কেন? কারণ, পিছনের সেই সুখে দুঃখে ভরা দিন গুলিকে যে আমি চিরতরে হারিয়েছি। আর আমি ফিরে পাব না আমার কৈশোরের সেই স্বপ্নভরা দিনগুলি। দিনগুলি সুখে ও দুঃখে অনুপম হয়ে দেখা দিয়েছিল। মাকে আমি কৈশোরেই হারিয়েছি। আর সেই সঙ্গে হারিয়েছি মার স্নেহময় স্মৃতিতে ঘেরা সুন্দর দিনগুলি। সে ত' আমি আর

ফিরে পাব না। আজ এই সম্মুখশায়ী বর্তমানের পারপ্রেক্ষতে যখন অতীতচারণা করি মনটা এই অব্যক্ত ব্যথায় মুচড়ে ওঠে। মনে হয়, কি প্রয়োজন এই অতীত চিন্তার? যে চিন্তা মনে আনে বেদনাপ্লুতি, যে চিন্তা মনকে করে বিষণ্ণ হতে বিষণ্ণতর—কি সার্থকতা থাকতে পারে সে চিন্তায়? কিন্তু তবুও অতীতের কথা চিন্তা করি। শুধু চিন্তা করি না—সমস্ত অন্তর দিয়ে অনুভব করি অতীতের বিগত স্মৃতিকে। বর্ষা ও বসন্ত—এ দুটি আমার প্রিয় ঋতু। মনে পড়ে শ্রাবণের কত বর্ষণমুখর রাত্রি আর ফাল্গুনের আতপ্ত দিবাবসান! এই দুটি ঋতুকে কেন্দ্র করে গড়ে উঠেছিল আমার স্বপ্নভরা দিনগুলি। বসন্ত বাতাসের মর্মর নিঃশ্বাস অনুভব করি আজও। কিন্তু আনন্দ পাই না। অনুভব করি শুধু অন্তহীন বেদনা। মনে পড়ে—বসন্তের সুখস্পর্শ বাতাসে—উন্মুক্ত আকাশের তলে, বনশিউলির ঝোপের পাশে বসে David Copperfield পড়া। পড়তে পড়তে Davidএর কৈশোরের দুঃখে চোখে এসেছিল অশ্রুধারা। বন্ধ করেছিলুম পড়া। ফাগুনের উতলা বাতাস চকিতে মুছিয়ে দিয়েছিল চোখের জল। নিজের অজ্ঞাতে ঘুমিয়ে পড়েছিলাম বনশিউলির ঝোপের ধারে—বুকে ক'রে David Copperfield। বাবা এসে ডেকে তুলেছিলেন—তখন সন্ধ্যা হয়ে গেছে।···যে স্মৃতিকে পিছনে ফেলে এসেছি—সে আমায় ভুলে গেছে। কিন্তু আমি যে তাকে ভুলি নি। একথা কেমন করে বোঝাব?

আর একটি দিনের কথা মনে পড়ে। সেদিন আকাশ জুড়ে কালো মেঘ তার অপরূপ শ্যামশোভা নিয়ে দেখা দিয়েছিল। শ্রাবণের বর্ষণমুখর রাত্রি অঝোরে কাঁদছিল। আর বাইরে বইছিল অশান্ত ঝড়ের বাতাস।··রাত্রির সেই স্তব্ধ মুখরতার মাঝে আমি পড়ছিলাম "পথের পাঁচালী"। বাড়ীর সবাই তখন ঘুমিয়ে পড়েছে। আমি কেবল অতলস্পর্শ নিঃসঙ্গতার মাঝে ডুব দিয়েছি। সব আলো তখন নিভে গেছে। পড়ছিলাম প্রদীপ জ্বেলে। সেদিনটির কথা কি কোনদিন ভুলব? পড়ছিলাম——

"বাইরে বর্ষণক্লান্ত রাত্রিতে টিপ্ টিপ্ করিয়া বৃষ্টি পড়িতেছে। চারিদিকে ব্যাঙ ডাকিতেছে অবিশ্রান্ত। নৌকায় বসিয়া প্রদীপের আলোতে দাশুরায়ের পাঁচালী পড়া আর শেষে তপ্ত কই মাছের ঝোলে ভাত খাওয়া···কি সুন্দর। অপু বড় হইয়া এইরূপ করিবে ও আষাঢ়ুর হাটে নৌকা লইয়া যাইবে···।"

একান্ত নিঃসঙ্গতায়, গভীর নিশীথে এই পথের পাঁচালী আমায় পাগল করে তুলেছিল। তখন মাঝে মাঝে ভাবতাম—আমিই ঐ "পথের পাঁচালীর" অপু—অন্য কেউ নয়।.....

আরও আছে—আরও ব্যথা বেদনা জমে আছে আমার স্মৃতির মণিকোঠায়। তার কতক ভুলেছি—কতক ভুলতে পারি নি। মনে পড়ছে সুরেশকে আর রাণুদিকে। আজ পর্য্যন্ত আমি কাউকেই একান্ত অন্তরঙ্গ বন্ধু হিসাবে পাই নি। বন্ধুত্ব যা ঘটেছে, তা' একান্তই প্রয়োজনের তাগিদে। প্রাণের মিলনরেখা বন্ধুত্বের মধ্যে অনুপ্রবিষ্ট হ'তে পারে নি। তাই বন্ধুত্ব আমার কাছে একটা পরিচয় ও প্রয়োজনের বহিরাবরণমাত্র। তার বেশী নয়। কিন্তু সুরেশকে আমি অনেকটা একান্ত করে নিয়েছিলুম—সবটা যে পারি নি একথা বলতে কুণ্ঠা নেই। কারণ সেটা আমারই অক্ষমতা—তার নয়। সুরেশ ছিল একটি সত্যিকারের শিল্পী। শুধু গান ছাড়া অন্য সব কিছুতেই সে ছিল দরদী শিল্পী। ছবি আঁকত সে অনুপম, অতুলন। সূচী শিল্পে সে ছিল আমার কাছে একটা প্রকাণ্ড বিস্ময়। আর ছাত্র হিসাবে ছিল সত্যই মেধাবী। পরীক্ষার হলে সে ছিল আমার নিরন্তর প্রতিদ্বন্দ্বী।...এ জন্য মাঝে মাঝে আমাদের মধ্যে মনোমালিন্যের সৃষ্টি হয়েছে।—কিন্তু সেটা ছিল নিতান্তই মামুলী।.....আর রাণুদি? তিনি ছিলেন অদ্ভুত মেয়ে। অপরূপ সুন্দরী ও অসামান্যা বুদ্ধিমতী। এক কথায় তিনি ছিলেন অনন্যা। তিনি আমাকে যথেষ্ট স্নেহ করতেন। তাঁর রূপ ছিল জ্বলন্ত বহ্নিশিখার মত। প্রায়ই তখন ভাবতাম—মানুষের এতরূপ কি সম্ভব? কৈশোরের সূচনায় অন্য কিছু ভাবতে শিখিনি। কিন্তু সৌন্দর্য্যকে প্রকৃত উপলব্ধি করতে পেরেছিলাম। মানুষের সৌন্দর্য্য আর প্রকৃতির সৌন্দর্য্য আমার কাছে ছিল পরম রমণীয় ও বরণীয়। এই সৌন্দর্য্যকে আমি হৃদয় দিয়ে অনুভব করতে শিখেছিলাম। কিন্তু কোথায় গেল সুরেশ আর রাণুদি?...ক্ষণিকের পরিচয় আজ আমাকে ফেলে রেখে গেছে এক রূঢ় অপরিচয়ের মাঝখানে। তারা হয়ত আমাকে ভুলে গেছে, কিন্তু আমি তাদের ভুলিনি।

আর একটি কথা মনকে বড় পীড়া দেয়। কৈশোরের প্রথম প্রভাতে যখন রঙীন অরুণিমা কিশোরের মনে লাগায় এক পবিত্র পরশ, যে মুহূর্ত্তটিতে কিশোর জীবনকে সরস করে তোলে বন-উপবনের স্নিগ্ধ শ্যামলিমা—সেই ক্ষণে

আমি অনুভব করেছিলাম এক অব্যক্ত বেদনা। দুটি মেয়ে আমাকে ভালবেসেছিল—নিছক ছেলেমানুষী ছাড়া আর কিছু নয়। কিন্তু আমি তাদের কিছুতেই ভালবাসতে পারি নি—কেননা তাদের সৌন্দর্য্য ছিল না। আমার চোখে তারা ছিল অসুন্দর। আমি যে সৌন্দর্য্যের পূজারী। কৈশোরের স্বপ্নময় দিনগুলিতে আমি চাইতাম শুধু দৈহিক সৌন্দর্য্য—বহিরাবরণের লাবণ্যময় রূপ। তখন এর বেশী কিছু চিন্তা করতে পারতাম না। কিন্তু আজ আমার দৃষ্টিভঙ্গি ক্রমশঃ বদ্‌লে যাচ্ছে। যাক্ ও কথা। বিগত অতীতের অদ্ভুত চিন্তাধারা যখন মাঝে মাঝে পর্য্যালোচনা করি সমস্ত মন অজানা ব্যথায় আলোড়িত হয়ে ওঠে। মনে হয় জীবনের সমস্ত আনন্দ আমি হারিয়েছি। এ আনন্দ যদিও অবিমিশ্র ছিল না। সুখ ও দুঃখ, ব্যথা ও বেদনার ছিল এক অপূর্ব সংমিশ্রণ। তবুও আমি অনুভব করতাম এক অনাস্বাদিতপূর্ব আনন্দ।

আজ সাম্‌নে কঠিন বাস্তব এক বিরাট দৈত্যের রূপ নিয়ে দাঁড়িয়ে আছে। স্বপ্নাতুর হয়ে আত্মচিন্তায় বিভোর হয়ে থাক্‌বার সময় আর নেই। এই বাস্তবরূপ দৈত্যকে সংগ্রামে ধরাশায়ী করে এগিয়ে যেতে হ'বে সাম্‌নে চলার পথে। আগামী দিনের ভবিষ্যৎ অপেক্ষা করছে আমার জন্য—তার আহ্বানে আমাকে সাড়া দিতে হ'বে। প্রস্তুত হতে হবে আমাকে কঠোর সংগ্রামের জন্য। কোথায় হারিয়ে গেছে আমার পিছনের স্বপ্নময় দিনগুলি? বিদায়, বিদায় বিস্মৃত অতীত। আমি তোমাকে ভুলতে চাই—কিন্তু ভুলতে যে পারিনি, তাই—

"কোনদিন কর্মহীন পূর্ণ অবকাশে
বসন্ত বাতাসে
অতীতের তীর হতে যে রাত্রে বহিবে দীর্ঘশ্বাস
ঝরা বকুলের কান্না ব্যথিবে আকাশ,
সেইক্ষণে খুঁজে দেখো কিছু মোর পিছে রহিল, সে
তোমার প্রাণের প্রান্তে, বিস্মৃত প্রদোষে।
হয়তো দিবে সে জ্যোতি
হয়তো ধরিবে কভু নামহারা স্বপ্নের মূরতি।
তবু সে তো সত্য নয়।"

অনিমেষের দৃষ্টি লঘু হয়ে আসে—চোখের সামনে অস্পষ্ট হয়ে ওঠে ডায়েরীর অক্ষরগুলো—ডায়েরীটাকে বুকে চেপে ধরে সে।

প্রায়শ্চিত্ত

রাণী ঘোষ (২য় বর্ষ, সাহিত্য)

প্রফেসর মিঃ জসীমুদ্দিন চৌধুরী এমন অমায়িক লোক হোয়ে কেন যে এমন অদ্ভুত ব্যবহার করলেন ছাত্রদের সঙ্গে, ছাত্ররা তা কিছুতেই বুঝে উঠতে পারেনি। ব্যাপারটা হোল এই,—

মিঃ চৌধুরী পাশের গাঁয়ে হিন্দু মুসলমানে যে রেষারেষি চলছিল সেটা মিটিয়ে সম্পূর্ণ সম্প্রীতি স্থাপন করেন, এবং তিনি একাজ করতে সক্ষম হন একমাত্র নিজের পরিশ্রম ও চেষ্টায়। এই ব্যাপারটাই ছেলেরা জানতে পেরে তাঁকে অভিনন্দন জানাবার জন্য এক সভার আয়োজন করে। কিন্তু চৌধুরী সাহেব সভায় যোগদান তো করেন নি, উপরন্তু একখানা চিঠিতে ছেলেদের জানিয়েছেন যে, অভিনন্দিত হওয়ার মত কোন কাজ তিনি করেন নি; মিছামিছি একটা হুজুগ তুলে মিথ্যা সভার আয়োজন করা হয়েছে। অতএব মিথ্যা সভায় তিনি যেতে পারেন না। এই ব্যাপারে ছেলেরা বেশ ক্ষুব্ধ হোল, এবং ছেলেদের সঙ্গে প্রফেসার স্টাফ্ ও কম বিস্মিত হোলেন না। কতগুলি ছেলে ঠিক করলে যে চৌধুরী সাহেবকে এ সম্বন্ধে জিজ্ঞাসা করা হবে।

একদিন দুপুরবেলা হুড়মুড় কোরে কয়েকজন ছেলে গিয়ে ঢুকল চৌধুরী সাহেবের ঘরে। চৌধুরী সাহেব তখন কি একখানা বই পড়ছিলেন নিবিষ্ট চিত্তে। বই থেকে মুখ তুলে শান্তস্বরে জিজ্ঞাসা করলেন—'কি চাই?' একজন বললে, 'আপনাকে একটা কথা জিজ্ঞাসা করতে চাই স্যার!' বইখানা মুড়ে মিঃ চৌধুরী বললেন 'বেশ বল—।' ছেলেরা বল্লে—'সেদিন আপনি সভায় যোগদান করলেন না কেন তাই জিজ্ঞাসা করছিলাম।' বিরক্তমুখে মিঃ চৌধুরী বললেন—'প্রয়োজন মনে করিনি তাই। আর সে কথা তো চিঠিতে জানিয়ে দিয়েছি।'

এই উত্তরে একটি ছেলে উত্তেজিতভাবে কি বল্‌তে যাচ্ছিল, তাকে বাধা দিয়ে আর একটি ছেলে শান্তভাবে বল্‌ল—'আমরা আপনাকে অভিনন্দন জানাবার জন্য সভা করেছিলাম, তাতে যোগ দেওয়ায় প্রয়োজন, অপ্রয়োজন বা আপত্তির কি আছে তাতো বুঝলাম না?' মিঃ চৌধুরী একটু শান্ত হেসে

বললেন—"আছে—।" ভেবেছিলাম কোনদিন কাউকে বলব না। কিন্তু তোমরা যখন এব্যাপারে এত বিচলিত হোয়েছ, তখন শোন বলি—। আজ থেকে ঠিক, তিন বৎসর আগে,—

তখন আমি ফোর্থ ইয়ারে পড়ি। অসীম আর আমি ছিলাম দু'জন বন্ধু। সে হিন্দু, আমি মুসলিম। কিন্তু এক বৃন্তে দু'টি ফুলের মত তাতে আমাতে কোন পার্থক্য ছিল না। অসীমের আশা ছিল সুদূরপ্রসারী, স্বপ্ন ছিল আকাশ ছোঁয়া। স্বপ্ন ছিল তার সাগর পারের দেশকে ঘিরে। তার মত আমরাও জানতুম যে, এই স্বপ্ন একদিন সোনার আলোয় ঝলমল হোয়ে উঠবে। কিন্তু হঠাৎ তার এ মতের হোল পরিবর্ত্তন। বিলাত যাবার কথা সব ছেড়ে দিয়ে ও নেমে গেল এই সম্প্রীতি স্থাপনের কাজে। এতদিন পরে অসীমের সঙ্গে আমার হোল মতান্তর। সত্যিই—ও বিলাত যাওয়া বন্ধ করায় ওর প্রতি আমি রুষ্ট হোয়েছিলাম।

তারপর কিছুদিন আর ওর সঙ্গে আমার দেখা সাক্ষাৎ হয়নি। হঠাৎ একদিন শুনলাম যে, হিন্দুমুসলমানে বিবাদ মিটাতে গিয়ে অসীম ছুরিকাহত হোয়েছে। পাগলের মত ছুটে গেলাম হাঁসপাতালে। দুরুদুরু বুকে যখন ওর বেডের কাছে গেলাম তখন ওর সংজ্ঞাহীন অবস্থা। একখানা চেয়ার নিয়ে আমি ওর মাথার কাছে বসে পড়লাম।

গভীর রাত—শীতের আকাশে কুয়াশায় ঘেরা চাঁদ ম্লান মুখে জেগে আছে। তারাগুলোকে অস্পষ্টভাবে দেখা যাচ্ছে কুয়াশার মধ্য দিয়ে। সমস্ত হাসপাতাল কবরস্থানের মত নিস্তব্ধ। 'ইমার্জেন্সী' ওয়ার্ডে—১১ নং বেডে' ঘুমোচ্ছে অসীম। বুকে ব্যাণ্ডেজ, মুখখানা ম্লান শীর্ণ। মাথার কাছে বসে আছি আমি ওর মুখের দিকে চেয়ে। শত সহস্র স্মৃতির আলোড়ন মনে দুলে উঠছে।

সমস্ত ওয়ার্ড প্রাণহীন—নিঃস্পন্দ। হঠাৎ অসীম একটা অস্ফুট কাতরোক্তি করে উঠলো। আমি তাড়াতাড়ি ওর মুখের ওপর ঝুঁকে জিজ্ঞাসা করলাম,—'অসীম, কষ্ট হচ্ছে কি?' ও চোখ না মেলেই বলল—'উঃ বড় কষ্ট; জসীম এসেছো কি? বড় তেষ্টা,—একটু জল।' আমি তাড়াতাড়ি একটু জল ওর মুখের কাছে ধরলাম। জল খেয়ে ও শান্ত হোয়ে ঘুমালো।

ঘড়ির কাঁটা একটার পর একটা ঘর পেরিয়ে চলেছে। গভীর হ'তে গভীরতর সুপ্তির কোলে ডুবে যাচ্ছে আঁধার রাত্রি। ওর ঘুমন্ত মুখের দিকে অপলক চোখে চেয়ে তখনও আমি বসে আছি নিঃশব্দে। সহসা ওর ঠোঁট দু'টি একবার কেঁপে উঠ্‌ল। তারপর ও আবার কাতরোক্তি করে উঠ্‌ল—'জল'।

জল খেয়ে অসীম আবার চোখ মেলে চাইল। কয়েক মুহূর্ত্ত ওর চঞ্চলদৃষ্টি আমার মুখের উপর স্থির হোয়ে রইল। তারপর হঠাৎ আমার হাত দু'টো ধরে ব্যাকুলভাবে বলে উঠ্‌ল—'জসীম, জসীম, একটা কথা আমি তোমায় বল্‌তে চাই শুনবে কি ভাই?' চোখের জলে আমার দৃষ্টি ঝাপ্‌সা হোয়ে আস্‌ছিল, কম্পিত কণ্ঠে কোন রকমে বললাম—'তোমার কথা শুনতেই তো এসেছি'। অসীম উত্তেজিত ভাবে উঠে বস্‌তে যাচ্ছিল—আমি ধীরে ধীরে শুইয়ে দিয়ে বললাম—'অত উত্তেজিত হোয়োনা অসীম—এখুনি আবার রক্ত ছুটবে।'

অসীম হাসল,—শান্ত ম্লান হাসি—। তারপর ধীরে ধীরে বললো—'রাত শেষ হওয়ার আগে, তোমায় যে আমার সব কথা বলতেই হবে ভাই। নয় তো আর সময় হবে না। আমার জীবন দীপ নিভতে যে আর বেশী দেরী নেই, তা'কি বুঝতে পারছ না?' আমি ভগ্নকণ্ঠে বললাম—'বেশ বল—।'

অসীম তার ডান হাতখানা আমার দিকে এগিয়ে দিল—। আমি ব্যাকুলভাবে হাতখানা দু'হাতে চেপে ধরে নিঃশব্দে বসে রইলুম। অসীম সুরু করল—

'তুমি জানো জসীম আমার আশা আর কল্পনা কি ছিল। কিন্তু সে সব কল্পনা বদলে গেল আমার, সমাজের দিকে চেয়ে। সমাজের দিকে তাকিয়ে দেখলুম—তার সর্ব্বাংশে ঘূণ ধরেছে। মিথ্যা, প্রতারণা, অন্যায়, অবিচারে, সে নিশ্চিত ধ্বংসের পথে এগিয়ে যাচ্ছে। আর সবচেয়ে ভীষণ কথা হচ্ছে—সারা দেশের বুকে জ্বল্‌ছে হিংসার দাবাগ্নি—! জাতিতে জাতিতে হিংসা, জাতির থেকে দলে, দলের থেকে সমাজে, সমাজের থেকে সংসারে। এই হিংসার পুঞ্জীকৃত ধোঁয়া সারা দেশকে করে রেখেছে আচ্ছন্ন। তাই আমি নেমে গেলাম এই দাবাগ্নি নিভাবার কাজে। জানি সমুদ্রে বারিবিন্দুর মতই এ নিরর্থক। কিন্তু তবু—। আর বিলেত গিয়েই বা কি হ'ত, হয়তো দু'টো

বড় বড় লেক্‌চার শিখে আসতুম, নয় কেতাদুরস্ত ফ্যাসান।' অসীম হাঁপাতে লাগ্‌ল। 'এই জন্যই আমি তোমাকে বলেছিলাম অসীম যে অতদূর এগিও না'—ধরা গলায় বল্লাম আমি। অসীম কি উত্তর দিল জানো—? উত্তর দিল, 'যারা সস্তায় নাম কিন্‌তে চায় তুমি কি আমায় তাদের মত মনে কর জসীম যে যতদূর গেলে নাম কেনা যায় তার বেশী আর এগোবো না?' খানিকক্ষণ চুপ করে থাক্‌বার পর সে আবার সুরু করল—'আচ্ছা। এমন সুন্দর জগতটাকে মানুষ কেন এমন ক'রে কালো ক'রে দেয়? সেই রাজনীতির উপরের ধাপ থেকে সংসারের নীচের ধাপ পর্য্যন্ত মানুষ অশান্তি আর বিশৃঙ্খলা ঘটিয়েই চলেছে—কাউকে এতটুকু বিশ্বাস করে শান্তি নেই। সত্য, বিশ্বাস, স্নেহ, প্রীতি, সে যেন মানুষের অন্তর ছেড়ে, কোন্ দূরে অন্ধকারের অতলতলে আশ্রয় নিয়েছে। আছে শুধু—ছলনা, প্রতারণা আর কুৎসিত কামনার মিথ্যা রূপ। এই নিয়ে চলেছে দুনিয়ার খেলাঘর।' আমি নিষ্ফল ক্রোধে চঞ্চল হয়ে উঠি। অসীম বলে 'চঞ্চল হোয়োনা জসীম—বাকীটুকু আমায় শেষ করতে দাও। নয়ত' আর সময় হবে না। হ্যাঁ, আমি দেশকে ভালবেসেছিলাম। তাই দেশের আবর্জ্জনা সরাতে গিয়েছিলাম। বাঁচাতে গিয়েছিলাম সেই সব মানুষকে যারা মুখ বুজে লাঞ্ছনা ভোগ করে, তবুও প্রতিবাদ করতে পারে না। তুমি কি দেশকে ভালবাসো না, জসীম'?

'দেশকে কে না ভালবাসে অসীম,—তবে তোমার মত হয়তো সকলে পারে না'—বল্লাম আমি। অসীম বলল, 'আমি জানি, আমার চেয়ে তুমি এক তিলও কম ভালবাসোনা দেশকে। তাইতো আমার অসম্পূর্ণ কাজের ভার আমি তোমার হাতে দিয়ে যেতে চাই ভাই! যে কাজ আমি সুরু করেছিলাম তুমি তা সম্পূর্ণ করো!' আবেগ ভরা অথচ দৃঢ়কণ্ঠে আমি বললাম, 'করবো—। তোমার জাতির প্রায়শ্চিত্ত তুমি করেছ, এবার আমার জাতির প্রায়শ্চিত্ত আমি করবো।' ব্যথিত কণ্ঠে অসীম বলল, 'তোমার জাতি আমার জাতি নয় ভাই? বল, হিন্দু-মুসলমান সম্মিলিত জনতির পাপের প্রায়শ্চিত্ত আজ আমরা করছি।' এক অপূর্ব্ব দীপ্তিতে অসীমের মুখখানা উদ্ভাসিত হোয়ে উঠলো—ও বলল, 'হ্যাঁ ভাই, সবার মাঝে আপন হোয়ে দাঁড়াবার চেষ্টা কোরো। কোন ভেদাভেদ রেখো না। জেনো নিজের ক্ষুদ্র স্বার্থ কিছুই নয়। মনে রেখো এ তোমার বন্ধুর শেষ অনুরোধ।'

"গভীর আরামে অসীমের চোখ দুটি বুজে এল যেন নিবিড় শান্ত ঘুমের কোলে। আমি বুঝলাম এ ঘুম আর ওর ভাঙ্‌বে না। আস্তে মুঠিতে ধরা হাতখানা বিছানায় নামিয়ে দিলাম। গায়ের চাদরটা গলা পর্য্যন্ত ঢেকে দিয়ে, নিঃশব্দে বেরিয়ে এলাম ঘর থেকে।

সেই দিন ওর মৃতদেহ ছুঁয়ে শপথ করেছিলাম ওর যে অসমাপ্ত কাজের ভার আমি নিয়েছি, তার জন্য কোন প্রশংসা কোন প্রতিদান আমি নেবোনা।

রাত্রি তখন শেষ হোয়ে আস্‌ছে। পূবের আকাশ একটু একটু কোরে ফিকে হোয়ে যাচ্ছে। আমি আর দেরী না করে হাসপাতালের বাইরে এসে দাঁড়ালাম। আকাশের দিকে তাকিয়ে দেখলাম, শুকতারাটা তখনও দপ্‌ দপ্‌ করে জ্বল্‌ছে। মনে হোল, ও যেন ভাষাহীন মুখে বৃহত্তর, বৈচিত্র্যময় জীবনের পথে আমাকে ইঙ্গিত করছে। আমি আর দাঁড়ালাম না,—যাত্রা সুরু করতে হবে—বন্ধুর শেষ অনুরোধ।"

এই পর্য্যন্ত বলে মিঃ চৌধুরী থামলেন। ছেলেরা দেখল তাঁর দু'চোখ দিয়ে জলের ধারা নেমেছে। ছেলেদের চোখও শুষ্ক ছিল না। তারা রুমাল দিয়ে চোখ মুছে বলল—'ক্ষমা করবেন স্যার,—আপনাকে ভুল বুঝে আপনার মনে আঘাত দিয়েছি।' চৌধুরী সাহেব একটু হাসলেন—শান্ত মৃদু হাসি।

স্মরণীয় ২৬শে

অধ্যাপক শ্রীফণিভূষণ চট্টোপাধ্যায়, এম, এ

ভাষা বড়ই সৌভাগ্যবতী। যেহেতু ভাষায় একটী অমরত্বব্যঞ্জক শব্দ আছে—সেই শব্দ হইতেছে "মা"। মাধুর্য্যে, মাহাত্ম্যে, অনুপ্রেরণায়—এই "মা"য়ের তুল্য শব্দ আর নাই। আনন্দেও "মা", পীড়াকালেও "মা", বিপদেও "মা" আর মৃত্যুর যন্ত্রণায়ও "মা"। যাদুকরের মত এই "মা" শব্দ মানবহৃদয়ে কার্য করে। ভাষা বড়ই দীন ও দরিদ্র হইত, যদি "মা" শব্দ বিবর্জিত হইত ভাষা। এই পবিত্র "মা" শব্দের অধিকারিণী আমাদের মাতার উৎপত্তি হইয়াছে আমাদের সাধারণী মাতা ধরিত্রীর ক্রোড় হইতে। এই ধরিত্রীর মলয় মাতার স্নেহময় হস্তস্পর্শ, তাঁহার তৃণসমাকীর্ণ উন্মুক্ত ক্ষেত্র মাতার কোমল উৎসঙ্গ,

ধরিত্রীর নির্ঝরের বারি মাতৃস্তন্যস্বরূপ। তাঁহার উন্মুক্ত আকাশ মাতার স্নেহপরিপূর্ণ মুখমণ্ডল। এই প্রকার হইলেন আমাদের মাতার জননী। তাই জ্ঞানীজনেরা বলিয়াছেন—"জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী"। আজ এই শুভপ্রাতে আমরা স্বর্গের অপেক্ষাও অধিকতর গৌরবময়ী সেই ধরণী মাতার উদ্দেশ্যে শ্রদ্ধাবনত মস্তকে এবং ভক্তি পরিপূরিত হৃদয়ে কোটি কোটি প্রণাম নিবেদন করিতেছি।

এক্ষণে আমাদের অন্তরে চিন্তা করিয়া দেখা উচিত, আমরা আমাদের এই ধরিত্রী মাতার মর্যাদা ও গৌরব সর্বসময়ে রক্ষা করিয়া আসিতে পারিয়াছি কি? এ কথা নিঃসন্দেহে বলা যাইতে পারে যে বিগত এক সহস্র বৎসর ধরিয়া তাঁহার গৌরব আমরা রক্ষা করিতে পারি নাই। বৈদেশিকের আক্রমণে ও উৎপীড়ণে দেশমাতৃকা নিস্তেজ, লাঞ্ছিতা ও নিজগৌরববিবর্জিতা হইয়া পড়িয়াছিলেন। তাঁহার অযোগ্য সন্তানগণ তাঁহার সম্মান রক্ষার জন্য বিশেষ কিছুই করিতে পারেন নাই। কিন্তু এই এক সহস্র বৎসর সমস্তই দুঃখ দৈন্য ও লাঞ্ছনার অন্ধকারে সমাবৃত ছিল না। এই দুঃখের অমানিশাতেও কয়েকটী উজ্জ্বল নক্ষত্র আবির্ভূত হইয়া আমাদের এই ধরিত্রী মাতাকে আলোকিত করিয়া আমাদিগকে জানাইয়া দিয়াছিলেন—"আমাদের জাতীয় জীবনে আশাভরসা এখনও আছে—নৈরাশ্যের কোনও কারণ নাই, আমাদের গৌরবময় ঐতিহ্যের সাহায্যে আমরা এখনও আমাদের মুক্তির পথ অন্বেষণ করিয়া লইতে পারি।" প্রধানতঃ এই সকল নক্ষত্র হইলেন—রাজা জয়পাল, পৃথ্বীরাজ, রাণা সংগ্রামসিংহ, বীর জয়মল্ল ও পুত্ত, রাণী দুর্গাবতী, রাণাপ্রতাপ, চাঁদরায় ও কেদার রায়, প্রতাপাদিত্য, গুরু নানক, গুরু গোবিন্দসিংহ, রাজসিংহ ও শিবাজী। তাহার পর ইংরাজ শাসন কালে এই সকল নক্ষত্রের সংখ্যা ক্রমাগত বৃদ্ধি পাইতেই লাগিল। ক্রমে জাতীয় জীবন অধিকতর উদ্ভাসিত হইতে লাগিল। ইংরাজি শিক্ষার বিস্তারের সহিত এমন একটা জাতীয়তার প্লাবনে সমগ্র দেশ প্লাবিত হইয়া গেল, যে দেশবাসীগণ আশায় উৎফুল্ল হইয়া ভাবিতে লাগিলেন—মুক্তির বুঝি আর বিলম্ব নাই। এই দেশমাতৃকার মুক্তিযজ্ঞের প্রধান প্রধান ঋত্বিক্ হইলেন—মহারাজ নন্দকুমার, রাজা রামমোহন, ঋষি বঙ্কিম, স্যার সুরেন্দ্রনাথ, বালগঙ্গাধর তিলক, লালা লাজপত

রায়, পণ্ডিত মদনমোহন মালব্য, পণ্ডিত মতিলাল নেহেরু, চিত্তরঞ্জন, অরবিন্দ, মহাত্মা গান্ধী, সুভাষ চন্দ্র।

ক্রমে ১৯০৫ সাল আসিল। ইংরাজ বঙ্গবিভাগ করিলেন। এই সময় হইতে সমস্ত ঘটনাই চলচ্চিত্রের চিত্রাবলীর ন্যায় মানসপটে প্রোজ্জ্বলবর্ণে চিত্রিত হইয়া আছে। সমস্তই যেন গতকল্যকার ঘটনা বলিয়া প্রতীত হইতেছে। তখন আমরা সংস্কৃত কলেজে পড়ি। একদিন সন্ধ্যার পর শুনিলাম নন্দ ইন্‌স্‌পেক্‌টরকে হত্যা করা হইয়াছে। তিনি তখন ডাকবাক্সে চিঠি ফেলিতে যাইতেছিলেন। পরদিবস যথারীতি স্কুলের ছুটীর পর আমাদের কয়েক জনের ইচ্ছা হইল নিহত ইন্‌স্‌পেক্‌টরকে দেখিব। মেডিকেল কলেজে গিয়া আমাদের সংস্কৃত কলেজের একটী পুরাতন ছাত্রের সহিত সাক্ষাৎ হইল। তিনি তখন মেডিকেল কলেজের ছাত্র। তিনি আমাদের উক্ত কলেজের মর্গে লইয়া গেলেন এবং নিহত নন্দ ইন্‌স্‌পেক্‌টরের মুখের বস্ত্রটী সরাইয়া দিলেন। দেখিলাম বলিষ্ঠ, সুপুষ্ট, সুন্দর দেহ, মুখে মৃত্যুর চিহ্নও নাই—পরম শান্তিতে চিরনিদ্রামগ্ন। বাটী ফিরিয়া আসিলাম। অনেক চিন্তা মনে উদিত হইল, মনে মনে ভাবিতে লাগিলাম—নন্দর দোষ কি? সেত তাহার কর্ত্তব্য সম্পন্ন করিয়াছিল মাত্র। এখন আমার মনে হয় নন্দর দল এবং বিপ্লবীর দল উভয়েই দেশমাতৃকার মুক্তিকার্যে সহায়তা করিয়াছে। তাহাদের সকলের উদ্দেশ্যেই আজ আমি শ্রদ্ধা নিবেদন করিতেছি।

তাহার পর স্বদেশী আন্দোলনকারীরা দুই দলে বিভক্ত হইয়া গেল—মধ্যম-পন্থী ও চরমপন্থী। এই অবস্থায় সুরাটে সর্ব-ভারতীয় কংগ্রেসের বাৎসরিক অধিবেশন হইল। নরম এবং গরমপন্থীদের মধ্যে মতভেদ হওয়ায় উভয় পক্ষের মধ্যে বাক্‌যুদ্ধ হইতে হস্তযুদ্ধ হইয়া গেল। অবশেষে সাম্রাজ্যবাদী ইংরাজের পুলিশ আসিয়া শান্তি স্থাপন করিল।

ক্ষুদিরাম প্রমুখ কতকগুলি অত্যুৎসাহী অগ্নিতুল্য বীর যুবকের আবির্ভাব হইল। উপযুক্ত গুরুর শিক্ষায় তাহারা গীতার পুনর্জন্মবাদ অন্তরে অন্তরে সাক্ষাৎ-ভাবে অনুভূত করিল। মৃত্যুর ভয় তাহাদের মন হইতে চিরদিনের জন্য অন্তর্হিত হইল। দেশের সব কিছুই তাহাদের নিকট আধ্যাত্মিকতায় পরিপূর্ণ হইল। দেশের জল, বায়ু, মাটি সবই তাহারা নিজেদের অঙ্গপ্রত্যঙ্গ বলিয়া জ্ঞান করিতে

লাগিল। এই অবস্থায় তাহারা পিতামাতা ভ্রাতা ভগিণী সকলের কথাই বিস্মৃত হইয়া দেশমাতৃকার মুক্তির জন্য অসাধ্য সাধন করিল। কবি গাহিলেন —"ক্ষুদিরাম যেথা হাসিতে হাসিতে ফাঁসিতে করিল জীবন শেষ, তোমার (বঙ্গমাতার) কিসের লজ্জা, কিসের দুঃখ, কিসের ক্লেশ।" এই সময়ে আমরা নিশ্চিন্ত হইয়া "গীতা' 'জুলিয়াস সিজার' 'দেশের কথা' প্রভৃতি পুস্তক সকল পাঠ করিতে পারিতাম না। পড়িলেই মস্তকে সাদা চাদর জড়ানো সি, আই, ডি কর্ম্মচারী (তখন আমরা ইহাদিগকে টিকটিকি বলিতাম), আমাদের বাড়ীর আশে পাশে ঘুরিত এবং আমাদের পশ্চাৎ অনুসরণও করিত। আমাদের সময়ে Edmund Burkeএর French Revolution নামক প্রসিদ্ধ গ্রন্থও বি, এতে পাঠ্য পুস্তক হইতে পারিত না।

বিলাতি লবণ ও বিলাতি বস্ত্র বর্জন করা হইল। বম্বে মিলের মোটা ধুতি ও মোটা গেঞ্জি Dawn Society হইতে ক্রয় করিয়া ব্যবহার করিতাম। স্বদেশী বস্ত্র ক্রয় করিয়া বাংলা দেশ বম্বের মিলওয়ালাদের প্রভূত অর্থ দিল। অবশেষে বঙ্গভঙ্গ রহিত হইল। কিন্তু স্বাধীনতার আন্দোলন পুরাদমেই চলিতে লাগিল। এই আন্দোলন চরম আকার ধারণ করিল— জালিয়ানওয়ালা বাগের হত্যাকাণ্ড। এই সময়ে মহাত্মা গান্ধী ভারতবর্ষের তদানীন্তন সমস্ত নেতৃবৃন্দকে লইয়া সমরাগ্রভাগে অবতীর্ণ হইলেন। তিনি পূর্ণ স্বাধীনতা চাহিলেন। তজ্জন্য তিনি দুইটী অস্ত্র উদ্‌ভাবিত করিলেন— অসহযোগ আন্দোলন এবং আইন অমান্য আন্দোলন। বঙ্গভঙ্গের সময় বাংলার যুবকগণ জেল খাটিতে এবং ফাঁসিকাষ্ঠে আনন্দের সহিত প্রাণ দিতে অভ্যস্ত হইয়াছিল। এক্ষণে মাহাত্মার পরিচালনায় দলে দলে যুবকগণ পরম আনন্দের সহিত জেলে যাইতে লাগিল। মহাত্মা প্রচার করিলেন, পরাধীনতায় জেলই আমাদের উপযুক্ত বাসস্থান, অবশেষে এই জেল হইতে আমরা স্বাধীনতার সিংহদ্বারে উপনীত হইব।" তিনি দেশবাসীকে স্মরণ করাইয়া দিলেন—"বসুদেব এবং দেবকী দীর্ঘকাল ধরিয়া কংসের কারাগারে মুক্তির সাধনা করিয়াছিলেন। সেই সাধনার ফলে কারাদ্বার হঠাৎ একদিন উন্মুক্ত হইল, সঙ্গে সঙ্গে সমস্ত জগতেরও মুক্তির পথ সুগম হইয়া গেল।" তিনি আমাদের নিকট আরও একটা বড় সত্য উপস্থাপিত করিলেন। মহাত্মা

জানাইলেন—"প্রথমে আমাদের অন্তরে স্বাধীনতার সাধনা করিতে হইবে এবং অন্তরে এই সত্য বিশ্বাস সৃষ্টি করিতে হইবে যে আমরা এবার স্বাধীন হইয়াছি। এই স্বাধীনতার সাধনার প্রকৃষ্ট ক্ষেত্র হইতেছে কারাগার।" সেই জন্য তিনি যুবকগণকে দলে দলে কারাবরণ করিতে আহ্বান করিয়াছিলেন। বাংলার এই দুর্দিনেও এমন অনেক দেশভক্ত আছেন, যাহারা সমস্ত জীবনটাই প্রায় কারান্তরালে অতিবাহিত করিয়াছেন। এঁরা আমাদের গুরু, এঁরা আমাদের প্রণম্য।

আজ শুভ ২৬ শে জানুয়ারী—১৯৫০। অদ্য প্রভাতে পূর্ণস্বাধীন আত্মপ্রভুত্বসম্পন্ন প্রজাতান্ত্রিক ভারতের (Independent Sovereign Republic of India) জন্ম হইল। আজ দেশের একটা পবিত্র ও স্মরণীয় দিবস। পরাধীনতা পাপ, স্বাধীনতাই পুণ্য। দেশের গণ্য মান্য ব্যক্তিগণ ঘোষণা করিতেছেন আজ প্রভাতকাল হইতে আমরা স্বাধীন হইলাম। হয়ত বা হইলাম। কিন্তু আমার নিজের সম্বন্ধে স্বাধীনতার প্রমাণ হইতেছে মহাত্মাজীর বর্ণিত স্বাধীনতার লক্ষণ—অন্তরে স্বাধীনতা প্রতিষ্ঠা। আমাদের হৃদয়ে আমরা যেদিনই স্বাধীনতা অনুভব করিব, সেই দিনই আমরা প্রকৃত পক্ষে স্বাধীন হইব। তখন পৃথিবীতে এমন কোনও শক্তি থাকিবে না যাহা আর আমাদিগকে স্বাধীনতা হইতে দূরে রাখিতে পারিবে। এ সম্বন্ধে আচার্য কৃপালনী কিছুদিন পূর্বে বলিয়াছিলেন, "বৈদেশিক শাসকেরা আমাদের পথ হইতে কতকগুলি বাধাবিঘ্ন অপসারিত করিয়াছে মাত্র, প্রকৃত স্বাধীনতা আমাদের এখনও হয় নাই।" এই কথাটা আমার বড়ই ভাল লাগিল। আমরা কখন স্বাধীন হইব ? যখন আমরা হৃদয়ে প্রকৃত স্বাধীনতা রস আস্বাদন করিতে পারিব এবং সেই মতই আমরা আমাদের জীবনকে পরিচালিত করিব ; যখন বুঝিব স্বাধীনতা উচ্ছৃঙ্খলতা নয়, তখনই আমরা স্বাধীনতার পথে পদার্পণ করিয়াছি জানিব। হঠাৎ অশ্বশালাবিমুক্ত অশ্বগণ যখন লাঙ্গুল উত্তোলিত করিয়া ছুটিতে থাকে তখন তাহাদিগকে কি স্বাধীন বলা যাইতে পারে ? ইংরাজ জাতির চিন্তাশীল লেখক এ বক্তা Edmund Burke বলিয়াছেন—"Subjection to a legitimate authority is freedom."—একটী ন্যায়ানুমোদিত কর্তৃত্বের নিকট আত্মসমর্পণই স্বাধীনতা। স্বাধীনতা উচ্ছৃঙ্খলতা নয়, স্বৈরাচারও নয়। এই দুইটীই একটা বড় রকমের দাসত্ব নিজ নিজ দুষ্প্রবৃত্তির নিকট।

আমি একবার আমার এক বৈষ্ণব বন্ধুকে জিজ্ঞাসা করিয়াছিলাম—"দাদা যমুনাতো দেখিলাম, কিন্তু আমি যে আশা করিয়া যমুনাদর্শনে গিয়াছিলাম সে আশা ত পূর্ণ হইল না।" তখনই আমার বন্ধুটী বলিলেন, "ভাই, তুমি ত অন্তরে যমুনা ফুটাইতে পার নাই, কিরূপে তুমি যমুনার স্বরূপ উপলব্ধি করিবে?" উত্তরটী বড়ই ভাবগর্ভ। আমাদিগকেও সেইরূপ অন্তরে স্বাধীনতা ফুটাইতে হইবে। তবে স্বাধীনতায় আনন্দরস আমরা অনুভব করিতে পারিব।

যখন আমরা প্রকৃত বাহ্য ও অন্তর স্বাধীনতা উপলব্ধি করিব, তখন আমরা আকৃতি ও প্রকৃতিতে সম্পূর্ণ বিভিন্ন হইয়া যাইব। তখন মানসিক তেজঃ আমাদিগকে সর্বাবস্থাতেই সত্যের ও সৎসাহসের দিকে পরিচালিত করিবে। আমাদের পরস্পরের প্রতি আচার, ব্যবহার এবং বাক্যালাপ একটা মহত্বে ও তেজস্বিতায় ভরিয়া থাকিবে। সমগ্র দেশটাকে আমরা অত্যাত্মীয় বলিয়া মনে করিব। দেশেরও আকৃতি পাল্‌টাইয়া যাইবে। দেশের নদী, পর্বত ও ক্ষেত্র সকলের মধ্যে আমরা একটা অপূর্ব ভাব দেখিব। তখন মনে হইবে বৃক্ষসকলও যেন স্বাধীনতার গর্বে স্ফীত হইয়া দাঁড়াইয়া রহিয়াছে। আমাদের মনে হইবে আকাশও যেন স্বাধীনতার আলোক বর্ষণ করিতেছে এবং চন্দ্র সূর্যও যেন একটা অভিনবতর তেজঃপুঞ্জে কান্তি বিকীর্ণ করিতেছে। সমগ্র জগতেই আমরা একটি নবীনতার আভাস পাইব। ইহা বাস্তব স্বাধীনতা-প্রসূত মানসিক উৎকর্ষের দ্বারাই সম্ভব হইবে।

এই প্রকার রাষ্ট্রীয় এবং মানসিক স্বাধীনতা, উপযুক্ত সাধনার দ্বারা, ক্রমে ক্রমে আমাদের উপনিষদুক্ত অধ্যাত্ম স্বারাজ্যে অধিষ্ঠিত হইবার পথ প্রশস্ত করিবে। আমরা নিজেরা তখন স্বরাট্ হইব—তখন আমরা আমাদের নিজেদের মনের উপর পূর্ণ কর্তৃত্ব করিতে পারিব এবং আমরা সমস্ত পার্থিব বস্তুর উপর প্রভুত্ব স্থাপন করিতে পারিব। সেই অবস্থায় আমরা দেখিব প্রত্যেক জাগতিক পদার্থ আমাদের কল্যাণরত এবং আমরাও প্রত্যেকের হিতকারী। আমরা অনুধ্যান করিলেই বুঝিব—"ইয়ং পৃথিবী সর্বেষাং ভূতানাং মধু, অস্যৈ পৃথিব্যৈ সর্বানি ভূতানি মধু, যশ্চায়ম্ অস্যাং পৃথিব্যাং তেজোময়োঽমৃতময়ঃ পুরুষঃ, যশ্চায়ম্ অধ্যাত্মং শারীরস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষঃ, অয়ম্ এব স যোঽয়-মাত্মেদম্ অমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্।" এই পৃথিবী সকল জীবেরই মধু অর্থাৎ

কল্যাণকারিণী, জীবও পৃথিবীর কল্যাণকারী। এই পৃথিবী এবং সমস্ত জীবের মধ্যে একটী তেজোময় অমৃতময় পুরুষ বিরাজ করিতেছেন, তিনিই আত্মা, তিনিই ব্রহ্মা—তিনি আমাদের সকলের মধ্যে ওতপ্রোতভাবে বিদ্যমান রহিয়াছেন। তাঁহারই অনুপ্রেরণায় পৃথিবী এবং জীবসকল পরস্পরের উপকারী এবং কল্যাণপ্রদ।

এই যে পরমপুরুষ ইনি আমাদিগের এই নবলব্ধ স্বাধীনতাকে পরিপূর্ণ, গৌরবময়, জগতের কল্যাণবিধায়ী এবং চিরন্তন করিবার শক্তি, প্রবৃত্তি, অনুপ্রেরণা ও অভিলাষ প্রদান করুন। "নং নো মিত্রঃ নং বরুণঃ নং নো ভবত্বর্যমা। নং ন ইন্দ্রো বৃহস্পতিঃ নং নো বিষ্ণুরুরুক্রমঃ।" মিত্র, বরুণ, সূর্য, বৃহস্পতি এবং বিস্তীর্নপাদ বিষ্ণু আমাদের সকলকে কল্যাণ ও আনন্দ বিতরণ করুন। ইতি। ২৬-১-৫০

বিজ্ঞান ও সমাজ

আখতার আমেদ (১ম বর্ষ, বিজ্ঞান 'ক')

তথাকথিত 'অপার্থিব' জগতের বাইরে আমাদের এই পার্থিব জগতে যা কিছু ঘটুক না কেন, যা কিছুই আবিষ্কার হোক না কেন তার ভাল আর মন্দ দু'টো দিকই রয়েছে। মানুষ যখন ভালকে নিয়েছে তখনই সে নিজের উন্নতি করেছে, উন্নতি করেছে দেশের দশের। মন্দটা যখন নিয়েছে তখন ঘটেছে ঠিক বিপরীত। ধরা যাক আণবিক বোমার কথা.....

আণবিক বোমাটা কি বা আণবিক বিস্ফোরণটা কি বলতে গেলে নিউক্লিয়ার ফিসন সম্বন্ধে কিছু বলা দরকার। নিউট্রনের (Neutron) এর সাহায্যে যদি ইউরেনিয়ামকে (Uranium) ভেঙ্গে ফেলা যায় তবে দেখা যাবে ইউরেনিয়াম$_{২৩৫}$ প্রায় দুটো সমান ভাবে বিভক্ত হয়ে গেছে। সদ্য নিউট্রনটাও একটা এন্টিমনি (এ্যাটম নং ৫১) [Antimnoy (Atom No. 51)] আর একটা কোলাম্বিয়াম (এ্যাটম নং ৪১) [Columbiam (Atom No. 41)] এই নুতন দুটো নিউক্লিয়াস আবার ভাঙ্গতে সুরু করে। এই যে ক্রমাগত ভেঙ্গে চলে এই ভাঙ্গার নাম নিউক্লিয়ার ফিসন। যে ভাঙ্গার কথা

বলা হল তাতে যেন কারো মনে না হয় যে এটা চিনে বাদাম চিবানোর মত। ইউরেনিয়াম$_{২৩৫}$ ভেঙ্গে যাওয়ার ফলে প্রচণ্ড শক্তি উৎপন্ন করে। এই প্রচণ্ড শক্তিতে ভাঙ্গার সময় নিউট্রন একটি বা তারও বেশী অংশে ভেঙ্গে যায়। এই যে ক্রমাগত ভেঙ্গে চলেছে এবং এক শক্তির উৎস তৈরি হচ্ছে একে বলা হয় চেন রিএকশন।

এই ইউরেনিয়াম$_{২৩৫}$ নিউক্লিয়াসের চেন রিএকশনে যে আণবিক শক্তির সৃষ্টি হয় সেটাই হল বিস্ফোরণ। এক কথায় আণবিক বোমা এই।

মনে হয় কতটুকু শক্তি এই ক্ষুদ্র বস্তুটির! মনে হতে পারে মানুষের কি কল্যাণ বা অকল্যাণ এ করতে পারে? কিন্তু তা' নয়। জগতের বহু কল্যাণ, অকল্যাণ, উপকার, অপকার সংগ্রাম শক্তির জন্যে দায়ী হয়ে রইল এই ছোট্ট জিনিষটি। শুধু অত্যাচারী স্বেচ্ছাচারী হাতের অস্ত্র এ নয়, জগতের কল্যাণ-কামীরও বটে। স্বেচ্ছাচারী, অত্যাচারী, ধনিক শাসনের ডাকে এ সাড়া দেয়। বলে, 'আমি তোমার'। আবার অন্যের ডাকেও সাড়া দেয়, বলে, 'আমি মানুষের, মানবকল্যাণকামীর'। এই এর ধর্ম্ম।

একজন অত্যাচারী, শোষক, শাসকের হাত থেকে যদি কেউ একজনকে বাঁচায় তবে সে উপকার করল অত্যাচারিতের। কিন্তু সেই সঙ্গে সে অপকারও করল, আর তা হচ্ছে অত্যাচারীর। তাহলে কি বলব তার সেই উপকার, তার সেই দান, সেই প্রচেষ্টা খারাপ? একের পক্ষে যা মঙ্গল অপরের পক্ষে তা নয়। আজ বিজ্ঞান খারাপ হয়ে যাবে না। বৈজ্ঞানিকও কোন অপরাধ করেননি। বৈজ্ঞানিক আণবিক বোমা দিয়েছেন মানুষের উপকারের জন্যে, অপকারের জন্যে নয়। মানুষের সভ্যতা, মানুষের সমাজ, মানুষের কত উপকার এই আণবিক বোমা করতে পারে তার একটা ছোট্ট উদাহরণ। রাশিয়ার আণবিক বোমার সাহায্যে একটী পাহাড় উড়িয়ে দেওয়া হয়েছে, একটি নদীর গতি ফেরান হয়েছে। আর তা এই মানুষের উপকারের জন্যেই। আর আমেরিকা আণবিক বোমা দিয়ে উড়িয়েছে নাগাসিকা, হিরোশিমা, ধ্বংস করেছে লক্ষ লক্ষ প্রাণ। সভ্য মানুষের সভ্যতায় এই বৈপরীত্যের জবাব কি? দায়ী বিজ্ঞান বা আণবিক বোমা নয়, দায়ী আমাদের এই সভ্য মানুষ। নবীন যুগের বৈজ্ঞানিকেরা বিজ্ঞানের নব নব আবিষ্কারে দেখাচ্ছেন মানুষের

নতুন পথ, প্রগতির পথ, তৈরী করছেন মানব কল্যাণের এক উৎস। আমরা এগিয়ে যাব কি পেছিয়ে যাব তা নির্ভর করছে আমাদের উপর।

রেডিয়াম থেকে সমস্ত ক্ষণ যে আলোক বিচ্ছুরিত হচ্ছে তা জগতের এক নতুন কল্যাণের পথ দেখাচ্ছে, জগতের অকল্যাণের নয়।

Becquerel একসময় দেখেন যে 'পিচব্লেণ্ড' থেকে সর্বদাই এক্সরে'র মত এক রকম আলো বেরুচ্ছে। এই রশ্মির নাম Becquerel rays; এই বিচ্ছুরণের নাম Radio activity। বিখ্যাত বৈজ্ঞানিক কুরী দম্পতি দেখলেন যে পিচব্লেণ্ডের ইউরেনিয়াম থেকে ত বেরোয়ই আর থোরিয়াম থেকেও Becquerel রশ্মি বেরুচ্ছে। তাঁরা আরও লক্ষ্য করেন যে অষ্ট্রিয়ার কয়েক জায়গায় এই বিচ্ছুরণ একটু বেশী। পরে বহু সাধনার পর বহু পরীক্ষার পর তাঁরা কয়েক টন ধাতুর মধ্যে থেকে সামান্য এক অংশের শক্তি-শালী বস্তু তৈরী করেন। আর তারই নাম রেডিয়াম।

রেডিয়ামের উপকারিতা কেবল যে বিজ্ঞানের পরবর্ত্তী আবিষ্কারের মধ্যেই পাওয়া যায় বা বৈজ্ঞানিক পরীক্ষাতেই পাওয়া যায় তা নয়। রেডিয়াম রশ্মি দিয়ে এবং সেই জাতীয় বহু কিছু দিয়ে রোগ সারান যায়। এই এক আউন্স রেডিয়াম দু'কোটী পঁচাত্তর মন ওজনকে পৃথিবীর মাটি থেকে এক মাইল ওপরে তুলে ফেলতে পারে। আমেরিকায় একটী রেডিয়াম ঘড়ি আছে। তা বিনাদমে ত্রিশ বৎসর চলবে। রেল ষ্টিমার সমস্ত কিছুতে যদি আমরা রেডিয়ামের ব্যবহার করতে পারি তাহলে রেল ষ্টিমার যে কত জোরে চলতে পারে তা ভেবে আশ্চর্য্য হয়ে যেতে হয়।

এই ত মাত্র দুটো। এই রকম বহু কিছুর আবিষ্কারে জগতের মানুষের সামনে বিজ্ঞান খুলে দিয়েছে এক নতুন সভ্যতার পথ। জগতের শুধু প্রয়োজন তার সঠিক প্রয়োগ। এগিয়ে দেবার ভার বিজ্ঞানের, এগিয়ে যাবার ভার আমাদের।*

---

* Science Forum এর উদ্যোগে অনুষ্ঠিত স্বর্ণ জয়ন্তী রচনা প্রতিযোগিতায় (১৯৫০) প্রথম পুরস্কার প্রাপ্ত।

রবীন্দ্র কাব্যে 'কল্পনার' স্থান

শিশির রায় চৌধুরী (তৃতীয় বর্ষ, সাহিত্য)

কাব্যের সব্যসাচী রবীন্দ্রনাথের সাহিত্যিক জীবন আলোচনা করিলে দেখা যায় যে তাঁহার মধ্যে দুইটি মন পাশাপাশি বাস করিত। একটি তাঁহার কবি মন, আর একটি তাঁহার দার্শনিক মন। সত্য, শিব ও সুন্দরের পুজারী রবীন্দ্রনাথ বাস্তব জগতের হাসি-কান্না, সুখ দুঃখ, আশা আকাঙ্খার উপর যথেষ্ট গুরুত্ব আরোপ করিয়াছেন এবং সংসারের এই সুখ দুঃখ হাসি কান্নার অনুভূতির জীবন্ত ছবি তাঁহার কবিতায় রূপ পাইয়াছে। মানুষের সুখ বোধ তাঁহাকে আনন্দ দিয়াছে, আর মর্ম্মান্তিক দুঃখ বোধ তাঁহার অন্তরকে করিয়াছে ব্যথিত। মানবের এই সুখ দুঃখ বোধকে তিনি দার্শনিক মন দিয়া বিচার করিয়াছেন, কবি মন দিয়াও তাঁহার অনবদ্য প্রকাশ ভংগীর সাহায্যে তাহাকে করিয়াছেন উজ্জ্বল, প্রোজ্জ্বল, দীপ্তিময়।

মানব জীবনে কখনো সুখ আসে এবং সেই সুখের উদ্বেল ধারায় মানুষের চিত্ত সঞ্জীবিত হইয়া উঠে। মানুষ তখন তাহার ভবিষ্যৎ সম্ভাবনা সম্বন্ধে বিরাট বলিষ্ঠ আশা পোষণ করে। এই আশা তাহার মনকে অনাগত আনন্দের অমৃত স্পর্শে ভাস্বর করিয়া তুলে। এই সুখের পরে আসে দুঃখ। মানুষের চিত্তাকাশ তখন ঘনকৃষ্ণ মেঘে আচ্ছন্ন হয়। তখন মনের দীপ্তি থাকেনা। নিষ্ঠুর ভবিতব্য সম্পর্কে কৃতনিশ্চয় হইয়া থাকে তাহার মন। অন্ধকারাচ্ছন্ন বেদনা-বিধুর অন্তরে বিদ্যুতের কশাঘাত তাহার অন্তরকে করে বিষায়িত। কাল-বৈশাখীর রুদ্রনৃত্য তাহাকে দেয় পুঞ্জীভূত হতাশার নিষ্ঠুর ইংগিত। রবীন্দ্রনাথ মানব জীবনের এই মহাসত্য পরিস্থিতিকে আবিষ্কার করিয়াছেন। তিনি জানেন মানবের জীবনে সুখও আসে দুঃখও আসে এবং আসিবেও। তিনি আরও জানেন, যে দুঃখকে বাদ দিয়া পূর্ণতর সুখভোগের আশা কখনো সফল হয়না। সুখ ও দুঃখ—জগতের এই দুইটি বিপরীত ধর্ম্মী অনুভূতি মানব জীবনে স্থান পায় বলিয়াই এই দুইটির এত মূল্য। একটি মানুষকে হাসায় অপরটি কাঁদায়। এই হাসির কান্নার মধ্য দিয়াই মানবের জীবন অতিবাহিত হয়। সুখের পর যে দুঃখ আসে এবং যে দুঃখের দুর্ব্বার স্রোত মানব জীবনের আশা আকাঙ্খাকে বন্যার উদ্দাম প্রবাহে নগণ্য তৃণের মত ভাসাইয়া লইয়া যায়, কবি সেই দুঃখকেই

ভালবাসিয়াছেন। মানুষকে জানাইয়াছেন আশার বাণী। তিনি আরও জানাইয়াছেন যে আমরা যদি সুখে ও দুঃখে ধৈর্য্য ধরিয়া জীবনের কণ্টকময় পথে চলি, তাহা হইলে আমাদের জীবন মধুময় হইয়া উঠিবে। মানুষের যদি চিত্ত-শুদ্ধি থাকে, সাহস যদি থাকে, তবে সুখে ও দুঃখে সে বিচলিত হইবেনা, মৃত্যুর ভয়াল ভ্রূকুটিকে সে যদি ভয় না করে তবে একদা তাহার জীবনের অমানিশা বিদূরিত হইয়া যাইবেই। এই সত্য কবির অন্তস্থলবাসী দার্শনিকের আবিষ্কার, ইহাতে তাঁহার চিন্তাশীল মনের গভীরতা একান্তই সুপরিস্ফুট।

কবি রবীন্দ্রনাথের কবিতাপুঞ্জের মধ্যে তাঁহার নিসর্গ-কবিতার একটী বিশেষ স্থান আছে। প্রকৃতির সাধারণ বর্ণনার মধ্যে তিনি প্রাণ সঞ্চার করিয়াছেন। এই নিসর্গ-কবিতার আছে তিনটি বিশেষ ধর্ম্ম,—চিত্র ধর্ম্ম ভাব ধর্ম্ম ও সংগীত ধর্ম্ম। 'আপন মনের মাধুরী মিশাইয়া' তিনি কবিতার মধ্যে একটা বাধাহীন গতি সঞ্চার করিয়াছেন। তাঁহার কবিতা চিত্র ধর্ম্মী, ভাব ধর্ম্মী ও সংগীত ধর্ম্মী। "বর্ষা মঙ্গল" কবিতায় তিনি লিখিয়াছেন ঃ—

"ঐ আসে ঐ অতি ভৈরব হরষে
জলসিঞ্চিত ক্ষিতি সৌরভ-রভসে
ঘন গৌরবে নব যৌবনা বরষা
শ্যাম গম্ভীর সরসা।"

এই কবিতায় শুধু বর্ষার চিত্র ধর্ম্মই রূপায়িত হয় নাই; ইহার ভিতর আছে বর্ষা সম্বন্ধে কবির গুরু গম্ভীর ভাব। বর্ষার মধ্যে যে মেঘ-মৃদংগের সুগম্ভীর সুর-মূর্চ্ছনা অনুরণিত হইতেছে, ছন্দের বিশেষ ভংগিমার সাহায্যে কবি তাহাকে গতিশীল করিয়া তুলিয়াছেন। তাঁহার এই নিসর্গ-কবিতার ছন্দে যে সৃষ্টির প্রশান্ত মূর্ত্তিই ধরা দিয়াছে তাহা নহে; একটা গভীর উদাসীনতার ভাবও এই সকল কবিতার মধ্যে স্থান করিয়া লইয়াছে। কখনো কখনো আবার কবির মন শান্তরসে অভিষিক্ত হইয়াছে, তাই তিনি বলিতে পারিয়াছেন,—

"আমার মাথা নত ক'রে দাও হে তোমার
চরণ ধূলার তলে,
সকল অহংকার হে আমার
ঘুচাও চোখের জলে।"

শুধু জীবনেশ্বরের নিকট মাথা নত করিয়াই তাঁহার কবিমন শান্তি পায় নাই, প্রকৃতির নিকটও তিনি মাথা নত করিয়াছেন।

সৃষ্টির মধ্যে যে অসম্পূর্ণতা বিদ্যমান, তাহা কবি চিত্তকে কখনো কখনো ব্যথাতুর করিয়াছে। তখন তাঁহার শান্তিকামী মনে আসিয়াছে এক গভীর উদাস নির্লিপ্ত সুরের আমেজ। এই যে উদাসীনতা, মনের এই যে নির্লিপ্ততা, ইহাই কবিকে অতীতের স্মৃতি স্মরণ করাইয়া দিয়াছে—

"মেঘের খেলা দেখে কত পড়ে মনে
কতদিনের কত খেলা কত ঘরের কোনে।"

অতীতের এই গৌরবোজ্জ্বল স্মৃতি কবি মনকে ব্যথাতুর করিয়া তুলিয়াছে। 'চলিয়া যাওয়া', 'ফুরাইয়া যাওয়ার' অপার বেদনা বোধ তাঁহার চিত্তে গভীর করুণ সুরের ব্যঞ্জনার সৃষ্টি করিয়াছে।—

"দরিদ্রা বলিয়া তোরে বেশী ভালবাসি
হে ধরিত্রী, স্নেহ তোর বেশী ভাল লাগে
বেদনাকাতর মুখে সকরুণ হাসি
দেখে মোর মর্মমাঝে বড় ব্যথা জাগে।"

বিয়োগ বেদনামাখা মুখের হাসি—সে যে কত দুঃখের, কত ব্যথার, কবি তাহা মর্ম্মে মর্ম্মে অনুভব করিয়াছেন! বিধবার হাসি যে কত মর্ম্মস্পর্শী দরদী মাত্রেই তাহা অনুভব করিয়া থাকেন। বিধবা হাসে বটে, কিন্তু সে হাসি প্রিয়-জন বিচ্ছেদ বেদনার মূর্ত্ত প্রতীক। সে হাসি আনন্দ ব্যঞ্জক নহে, দুঃখের অব্যক্ত ব্যঞ্জনামুখর সে হাসি। উহা মনকে দোলা দেয়না, মনে ত্রাসের শিহরণ জাগায়। দরদী কবি দুঃখীর এই মর্মভেদী বেদনাকে প্রাণ দিয়া অনুভব করিয়াছেন। তাই তাঁহার অন্তরে অপার বেদনা। তবুও দুঃখকেই তিনি অন্তরে অন্তরে ভালবাসিয়াছেন কারণ তাহার মধ্যে আছে গভীর ব্যঞ্জনার আভাস।

গান শেষ হয়, কিন্তু তার রেশ থাকে অনেকক্ষণ। দুঃখের এই যে অজানা ব্যঞ্জনা, ইহা শেষ হইয়াও যেন শেষ হয়না—একটা রেশ রাখিয়া যায়। দুঃখের এই ব্যঞ্জনাসম্পদ কবিকে বিমোহিত করিয়াছে। দুঃখকে তিনি ভাল-বাসিয়াছেন বলিয়াই "সন্ধ্যা সঙ্গীতের" কবিতায় আমরা দেখিতে পাই কবি-মনের চলিয়া যাওয়া, ফুরাইয়া যাওয়ার ব্যথা। 'সন্ধ্যা সঙ্গীতের' প্রত্যেক

কবিতার মধ্যেই কবির মনে জীবন সম্পর্কে অবিশ্বাস জাগিয়াছে। সৃষ্টির মধ্যে তিনি দুঃখকেই সত্য বলিয়া জানিয়াছেন। তিনি যেন দেখিতে পাইতেছেন, এই পরিদৃশ্যমান জগতে সকল কিছুই অস্থায়ী, তাই তাঁহার মনে জাগিয়াছে জীবন সম্পর্কে বিরাট জিজ্ঞাসা। ইন্দ্রিয়গ্রাহ্য জগতের সুখদ সামগ্রীর সঞ্চয় যেন বিরাট শূন্যতায় পরিণত হইয়াছে। কেবল পুঞ্জীভূত দুঃখ তাঁহার মনকে যেন আচ্ছন্ন করিয়াছে। চরম নৈরাশ্য যেন সমস্ত পৃথিবীকে ঢাকিয়া ফেলিয়াছে। বিষাদঘন অন্তরে তিনি সৃষ্টিকে দেখিয়াছেন, কাজেই এই সৃষ্টির প্রতিও তাঁহাকে অবিশ্বাস করিতে হইয়াছে। মৃত্যু কবিকে চিরদিনই ভাবাইয়াছে। নানাপ্রকার চেষ্টা করিয়াও তিনি চির রহস্যময় মৃত্যুরহস্য উদ্‌ঘাটন করিতে সক্ষম হন নাই। জীবনের ক্ষয়িষ্ণু মূর্ত্তিকে তিনি দেখিয়াছেন, তাই তাঁহার মনে হয় যে মৃত্যুই জীবন নাট্যের চরম পরিসমাপ্তি। মৃত্যু কবির নিকট আঁধারি সাগর। পৃথিবীর রূপ, রস, গন্ধ, শব্দ, স্পর্শে যেন তাঁহার আর রুচি নাই। মনে যে পরিমাণ আশার আলো থাকিলে মানুষ পৃথিবীর ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুকে উপভোগ করিতে পারে, সে পরিমাণ আলো তাঁহার মনে নাই। কোন অদৃশ্য লোক হইতে যেন জমাট বাঁধা আঁধার আসিয়া তাঁহার কবি মনকে আচ্ছন্ন করিয়াছে। তাই তিনি জীবন নাট্যের চরম পরিণতি মৃত্যুর ভয়াল আঁধার বরণকেই প্রত্যক্ষ করিয়াছেন। কবির ব্যথা-বিক্ষুব্ধ অন্তর হইতে বেদনার সুর ধ্বনিত হইতেছে।—"চলে গেল। চলে গেল! কিছু নাই গাহিবার।" চলিয়া যাওয়ার বিয়োগ ব্যথা কবিকে অভিভূত করিয়াছে। তাই তিনি নিষ্ঠুর ভবিতব্যকে স্বীকার করিয়া লইয়াছেন এবং নিজের কহিবার ও 'গাহিবার' নিষ্ফল প্রয়াসকে অর্থহীন বলিয়া মনে করিতেছেন। জীবনের ক্ষয়িষ্ণুতাকে জানিয়া এবং তাহার প্রতি স্বীকৃতি জানাইয়াও কবি জীবনকে উপভোগ করার চেষ্টা করেন নাই। আবার জগতকে মায়াময় মনে করিয়া তাঁহার মানসিক অবসাদকে দূর করিবার চেষ্টাও করেন নাই। তিনি এই হতাশা ও অবসাদকে তাঁহার কবিতায় প্রাণবন্ত করিয়া তুলিয়া উহাকেই উপভোগ করিয়াছেন। 'প্রভাত সঙ্গীতের' মধ্যে আমরা পাই কবির তীব্র দুঃখানুভূতি হইতে মুক্তির ইংগিত। কবির মন হইতে সকল বেদনা বোধ, সকল হতাশা বিদূরিত হইয়াছে। আশার আলোকে তিনি জীবনের সার্থকতার দিক দেখিতে পাইয়াছেন। এখন তিনি জানিতে

পারিলেন, এই জীবনে সকল কিছুই চলিয়া যায়না। তাই ব্যথাতুর কবিহৃদয় অপার আনন্দে, উৎসাহে, বিশ্বাসে নাচিয়া উঠিল। সৃষ্টি সম্বন্ধে তিনি এখন নিরাশ নন। নুতন ভাব, নুতন দৃষ্টিভঙ্গী লইয়া তিনি জীবনকে বিচার করিলেন। তাঁহার আনন্দমুখর চিত্ত হইতে তখন বাহির হইল ঃ—

"হৃদয় আজি মোর কেমনে গেল খুলি
জগত আসি সেথা করিছে কোলাকুলি।"

"সন্ধ্যা সঙ্গীতে" তিনি বলিয়াছেন যে মৃত্যু জীবন নাট্যের চরম পরিসমাপ্তি। এখন তিনি জানিলেন উহা মানবের জীবন নাট্যের পরবর্ত্তী দৃশ্যান্তর মাত্র। 'সন্ধ্যা সঙ্গীতের' মৃত্যু লইয়া আসে দুঃসহ অবসাদ আর 'প্রভাত সঙ্গীতের' মৃত্যু আনে জীবন সম্পর্কে আশার সঞ্জীবনী বাণী আর আনে নব নব সম্ভাবনা। তাই তাঁহার আনন্দোৎফুল্ল হৃদয় বীণায় ঝংকৃত হইল ঃ—

"নাইরে কিছু নাইরে ভাবনা
জগতে কিছুই মরেনা।"

ছবি ও গানে আমরা করিব মনে এক স্নিগ্ধ প্রশান্তির ভাব দেখিতে পাই। মৃত্যুর রহস্য সমাধান করিয়া শান্ত কবি প্রকৃতির সৌন্দর্য্য সুষমায় বিমুগ্ধ হইয়াছেন। কবির ব্যথিত হৃদয়ে আর কোন দুঃখ নাই। কিন্তু সুখও মানুষের মনে অবসাদ আনে। তাই ক্ষণকালের পরিতৃপ্তিও যেন তাঁহার মনকে একটু অবসাদ-গ্রস্ত করিয়া ফেলিয়াছে। কবির এই অবসাদের ছায়া আমরা দেখিতে পাই ছবি ও গানের কবিতায়—

"সে যে জানালার কাছে বসে আছে
করতলে রাখি মাথা,
তার কোলে ফুল পড়ে র'য়েছে
সে যে ভুলে গেছে মালা গাঁথা।"

মানব জীবনে কর্ম্মের তাগিদ আছে যথেষ্ট, কিন্তু অবসাদের বলিষ্ঠ প্রভাবকেও সে অবহেলা করিতে পারে না। তাই প্রগাঢ় সুষুপ্তি আসিয়া তাহাকে তাহার কর্ম্মের কথা ভুলাইয়া দিয়া যায়। এই সুপ্তি কখনো দেহের, কখনো মনের।

সুতীক্ষ্ণ অনুসন্ধানী দৃষ্টি লইয়া কবি সত্য দেখিবার প্রয়াস পাইয়াছেন। দীর্ঘদিনের দুঃখাবসানে কবি মনে যে আনন্দ পাইয়াছেন, সে আনন্দেরও একটা মাদকতা আছে। সে আনন্দ জাগায় না—মনে তন্দ্রার অবসন্ন জড়িমা আনে। কিন্তু কবিচিত্তে এই আনন্দের প্রভাবও ক্ষণ কালের জন্য। প্রকৃতির সৌন্দর্য্য-

সুধা তিনি বেশীক্ষণ পাণ করিতে পারিলেন না। মৃত্যু চিন্তা আবার তাঁহার মনকে আলোড়িত করিয়া তুলিল। মৃত্যু সম্পর্কে তাঁহার মনে আবার জাগিল জিজ্ঞাসা। মৃত্যু মানুষকে কোথায় লইয়া যায়, এই চিন্তায় তিনি মগ্ন। যে মাতাল আনন্দ তাঁহাকে অভিভূত করিয়াছিল, সহসা সংশয় আসিয়া যেন তাহা দূরীভূত করিল, মৃত্যুচিন্তায় তিনি সমাহিত হইলেন।

"জীবনের পিছে মরণ দাঁড়ায়ে
আশার পশ্চাতে ভয়
ডাকিনীর মত রজনী ভ্রমিছে
চিরদিন ধরে দিবসের পিছে
সমস্ত ধরণীময়।"

'ছবি ও গানে' কবি প্রকৃতির পাণে তাকাইয়াছিলেন কিন্তু উহা যেন তন্দ্রাজড়িত চাহনি। তিনি তাঁহার মনে সুখশ্যামল কুঞ্জ রচনা করিতে পারেন নাই, তাই সংশয়ের ছায়া বারে বারে তাঁহার মানসকুঞ্জকে আচ্ছন্ন করিয়াছে। 'জীবনের পিছে মরণ' 'আশার পশ্চাতে ভয়' ও 'দিবসের পিছে রজনী' তাহার নিকট বেশী প্রত্যক্ষ হইয়া উঠিয়াছে।

'কড়ি ও কোমলে' 'সন্ধ্যা সঙ্গীতের' দুঃখবোধ ও 'প্রভাত সঙ্গীতের' অনন্ত জীবনধারা ওতপ্রোত ভাবে মিশিয়া গিয়াছে; 'মানসী' ও 'চিত্রায়' তাহার পূর্ণ প্রকাশ। জীবনের এই দুইটি সত্যকে তিনি পাশাপাশি রক্ষিত করিয়াছেন। 'কড়ি ও কোমলে' চলিয়া যাওয়ার দুঃখ তাঁহার অন্তরকে ব্যথিত করিয়াছে, তাই তিনি বলিয়াছেন,—

"নীলিমা লইতে চায় আকাশ ছাপিয়া
কাছে গেলে রূপ কোথা করে পলায়ন,
দেহ শুধু হাতে আসে, শ্রান্ত করে হিয়া।"

সৃষ্টির সীমাবদ্ধতায় কবির মনে জাগিয়াছে অপার বেদনা বোধ। মানব জীবনের ক্ষণস্থায়িত্ব তাঁহার নিকট অধিকতর বাস্তব হইয়া উঠিয়াছে। তাই এই সীমার জগত ছাড়িয়া সীমাতীতের সন্ধানে যাইবার জন্য তিনি ব্যাকুল।

"নিত্য তোমায় চিত্ত ভরিয়া
স্মরণ করি।
বিশ্ববিহীন বিজনে বসিয়া
বরণ করি।"

কবি এখানে বিশ্বকে ছাড়িয়া বিশ্বাতীতের সন্ধানে রত। রবীন্দ্রনাথ মনে করেন, দেবতাকে যাহা দেওয়া যায়, মানুষকে তাহা দিলে দেবতা রুষ্ট হন। তাই তিনি বলিয়াছেন—

"বিশ্ব জগতের তরে ঈশ্বরের তরে
শতদল উঠিতেছে ফুটি
সুতীক্ষ্ণ বাসনা ছুরি দিয়ে তুমি তাহা
চাও ছিঁড়ে নিতে।"

"সোনার তরীতে" আমরা দেখি যে মানব জীবনের প্রতি কবির ক্ষুণ্নতা, অনাস্থা সব দূরে গেল। তিনি জানিলেন, অনন্ত জীবন প্রবাহ আমাদিগকে শুধু ইপ্সিত তটের দিকে লইয়া যায়না, সৃষ্টির এই সীমাবদ্ধতার মধ্যেই আমরা সীমাতীতকে পাইতে পারি, কেননা সীমার মধ্যেই অসীম বর্ত্তমান, জীবনের মধ্যেই আমরা পারি সেই মহা জ্যোতির্ময়ের সঙ্গ সুখ উপভোগ করিতে; এই জীবনের মধ্যেই চলে জীবনেশ্বরের মহাপূজা।

"দেবতারে যাহা দিতে পারি দি' তাই
প্রিয় জনে, প্রিয় জনে যাহা দিতে পাই
তাই দি' দেবতারে, আর পাব কোথা ?
দেবতারে প্রিয় করি, প্রিয়রে দেবতা।"

এখন কবি বুঝিতে পারিলেন, যে দেবতাকে যাহা দেওয়া যায়, তাহা মানুষকেও দিতে পারা যায়। 'সোনার তরীতে' কবি মায়াবাদকে আক্রমণ করিয়াছেন। জীবনের, জগতের প্রতি অকুণ্ঠ শ্রদ্ধায় নিজেকেই আক্রমণ করিয়াছেন,

"তুমি বৃদ্ধ কিছুরেই করনা বিশ্বাস,
লক্ষ কোটি জীব ল'য়ে এ বিশ্বের মেলা,
তুমি জানিতেছ সব ছেলে খেলা।"

কবি এখানে শুধু মায়াবাদকেই আক্রমণ করেন নাই, নিজের পূর্ব্বজীবনের ধারণার প্রতিও বিদ্রূপ করিয়াছেন। 'চিত্রা' কাব্যগ্রন্থে কবি সংঘাতমুখর জীবনের সমস্ত দ্বন্দ্বের সমাধান করিয়া সৃষ্টির সৌন্দর্য্য সুধা আকণ্ঠ পান করিয়াছেন। ধ্বংসের ভয়াল ভ্রূকুটি তাঁহার দৃষ্টিতে পড়ে নাই। 'সুখ' নামক কবিতায় আমরা দেখিতে পাই যে মুগ্ধ দৃষ্টিতে তিনি পদ্মার সৌন্দর্য্যকে উপভোগ করিয়াছেন। তাঁহার মনের সকল দুর্যোগ কাটিয়া গিয়াছে। মেঘমুক্ত

আকাশের মত তাঁহার মনে বিরাজ করিতেছে এক স্নিগ্ধ প্রশান্তির ভাব। পদ্মার উন্মত্ত হিংস্র ভয়াল মূর্ত্তির কথা তিনি একেবারে ভুলিয়া গিয়াছেন। বিশ্বপ্রকৃতির মধ্যে তিনি দেখিতে পাইতেছেন শান্তির সুধাস্নিগ্ধ আমেজ।

'চৈতালী', 'কাহিনী', 'কল্পনা', 'কথা' ও 'কণিকায়' ঐ একই সুরের পুনরাবৃত্তি দেখিতে পাওয়া যায়। কিন্তু 'কল্পনা' কাব্যের মধ্যে দার্শনিক রবীন্দ্রনাথ, উপভোগমুখর কবি রবীন্দ্রনাথের পূর্ব্ব জীবনকে বিদায় দিতে দীর্ঘ নিঃশ্বাস ত্যাগ করিয়াছেন। 'দুঃস্বপ্ন' কবিতায় কবি পূর্ব্বজীবনকে ত্যাগ করিয়া নবজীবনের পথে অগ্রসর হইতেছেন।

এই দুর্যোগপূর্ণ পথের পাথেয় কেবল জীবন সম্পর্কে তাঁহার আশাবাদ। এই কবিতায় তিনি তাঁহার অন্তর বিহঙ্গকে অনুরোধ জানাইতেছেন যে নিঃসঙ্গ যাত্রাপথে যদি দুর্যোগের সন্ধ্যা নামিয়া আসে, অঙ্গে অবসাদ আসে যদি, তথাপি সে যেন বিচলিত না হয়, চলার পথে সে যেন পাখা বন্ধ না করে।

সুপ্তিমৌন রাত্রির অন্ধকারে কবির মানসবিহঙ্গের অভিসার। পূর্ব্ব জীবনের বেলাভূমি হইতে বিচ্ছেদ কাতর আত্মীয়দের ফিরিয়া যাওয়ার মিনতি শোনা যায়, কিন্তু ফিরিবার পথ কোথায়? অন্ধ যাত্রার বাসনা তাঁহাকে যেন পাইয়া বসিয়াছে! কিন্তু আশার কথা শশাঙ্কের ক্ষীণরশ্মি তাঁহাকে নব জীবনের দ্যোতনা জানাইবে। 'ভ্রষ্টলগ্ন' কবিতায় প্রেমিক-প্রেমিকার প্রেমের ফল বিয়োগান্তক হইয়া দাঁড়াইল। প্রেমিক পথিক তাঁহার প্রিয়ার অন্বেষণে বাহির হইয়াছে, কিন্তু অতি নিকটে গিয়াও সে প্রেমিকার সন্ধান পাইল না। অপরপক্ষে, প্রেমিকও তাহার নিকট অবস্থিতি জানাইতে সক্ষম হইল না। উভয়েরই মিলন সম্পর্কে গভীর আস্থা ছিল, তবুও মিলন সম্ভব হইল না। কল্পনার রুগ্ন বিলাসিতায় তাহাদিগকে পাইয়া বসিয়াছিল। কিন্তু উভয়েই তাহাদের কল্পনাকে সার্থক করিবার পথে বাধা সৃষ্টি করিল। তাই চির প্রতীক্ষার বেদনাই তাহাদের জীবনের একমাত্র সম্বল হইল। নারীর স্বাভাবিক সংকোচ ও দ্বিধায় এবং সামাজিক বন্ধনের দৃঢ়তায় তাহার প্রেম প্রকাশের প্রয়াস ব্যর্থ হয়। তাহার বুক ফাটে, তবু মুখ ফোটে না; সকল সংকোচ, সকল বন্ধন কাটাইয়া পথিকের প্রেমিকা যদি তাহার (পথিকের) নিকট আত্মসমর্পণ করিতে পারিত, তাহা হইলে তাহাদের প্রেমবাসরের মিলন-স্বপ্ন সার্থক হইত। কিন্তু সেই নারী যখন আত্মসমর্পণ করিবার জন্য প্রস্তুত

হইল, তখন লগ্নভ্রষ্ট হইয়া গিয়াছে। হতাশ প্রেমিক তখন নিরুদ্দেশ যাত্রা করিয়াছে। এই হতভাগ্য পথিক নিকটের বস্তু হারাইয়া গেল দূরে, তাই নিকটকেও হারাইল—দূরকেও পাইল না।

'কল্পনা' কাব্যে সৃষ্টির প্রতি, মানবজীবনের প্রতি অখণ্ড শ্রদ্ধা ও ভালবাসা বর্ষিত হইয়াছে। সমালোচকের মতে ইহাই রবীন্দ্রনাথের রস-জীবনের শ্রেষ্ঠতম যুগ। কবির অন্তঃস্থলবাসী দার্শনিক কবিকে বিভিন্নদিকে সৌন্দর্য্য উপভোগ করিবার সুযোগ আনিয়া দিয়াছে। তাই রবীন্দ্রকাব্যে 'কল্পনার' স্থান বিশেষ গুরুত্বপূর্ণ। 'কল্পনার' প্রধান বৈশিষ্ট্য হইতেছে, অতীতের সহিত দীপ্তিময় বর্ত্তমানের রাখী বন্ধন, মানস বলাকাকে কল্পনার অন্তবিহীন অম্বরে উড়াইয়া দিয়া স্বপ্নলোকের কুসুম সরোবরে অভিযান।

রূপক-নাট্য 'রক্তকরবী'

শ্রীসরোজ কুমার রায় (৩য় বর্ষ, সাহিত্য)

১৩৩০ সালের গ্রীষ্মাবকাশে শিলং বাসকালে রবীন্দ্রনাথ নাটকটি 'যক্ষপুরী' নামে প্রথমে রচনা করেন। ১৩৩১ সালের আশ্বিন মাসে প্রবাসীতে বর্ত্তমান আকারে নাটকটি রক্তকরবী নামে প্রকাশিত হয়। পরে বই আকারে প্রকাশ হয় ১৩৩৩ সালে।

রবীন্দ্রনাথের বিরুদ্ধে পাঠক সমাজ একটি অভিযোগ করে থাকেন—অস্পষ্টতার অভিযোগ। আবার সেই অভিযোগ এই নাটক খানির বিরুদ্ধে যত হয়েছিল, এমন আর অন্য কোন নাটকের বেলায় দেখা যায়না। যদি নিজেদের বোঝার দোষে আমরা কোন কবির কাব্য কিংবা নাট্যকারের নাটক না বুঝতে পারি তবে কবি বা লেখককে দোষী করলে চলবে না ; দোষ চাপাতে হবে আমাদের বোধশক্তির ওপর। বেদান্ত দর্শন, হেগেলের দার্শনিক মতবাদ কিংবা ডারুইন-এর তত্ত্ব সাধারণ লোকের পক্ষে বোঝা কঠিন। তেমনি রবীন্দ্রনাথের নাটক বা কাব্য আমাদের কাছে ঠিক সহজবোধ্য নয়। তাই বলে রবীন্দ্রনাথকে দোষী করলে চলবে না। রক্তকরবীর মধ্যে আমরা রসের সন্ধান না পেলে, নাটকটি আমাদের কাছে দুর্বোধ্য বলে প্রতীয়মান হবে। এই নাটকের রস হচ্ছে নন্দিনী—সেইই নাটকের প্রাণকেন্দ্র।

এই নাটকের সমালোচনা বহু বিচক্ষণ ব্যক্তি করেছেন। আমি সংক্ষেপে খানিকটা নাট্য পরিচয় আপনাদের কাছে তুলে ধরব। এাই নাট্য ব্যাপার যে নগরকে আশ্রয় করে আছে তার নাম যক্ষপুরী। এখানে বহু শ্রমিক দল মাটির তলা থেকে সোনা তুলবার কাজে নিযুক্ত। এখানকার রাজা একটি জটিল জালের আড়ালে বসবাস করেন। তার ডাক নাম মকর রাজ। রাজ-প্রাসাদের বাইরের দেওয়ালে একটি জালের জানলা আছে। সেই জালের আড়ালে দাঁড়িয়ে রাজা তার খেয়াল খুসীমতো মানুষের সংগে দেখাশোনা করেন। তার এরূপ অদ্ভুত ব্যবহার কেন, কেউ জানেনা। এই রাজ্যের সর্দার গণের অধীনে শ্রমিকরা খোদাই কাজে নিযুক্ত থাকে। এই সর্দারেরা যোগ্য ব্যক্তি—অবশ্য ধন সংগ্রহের বেলায়। সর্দারগণের সতর্ক ব্যবস্থাগুণে খোদাইকারদের কাজে কোন ফাঁকি চলেনা। এইভাবে যক্ষপুরীর নিরন্তর উন্নতি হতে থাকে। এইরাজ্যে মোড়লগণ এককালে অবশ্য সাধারণ খোদাইকার শ্রমিক ছিলেন কিন্তু নিজেদের গুণে তাদের পদ বৃদ্ধি ও মূল্য বৃদ্ধি হয়েছে। রাজার কাছ হতে উপাধি লাভ করেন তারা। কর্মনিষ্ঠায় সর্দারদের ছাড়িয়ে যাবার যোগ্যতা তাদের আছে। একজন গোঁসাই এখানে আছেন, তিনি দিবারাত্র ভগবানের নাম গ্রহণ করেন কিন্তু অন্ন গ্রহণ করেন সর্দারের কাছ থেকে। সর্দারও গোঁসাইজীকে দিয়ে মাঝে মাঝে কারিগরদের দুর্বল মন অশান্ত হয়ে উঠলে, তাদের কানে শান্তিমন্ত্র দেন। গোঁসাই বলেন, "এই এদের কথা বলছ? আহা, এরা তো স্বয়ং কূর্ম অবতার। বোঝার নীচে নিজেকে চাপা দিয়েছে বলেই সংসারটা টিকে আছে ভাবলে শরীর পুলকিত হয়।...আশীর্বাদ করি অবিচলিত থাকো, তাহ'লে ঠাকুরের দয়াও তোমাদের পরে অবিচলিত থাকবে। বাবা একবার কণ্ঠ খুলে বলো 'হরি হরি'। তোমাদের সব বোঝা হালকা হয়ে যাক।" সুতরাং গোঁসাইজি যে কি বস্তু তা' আমাদের উপলব্ধি করতে কষ্ট হয়না।

পূর্বেই বলেছি যক্ষপুরীর রাজার রাজধর্ম প্রজাশোষণ। মকর রাজের মনে অর্থলিপ্সা দুর্দম। সেই লোভের খোরাক যোগাবার জন্য সোনার খনির খোদাইকারের দল আপ্রাণ চেষ্টা করে শুধু সোনা তুলছে। এই কুলীরা মানুষ হয়েও যেন মানুষের সংগে মেলেনা। তারা যেন কেবল সোনা তুলবার যন্ত্র স্বরূপ। জড় যান্ত্রিকতার যন্ত্রকাঠামোর তারা ক্ষুদ্র ক্ষুদ্র অংশ মাত্র। মানুষ

হিসাবে তাদের যেন কোন মূল্য নেই। ৪৭ফ, ৭১ট, ৬৯৬ ইত্যাদিই যেন তাদের পরিচয়। তারা যে মানুষ একথাটা যেন তারা ভুলে গেছে। মানবতা এই যান্ত্রিক বন্ধনে পীড়িত ও অপমানিত। তাদের কাছে পরিপূর্ণ জীবনের কোন দাম নেই। দিনরাত নেশার ঘোরে কাজ করে যাচ্ছে। সে নেশা সোনার নেশা।

তবু যন্ত্রবদ্ধ ভাবে কাজ করতে করতে মাঝে মাঝে এদের যান্ত্রিক জীবনেও ক্লান্তি ঘনিয়ে আসে। তখন প্রভুশক্তি গোঁসাইজিকে পাঠিয়ে দেন তাদের মধ্যে গ্লানি দূর করতে হরিনাম দিয়ে। এ নামে তাদের কারো প্রাণে সাড়া জাগে, কারো জাগেনা। প্রাণ কি তাদের আছে? সে তো কবে মরে ভূত হয়ে গেছে। আছে পড়ে তাদের প্রেতাত্মা। তারা কি শুনবে? তারা আশাহীন, আলোহীন যক্ষপুরীর জঠরের মধ্যে তলিয়ে গেছে। জীবনের কোন প্রকাশ সেই যক্ষপুরীতে নেই। যে প্রেম জীবনের প্রকাশ ভংগিমার এক বিশেষ রূপ—এখানে সেই প্রেম কারো মনে দোলা লাগাতে পারেনি। নন্দিনীর আনন্দঘন প্রেমস্পর্শ সন্ন্যাসী গোঁসাই পাননি তার প্রবল ধর্ম সংস্কারে, রাজা পাননি তার লোভ ও ক্ষমতা প্রতিষ্ঠার মোহে আর মজুররাও পায়নি দাসত্বের মোহে। কিন্তু কল্যাণময়ী প্রেমপ্রতীকা নারী ধীরে ধীরে রাজ্যবাসীর অন্তরে জাগরিত করে তুললে—জীবনের এই মহান সুন্দর বোধকে। রাজা জাগল—নিতে চাইল জোর করে এই কল্যাণশ্রীময়ী প্রেমপ্রতিবোধিকা নারীকে, কিন্তু ব্যর্থতা বরণ করতে হল তাকে। বলে কখনও প্রেমকে পাওয়া যায়না, প্রেম হৃদয়ের গভীর অনুভূতিতে শুধু মাত্র বোধগম্য। আগে বলতে ভুল হয়ে গেছে—রাজ্যে এক পণ্ডিত আছেন—যিনি বই-এর বাইরের জগৎকে বেশী জানেননা। পণ্ডিত নন্দিনীকে বুঝাবার চেষ্টা করলেন না তার পাণ্ডিত্যের মোহে। সেই যক্ষপুরীর লৌহ-জালের বাইরে দাঁড়িয়ে জীবনশ্রী নন্দিনী হাতছানি দিয়ে প্রেমের আহ্বান জানালো রাজ্যবাসী সবাই-এর কাছে। কারাগারে যন্ত্রবদ্ধ মানুষ সচকিত হয়ে উঠল। বসন্তের হাওয়া লাগল তাদের দেহে মনে। পণ্ডিত, কেনারাম, কিশোর, মোড়ল সবাই পেতে চাইল জীবনে প্রাণ প্রাচুর্য। ব্যাকুল হয়ে হাত বাড়াল জালের বাইরে। নন্দিনী রঞ্জনকে ভালবাসে কিন্তু সেও যন্ত্রের দৃঢ় বন্ধনে বাঁধা। রঞ্জন জীবনের প্রতীক। তার অন্তরের প্রেমবোধ জাগরিত হয়েছে নন্দিনীর দ্বারা; প্রেমের আহ্বানে জীবনে

নোতুন ভাবে কাজ করবার উৎসাহ পায়—অবশ্য যন্ত্রবদ্ধ ভাবে এক-ঘেয়ে কাজ এ নয়। নতুন ছন্দ জাগে কার্যের ভিতরে। তাই তো সে কাজের মধ্যে নৃত্যের ছন্দ ভংগিমা খুঁজে পায়। তাই গান ধরে রঞ্জন খোদাই নৃত্য করে। ···শেষকালে যন্ত্রেই মৃত্যু ঘটল রঞ্জনের—আর জীবনের শেষ হল। প্রেম আর জীবনের মিলন সার্থকতায় অভিষিক্ত হল না। প্রেম থেকে জীবনকে বিচ্ছেদ ঘটাল যন্ত্র। জীবনের সংগতি নষ্ট হয়ে গেল; যদিও জীবন বলি হল যান্ত্রিকতার যূপকাষ্ঠে—তবু জীবনই জয়ী হল—বহুতে ব্যাপ্তিলাভ করল। শুধু প্রেমকে খুঁজে বেড়াবার জন্য।

'শেষের কবিতা' ও জীবনদর্শন

ভাস্কর মুখোপাধ্যায় (৪র্থ বর্ষ, সাহিত্য)

রবীন্দ্রনাথের 'শেষের কবিতার' কাহিনী কাব্যরসসিঞ্চিত এবং এ কাব্য "স্বাদু স্বাদু পদে পদে"। তবু এটা যখন কাহিনী অর্থাৎ উপন্যাস তখন এর সম্পর্কে কাব্যরস ছাড়া আরও দু একটি বস্তুর দিকে নজর দিতে হয়, যথা এর বিষয়বস্তু, এর চরিত্রগুলির বৈশিষ্ট্য, যদি এ কাহিনীর কোন বাণী বা সমস্যা বা আদর্শ থাকে সেইটি। কাব্য এমন কি ব্যাপক ভাবে সাহিত্য সুলভ ভাবের বস্তু হতে পারে, কিন্তু উল্লিখিত বিষয়গুলি কেবল মাত্র ভাবের নয়, বৈজ্ঞানিক মনীষা বা চিন্তাধারারও বটে। অতএব ভাবের জগৎ থেকে বিদায় নিয়ে খানিকটা আমাদের যুক্তি-তর্কের বিচার বিশ্লেষণের জগতে প্রবেশ কোরতে হবে। Art বা রস রচনা মোটামুটি ভাবের বস্তু বটে, কিন্তু রসরচনার বা work of art এর সার্থকতা নির্ভর করে সামঞ্জস্যের উপর—সে সামঞ্জস্য ভাবের, কাহিনীর, চরিত্রের এবং এদের পরস্পরের। তাই স্রষ্টাকেও এ সামঞ্জস্য আনতে হলে কেবল ভাবের জগতে থাকলে চলে না, খানিকটা বৈজ্ঞানিক বুদ্ধির সাহায্য নিতেই হয়।

'শেষের কবিতা'র মধ্যে এ সামঞ্জস্য নামক বস্তুটি আছে কি না সেইটেই বিচার্য্য।

'শেষের কবিতা'র তিনটি প্রধান চরিত্র—লাবণ্য, শোভনলাল ও অমিত। শোভনলাল রয়েছে এ কাহিনীর নেপথ্যে, তা বলে সে গৌণ নয়, বরং 'শেষের কবিতা'র কাহিনীর পরিণতির নিয়ামক। তাই তার সম্বন্ধেই পূর্ব্বাহ্নে বলা দরকার। সে একদা লাবণ্যকে ভালবেসেছিল, উদ্ভিন্নযৌবনা লাবণ্যের মন দুলে উঠেছিল তার মনীষা, প্রতিভা ও মৌন-সান্নিধ্যের অনিবার্য্য আকর্ষণে। কিন্তু সে মনকে লাবণ্য চিন্‌তে পেরেও অস্বীকার কোরল সমতুল্য আর একটি আকর্ষণে যা বিশেষ একটি বয়সের তেজস্বিনী নারীর ধর্ম্ম—আত্মমর্য্যাদা; তিরস্কৃত শোভনলাল নীরবে নির্ব্বিবাদে বিদায় নিল।

কাহিনীর আরম্ভ দ্বিতীয় ব্যক্তির আগমনে, নাম অমিত। অমিত এলো অনেকদিন পরে। এক অভাবনীয় পারিপার্শ্বিকতার মধ্যে মন্দার পর্ব্বতের আন্দোলিত সমুদ্রের জলের উপরে লক্ষ্মীর মত আবির্ভূত হল লাবণ্য অমিতের মুক্ত দৃষ্টির সামনে। অমিত কবি, অমিত ভাবুক, নানা রঙে সে এই আবির্ভাব-লগ্নটিকে সাজালো মনে মনে। বাইরের লাবণ্য বন্যা হয়ে ঢুকলো তার অন্তরে। দিনে দিনে পরিচয় হল গাঢ়। লাবণ্য একদিন বললো,

মিতা! ত্বমসি মম জীবনং
ত্বমসি মম ভূষণং
ত্বমসি মম ভব জলধিরত্নম্

প্রথমতঃ আঙ্‌টি বদল হয়ে গেল কিন্তু শেষের দিকে অকস্মাৎ কাহিনীর মোড় গেল ফিরে,—লাবণ্য অমিতের গলায় মালা না দিয়ে পাঠাল একটি বিদায় কবিতা—'হে বন্ধু বিদায়'। জানা গেল কোন এক রামগড় পর্ব্বতে মালা বদল করবে সে শোভনলালের সাথে। "হে বন্ধু বিদায়" কবিতায় নানা উচ্ছ্বসিত কথার মধ্যে পাওয়া গেল—

"সে আমার প্রেম,
তারে আমি রাখিয়া এলেম
অপরিবর্ত্তনের অর্ঘ্য তোমার উদ্দেশে,
পরিবর্ত্তনের স্রোতে আমি যাই ভেসে"।

অর্থাৎ লাবণ্যের প্রেম রইল অমিতের জন্য—সে প্রেম অপরিবর্ত্তনীয়, অতএব অমিতের প্রাপ্য যা কিছু তাতো সে দিয়েই গেল।

আমাদের বাস্তববুদ্ধি, আমাদের সামঞ্জস্য বোধ এখানে এসে যেন বাধা পায়। একজনকে অপরিবর্ত্তনীয় প্রেম, অন্যকে মাল্যদান ব্যাপারটা প্রচলিত

বিধিনিয়মের বিরুদ্ধে যেন রীতিমত একটা বিদ্রোহ। মানুষের শ্রেষ্ঠ সম্পদ প্রেম, পৃথিবীর যাবতীয় শিল্পকলা, কাব্য কাহিনীর মূল উপাদান রূপে এইটিই কালে কালে নির্ব্বাচিত হয়ে এসেছে, এসেছে এই কারণে যে মানব সত্তার সকল বৈশিষ্ট্য, তার ধর্ম্ম অধর্ম্ম, শুভ্রতা গ্লানিমা, বিরাগ অনুরাগ, শৌর্য্য ক্লৈব্য ইত্যাদি সকল গুণাগুণ প্রেম নামক ঐ একটি মূল উপাদানের স্বীকৃতি বা বিকৃতি থেকেই উদ্ভূত। অতএব মানব চরিত্র যে শিল্প সাধনার বিষয় সেইখানে প্রেম অনিবার্য্য উপাদান।

'শেষের কবিতা'র বিষয় বস্তু প্রেম, কিন্তু সে প্রেম কি জাতীয়? সত্যকার প্রেম একনিষ্ঠ এটাই আমরা জানি। যে নারী একজনকে প্রেম দান করে আর একজনকে মাল্য দান করে—তাকে আমরা মহীয়সী বলে মনে করিনা। শোভনলালই বা এমন কি অপরাধ করল যে তাকে বিয়ে করতে হোলো এমন এক প্রেয়সীকে যে অপরিবর্ত্তনের অর্ঘ্য অন্তরের সেই আসল বস্তুটিই অন্যের মানসভোজে নিবেদন কোরে দিয়ে এসেছে। আমাদের কি ধরে নিতে হবে শোভনলাল ছিল এমন একজন লোক যার দাবী কেবল নারীর দেহের উপর,—অন্তরের প্রেমের ওপর যার এতটুকু লোভ নাই? রবীন্দ্রনাথের ভাষায় "মানস ভোজ যার অপরিচিত"? আর তেমন একটি নিরেট দেহসর্ব্বস্ব লোককে মাল্যদান কোরলো লাবণ্য সেইটেই বা তার মত সুচরিতার পক্ষে সম্ভব হোলো কি করে? চরিত্রের সাথে ঘটনার পরিণতির সামঞ্জস্য কোথায়? "শেষের কবিতা"র কাব্য সুষমার আড়ালে তাহলে কি কলঙ্ক? অসঙ্গতি?

'শেষের কবিতা'র মধ্যে স্রষ্টা নিজে কোনো কৈফিয়ৎ দিয়েছেন কিনা সেইটেই সর্বাগ্রে দেখা যাক্!

'শেষের কবিতা'র শেষ কবিতায় লাবণ্য অমিতকে তার বিদায় বার্ত্তা জানিয়েছে, কারণ পরিবর্ত্তনের স্রোতে কালের যাত্রায় তাকে ভেসে যেতে হবে। অমিতকে সে লেখে:—

"মোর লাগি করিও না শোক,
আমার রয়েছে কর্ম্ম, আমার রয়েছে বিশ্বলোক।"

তবু অমিতের উদ্দেশ্যে অপরিবর্ত্তন অর্ঘ্য মৃত্যুঞ্জয়ী প্রেম সে উজাড় কোরে ঢেলে দেয়, সে বলে:—

"মুক্তি নৈবেদ্য গেনু রাখি রজনীর শুভ্র অবসানে।"

*　　*　　*　　*　　*

নাই অভিমান, নাই দীন কান্না, নাই গর্ব্বহাসি,
নাই পিছু ফিরে দেখা ; শুধু সে মুক্তির ডালাখানি
ভরিয়া দিলাম আজি আমার মহৎ মৃত্যু আনি।"

যে প্রেম বন্যা তার মিতাকে দিয়েছিল তা আগুনে পোড়া প্রেম যা সুখের দাবী করে না, এ নিজে মুক্ত বলেই মুক্তি দেয়, এর পেছনে ক্লান্তি আসেনা, ম্লানতা আসে না। এ প্রেম সম্পূর্ণ কল্পনার গ্রন্থি দিয়ে গড়া ; দেহজ, রূপজ বিলাসের সীমিত রেখার বাঁধন-মুক্ত,—এ অনুভূতিতে আনেনি কোনো জৈব বুদ্ধির স্বেদ। হৃদয়ের উদার বিস্তৃতির পটভূমিকায় এ একটা বিরাট বন্ধুত্বের আলিঙ্গন। এ ভালবাসা তো গৃহের আঙিনার ভালবাসা নয়, এ যে প্রান্তরের ভালবাসা—দিগন্তের গানের অনুরণণ আছে এতে। এতে অনুশোচনা নেই, বিদায় নেই, কাছে না পাওয়ার নেই হাহাকার। সংসারের সাধারণ দেওয়া পাওয়ার বাইরে প্রকৃত মানবতার দুয়ারে এর ডাক। এখানে প্রেম ব্যক্তিনিরপেক্ষ divine inspiration। এমনিতর অপ্রয়োজনের দান ছিল অমিতর তরফেও। আমরা দেখি প্রথম যৌবনে লাবণ্যর মনে ছিল উগ্রতা—প্রেমকে উপেক্ষা করার স্পর্দ্ধিত মনোবৃত্তি, তাই সে শোভনলালের হৃদয়ে এনেছিল ব্যর্থতা,—তার মনের ওপর টেনেছিল নৈরাশ্যের কালো ছায়া। অমিতই প্রথম লাবণ্যর মনে রঙের ছোঁয়াচ লাগিয়েছিল, মুগ্ধ হয়েছিল সে। এর আগে লাবণ্যর ধারণা ছিল যে সে নিতান্তই শুক্‌নো আর এই শুষ্কতার মধ্যেই তার জীবনটা কাটবে। তার ধারণায় এতদিন সে ছিল ছায়া আর অমিতর স্পর্শে সে হ'ল সত্য। সে তখন বুঝলো যে সে পাষাণ নয়—সেও ভালবাসতে পারে, এমনকি ভালবাসার কারণে প্রাণ বিসর্জ্জন দিতেও সে কুণ্ঠিত নয়। এই নবজাত লাবণ্যর মাঝে পূর্ব্বের লাবণ্য হারিয়ে গেল। সব বাধা ভেঙ্গে দিয়ে, সব দ্বিধা উড়িয়ে দিয়ে, অমিতর দুই হাত চেপে ধরে সে বলতে চায়, জন্ম-জন্মান্তরে আমি তোমার—"আজ সারা পৃথিবীকে ডেকে ওর খবর দিতে ইচ্ছে করে, শোন তোমরা আমি ভালবাসি"। কিন্তু তবু লাবণ্য অমিতকে মালা দান কোরলো না, তার জন্য দায়ী অমিতর জীবনই। সাধারণে যা বলে অমিত তা বলে না। অমিতর স্বভাব সাধারণ মানুষের

স্বভাব বিরুদ্ধ। অমিতর মতে "যারা নিজের মন রেখে চলে ষ্টাইল তাদের আর দেশের মন রেখে চলা যাদের ব্যবসা ফ্যসান তাদেরই"।

অমিতর নেশা হল ষ্টাইলে—সাহিত্য বাছাই কাজে, বেশে ভূষায়, ব্যবহারে, সর্ব্বক্ষেত্রে, সর্ব্বকর্ম্মে। "নিজেকে অপরূপ করার সখ ওর নেই, কিন্তু ফ্যাশানকে বিদ্রূপ করবার কৌতুক ওর অপর্য্যাপ্ত; মেয়েদের প্রতি সে উদাসীন নয় আবার বিশেষভাবে কারও [illegible] আসক্তও নয়," তাদের কাছে অমিত "সোনার রঙের দিগন্ত রেখা ধরা দিয়েই আছে তবু কিছুতেই ধরা দেবে না"। এই ভাবে সাধারণের থেকে অমিত নিজেকে আলাদা ছাঁচে তৈরী করেছিল, এ দুই-এর মাঝে গড়ে তুলেছিল ব্যবধানের একটা প্রাচীর। অন্যদিকে লাবণ্য কিন্তু সাধারণের থেকে নিজেকে আলাদা কোরে গড়ে তোলেনি, সে ছিল এসব বিষয়ে পাঁচজনের মতই একজন। লাবণ্য জেনেছিল অমিত আর যাই হোক সংসার ফাঁদবার মানুষ সে নয়; রুচির তৃষ্ণা মেটাবার জন্যে সে ফেরে, সাহিত্যে সাহিত্যে তাই তার বিহার। সাধারণ লোক বিয়ে করে সম্পত্তির সঙ্গে সহধর্ম্মিণীকে মিলিয়ে নিয়ে খুব মোটা তাকিয়া ঠেসান দিয়ে বসে—অমিতর মতে বিয়ে জিনিষটা ভাল্‌গার, লাবণ্য তা বুঝেছিল। তাই বিয়ের গ্রন্থি দিয়ে তাকে বাঁধতে রাজী হয় নি। লাবণ্য জানতো যে সে সাধারণ মানুষ, তার স্পর্শে হঠাৎ অমিতর মন অজস্র কথা কয়ে উঠেছে আর সেই কথা দিয়েই অমিত তার আপন লাবণ্যকে গড়ে নিয়েছে, কিন্তু এমন একদিন হয় তো আসবে যখন কথা যাবে ফুরিয়ে, সেদিন অমিত বুঝবে যে এ নিতান্ত সাধারণ মেয়ে, যে-মেয়ে ওর নিজের সৃষ্টি নয়। তাই লাবণ্য তার কর্ত্তামাকে বলে, "যতদিন পারি না হয় ওঁর কথার সঙ্গে, ওঁর মনের খেলার সঙ্গে মিশিয়ে স্বপ্ন হয়েই থাকব, আর স্বপ্নই বা তাকে বলব কেন? সে আমার একটা বিশেষ জন্ম, একটা বিশেষ রূপ, একটা বিশেষ জগতে সে সত্য হয়ে দেখা দিয়েছে, না হয় সে গুটি থেকে বের-হয়ে আসা দু-চারদিনের একটা রঙ্গিন প্রজাপতিই হল, তাতে দোষ কি, জগতে প্রজাপতি আর কিছুর চেয়ে কম সত্য তা তো নয়—না হয় সূর্য্যোদয়ের আলোতে দেখা দিল আর সূর্য্যাস্তের আলোতে মরেই গেল, তাতেই বা কি"।

অমিতও বুঝেছিল যে "আমাদের সকলের চেয়ে বড় যে-পাওনা সে মিলন নয়, সে মুক্তি।" কিন্তু তবু সে ভাবে লাবণ্যকে যত আপন কোরে,

যত কাছেই সে পাকনা কেন সে চিরদিনই তার কাছে নতুন হয়ে থাকবে। অমিত বলে "জগতে যা কিছু টেঁকসই সবই থাকবে। সংসারে নববধূ দুর্লভ, কিন্তু লাখের মধ্যে একটি যদি দৈবাৎ পাওয়া যায় সে চিরদিনই থাকবে নববধূ।" কারণ অমিত ভাবে যে সে যেমন সাধারণ নয় তেমন লাবণ্যর সাথে পরিচয়ও তো আর সাধারণ ভাবে ঘটে নি। "এর আগে অনেক মেয়ের সঙ্গে তার আলাপ হয়েছিল, সমাজের কাটা খাল বেয়ে বাঁধা ঘাটে রুচির ঢাকা লণ্ঠন জ্বালিয়ে, তাতে দেখা শোনা হয়, চেনাশোনা হয় না", কিন্তু লাবণ্যের সাথে প্রথম পরিচয়ে কি সে নিয়মের ব্যতিক্রম ঘটে নি?

"ঘর পোষা অবস্থায় মানুষের চরিত্রের একরকম শিকলি বাধা স্থাবর পরিচয়। তার পরে একদিন ভাগ্যের হঠাৎ একঘায়ে তার শিকলি কাটে, সে ছুট দেয় অরণ্যে, তখন তার আর এক মূর্ত্তি"। তাই অমিতর ধারণা আজ অমিতরায় বদলে গেছে, কারণ "মানুষের ইতিহাসটাই এইরকম, তাকে দেখে মনে হয় ধারাবাহিক, কিন্তু আসলে সে আকস্মিকের মালা গাঁথা। সৃষ্টির গতি চলে সেই আকস্মিকের ধাক্কায় ধাক্কায়, দমকে দমকে, যুগের পর যুগ এগিয়ে যায় ঝাঁপতালের লয়ে"। অমিতর তাল বদলিয়ে দিয়েছে লাবণ্য, সেই তালেই তো একের সুরে অন্যের সুর গাঁথা পড়ল।

"যে মাটির মানুষ একেবারেই নয় সে আপনার স্বাতন্ত্র্য কিছুতেই ছাড়তে পারে না, যে মেয়ে তা বোঝে না সে যতই দাবী করে ততই হয় বঞ্চিত, যে-পুরুষ তা না বোঝে সে যতই টানা হেঁচড়া করে ততই আসল মানুষটাকে হারায়"। অমিতর চরিত্রের সেই বিরূপতা ছাড়াও লাবণ্য আর একটা কথা বুঝেছিল যে, অমিতর যে-সমাজ সে ওদের সমাজ থেকে অনেক দূরে। আর তাই তার মনে হয় যে বাসা এতদিন ওরা দুজনে নানা অদৃশ্য উপকরণে গড়ে তুলেছিল সেটা বুঝি আর দৃশ্য হবে না, আর এইজন্যেই লাবণ্য অমিতকে বলে "মিতা, ভালবাসার জোরে চিরদিন যেন কঠিন থাকতেই পারি, তোমাকে ভোলাতে গিয়ে একটুও ফাঁকি যেন না দিই। তুমি যা আছ ঠিক তাই থাকো, তোমার রুচিতে আমাকে যতটুকু ভালো লাগে ততটুকুই লাগুক, কিন্তু একটুও দায়িত্ব তুমি নিওনা—তাতেই আমি খুশী থাকব।" 'শেষের কবিতা'র শেষ কবিতায় বন্যা তার মিতাকে লেখে:—

"তোমার হয়নি কোনো ক্ষতি

* * * *

তোমার মানসভোজে সযত্নে সাজালে
সে ভাবরসের পাত্র বাণীর তৃষায়
তার সাথে দিবনা মিশায়ে
যা মোর ধূলির ধন, যা মোর চক্ষের জলে ভিজে।"—

লাবণ্যর প্রেমদীপ্তি বিকীর্ণ জীবনসূর্য্যের, জীবন বেদের পরে উৎকীর্ণ তার মহত্ব, কামনার দহন নিরপেক্ষ শান্ত মুক্তির প্রতীক্ষায় তা সমুজ্জ্বল। লাবণ্যর মধ্যে কবিপ্রাণতা থাকলেও সে নারী, সে 'সত্য বধূ', কেবল মানস ভোজ নিয়ে তার চলে না—কবির আকাশ আর মাটির পৃথিবীর মাঝামাঝি কোথাও তার আশ্রয়—'True to the kindred point of heaven and home'.

একদিকে তাই কবির মানসভোজে সে দেয় নৈর্ব্যক্তিক প্রেমের নৈবেদ্য আবার শোভনলালের গৃহাঙ্গনে জ্বালায় মাটির প্রদীপ। অমিত সর্বাংশে কবি, সমগ্রে কবি, মানসভোজই তার একমাত্র ভোজ, চোখে দেখা, হাতে পাওয়াই তার পাওয়া নয়, তার পাওয়া দর্শনের মানসে, সেই মানসলোকে কখন কোন কুসুম, কোন রামধনু যে ফুটবে তা কেই বা বলতে পারে? অন্যদিকে শোভনলাল তার একেবারে বিপরীত; শোভনলাল একনিষ্ঠ প্রেমের মৌন বিগ্রহ। একদা তার মন-মন্দিরে যে দেবীর পূজা আরম্ভ হয়েছিল তাকে কোনদিনই সে বিসর্জন দেয়নি, দিতে পারতো না। অমিতর কথায় কথায় রূপ বদলের সম্ভাবনার কথা মনে আসতেই বিপরীত ধর্ম্মী প্রেমার্থীর স্মৃতি লাবণ্যকে উতলা কোরে তোলে, শোভনলাল যে নূতন কোরে আবার তার অন্তরে এসেছে এ কথা অমিতকে সে জানিয়েওছে। অতএব "শেষের কবিতার" কাহিনীর আরম্ভ ও পরিণতির, চরিত্র ও কথাবস্তুর কোথাও কোন অসঙ্গতি নেই।

অমিত তার নিজের চরিত্রটাকে মূলতঃ সকল পুরুষের চরিত্র বলে ব্যাখ্যা করেছে। তার মতে পুরুষের ধর্ম হল নূতন থেকে নূতনতরর দিকে ছুটোছুটি করা। এক তাগিদে সে কিছু একটা সৃষ্টি করে, আবার অন্য সৃষ্টির উন্মাদনায় সেটাকে ভাঙে। জীবনে বহু নারীর সঙ্গে তার বন্ধন ও বিচ্ছেদের এটা একটা বৈজ্ঞানিক কৈফিয়ৎ, আবার নারী চরিত্র সম্বন্ধে তার বৈজ্ঞানিক দৃষ্টি

আবিষ্কার কোরছে যে নারী আর যাই হোক সে একনিষ্ঠ, সৃষ্টি করা এবং সৃষ্টিকে লালন করা তুই তার ধর্ম, সে ভাঙ্‌তে পারে না সে রক্ষা করে। অমিত বলতে চেয়েছে নারী একাধারে প্রিয়া এবং মাতা।

'শেষের কবিতা' উল্লিখিত তুই ধর্মের সংঘাত ও সামঞ্জস্যের ফল। তুই বিপরীত ধর্ম যে পরস্পরের সাথে রফা কোরে নিতে পারে কবি তাই দেখাতে চেয়েছেন। "শেষের কবিতার" মধ্যে কবির এই যে দার্শনিক মতবাদ এইটির তাৎপর্য্য উপলব্ধি কোরলে লাবণ্যর আচরণ গর্হিত বা সঙ্গতিবিহীন বলে মনে হবে না। পুরুষানুক্রমিক সংস্কারে, আমাদের গতানুগতিক মূল্যবোধ (Sense of Value) প্রায় দেখা যায় আমাদের চিত্ত ধর্মের নিহিত সত্যের উপর প্রতিষ্ঠিত নয়। অনেক উচিত অনুচিতের বেড়া জাল আমরা চারিদিকে টেনেছি যা অন্তরের নিত্যধর্মের বিরোধী। কিন্তু তাই বলে সাহিত্যের প্রগতির বন্ধনমুক্ত আসরে গতানুগতিকতার স্থান তো নেই—কবির দর্শন যে সংস্কারমুক্ত, জীবনে এবং সমাজে এই সত্য হয়তো কোন দিন প্রতিষ্ঠা পাবে না; সাহিত্যের মানসভোজে তার প্রাপ্য মর্য্যাদাটুকু দিলামই বা। অমিত লাবণ্য এ মর্য্যাদা দিয়েছে, শোভনলালও নিশ্চয়ই দেবে, না দেবার সম্ভাবনা থাকলে শোভনলাল-লাবণ্যর বিরোধ নিয়ে কাহিনীর আর একটা দিক বেড়ে উঠতো, কিন্তু কবি তা দেখান নি।

সব পুরুষ পুরুষ নয় সব নারীও নারী নয়। সর্বতোভাবে পৌরুষধর্মের বিগ্রহ বা নারী ধর্মের প্রতিমা কোথাও দেখা যাবে না, কিন্তু কল্পনায় এমন তুটি চরিত্র যদি অনুধাবন করা যায় তবে তাদের ছবি অমিত লাবণ্যর সঙ্গে অবিকল মিলে যাবে; একজন সৃষ্টির উন্মাদনায় সৃষ্টি করছে আবার নব সৃষ্টির উন্মাদনায় সেটাকেই ভাঙ্‌ছে,—তার একবার ভাল লাগছে এনামেল করা কেটি মিটারকে আবার লাবণ্যকে, একবার ফারপো আর একবার শিলঙ্ পাহাড়। এ পুরুষ নিত্য কিশোর। অন্যদিকে আর একজন একাধারে কিশোরী এবং জননী, কিশোরের রসভঙ্গিমা, নব নব সৃষ্টিধর্ম্মিতার প্রতি তার আকর্ষণ আছে, কারণ সেও কিশোরী, কিন্তু কিশোরের কূল ভাঙ্গা সেই বন্যায় সে নিজেকে ভাসিয়ে দিতেও পারেনা কারণ সে জননী, তাকে রক্ষা করতে হবে, লালন করতে হবে তার অন্তর মথিত সৃষ্টিকে, তাই চায় সে সংসার,—চায় আজীবন ভালবাসবার লালন করবার উপলক্ষ্য।

চিরকিশোর কিশোরীর কল্পনা আমাদের দেশে নূতন নয়। 'শেষের কবিতা'র একটি সংস্কৃত শ্লোক স্থান পেয়েছে, কবিতাটা গীতগোবিন্দের রাধার উক্তি শ্রীকৃষ্ণের প্রতি। কবি দিয়েছেন লাবণ্যর মুখে "মিতা! ত্বমসি নম জীবনং ত্বমসি মম ভূষণং"। কে জানে, অমিত ও লাবণ্য এই দুটি তরুণ তরুণীর চরিত্রাঙ্কণের সময় রবীন্দ্রনাথের কল্পনা ভাব ও বস্তুর সন্ধানে পুরাণের জগতে ফিরে গিয়েছিল কিনা।

অর্থ নৈতিক সমিতি

মনোজ কান্ত চৌধুরী (সম্পাদক)

উপন্যাসের পাতায় পড়েছিলাম আদরও নাকি মাঝে মাঝে অত্যাচার বলে মনে হয়। এ' বিষয়ে ব্যক্তিগত অভিজ্ঞতা অতন্ত্য নগণ্য ছিল। কিন্তু একদিন যখন বাস্তবিকই নির্মম ও নিষ্ঠুরভাবে আমার শুভাকাঙ্খী ছাত্রবন্ধুগণ কোন এক শুভ বা অশুভ লগ্নে স্কন্ধে চাপিয়ে দিলেন অর্থ নৈতিক সমিতির সম্পাদকের পদ তখন হাড়ে হাড়ে উপলব্ধি করেছিলাম সম্যক্‌ভাবে কথাটার সত্যতা।

কিন্তু কার্য্যক্ষেত্রে প্রবেশ করে দেখ লাম কাজটি গুরুত্বপূর্ণ বলেই আছে এতে আনন্দ, আছে প্রাণ। প্রত্যেকটি নর-নারীর আজ দেশের অর্থনীতি সম্বন্ধে সজ্ঞান হওয়া উচিত। এ' বিষয়ে আমাদের অর্থ নৈতিক সমিতির প্রচেষ্টা নিঃসন্দেহে প্রশংসনীয়।

এ বছরের জন্য (১৯৪৯—৫০) অর্থ নৈতিক সমিতির কার্য্যকরী সভা গঠিত হয়েছে নিম্নলিখিত সদস্যদের নিয়ে—

(১) অধ্যাপক বঙ্কিম চন্দ্র সাহা (সভাপতি)
(২) শ্রীদেবব্রত চট্টোপাধ্যায়, ৪র্থ বর্ষ (সহঃসভাপতি)
(৩) মনোজ কান্ত চৌধুরী, ৩য় বর্ষ (সম্পাদক)
(৪) শ্রীঅশোক মৈত্র, ১ম বর্ষ (সহঃসম্পাদক)
(৫) শ্রীশিবশঙ্কর পাল, (৪র্থ বর্ষ)
(৬) শ্রীসুনীল বিশ্বাস (,,)
(৭) শ্রীআর্য্য প্রকাশ গাঙ্গুলী (৩য় বর্ষ)
(৮) শ্রীঅমল চক্রবর্ত্তী (২য় বর্ষ)

গত ১২ই সেপ্টেম্বর, ১৯৪৯ "Series of Lectures" এর প্রথম অধিবেশন হয়েছে। আলোচ্য বিষয় ছিল "ভারতের ষ্টার্লিং ব্যালেন্স"। শ্রদ্ধেয় অধ্যাপক শ্রীযুক্ত বিজয়কৃষ্ণ ভট্টাচার্য্য উক্ত বিষয়ে বিশদভাবে আলোচনা করেন। তাঁহার অসাধারণ পাণ্ডিত্য ও

সুশীলিত বাক্যামৃত সভায় উপস্থিত সবাইকে মুগ্ধ করেছে বল্‌লে অত্যুক্তি করা হবেনা।

এরপর দ্বিতীয় অধিবেশন হয় ১০ই নভেম্বর, ১৯৪৯ তারিখে। অর্থ নৈতিক সমিতির সভাপতি শ্রীযুক্ত বঙ্কিম চন্দ্র সাহা "The Recent Devaluation of the Sterling and the Indian Rupee" সম্বন্ধে বক্তৃতা দেন। গত সেপ্টেম্বর মাসে ষ্টার্লিংএর Devaluation এবং সঙ্গে সঙ্গে কমন্‌ওয়েলথভুক্ত ও অন্যান্য দেশগুলিরও মুদ্রার মান হ্রাস করার তাৎপর্য্য একটি বিশেষ স্মরণীয় ঘটনা। বোধহয়, অনেকেরই এ' বিষয়ে কোন সুস্পষ্ট ধারণা ছিল না। অধ্যাপক সাহার বক্তৃতায় সমবেত শ্রোতৃ মণ্ডলী যে বিশেষভাবে উপকৃত হয়েছেন তাহার উল্লেখ নিষ্প্রয়োজন। কিছু দিনের মধ্যে আরও বক্তৃতার আয়োজন করা হচ্ছে।

বিশেষ উল্লেখযোগ্য গত বছরের ন্যায় এ' বছরেও একটী Survey র বন্দোবস্ত করা হয়েছে। এ' ছাড়া কিছু দিনের মধ্যেই অর্থ নৈতিক সমিতির তরফ থেকে কলেজের ছাত্র বন্ধুগণ Excursion এ বার হবেন। বই থেকে আমরা যতটুকু জ্ঞান অর্জন করতে পারি, বাস্তব অভিজ্ঞতা দ্বারা তার চাইতে আরও ঢের বেশী আয়ত্ত করা যায়। সেইজন্য অর্থ নৈতিক সমিতি Tour-এ বার হবার আয়োজন একরকম ঠিক করে ফেলেছেন। আমাদের কলেজের Jubilee Celebration এর পর আমাদের সমস্ত পরিকল্পনার দৌড় আরও স্পীড্ বাড়াবে।

প্রত্যেক কাজেই সবার আন্তরিকতা আমাকে মুগ্ধ ও চমৎকৃত করেছে, সত্যিই সহযোগিতা প্রত্যেকের কাম্য ও প্রার্থনীয়। কলেজের শ্রদ্ধেয় অধ্যাপকমণ্ডলী এবং আমার অন্যান্য ছাত্রবন্ধুগণ ও আমার শুভাকাঙ্খীবৃন্দ আমাকে প্রতিটী কাজে যে ভাবে সাহায্য করেছেন তা সত্যিই অত্যন্ত প্রশংসার্হ। তাদের সবাইকে অর্থ নৈতিক সমিতির তরফ থেকে আমি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি।

আমাদের plan অনেক কিন্তু সময় কম কিন্তু তাই বলে আমরা পিছিয়ে নেই। অর্থ নৈতিক সমিতি উদ্দাম গতিতে তার কাজ করে চলেছে।

সাহিত্য সমিতি

সম্পাদক—সত্যেন দে

কোন প্রাগৈতিহাসিক অধ্যায়ে অপ্রয়োজনীয় সৌন্দর্য্য সৃষ্টির তাগিদে ঋষি বাল্মিকী প্রথম শ্লোকের জন্মদান করে বিস্ময়ান্বিত হয়েছিলেন, কিমিদং ব্যাহৃতং ময়া! ওস্কার ওয়াইল্ডের 'Art for art's sake' নীতি ছিল আদিকালের সাহিত্য ধর্ম। বার্ণাড শ একে

ব্যঙ্গ করেছিলেন, 'Art for God sake'। ক্রমে সামাজিক পরিবেশের আওতায় Art হয়ে দাঁড়ালো 'for propaganda's sake'। সমাজ ও ধর্মের নীতিকে প্রচ্ছন্নভাবে বিজ্ঞাপিত করে তুললে পৃথ্বীর অনির্বাণ সাহিত্যসম্ভার। নিছক আদর্শপ্রচার কিন্তু মানুষের ক্ষণ অবসর গুলিকে প্রাণবন্ত করে তুলতে অক্ষম; তাই কঠোর সত্য ও বাস্তব সাহিত্যের মধ্যে অন্তঃসলিলা হয়ে রইলো 'আলস্যের সহস্র সঞ্চয়।' সাহিত্যের সার্থকতা এই খানে।

* * *

আমাদের সাহিত্য সমিতির কার্য্য পরিকল্পনা ব্যাপক কিন্তু পরিক্রমা আর্থিক অসংগতিতে দুর্বল। আমাদের 'সাহিত্যালোচনা' পর্য্যায়ের প্রথম বক্তৃতার বিষয় ছিল সাহিত্যে বাস্তববাদ। পৌরহিত্য করেছিলেন বিশ্ববিদ্যালয়ের বাংলাভাষার অধ্যাপক ডক্টর শশীভূষণ দাশগুপ্ত। সভাপতি ছাড়া ছাত্রদের মধে থেকে অনেকেই আলোচনা করেন ঐ অধিবেশনে। সভাপতি বলেন, 'আজকের বাস্তব ধর্মী সাহিত্য পর্য্যন্ত কল্পনাকে সম্পূর্ণ অস্বীকার করতে পারেনা, কারণ হৃদয়কে বঞ্চিত করার অধিকার তার নেই।

সমিতির সবচেয়ে উল্লেখযোগ্য কাজ হ'ল তিনটী প্রতিযোগিতা আহ্বান করা স্থানীয় ছাত্রছাত্রীদের মধ্যে। বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ২৫ শে নভেম্বর, ৪৯। সেদিনের তর্কের বিষয় ছিল, 'Art is mightier than science'। প্রথম স্থান অধিকার করেন বিপক্ষদলের অমিয় বন্দ্যোপাধ্যায়। দ্বিতীয় হয়েছিলেন ভাস্কর মুখোপাধ্যায় ও দেবব্রত চট্টোপাধ্যায়।

ছোট গল্প প্রতিযোগিতার জন্য আমরা মোট ১২ টী গল্প পেয়েছিলাম। সুবোধ রায়ের 'কবর' এবং অমিয় মুখোপাধ্যায়ের 'বুলেট' গল্পটি যথাক্রমে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করে। বিশেষ পুরস্কার লাভ করেন সত্যেন দে তাঁর 'অবচেতন' গল্পটির জন্যে।

আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ৭ই ফেব্রুয়ারী ৫০। রবীন্দ্রনাথের 'ওরা কাজ করে' কবিতাটি নির্বাচিত হয়েছিল আবৃত্তির জন্যে। সত্যেন দে, রণেন ভট্টাচায্য ও অমিয় বন্দ্যোপাধ্যায় যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পুরস্কার লাভ করেন।

তিনটি প্রতিযোগিতায় বিচারক ছিলেন আমাদের কলেজ ও বাইরের কলেজের কয়েকজন বিশিষ্ট অধ্যাপক। এই সূত্রে তাঁদের কাছে আমাদের আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করে রাখি।

বাংলা সাহিত্যের হাস্যরসসম্রাট কেদার বন্দ্যোপাধ্যায়ের মৃত্যুতে শোকসভা অনুষ্ঠিত হয় বিজ্ঞান মঞ্চগৃহে পয়লা ডিসেম্বর। আমাদের সমিতি এই সভার উদ্যোক্তা। অধ্যাপক অরুণ চক্রবর্তীর পৌরহিত্যে এই অম্লান জ্যোতিষ্কের প্রতি অকুণ্ঠ শ্রদ্ধা নিবেদন ও আত্মার অক্ষয় শান্তি প্রার্থনা হয়।

সমিতির আর একটি উল্লেখযোগ্য ঘটনা 'সম্ভাবনা' বিচিত্রানুষ্ঠান। ৬ই ডিসেম্বর ৪৯

বিপুল সমারোহে কলেজ ছাত্রদের সান্নিধ্যে ও সহযোগিতায় অনুষ্ঠানটি সুসম্পন্ন হয়। আবৃত্তি, গান, যন্ত্র সংগীত ও কৌতুকীর মাধ্যমে প্রচুর আনন্দ পরিবেশিত হয় সেদিন। শ্রেষ্ঠ আকর্ষণ ছিল সত্যেন দে রচিত ও পরিচালিত এবং সেন্ট ডেভিড ছাত্রাবাসের সভ্যদের অভিনীত হাস্যকৌতুক 'মেস নম্বর ফর্টিনাইন'। অপ্রিয় হলেও অসত্য নয়, কলেজ ছাত্রীদের সহযোগিতা আমরা খুবই অল্প পেয়েছি আমাদের কোনো কাজে। ত্রুটি তাঁদের নয়, দুর্ভাগ্য আমাদের। কয়েকজন শ্রেণী প্রতিনিধির ঔদাসিন্যও আমাদের ব্যথিত করেছে কিন্তু হতোদ্যম করেনি।

কলেজ সুবর্ণ জয়ন্তীতে 'পান্থনিবাস' নাটিকায় যুগলের ভূমিকায় শিশির রায় চৌধুরীকে অভিনয় প্রতিভার জন্যে আমরা সমিতির পক্ষ থেকে একটি রৌপ্য পদক পুরস্কার দিয়েছি। তাঁর অভিনয়দক্ষতার উন্নতি কামনা করি।

আমাদের ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে কোনো সংস্কৃতিপ্রধান স্থান পরিদর্শন। এছাড়া আলোচনা ও বিতর্ক সভার ব্যবস্থা যথাযথ নিয়মে চলবে।

আমরা আবেদন করি কলেজ ইউনিয়নের কাছে সমিতিকে আরো আর্থিক ব্যাপারে সুষ্ঠু করতে। সংকীর্ণ সংগতি আমাদের বহু পরিকল্পনাকে বিনষ্ট করেছে। পরবর্তী নির্বাচিত মণ্ডলীকে যেন আমাদেরি প্রতিধ্বনি করতে না হয় এই অনুরোধ।

'যত সাধ ছিল সাধ্য ছিলনা'। তবু যতটুকু সম্ভব কাজ করতে চেষ্টা করেছি—হয়ত ত্রুটী বিচ্যুতি অনেক রয়ে গেছে সেজন্যে ক্ষমা প্রার্থনা নিরর্থক। আমাদের পরিস্থিতি সকলেই উপলব্ধি করতে সক্ষম হবেন এ বিশ্বাস আছে।

আমাদের বর্তমান সমিতি গঠিত হয়েছে নিম্নোক্ত সভ্যদের-নিয়ে :—

সভাপতি—অধ্যাপক অরুণ চক্রবর্তী
সম্পাদক—সত্যেন দে (তৃতীয় বর্ষঃ সাহিত্য)
সহঃসম্পাদক—রণজিৎ দত্ত (তৃতীয় বর্ষঃ সাহিত্য)

শ্রেণী প্রতিনিধিগণ—

প্রণব পাল (চতুর্থ বর্ষঃ সাহিত্য)
দলসিং গহত্‌রাজ (চতুর্থ বর্ষঃ সাহিত্য)
ক্ষুদিরাম ঘোষাল (দ্বিতীয় বর্ষঃ সাহিত্য)
করুণা সান্যাল (দ্বিতীয় বর্ষঃ বিজ্ঞান)
গোপাল বাগচী (প্রথম বর্ষঃ সাহিত্য)
আখতার আমেদ (প্রথম বর্ষঃ বিজ্ঞান 'ক')
প্রিয় রঞ্জন চৌধুরী (প্রথম বর্ষঃ বিজ্ঞান 'খ')

ঐতিহাসিক সমিতি

শ্রীসুবোধ রায়, (সম্পাদক)

মানুষের অতীত জীবনের সাক্ষী ইতিহাস। মানুষের—কথাটায় একটি হয়তো ভুল আছে; যে ইতিহাস আমাদের বিস্মৃতপ্রায় অতীতে নিয়ে যায় সেখানে আছে রাজ-রাজড়াদের কাহিনী,—সামান্য প্রজাদের সুখ দুঃখের আলেখ্য নয়। তবুও আমরা তাদের ইতিহাস বলে মেনে নিয়েছি, গ্রহণ করেছি সাদরে। ভুল হয়তো অনেক আছে, ভ্রান্তিরও সীমা নেই; কিন্তু তবুও তাদের অস্বীকার করতে পারিনে। অবিশ্বাস্য বলে উড়িয়ে দিতে পারিনে তাদের যতদিন না আবিষ্কৃত হচ্ছে মানবের সত্যকার ইতিহাস; ইতিহাস সামান্যতম দীন দুঃখীরও দৈনন্দিন কাহিনী!

শিক্ষা এবং সভ্যতা, শিল্প এবং কলা, সাহিত্য এবং ভাস্কর্য্য কবে কোন রাজার আমলে জাতিকে কোরেছে গৌরবান্বিত, কতটা পেয়েছে সম্মান বিদেশী দুয়ারে ইতিহাস দেয় তারই পরিচয়। কোন সম্রাটের সামান্য ভুলের জন্যে পতন হয়েছে তার রাজ্যের, কোন বিদেশী পুরুষসিংহ পাহাড় ডিঙিয়ে, নদী পেরিয়ে, তুচ্ছ কোরে ঝড়ঝঞ্ঝাকে স্থাপন করেছেন বিশাল রাজ্য আর তারই বংশধরের বিলাসে ঘুণ ধোরে খসে পড়েছে সেই বিপুল ইমারত—তারই পরিচয় খুঁজে বেড়াই আমরা ইতিহাসের পাতায় পাতায়। ইতিহাস শুধু অজন্তা, ইলোরা, দিল্লী, কাবুলের কাহিনীই লিখে যায়নি, বিষয়বস্তুও করেছে দান সাহিত্যের সামগ্রীতে। হেলেনের রূপ শুধু ট্রয় নগরীকে করেনি ধ্বংস, তাই নিয়ে রচিত হয়েছে অমর কাব্যও!

তাই—ইতিহাস শুধু মৃত কঙ্কালের পরিচয় নয়, অতীত জীবনেরও জীবন্ত স্বাক্ষর!

মানুষের শক্তি পরিমিত, সামর্থ্যও সীমাবদ্ধ। তবুও তারই মধ্যে আমরা উদ্দেশ্য সিদ্ধির সাধনা নিয়ে পথ চলি। সহজে পৌঁছোনো যায়না সে পথের শেষে, কিন্তু গতির তবুও বিরাম নেই আমাদের।

ঐতিহাসিক সমিতির শক্তিও সীমাবদ্ধ, সামর্থ্যও সংকীর্ণ। কিন্তু প্রচেষ্টার আমাদের ত্রুটি নেই এ সমিতির গৌরব বৃদ্ধি করতে। প্রতি পদে আছে বাধা; প্রতি সোপানে রয়েছে বিঘ্ন—দৃষ্টিপাত করিনে সেদিকে আমরা, এগিয়ে চলেছি সবার সঙ্গে হাত মিলিয়ে উদ্যম আর উৎসাহ নিয়ে।

অসংখ্য কীর্ত্তি আর অগণিত গৌরবের ইতিহাস ছড়িয়ে আছে আমাদেরই বাংলার এখানে ওখানে—সেখানে। তারই সন্ধানে প্রতি বৎসর বেরুই আমরা দল বেঁধে। এবারও বেরিয়েছিলেম বিষ্ণুপুর, বাঁকুড়া আর ছাতনার ইতিহাসপ্রসিদ্ধ স্থানগুলির দর্শনে এবং বইয়ের পাতা ছাড়াও যে ইতিহাস শিক্ষা করা যায় তারই উদ্দেশে।

২রা সেপ্টেম্বর আমরা পনেরো জন ছাত্রমিলে সন্ধ্যেয় পুরুলিয়া প্যাসেঞ্জারে রওনা হলেম বিষ্ণুপুরের দিকে। আমাদের সঙ্গে দু'জন অধ্যাপকও ছিলেন—শ্রীনিশীথ রঞ্জন রায় এবং শ্রীঅরুণ কুমার চক্রবর্ত্তী। তাদের উৎসাহ এবং উদ্যম আমাদের বিদেশ যাত্রার প্রেরণাকে করে তুলেছিলো বলশালী; বিষ্ণুপুর যাবার এবং কলকাতায় ফিরে আসবার সময় রাত জাগার কষ্ট স্বীকার কোরেও তারা আমাদের উপর সতর্ক দৃষ্টি রেখেছিলেন। পথে যেতে শুধিয়েছেনঃ 'চা খেয়েছো তোমরা? ভীড়ের মধ্যে কষ্ট হচ্ছে নাতো'?—মুখের মামুলি কৃতজ্ঞতা প্রকাশ কোরে তাদের অনাবিল ভালবাসা ও অটুট প্রীতি নষ্ট করতে চাইনে।

বিষ্ণুপুর গিয়ে আমরা হেঁটেছি মাইলের পর মাইল বৈষ্ণব সম্মিলনী, মদনমোহন আর দলমাদলের সন্ধানে। ওখানকার লাল মাটি রাঙিয়ে দিয়েছে আমাদের বসন ভূষণ, পরিশ্রান্ত বোধ কোরেছি প্রচণ্ড রৌদ্রের তাপে। কিন্তু সে ক্লান্তি আমাদের করতে পারেনি পরাজিত, গান গেয়ে আর গল্প কোরে হেঁটেছি সবাই মিলে ক্রোশের পর ক্রোশ।

বিষ্ণুপুরে ছিলেম আমরা একদিন ওখানকারই হাই স্কুল বোর্ডিঙে। সেখানকার ছাত্ররা কষ্ট স্বীকার কোরেও আমাদের ছেড়ে দিয়েছে তাদের শোবার জায়গা আর মাষ্টার মহাশয়গণ শত অসুবিধে সত্ত্বেও জোগাড় কোরে দিয়েছেন আহার্য্য বস্তু। বিলিতি কায়দায় শুধু মৌখিক ধন্যবাদ জানিয়ে ক্ষান্ত হতে চাইনে আমি, অন্তর দিয়ে তাদের শুভেচ্ছা এবং মঙ্গল কামনা করি।

মাত্র একদিন ছিলেম বিষ্ণুপুরে। পরদিন আবার হল্লা কোরে সবাই রওনা হলেম ছাতনার দিকে। এই ভ্রমণে অধ্যাপক নিশীথরঞ্জন রায় এবং আরও দু'একজন বন্ধুকে পেলেম না। কিন্তু তাদের অভাব আমরা বোধ কোরেছি প্রতি পদক্ষেপে।

ছাতনায় পৌঁছালেম সকাল ন'টায়। ছাতনার রাজবাড়িতে আশ্রয় পেয়েছিলেম আমরা। তাদের বিনীত ব্যবহার এবং সহৃদয় আতিথেয়তা চিরকাল মনে থাকবে আমাদের। বাশুলী মায়ের মন্দির, কবি চণ্ডীদাসের ভিটে ইত্যাদি দেখে বিকেল পাঁচটায় ফিরে এলেম বাঁকুড়া শহরে। সময় অভাবে শহরটি ভালো কোরে দেখবার সুযোগ পাইনি। আমরা সেই রাত্রেই রওনা হয়ে পরদিন খুব ভোরে এসে পৌঁছালেম ক'লকাতায় ট্রাম বাসের ঘরঘরানি আর কলকারখানার ধোঁয়ার আবেষ্টনীর মধ্যে।

সেণ্ট পলস্ কলেজের স্মৃতি যেমনি বেঁচে থাকবে আমাদের মনে বিষ্ণুপুর—ছাতনা—বাঁকুড়া ভ্রমণ কাহিনীও ঠিক তেমনি উজ্জল থাকবে স্মৃতির মনিকোঠায়।

ইতিহাসপ্রসিদ্ধ স্থান ভ্রমণ ব্যতীতও আমাদের সমিতিতে অন্যান্য কাজ আছে। কোন বিশিষ্ট ঐতিহাসিক বিষয়বস্তু নিয়ে আলাপ আলোচনা এবং বিতর্ক-সভাও করে থাকি। ক'লকাতা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের অন্যতম অধ্যাপক শ্রদ্ধেয় শ্রীত্রিপুরারি চক্রবর্ত্তী মহাশয়কে আমন্ত্রণ জানিয়েছিলেম নুতন কিছু শুনিয়ে যেতে। শ্রীযুক্ত চক্রবর্ত্তী সে আমন্ত্রণ প্রসন্ন চিত্তে গ্রহণ করেছিলেন এবং গত ২রা ডিসেম্বর, ১৯৪৯ আমাদের কলেজে

"চীন বিপ্লব" সম্বন্ধে এক মর্মস্পর্শী বক্তৃতা করেন। সে বক্তৃতায় আমরা অনেক কিছু নতুন তথ্য জানতে পারলেম যা শুধু বই এবং খবরের কাগজে পাওয়া যায়না। ভবিষ্যতেও এরকম আলোচনা সভা করবার আশা আমরা রাখি এবং স্থিরচিত্তে বিশ্বাস করি যে তা সম্পূর্ণ রূপে সফলকাম হবে।

আমাদের এ সমিতির সফলতার মূলে যাঁরা রয়েছেন তাঁদের নাম উল্লেখ কোরেই আমি আমার বিবরণী সমাপ্ত কোরলেম।

সভাপতি—অধ্যাপক শ্রীনিশীথ রঞ্জন রায়
সহঃ সভাপতিঃ শ্রীপ্রণব কানুনগো (৪র্থ বর্ষ, কলা-বিভাগ)
সম্পাদকঃ শ্রীসুবোধ রায় (৩য় বর্ষ, ")
সদস্যগণঃ শ্রীপ্রফুল্ল সরকার (৪র্থ বর্ষ, ")
শ্রীতপন কুমার মুখোপাধ্যায় (তৃয় বর্ষ, "
শ্রীরঘুনাথ সিংহ (২য় বর্ষ, ")
শ্রীঅরবিন্দ মিত্র (১ম বর্ষ, ")

প্রাক্তন ছাত্রসমিতি

যুগ্ম-সম্পাদক—বসন্ত কুমার লাল ও অরুণ কুমার চক্রবর্তী।

সেন্ট পলস্ কলেজ প্রাক্তন ছাত্র সমিতি প্রতিষ্ঠিত হোল মাত্র ছয় মাস। শিশু প্রতিষ্ঠান, মহৎ উদ্দেশ্য নিয়ে এর জন্ম; বরেণ্য অধ্যক্ষ শ্রীযুক্ত আণ্ড্রিউ মহাশয়ের শুভেচ্ছা ও অনুপ্রেরণায় এর প্রতিষ্ঠা।

সেন্ট পলস্ কলেজ যখন তার সুবর্ণজয়ন্তী উৎসবের আয়োজন করছে প্রাক্তন ছাত্রদের সংখ্যা তখন বিরাট সন্দেহ নেই। তাই এই উৎসবে তাঁদের স্থান গ্রহণ করাও উচিত ছিল বিরাট ভাবে। তা হয়নি এর জন্য দায়ী সমিতির শিশুত্ব এবং সমিতির কর্ণধারগণের দৌর্বল্য; কিন্তু এই উৎসবের মাঝ দিয়ে এ দৌর্বল্য চলে যাবে—এ আশা করা খুবই স্বাভাবিক।

প্রাক্তন ছাত্র-সমিতি গর্ববোধ করতে পারেন যে এই কলেজের বর্ত্তমান অধ্যাপকদের মধ্যে অনেকে আছেন কলেজের প্রাক্তন ছাত্র। তাঁদের নিষ্ঠা দিয়ে উন্নতিকামী প্রগতিবাদী মন নিয়ে তাঁরা বিদ্যানিকেতনটিকে উন্নতির পথে নিয়ে চলেছেন।

বর্ত্তমানে এই সমিতি প্রায় ৫০০ শত প্রাক্তন ছাত্রের বর্ত্তমান ঠিকানা সংগ্রহ করেছেন। সমস্ত প্রাক্তন ছাত্রের কাছে সমিতির অনুরোধ তাঁরা যেন তাঁদের নাম আর বর্ত্তমান ঠিকানা সম্পাদকের কাছে পাঠিয়ে দেন। তাহলে সর্বাঙ্গসুন্দর একটি তালিকা

প্রস্তুত হবে। সমিতির উদ্দেশ্য অনুযায়ী কাজের জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ হবে। এই অর্থের অভাব আমরা বর্ত্তমানে একটু তীব্র ভাবে অনুভব করি।

উৎসাহ যতখানি আছে সমস্তটা প্রকাশিত হয় না, হতে সময় লাগবে একটু। কিন্তু যে উৎসাহ আমরা পেয়েছি এর মধ্যে, তা আশাতীত। বরেণ্য অধ্যাপক নগেন বাবু আর বিপিন বাবুর কথা শ্রদ্ধার সংগে উল্লেখ করি। সমস্ত বাধা বিঘ্ন তুচ্ছ করে আমাদের প্রতিটি ডাকে ছুটে এসেছেন নগেন বাবু, উৎসাহ দেখিয়েছেন প্রচুর, মূল্যবান উপদেশে সমিতিকে করছেন প্রাণবন্ত। বিপিন বাবুর শ্রদ্ধার উচ্ছাস সমিতির প্রতিটি সভ্যকে দিয়েছে আনন্দ। আর যাঁদের নাম করতে পারি তাঁরা অধ্যাপক নির্মল কুমার গুঁই এবং অধ্যাপক নিশীথরঞ্জন রায়। তাঁরা নীরবে সমিতির প্রতিটি কাজে এগিয়ে এসেছেন সাফল্য যখন এসেছে এসেছে তাঁদেরই অক্লান্ত প্রচেষ্টায়।

সমিতির কর্ণধারদের মধ্যে ত্রুটি আছে—অনেক। কারণও আছে যথেষ্ট। কিন্তু আশা করি এই সুবর্ণজয়ন্তী উৎসব আমাদের মিলনের সুবর্ণসুযোগ তৈরী করে দিয়ে গেলো; এবার থেকে আমরা সুরু করব নোতুন চেষ্টায় নোতুন শ্রদ্ধায় এই সমিতির কাজ; আমাদের সমিতি সাফল্যমণ্ডিত হবে।

জয় হিন্দ

প্রাক্তন ছাত্র কার্যকরী সমিতির সদস্যবৃন্দ

সভাপতি—শ্রী শরৎচন্দ্র বর্দ্ধন। সহকারী সদস্য বৃন্দ—শ্রীনগেন্দ্র নাথ সেনগুপ্ত

সহ-সভাপতি—	শ্রীনির্মল কুমার গুঁই	শ্রীসুধাংশু দত্ত
	শ্রীবিপিন কৃষ্ণ ঘোষ	শ্রীসৌরেন্দ্র নাথ চট্টোপাধ্যায়
	শ্রীনিশীথ রঞ্জন রায়	শ্রীঅনিল দে
যুগ্মসম্পাদক—	শ্রীবসন্ত কুমার লাল	শ্রীপুণ্যপ্রিয় দাসগুপ্ত
	শ্রীঅরুণ চক্রবর্তী	শ্রীসুধীর কুমার চট্টোপাধ্যায়
কোষাধ্যক্ষ—	অধ্যক্ষ কিরণ চন্দ্র আড্ডি	শ্রীসুবোধ কুমার বসু রায়
		শ্রীভূপেন শীল

সেণ্টপলস্ মহাবিদ্যালয়ের সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠান

[সাহিত্য-সমিতির সৌজন্যে]

বিপুল আয়োজন ও আড়ম্বরের মধ্যে আমাদের কলেজের সুবর্ণজয়ন্তী উৎসব উদ্‌যাপিত হয়েছিল।

গত ১৯শে জানুয়ারী বৃহস্পতিবার সকাল সাড়ে আটটায় আমাদের শ্রদ্ধেয় অধ্যক্ষ, বিশিষ্ট অধ্যাপকেরা এবং বহু সংখ্যক ছাত্র কলেজ প্রার্থনাগারে এই শিক্ষাশালার শুভ কামনা করে আনুষ্ঠানিক ভাবে উৎসবটির উদ্বোধন করেন।

বেলা দশটায় আমাদের প্রবীণতম অধ্যাপক শ্রদ্ধাস্পদ ফণিভূষণ চট্টোপাধ্যায় মহাসমারোহে কলেজ পতাকা উত্তোলন করেন। তারপর অধ্যাপক কে, ডি, ভাটের তত্ত্বাবধানে N. C. C. সম্প্রদায় পতাকাটিকে সামরিক কায়দায় অভিবাদন জ্ঞাপন করেন। কলেজ ছাত্র-ছাত্রীরা জাতীয় সঙ্গীত গেয়ে ওঠেন সমবেত কণ্ঠে। এই অনুষ্ঠানে খৃষ্টান যুব সমিতির সামরিক বাদ্য আমাদের প্রচুর আনন্দ পরিবেশন করেছিল। অধ্যক্ষ মহাশয় পরলোকগত ছাত্র ও অধ্যাপকদের পুণ্যস্মৃতিস্তম্ভে মাল্য দান করে মৃত আত্মাদের প্রতি অন্তরের অকৃত্রিম শ্রদ্ধা নিবেদন করেন। অধ্যাপক ফণিভূষণ চট্টোপাধ্যায় সুললিত ভাষায় চমৎকার বক্তৃতা দেন। সমবেতভাবে দুইমিনিট কাল মৌনতা অবলম্বন করে প্রভাতী আয়োজন শেষ হয়।

বিকেল তিনটের সময় কলেজ পরিচালক সমিতির সভাপতি ও ভারত ও পাকিস্থান এর মেট্রোপলিটনের পৌরহিত্যে সুবর্ণজয়ন্তীর উদ্বোধনী সভার আয়োজন হয়। প্রথমেই সভাপতি কলেজের মাঙ্গলিকস্তুতি করে সামান্য বক্তৃতা দেন। তারপর অধ্যাপক নিশীথ রঞ্জন রায় শিক্ষা-সচিব, প্রদেশপাল, বিশ্ববিদ্যালয়ের কর্ণধার ও অন্যান্য বিশিষ্ট সুধীজনদের শুভেচ্ছা বাণী পাঠ করেন। সবশেষে সেদিনের প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের কর্ণধার মাননীয় চারু চন্দ্র বিশ্বাস প্রাঞ্জল ও মনোজ্ঞ ভাষায় বর্ত্তমান শিক্ষাব্যবস্থা বিষয়ে দীর্ঘ আলোচনা করেন।

সন্ধ্যে ছ'টায় সুরু হয় সমগ্র সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানটির এক শ্রেষ্ঠ আকর্ষণ, সলিল মৌলিক পরিকল্পিত ও কলেজ ছাত্রদের দ্বারা অভিনীত মিলনান্তক নাট্য 'পান্থ নিবাস'। প্রতিটি অভিনয় নিজস্ব কৃতিত্বে সার্থক ও সমাদৃত হয়ে উঠে। যুদ্ধফেরৎ ডাক্তারের ভূমিকায় সুবোধ রায়, ফেলারামের ভূমিকায় পরিতোষ মুখোপাধ্যায়, যুগোলকিশোরের ভূমিকায় শিশির রায় চৌধুরী ও পতিতুণ্ডুর ভূমিকায় সলিল মৌলিক অকুণ্ঠ প্রশংসা লাভ করেন। অন্যান্য ভূমিকাগুলিও সুঅভিনীত হয়, বহুদর্শক এ দের অভিনয় প্রতিভায় মুগ্ধ হয়ে রৌপ্যপদক দানের প্রতিশ্রুতি দান করেন। শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়ের একান্ত আগ্রহে নাটকটিকে অনতিবিলম্বে পুনরায় মঞ্চস্থ করা হয়।

পরদিন শুক্রবার ২০শে জানুয়ারী বেলা সাড়ে দশটায় সায়েন্স কলেজের অধ্যাপক ডক্টর পি, সি, মহান্তির পৌরহিত্যে বিজ্ঞান সভা যথারীতি সুসম্পন্ন হয়। এই সভায় প্রধান বক্তা ছিলেন এই কলেজেরই পদার্থবিদ্যার প্রাক্তন অধ্যাপক ও বর্তমানে উল্লেযোগ্য পদে প্রতিষ্ঠিত শ্রদ্ধেয় বি, সি, মুখার্জ্জি। বর্তমান বিজ্ঞানের ধারা নিয়ে দীর্ঘকাল আলোচনা করেন তিনি। তৎপরে ভারতের খনিজ সম্পদ সম্বন্ধে সারগর্ভ ভাষণ দেন শ্রী এ, এম, এন, ঘোষ, বি, এসসি (লণ্ডন), এ, আর সি, এ। 'বিজ্ঞান ও সমাজ' শীর্ষক রচনা প্রতিযোগিতায় প্রথম ও দ্বিতীয় স্থানাধিকারী ছাত্র আখতার আমেদ ও দিলীপ

মজুমদার তাদের প্রবন্ধ পাঠ করেন। পরিশেষে সভাপতির ভাষণ সাবলীল ও জ্ঞানগর্ভ হয়েছিল। এই সভার প্রধান উদ্যোক্তারূপে ছিলেন অধ্যাপক গৌর ডি, মুখার্জ্জি।

বেলা তিনটের সময় মেয়েদের হাতেতৈরী সূচী-শিল্প প্রদর্শনীর দ্বার উদ্ঘাটন করেন লেডি প্রতিমা মিত্র। ছোট ছোট ছেলেমেয়েদের নানা রকমের খেলাধুলার আয়োজনও হয়েছিল সেই সময়। তাছাড়া ইন্দিরা দেবীর পরিচালনায় তাদের সংগীতানুষ্ঠান আরম্ভ হয় বিকেল চারটের মধ্যেই।

সন্ধ্যে ছটার সময় ছিল বিচিত্রানুষ্ঠান। 'নন্দন' সম্প্রদায় সংগীত, নৃত্য, আবৃত্তি, কৌতুকীতে সরগরম করে তোলেন সুবর্ণজয়ন্তী প্রাঙ্গন। বিশিষ্ট বেতার শিল্পীরা অংশ গ্রহণ করেছিলেন এই অনুষ্ঠানে। ইন্দিরা দেবীর প্রচেষ্টা সাফল্যমণ্ডিত হয়েছিল। সবশেষে সত্যেন দে রচিত ও পরিচালিত হাসির নক্সা 'যা দেবী প্রিয়তমাসু' কলেজ ছাত্র-দের দ্বারা পর্দান্তরালে মাইক মাধ্যমে অভিনীত হয়। বিপুল আনন্দ পরিবেশন করে নক্সাটি।

শনিবারে বেলা দশটায় ছিল সাংস্কৃতিক বৈঠক। সমাজ ও সাহিত্য পর্য্যায়ের আলোচনায় যোগদান করেন মিসেস এমার্সন, আমেরিকার প্রতিনিধি মিঃ লুইস্, বিশ্ববিদ্যালয়ের ইতিহাস-অধ্যাপক শ্রীত্রিপুরারি চক্রবর্ত্তী। প্রচুর শিক্ষণীয় উপাদান ছিল প্রতিটি আলোচনায়। ছাত্রদের মধ্য থেকে চতুর্থবর্ষের চন্দ্রমোহন মহাপাত্র সাহিত্য বিষয়ক প্রবন্ধ পাঠ করেন। পঞ্চমবর্ষের পিয়ার আলি নাজিরের মহাকবি ইকবাল সম্বন্ধে রচনা বিশেষ মনোজ্ঞ ও সারগর্ভ হয়েছিল। তৃতীয়বর্ষের সুত্যেন দের স্বরচিত কবিতা আবৃত্তি সমাদৃত হয়। এই বৈঠকের প্রধান উদ্যোক্তা ছিলেন অধ্যাপক শ্রীশিশির চট্টোপাধ্যায়।

বেলা একটায় স্পোর্টস এর প্রারম্ভিকী যথারীতি অনুষ্ঠিত হয়।

সন্ধ্যে ছটায় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব কর্ণধার মাননীয় ডাঃ রাধাবিনোদ পালের পৌরহিত্যে প্রাক্তন ছাত্র সম্মিলনীর অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। প্রাক্তন ছাত্র শ্রীশরৎচন্দ্র বর্ধন বক্তৃতা দেন। এই কলেজের প্রাক্তন ছাত্র ও বর্ত্তমানে স্কটিশ চার্চ কলেজের অধ্যাপক শ্রীবিপিন কৃষ্ণ ঘোষ তাঁর স্মৃতিকথা 'তীর্থবাস প্রসঙ্গ' পুস্তিকাটি পাঠ করেন। প্রাক্তন ছাত্র সম্মিলনীর সম্পাদক অধ্যাপক অরুণ চক্রবর্তীর সম্পাদকীয় বিবৃতি পাঠের পর কিঞ্চিৎ হাস্যরস পরিবেশন করেন প্রাক্তন ছাত্র ও বর্ত্তমানে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কমলা কান্ত মুখোপাধ্যায়। পরিশেষে ডাঃ পাল তাঁর দীর্ঘ বক্তৃতায় বর্ত্তমান সরকার ও ছাত্র সমাজ সম্বন্ধে অনেক আলোচনা করেন।

এই সম্মিলনীর কিছু পরেই আরম্ভ হয় অধ্যাপক অরুণ চক্রবর্ত্তী রচিত ও সিদ্ধেশ্বর ভট্টাচার্য্য পরিচালিত নাটক 'বেধেছে সংঘাত'। কয়েকটি বিশিষ্ট ভূমিকার অভিনয়

সাধারণের মনোরঞ্জন করে। বর্ত্তমান ছাত্রদের মধ্যে চতুর্থবর্ষের ভাস্কর মুখোপাধ্যায় ও দীপঙ্কর চট্টোপাধ্যায় দুটি ভূমিকায় অংশ গ্রহণ করেন।

রবিবার ছিল বর্ত্তমান ও প্রাক্তন ছাত্রদের মধ্যে ক্রিকেট ম্যাচ। প্রাক্তন ছাত্রেরাই জয়লাভ করেন। এই ক্রীড়ানুষ্ঠানটি পরিচালনা করেছিলেন অধ্যাপক শ্রীধীরেন্দ্র নাথ সরকার।

সোমবার ২৩শে জানুয়ারী সকালে সুবর্ণ জয়ন্তীপ্রাঙ্গনে কলেজ ইউনিয়ন নেতাজী জন্মদিবস অসীম শ্রদ্ধার সঙ্গে পালন করে।

সন্ধ্যে সাড়ে পাঁচটায় ভারতের অন্যতম শ্রেষ্ঠ ব্যায়ামবিদ্ বিষ্ণুচরণ ঘোষের সম্প্রদায় বিভিন্ন শারীরিক শক্তি পরীক্ষা ও ক্রীড়ানুষ্ঠানের মধ্যে সাধারণের বিস্ময় ও আনন্দ উৎপাদন করেন। ভারতের শ্রেষ্ঠ দেহী মনোতোষ রায়, লৌহমানব নীরদ সরকার, বিখ্যাত শৈলেন মল্লিক তাঁদের সুন্দর স্বাস্থ্য ও শক্তির পরিচয় দেন একাধিক উপায়ে। রেবা রক্ষিত ও অশোক বসুর বন্দুকের খেলা সকলকে চমৎকৃত করে। শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয় শেষোক্ত দুইজনকে রৌপ্যপদক পুরস্কার দিতে প্রতিশ্রুতি দান করেন।

২৪শে জানুয়ারী মঙ্গলবারের বিশেষ আকর্ষণ ছিল কলেজ স্পোর্টস্। সেন্ট ডেভিড ছাত্রাবাসের প্রথমবর্ষ বিজ্ঞানের ছাত্র রবিউল হক সর্বাধিক সংখ্যালাভ করে ব্যক্তিগত ভাবে চ্যাম্পিয়ান হন এবং সেন্ট ডেভিড ছাত্রাবাসই সমষ্টিগত চ্যাম্পিয়ানশিপ লাভ করে। অতপর ডবলিউ আর এলিয়ট সাহেব বিজেতা ছাত্র-ছাত্রীদিগকে পারিতোষিক বিতরণ করেন। খেলাধূলায় কৃতিত্বের জন্য কয়েকজন ছাত্র কলেজ-কলার দ্বারা সম্মানিত হন।

তারপর ছাত্রছাত্রীদিগকে প্রীতিভোজে আপ্যায়িত করা হয়।

সন্ধ্যায় ব্রিটিশ ইনফরমেশেসন্ সার্ভিসের উদ্যোগে ছায়াচিত্র মাধ্যমে বহু শিক্ষণীয় দৃশ্যাবলী প্রদর্শিত হয়।

বুধবার ২৫শে জানুয়ারী সাড়ে সাতটায় রেভারেণ্ড সি, জি, পিয়ারসন্ ও রেভারেণ্ড সুশীল চ্যাটার্জ্জি পবিত্র ভোজের আয়োজন করেন।

বেলা সাড়ে তিনটায় পশ্চিম বঙ্গের প্রদেশপাল মাননীয় ডাঃ কৈলাস নাথ কাটজু নিমন্ত্রিত প্রধান অতিথিরূপে উপস্থিত হন। প্রথমে N. C. C সম্প্রদায় সামরিক কায়দায় অভিবাদন জ্ঞাপন করে। অতঃপর সুবর্ণজয়ন্তী প্রাঙ্গনে সেদিনের অনুষ্ঠান আরম্ভ হয়। প্রদেশপালকে জনৈকা ছাত্রী দ্বারা মাল্য ভূষিত করার অব্যবহিত পরেই মেট্রোপলিটন প্রার্থনার মধ্যে সভার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। প্রার্থনা সংগীতে অংশ গ্রহণ করেন সমবেত আবাসিক মণ্ডলী। তারপর শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয় তাঁর দীর্ঘ বিবরণীতে কলেজের ইতিহাস ও বর্ত্তমান অবস্থা সম্বন্ধে বিশদভাবে আলোচনা করেন। পুরস্কার বিতরণ করেন প্রদেশপাল ডাঃ কাটজু। দ্বিতীয় ও চতুর্থ বর্ষের বিভিন্ন বিষয়ে প্রথম স্থানাধিকারী ছাত্রগণ কলেজ কর্তৃপক্ষ কর্তৃক পুরস্কার লাভ করেন। সাহিত্য সমিতির বিভিন্ন প্রতিযোগিতার

পুরস্কার ও অভিনয় কৃতিত্বের জন্য প্রতিশ্রুত কয়েকটি রৌপ্যপদক ঐ দিন বিতরিত হয়। প্রদেশপাল তাঁর দীর্ঘ ভাষণে দেশের বর্ত্তমান আর্থিক পরিস্থিতি ও শিক্ষা সমস্যা সম্বন্ধে আলোচনা করেন। সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন অধ্যাপক জে, কে, পাইন। পরিশেষে সমবেত জাতীয় সংগীত গীত হয় কলেজ ছাত্রদের নিয়ে।

সন্ধ্যায় 'পান্থনিবাস' নাটিকাটি আবার অভিনীত হয় এবং বিপুল সমাদর লাভ করে।

দীর্ঘ এক সপ্তাহের অনাবিল আনন্দের স্মৃতি আমাদের ভবিষৎ জীবনের ক্ষণ অবসরগুলিকে প্রাণবন্ত করে তুলবে। সেণ্ট পলস্ শিক্ষাতীর্থের প্রতিটি ধূলিকণায় মিশিয়ে থাকবে এই সুবর্ণজয়ন্তীর সমুজ্জল পরিচিতি। সশ্রদ্ধ চিত্তে প্রণাম করি এই বিদ্যায়তনের সিংহদ্বারে, এর সামগ্রিক উন্মিলন ভবিষৎকে আরো গৌরবান্বিত করুক ঈশ্বরের কাছে এই একক প্রার্থনা।

বিষ্ণুপুরে দু'দিন

শ্রীপ্রণবকুমার কানুনগো, (৪র্থ বর্ষঃ সাহিত্য)

ইতিহাসের সত্য মূল্য তখনই নির্দ্ধারিত হবে যখন ব্যষ্টি এবং সমষ্টির একটী সার্থক ইতিবৃত্ত গড়ে উঠ্‌বে। ঐতিহাসিক তত্ত্বের সঠিক মূল্য যাচাই করতে হলে এ মাপকাঠির প্রয়োজন আগে, কিন্তু তার পূর্ব্বে প্রয়োজন ব্যষ্টি এবং সমষ্টির সত্যিকারের ইতিবৃত্ত—বস্তুতঃ যেটা আদি এবং অকৃত্রিম, আজকের দিনে ইতিহাস শুধু কয়েকটী কাল অক্ষরের মধ্যে সীমাবদ্ধ নেই—তার পরিধি হয়েছে ব্যাপকতর এবং গভীরতর। আর এই বিস্তৃততর ঐতিহাসিক সত্তা অনুরণিত হয়েছে তার নিজস্ব মহিমায়, প্রাণবন্ত আত্মসচেতনায়। তাই ইতিহাসের প্রকৃত মূল্য আজ একান্তভাবেই এই জীবন্ত আত্মসচেতনতার উপর নির্ভরশীল। ইতিহাস ইতিবৃত্ত বটে কিন্তু এটাই তার সবচেয়ে বড় বিশিষ্টতা যে সে চলিষ্ণু, স্থাবর নয়—ইতিহাস জঙ্গম, সুতরাং ইতিহাস পাঠের সঙ্গে সঙ্গে পাঠক যদি তার সত্য মূল্য নিরূপণ করতে চায়—তাহলে পাঠককেও হতে হবে চলমান; ইতিহাস পাঠের সঙ্গে সঙ্গে পাঠককে হতে হবে পরিব্রাজক। ইতিহাস অতীতের যে নজির উপস্থাপিত করল আমাদের সামনে তাকে যাচাই করে নিতে হবে, এবং তার উপযুক্ত ক্ষেত্র হবে ঐতিহাসিক স্মৃতিবিজড়িত দেশ দেশান্তর। সুতরাং প্রকৃত ঐতিহাসিককে সাজ তে হবে ছন্নছাড়া ভবঘুরে।

এই অতিপ্রয়োজনীয় ঐতিহাসিক সত্যকে যথার্থভাবে উপলব্ধি করবার জন্যে আমরা একদিন বেরিয়ে পড়লাম ভবঘুরের ঝুলি কাঁধে নিয়ে। এই যে যাত্রা সুরু হল আমাদের এটা কিন্তু কবিগুরুর নিরুদ্দেশের যাত্রা নয়—একটু আলাদা ধরনের। ঐতিহাসিকের

দৃষ্টি নিয়ে একটা নির্দ্দিষ্ট লক্ষ্যকে সামনে রেখে আমরা পাড়ি জমালাম.....২রা সেপ্টেম্বর আমরা বারজন যাত্রী প্রয়োজনীয় লগেজ নিয়ে বেরিয়ে পড়লাম্ বিষ্ণুপুরের পথে। আমাদের সঙ্গে রইলেন সাথী এবং সারথি হিসাবে শ্রদ্ধেয় অধ্যাপক নিশীথ রঞ্জন রায় এবং শ্রদ্ধেয় অধ্যাপক অরুণ কুমার চক্রবর্তী।

রাত ৮ টায় আদ্রা প্যাসেঞ্জার ট্রেনে সবাই বিষ্ণুপুর অভিমুখে রওনা হলাম ; রাত ২টার সময় বিষ্ণুপুর পৌঁছে আমরা স্থানীয় হাই স্কুলের ছাত্রাবাস অভিমুখে চলতে সুরু করি। জিনিষপত্র ষ্টেশনে অপেক্ষমান গাড়োয়ানকথিত পক্ষীরাজের বাচ্চার গাড়ীতে চাপিয়ে দিলাম। জনৈক উৎসাহী বন্ধুবর আমাদের প্ল্যাট্ফর্মের বিশ্রাম ঘরে রাত কাটিয়ে দেওয়ার পরামর্শ দিলেন—কিন্তু তার পরামর্শ কেউ গ্রহণ করল না। তার কারণ পরদিন আমরা সকালে প্রাচীন বাংলার গৌরব, রূপসনাতন গোস্বামীর প্রভাবে প্রভাবান্বিত, মল্লরাজাদের ধী, ধৈর্য্য ও শক্তির গৌরবে গৌরবান্বিত বাংলার শেষ স্বাধীন রাজার দুর্গ ও আবাস দেখতে যাব—সবাই তখন নূতন জায়গার নূতন আবহাওয়া ও নূতন পরিবেশের স্বাদ গ্রহণ করবার জন্য উদ্গ্রীব ও উন্মুখ। এই উৎসাহ এবং উদ্দীপনায় হেঁটে যাওয়ার পরিশ্রমকে কেউ গ্রাহ্যই করলো না।

বিষ্ণুপুরের ভ্রমণ কাহিনী লিখ্বার আগে জায়গাটী সম্বন্ধে কিছু বিবরণ লিপিবদ্ধ করা বাঞ্ছনীয় মনে করি। বাঁকুড়া জেলার অন্তর্গত বিষ্ণুপুর সাবডিভিসনটী পূর্ব্বে মল্লভূমি নামে পরিচিত ছিল, আজও বাঁকুড়া জেলার ওঁদা বিষ্ণুপুর, কোতোলপুর, ইদাস, ছাতনা থানা ব্যতীত বাঁকুড়া থানার অন্তর্ভুক্ত সমস্ত স্থানটী লোকে মল্লভূমি বলে পরিচয় দেয়। বাঁকুড়া জেলার অন্যান্য স্থানও পূর্ব্বে কোন "ভূম" নামে পরিচিত ছিল, যার প্রমাণ স্বরূপ বলা যেতে পারে ছাতনা পুলিশ আউটপোষ্টের অন্তর্ভুক্ত স্থানটী কিছুদিন আগেও সামন্তভূম নামে সুবিদিত ছিল।

পরদিন অর্থাৎ ৩রা সেপ্টেম্বর সকালে প্রচুর প্রাতঃরাশের পর আমরা নিকটবর্ত্তী প্রসিদ্ধ স্থান সমূহ দেখতে গেলাম। প্রথমেই গেলাম রাসমঞ্চে—যার অংশবিশেষ এখন বজ্রাঘাতে নষ্ট হয়েছে। মল্লভূমের রাজা রঘুনাথসিংহের পুত্র বীরসিংহের অনেক কীর্ত্তির মধ্যে এটি অন্যতম। এর পর আমরা বিষ্ণুপুর রাজবাটী সংলগ্ন দুর্গটি দেখতে গেলাম। দুর্গের এপাশে ওপাশে চারধারে মাটী স্তূপীকৃত করে কৃত্রিম পাহাড়ের সৃষ্টি করা হয়েছে—যার একটা পাহাড়ের উপর একটী ছোট কামান এখনও দেখা যায়। শোনা যায় বর্গীর হাঙ্গামার সময় বিষ্ণুপুরের তৎকালীন মহারাজা এই কামানটী ব্যবহার করেছিলেন। ফিরবার পথে আমরা রাজবাড়ীতে পদার্পণ করলাম। বর্ত্তমান রাজার বংশধরের কাছে পূর্ব্বতন রাজাদের কুলপঞ্জিকার এক কপি চাওয়াতে তিনি নিঃশেষ হয়ে যাওয়ার দরুণ দিতে পারলেন না। তারপরে এলাম রাধেশ্যামের মন্দিরে, এখানে প্রসঙ্গক্রমে বীরহাম্বীর রাজার কীর্ত্তিকাহিনী উল্লেখযোগ্য। তিনি দেবমন্দির গাত্রে নিজের নাম খোদিত না করালেও "প্রথম সিংহ" উপাধিক

ইহার পুত্র রঘুনাথ সিংহ (১ম) কয়েকটী মন্দিরগাত্রে পিতা বীর হাম্বীরের নাম উল্লেখ করে পরিচয় দিয়েছেন। ইহাদেরই বদান্যতায় ও উদ্দীপনায় বিষ্ণুপুর গুপ্তবৃন্দাবন নামে জনসাধারণের মধ্যে পরিচিতি লাভ করেছিল। কিন্তু সুপ্রসিদ্ধ বীর ও বৈষ্ণবরাজা বীরহাম্বীরকে কেন্দ্র করে অনেক কাহিনীর সৃষ্টি হয়েছে যা ঐতিহাসিক তত্ত্বের কষ্টি পাথরে সত্য বলে বোধ হয় না। পরবর্ত্তী দ্রষ্টব্য স্থান ছিল মদনমোহনের মন্দির। বীরহাম্বীরের সময় থেকে এই মদনমোহন বিগ্রহই বিষ্ণুপুরের প্রাণ। এই মন্দির নির্ম্মাণ করেন বীরসিংহের পুত্র দুর্জ্জনসিংহ। শোনা যায়, বীরহাম্বীরের রাজত্বকালে বিষ্ণুপুর পরগণায় ধরণীনামে এক ব্রাহ্মণের কাছে এই বিগ্রহটী ছিল। একদিন মৃগয়া করতে গিয়ে চারদিকে পদ্মগন্ধে আমোদিত করে বিরাজমান এই মনোরম মদনমোহন বিগ্রহটী দেখে বীরহাম্বীরের সেটা নেবার বড়ই ইচ্ছা হল। ব্রাহ্মণ অনুনয়, ভয়, অর্থলোভ কিছুই গ্রাহ্য করলেন না। অবশেষে রাজা বীরহাম্বীর গভীর রাতে সেটা চুরি করে নিজের রাজধানীতে ফিরে এলেন। ব্রাহ্মণ পাগলের মত হয়ে গ্রাম হতে গ্রামান্তরে ঘুরতে ঘুরতে অবশেষে বিষ্ণুপুর এসে পৌঁছালেন, কিন্তু বিগ্রহের দর্শন পেলেন না; শুনতে পেলেন নগরময় শুধু সংকীর্ত্তন হচ্ছে। তিনি বিফলমনোরথ হয়ে যখন বিড়াই নদীতে প্রাণ বিসর্জ্জন দিতে যাচ্ছেন তখন এক রমণী তাঁকে সন্ধান দিলেন যে বিগ্রহটী রাজা লুকিয়ে রেখেছেন ; ব্রাহ্মণ রাজদরবারে গিয়ে বিগ্রহটী চাইলেন—না দিলে ব্রহ্মহত্যা হবে এই ভয়ও দেখালেন। অবশেষে আসল মূর্ত্তি দেখাতে রাজা বাধ্য হলেন এবং সে মূর্ত্তি ফিরিয়ে দেবেন স্বীকার করলেন। সেইরাত্রেই মদনমোহন স্বপ্নে ব্রাহ্মণকে বলেন যে, তিনি রাজার সেবায় বড়ই প্রীত হয়েছেন, তিনি বিষ্ণুপুরের রাজার কাছেই থাকবেন। ব্রাহ্মণ অগত্যা ফিরে গেলেন। তখন থেকে মদনমোহন রাজবাড়ীতে প্রতিষ্ঠিত হলেন। কেউ কেউ বলেন বাগবাজারের গোকুলমিত্র তিন লক্ষ টাকা দিয়ে কিনে বিগ্রহটী নিজের বাড়ীতে প্রতিষ্ঠিত করেন এবং সেই অর্থদিয়ে রাজা চৈতন্যসিংহ রাজ্যোদ্ধারের চেষ্টা করেন, কিন্তু সফলকাম হননি। তাদের মতে বর্ত্তমান বিষ্ণুপুরের মদনমোহন বিগ্রহটী নকল।

এর পরে গেলাম জোড়ামন্দির দেখতে। বীরহাম্বীরের পুত্র গোপালসিংহ ছিলেন উহার নির্ম্মাতা। তিনি পরম বৈষ্ণব ছিলেন তার সময় বৈষ্ণবধর্ম্মের যে প্লাবন বিষ্ণুপুরের উপর বয়ে গেল তাতে অনেকে বৈষ্ণবধর্ম্মরসে সিঞ্চিত হলেন। শোনা যায়, তিনি রাজ্যে নিয়ম বেঁধে দেন যে রাজ্যের প্রত্যেকটী লোক প্রতি সন্ধ্যায় মালা জপে হরিনাম করবে। লোকে আজও ওদেশের হরিনাম করাকে পরিহাসচ্ছলে "গোপালসিংহের ব্যাপার" বলে। পরে দেখতে গেলাম দলমাদল বা দলমর্দ্দনের কামান। শোনা যায় বর্গীর হাঙ্গামার সময় ভাস্কর পণ্ডিত গোপালসিংহের রাজ্য আক্রমণ করেন। স্থানীয় অধিবাসিগণ হরি নামে এতই মত্ত ছিল যে রাজ্য আক্রমণের সংবাদ পর্য্যন্ত কেউই পায় নি, তখন মদনমোহন নিজেই দলমর্দ্দন কামান হতে গোলা ছুড়ে মারাঠা সৈন্যগণকে নিরস্ত করেন। আশ্চর্য্যের বিষয় এই

যে তিনশ বছরের পুরাণো হওয়াতেও ওটাতে মরচে ধরে নি। কিংবদন্তী আছে দলমাদল বা দলমর্দ্দন কামানটী কোনও রাজকুলদেবতা বিষ্ণুপুর রাজাকে দেন। বিষ্ণুপুরের আর একটী বিস্ময়কর জিনিষ তার সাতটী বাঁধ, যথাঃ—লালবাঁধ, কৃষ্ণবাঁধ, যমুনাবাঁধ, কালিন্দীবাঁধ, কাটাবাঁধ, শ্যামবাঁধ ও পোকাবাঁধ। পোকাবাঁধটী আগে "বীরবাঁধ" নামে খ্যাত ছিল, উহার মধ্যে নীলরংয়ের পোকা হওয়াতে বীরবাঁধ নাম ঢাকা পড়ে পোকাবাঁধ নামই কায়েমী সত্ব করে নিয়েছে। এই বাঁধগুলি দুভাবে কাজ করত, কৃষিকার্য্যের জন্য জল সরবরাহ ছিল একটী কাজ এবং যুদ্ধের সময় বাঁধ খুলে দিয়ে রাজ্যকে চারধারে গড় বেষ্টিত রাখত। পূর্ব্বকথিত কৃত্রিম পাহাড়ের উপর এবং দুর্গের উপর দাঁড়িয়ে সৈন্যরা যুদ্ধপরিচালনা করত। অপসৃয়মান সূর্য্যের বিলীন অন্ধকারে সবাই ফিরে এলাম নিজ কুটীরের দিকে—স্থানীয় হাই ইস্কুল ছাত্রাবাসে। আমাদের দুইজন সঙ্গী ও অধ্যাপক রায় পরদিন জরুরী কাজের দরুণ কলকাতায় ফিরে গেলেন, আর একদল অধ্যাপক অরুণ চক্রবর্ত্তীর নেতৃত্বে রওনা হল ছাতনার দিকে।

প্রাচীন বাংলার কবিকুলশ্রেষ্ঠদের অন্যতম কবি চণ্ডীদাসের অভীষ্ট আরাধ্য দেবীর মন্দিরই ছিল এখানকার প্রধান দ্রষ্টব্য। সৌভাগ্যক্রমে স্থানীয় রাজার অতিথি হিসাবে তাঁর বাড়ীতেই আমরা আশ্রয় পেলাম। সাহিত্যিক অধ্যাপক আমাদের সেদিন বাশুলী দেবীর মন্দিরে কবি চণ্ডীদাসের সম্বন্ধে আমাদের তমসাচ্ছন্ন মনের উপর যে আলোকপাত করলেন—তার আনন্দ এবং কৃতজ্ঞতা ভাষায় প্রকাশ করার মত নয়। ছাতনা থেকে শুশুনিয়া পাহাড়ে যাওয়ার ইচ্ছা অনেকেরই ছিল কিন্তু অনিবার্য্য কারণবশতঃ যাওয়া হয়ে ওঠেনি। তারপর চণ্ডীদাস সংশ্লিষ্ট কয়েকটী চিত্রাদি গ্রহণের পর অবশিষ্ট দল কলকাতায় প্রত্যাবর্ত্তন করল। হয়ত আমাদের প্রত্যক্ষ আমোদলাভ দু'তিনদিনের জন্যে কিন্তু তার পরোক্ষ স্মৃতি ও অভিজ্ঞতা মন থেকে কোনদিন মুছে যাবে না। সেই সঙ্গে মনে থাকবে অধ্যপকদ্বয়কে যাদের আপ্রাণ চেষ্টা ও উৎসাহ ছাড়া এই ভ্রমণ বাস্তবতা লাভ করত না।

জানি আলি ছাত্রাবাসের কার্যকরী সমিতি

শ্রীসরোজ কুমার রায়। (তুঃ সঃ)

এবার আমাদের হোষ্টেল ইউনিয়ন নোতুন করে গঠন করা হয়েছে। অবশ্য এর আগের সমস্ত কাঠামোই বজায় আছে। কেবল সভ্য বদল হয়েছে। এসেছে পুরাতনের জায়গায় নূতন। বিজ্ঞান মঞ্চগৃহে নূতনের নির্বাচন হলো। পুরাতনেরা নূতনের পরে শুভেচ্ছা জ্ঞাপন করে বিদায় নিলেন, আর সানন্দে তুলে দিলেন কর্মের বোঝা নূতনের কাঁধে। হোষ্টেল ইউনিয়নের সভাপতি হলেন শ্রীযুক্ত লেস্‌লী বিশ্বাস, আর সম্পাদক হলেন শ্রীশিশির কুমার রায়চৌধুরী। পূর্বেকার সম্পাদক সলিল বাবু বিদায় নিয়ে প্রীতি ও শুভেচ্ছা জানালেন

শিশির বাবুকে। ইউনিয়নের সম্পাদক হয়ে ইনি অক্লান্তভাবে ফাইলের খাতা বগলে নিয়ে একতলা, দোতলা, তেতলাতে ওঠানামা ও সভাপতি মশায়কে নানা নোতুন নোতুন কাজের পরিকল্পনাতে মন দিতে বাধ্য করলেন। নিজের পড়াশুনা তো পড়ে রইল। কখন কোথায় কার কি অসুবিধে হচ্ছে—কার জ্বর হল—কে আজ বিতর্ক সভায় বক্তৃতা দেবে—এইসব নিয়েই তোলপাড় করে তার দিন কাটে। কোনদিন হয়ত স্নান করার কথা মনেই থাকে না।

হোষ্টেলের দেওয়ালে ও অন্যান্য জায়গায় সভ্যগণের সাহিত্যিক প্রতিভার অপচয় হতে দেখে পূর্বতন সভাপতির মন্ত্রণায় একটি দেওয়ালপত্র প্রকাশের বন্দোবস্ত হয়। এটা চলছে। তবে ঠিক নিয়মিত নয় বলে অনেকে অভিযোগ করে থাকেন। কিন্তু দেওয়ালে, খাবার ঘরে বা স্নান ঘরে কিংবা নিজেদের ঘরে আগেরই মতো চলতে থাকে প্রতিভার খরচ। জমার ঘর দিনের পর দিন থাকে শূন্যতায় ভরে। কতবার কত সভ্যকে লেখা দিতে বলা হয়েছে [অবশ্য তিনি বা তারা নিয়মিত লেখার বড়াই করেন] কিন্তু সাড়া দেননি। আবার অনেকে লিখবে বলে কথাও দেয় কিন্তু ওই পর্যন্তই।... নাট্যকারের ভাষায় "কথা দিল কিন্তু আর কেউ এলো না।" তবুও দুএকজনের স্নেহপ্রীতিময় ব্যবহার ও প্রবন্ধাদির ফলে পত্রিকাটী তার নামটুকু বজায় রাখতে পেরেছে। দুঃখের মাঝখানে এইটুকুই যা সান্ত্বনা। ঠিক সময়মত পত্রিকা বের হতে পারছে না—এরও একটা কারণ আছে। বোধহয় পূর্বেকার শক্তিমান সম্পাদক মশায়ের পরিবর্তন।...তবে শীঘ্রই অপ্রচয়িত ক্ষীয়মান প্রতিভার বিকাশ ঘটবে—সে আমাদেরই পত্রিকাতে। এতক্ষণ আপনাদের কাছে শুধু পত্রিকা পত্রিকা বলেছি, নাম বলিনি। আমাদের পত্রিকাটীর নাম হচ্ছে তুবড়ী। তার বর্তমান সম্পাদক, সমস্ত আবাসিক বন্ধুগণের নিন্দার একমাত্র পাত্র—শ্রীসরোজকুমার রায়। তবুও তিনি হাল ছাড়েন নি। তুবড়ী বের করেই চলেছেন। পুরোনো সম্পাদক ক্ষিতিদা এবং ইউনিয়ন সম্পাদক (বর্তমান) শিশির বাবুর উৎসাহেই একমাত্র আজও পত্রিকাটী সচল আছে। এলো স্বাধীনতা দিবস পনেরই আগষ্ট। সভা হলো। বক্তৃতাও হলো। অধ্যক্ষ মহাশয় তেরংগা অশোকচক্র শোভিত পতাকা হোষ্টেল পার্শ্বে উত্তোলন করলেন। হোষ্টেল শীর্ষেও উড্ডীন হলো জাতীয় ঝাণ্ডা। অবশেষে সন্ধ্যা ঘনিয়ে এলো মোমবাতি দিয়ে সাজাবার প্রয়াস পেলাম হোষ্টেলকে কিন্তু বাধা পেলাম বাতাসের জন্য। সম্পাদক মশায় ও দ্বিতীয় বর্ষ বিজ্ঞানের চিত্তবাবু বাজির বন্দোবস্ত করলেন। হরদম ফুটলো বাজি।...

তারপর এলো শহীদ স্মৃতি দিবস। পালন করা হলো তা। বৃক্ষরোপণও করা হোল একেবারে খাঁটী দিশি প্রথায়। প্রাচীন ভারতীয় ঐতিহ্যকে বজায় রাখবার এই প্রচেষ্টার ফলে আমরা সকলে আনন্দিত হলাম। বৃক্ষ আমাদের কতকালের প্রতিবেশী —আদিম কালে কত বন্য পশুর হিংস্র আক্রমণ থেকে আমাদের বাঁচিয়েছে তার ইয়ত্তা নেই

সেই থেকে আমাদের আদিম পূর্বপুরুষগণের সংগে বৃক্ষের হল মৈত্রী। আমরা সেদিনে পুরণো বন্ধুত্বকে নোতুন করে স্মরণ করলাম আবার। আরো একটা কারণ অবশ্য ছিলো আজকের এই ছোট্ট শিশুবৃক্ষটী কালে কালে বিরাট মহীরুহে পরিণত হবে। তার ছায়ায় মাঠের কোণ ভরে উঠবে। দলে দলে বর্ষশেষে কত ছাত্র যাবে আসবে। কিন্তু আমাদের মনে জাগবে কারা এর রোপনকর্তা?—এই বিপুল সান্ত্বনাময় আশাও জেগেছিল আমাদের সবাইর মনে। সেদিন আমরা হয়তো থাকবো না—থাকবে চিরন্তনী মৈত্রীর প্রতীক এই বৃক্ষটী। এবার আসি বিতর্ক সভার কথায়। আমাদের একটী বিতর্ক মণ্ডলী গঠন করা হয়েছিল আগে থেকেই। একদিন বিতর্ক হলো—"ভারতের কমনওয়েলথ এ থাকা উচিত নয়"। সভাপতি ছিলেন অর্থনীতির প্রিয় অধ্যাপক শ্রীফণিভূষণ সান্যাল। স্বপক্ষে ও বিপক্ষে অনেকে কত কিছুই না বললেন। কিন্তু শেষ পর্যন্ত ভারতকে কমনওয়েলথ ছাড়তেই হলো। আর একদিন আলোচনা চলল, ছাত্রদের রাজনীতিতে প্রত্যক্ষ অংশ গ্রহণ করা উচিত নয়। কিন্তু অনেকের এর বিপক্ষে উত্তেজনাময় বক্তৃতা সত্বেও 'ছাত্রদের রাজনীতি করা উচিত নয়' এইমতই বহাল রইলো। আর একদিন হলো একটি চমৎকার সরস আলোচনা। বিষয়—ভারতের এই সংকটপূর্ণ অবস্থায় বিবাহপ্রথার নিয়ন্ত্রণ অবশ্য দরকার। অনেক বাকবিতণ্ডা চললো। একদল বলে—যদি অর্থনৈতিক মান আমাদের উন্নত করতে হয় তবে বিয়ে নিয়ন্ত্রণ করতে হবে। কিন্তু এর বিপক্ষে দৃঢ় শক্তিপূর্ণ জবাব দিলেন বিপক্ষদল। তারা বলেন, নারী বিবাহ করে তার স্বামীসহ সমস্ত সংসারকে। ভারতীয় ঐতিহ্যে স্বামীত্বের একটি ভাবময় রূপ আছে তা পাশ্চাত্যের মতো ব্যক্তির অবসানেই লয়প্রাপ্ত হয়না। অবশেষে মেনে নেওয়া হল শেষোক্তমত। পক্ষে ও বিপক্ষে যথাক্রমে শিশির বাবু ও রামবাবু এবং তাদের সম্প্রদায়।

এর মধ্যে ওয়ার্ডেন শ্রীফণিভূষণ সান্যাল মশায় চলে যাওয়াতে এলেন নোতুন শ্রীদেবপ্রিয় মুখোপাধ্যায়। মধুর ব্যবহারে তিনি আমাদের একদিনেই জয় করে নিলেন। তারপর এলো সেণ্ট পলস কলেজের সুবর্ণজয়ন্তী সপ্তাহ। সবাই আনন্দে কাটালাম সে কয়টা দিন। আমাদের ছাত্রাবাসের সলিল দা'র লেখা একটা নাটক (পান্থ-নিবাস) অভিনীত হলো বর্তমান ছাত্রদের দিয়ে। অনেকে অভিনয়ও করলো। সাফল্য গৌরবে অভিষিক্ত হলেন নোতুন নাট্যকার দর্শকবৃন্দের অকুণ্ঠ প্রশংসায়। শেষ হলো জয়ন্তী। এলো প্রজাতন্ত্র প্রতিষ্ঠাদিবস।...আমরা দুই হষ্টেল মিলে নেতাজী দিবস পালন ও বাণী অর্চনা করলাম। দিন কেটে যায়। এই হল্লো মোটামুটী রিপোর্ট। ধন্যবাদ। নমস্কার।

অথ সেণ্ট ডেভিড কথা

[চরৈবেতি বার্তা বিভাগের সৌজন্যে]

"এখানে যারা একসঙ্গে মিলেছি, তাদের অনেকেই একদিন পরস্পরের পরিচিত ছিলুমনা, কোন গৃহ হতে কে এসেছি তার ঠিক নেই। যেদিন কেউ এল তার আগের দিনও তার সংগে অসীম অপরিচয়। তারপরে একেবারে সেই না-জানার সমুদ্র থেকে জানাশোনার তটে মিলন হল।...এখানে দিনের সংগে দিন, কাজের সংগে কাজ, ভাবের সংগে ভাব প্রতিদিন যে গাঁথা পড়ছে, নানা রঙে, নানা সুতোয় মিলে রচনাকার্য চলছে।"—শান্তিনিকেতন আশ্রম প্রসঙ্গে রবীন্দ্রনাথের এই মন্তব্য সেণ্ট ডেভিডের মত ছাত্রাবাস সম্পর্কেও প্রযোজ্য। আমাদের দৈনন্দিন জীবনযাত্রা কবির এই মন্তব্যের সত্যতার পরিচয় দেয়।

জানুয়ারী মাসটি ছাত্রদের কাছে বড় প্রিয়। এই মাসে কলেজে এবং ছাত্রাবাসে নানা উপলক্ষ্যে আনন্দের স্রোত বয়ে যায়। গতবৎসর (১৯৪৯) ২৩ শে জানুয়ারী আবাসিকবৃন্দ যথারীতি নেতাজীর জন্মদিবস প্রতিপালন করেন। পতাকা উত্তোলন করেন শ্রীমতী কে, ডি, ভাট, এবং ভাষণ প্রদান করেন অধ্যক্ষ শ্রীযুক্ত আঢ্য ও শ্রীরাকেশ সরকার। এরপর সর্বোদয় দিবস ৩০শে জানুয়ারী। এইদিন সন্ধ্যায় একটি প্রার্থনা সভার আয়োজন করা হয়। অমিয় কুমার বন্দ্যোপাধ্যায় কর্তৃক "হিংসায় উন্মত্ত পৃথ্বী" গানটি গীত হবার পর কোরাণ, বাইবেল, গীতা পাঠ হয়। তৎপর শ্রদ্ধাস্পদ অধ্যাপক ফণিভূষণ সান্যাল সর্বোদয় দিবসের আদর্শ ব্যাখ্যা করে একটি সংক্ষিপ্ত অথচ সারগর্ভ ভাষণ দেন। রণজিৎ সিংহের একটি গানের পর সভা সমাপ্ত হয়। সভায় পুষ্পপত্র শোভিত গান্ধীজির একটি আবক্ষ চিত্র স্থাপন করা হয়েছিল।

এর কিছুদিন পরেই শ্রীযুক্ত ও শ্রীমতী জে, এস, টার্ণার আবাসিকবৃন্দদের একটি প্রীতিভোজে আপ্যায়িত করেন।

এই বৎসর বাৎসরিক স্পোর্টসে সেণ্ট ডেভিড বিশেষ কৃতিত্ব প্রদর্শন করে। রিসাং কিসেং ব্যক্তিগত চ্যাম্পিয়নশিপ লাভ করেন এবং টাগ্ অব ওয়ার ও দলগত চ্যাম্পিয়নশিপও সেণ্ট ডেভিডের ভাগ্যেই আসে। ক্রিকেট খেলায় এই বৎসর সেণ্ট ডেভিড দল শক্তিশালী করে গঠন করা হয় এবং একাধিক সাফল্য লাভ করে।

বিভিন্ন পরীক্ষার জন্য আর কোন উৎসব অনুষ্ঠান হয়নি। এই সময় শ্রীযুক্ত কে, ডি, ভাটের স্থলে শ্রীনিশীথরঞ্জন রায় ছাত্রাবাসের ওয়ার্ডেনের কার্যভার গ্রহণ করেন। নতুন সেসনের গোড়ায় সেণ্টডেভিডের নানা পরিবর্তন হয়। সুইমিংপুল দীর্ঘকাল পরে জলপূর্ণ হয়, রাস্তা ও ঘরগুলির সংস্কার সাধিত হয়, ফুল-ফলের বহু বৃক্ষরোপণ করা হয়। এই পরিবর্তন তাৎপর্যপূর্ণ। 'চরৈবেতি' এ প্রসঙ্গে বলেছেন—"আমাদের ভ্রাতৃত্ববোধ আরো

সত্য হয়ে উঠেছে, আমাদের ঐক্য আদর্শ স্থাপন করেছে এবং সকলের চেয়ে যা বড় আমাদের শক্তির সফল নিয়োগের একাধিক ক্ষেত্র সৃষ্টি করেছি আমরা।" এই কৃতিত্ব কেউই ব্যক্তিগত বা দলগত ভাবে দাবী করতে পারেননা। প্রত্যেক ছাত্রের সমনি কার্মকরী সহযোগিতার ফলেই এ সম্ভব হয়েছে, সম্ভব হয়েছে প্রত্যক ছাত্র ছাত্রাবাসের আদর্শ বজায় রাখতে সজাগ রয়েছেন বলেই। এই সজাগতা ও সহযোগিতার সংগে মিলেছে ছাত্রাবাসের প্রাক্তন ছাত্র ও বর্তমান ওয়ার্ডেন শ্রীনিশীথরঞ্জন রায়ের ঐকান্তিকতা ও আন্তরিক সহানুভূতি।

সেসনের প্রথমেই নবাগতদের অভ্যর্থনা জ্ঞাপনের জন্যে একটি ভোজসভা আহূত হয়। পুরাতন ছাত্রদের পক্ষ থেকে নবাগতদের স্বাগত জানান অমিয় বন্দ্যো ও আনন্দ ভট্টাচার্য। সভায় শ্রীযুক্ত অধ্যক্ষ ও শ্রীযুক্ত রায় বক্তৃতা করেন।

এর পর পার্লামেণ্টারী কায়দায় তিনটি বিতর্ক সভার আয়োজন করা হয়। স্পীকারের পদ গ্রহণ করেন শ্রীযুক্ত রায়। সভাগুলি ছাত্রদের মধ্যে বিশেষ উদ্দীপনার সৃষ্টি করে। বক্তৃতা ও আলোচনার মান অতি উচ্চস্তরের হয়।

"সমাজ-সেবা-সমিতি"র কাজ এই সময় সুরু হয় তবে বর্তমানে শ্রীযুক্ত টার্ণারের অনুপস্থিতিতে এর কাজ স্থগিত আছে।

৯ই আগষ্ট একটি গাম্ভীর্যপূর্ণ অনুষ্ঠানে স্বাধীনতা সংগ্রামের শহীদদের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা হয়। এই দিনের অন্যতম উল্লেখযোগ্য ঘটনা ছাত্রাবাসের মুখপত্র 'চরৈবেতি'র প্রথম প্রকাশ। [এর কিছু দিন পর জানিয়ালীতে অনুরূপ একটি পত্রিকা প্রকাশিত হয়]

১৫ই আগষ্ট দিবসটি অনাড়ম্বর ভাবে পালিত হয়। এই দিনের অনুষ্ঠানের নিম্নরূপ বিবরণী চরৈবেতিতে প্রকাশিত হয়—'ছাত্রাবাসে স্বাধীনতা দিবস উদ্‌যাপিত হয়। অনুষ্ঠানে সমবেত সংগীতের পর জমাদার 'বন্ধু' কর্তৃক জাতীয়পতাকা উত্তোলিত হয়। ছাত্রাবাসাধ্যক্ষ তাঁর ভাষণে বলেন, এই শাপমুক্ত সু-প্রভাত আমাদের মহত্তর জীবনের গৌরবোজ্জল সূচনা। পঞ্চম বর্ষের পিয়ার আলী নাজীরও বক্তৃতা করেন। এই দিন একটি বৃক্ষ রোপণ করা হয়। এই সময় অমিয় বন্দ্যো কবিগুরুর 'মাঙ্গলিক' কবিতাটি আবৃত্তি করেন। এরপর যে সামান্য জলযোগের আয়োজন করা হয় তাতে বর্ত্তমান অধ্যক্ষ শ্রীযুক্ত আড্ডি ও প্রাক্তন অধ্যক্ষ শ্রীপ্রেমানন্দ মহান্তি উপস্থিত ছিলেন।

সেপ্টেম্বরের প্রথম রবিবারে ডায়মণ্ডহারবারে একটি প্রমোদ-ভ্রমণের আয়োজন করা হয়। এই ভ্রমণ আনন্দপূর্ণ ও সার্থকভাবে সমাপ্ত হয়।

পূজার ছুটির পূর্বে একটি বিচিত্রানুষ্ঠানের আয়োজন করা হয়। এতে অধ্যাপকবৃন্দ আমন্ত্রিত হন। এই দিনের উল্লেখযোগ্য আকর্ষণী ছিল দলসিং গহতরাজের পরিচালনায় ঐক্যতান বাদ্য, সি, এল, রেমার গীটার, বিভাস দেবের এস্রাজ, বিমলেন্দু শাসমলের তবলা লহরা, পরিমল বসুর আবৃত্তি ও সত্যেনদের স্ব-রচিত কবিতা পাঠ।

পূজার ছুটির পর 'বিজয়া সম্মিলনী' অনুষ্ঠিত হয়। চরৈবেতিতে প্রকাশ—এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যাপক ফণিভূষণ চট্টোপাধ্যায় ও প্রধান অতিথির আসন গ্রহণ করেন শ্রীযুক্ত টার্ণার। কলেজের অধ্যাপকবৃন্দ ও জানিআলী পত্রিকার সম্পাদক আমন্ত্রিত হয়েছিলেন। এই সভায় দিলীপ দেবের কৌতুকী, সত্যেন দের আবৃত্তি, ভাস্কর মুখোর প্রবন্ধপাঠ প্রভৃতি আকর্ষণীয় হয়েছিল।

ডিসেম্বরের এক সন্ধ্যায় আবাসিকবৃন্দ অধ্যাপক টার্ণারকে বিদায় সম্বর্ধনা করেন। ছাত্রদের পক্ষ হইতে শ্রীযুক্ত টার্ণারকে একটি মান-পত্র ও কয়েকটি পুস্তক উপহার দেওয়া হয়। সভায় শ্রীযুক্ত অধ্যক্ষ, শ্রীযুক্ত রায়, চন্দ্রমোহন মহাপাত্র প্রভৃতি অধ্যাপক টার্ণারের গুণাবলীর উল্লেখ করে বক্তৃতা করেন। অবশেষে শ্রীযুক্ত টার্ণার এক মর্ম্মস্পর্শী বক্তৃতা প্রদান করেন এবং ভারতের শিক্ষাক্ষেত্রে সেবার প্রতিশ্রুতি ঘোষণা করেন।

সাহিত্য-সমিতির একটি অনুষ্ঠানে ও সুবর্ণ জয়ন্তী উৎসবে আবাসিকবৃন্দ সত্যেন দে রচিত নাটক 'মেস নং ৪৯' ও 'যা দেবী প্রিয়তমাসু' অভিনয় করে সকলের প্রশংসা অর্জন করেন। নাটকের প্লট ও টেকনিক রচয়িতা সত্যেন দের প্রতিভার দ্যোতক—একথা অবশ্য স্বীকার্য।

কলেজ-সুবর্ণ-জয়ন্তী উৎসবে আবাসিকবৃন্দ বিশেষ সক্রিয় অংশ গ্রহণ করেন। এই উপলক্ষে চরৈবেতিতে প্রকাশিত এক বাণীতে শ্রীযুক্ত রায় বলেন—"শ্রদ্ধাবনত চিত্তে স্মরণ করি সেই মহতী প্রচেষ্টা যার মূর্ত প্রতীক এই বিদ্যায়তনের পঞ্চাশৎ বর্ষ সম্পূরণ উৎসব সপ্তাহ কাল ধরে অনুষ্ঠিত হতে চলেছে। প্রাচ্য ও প্রতীচ্যের ভাবধারা ও সাধনার মিলনক্ষেত্র এই শিক্ষায়তন অর্ধ শতাব্দী কাল থেকে শিক্ষাবিস্তারের যে দায়িত্ব বহন করে এসেছে শিক্ষা-কর্তৃপক্ষ ও জনসাধারণের কাছ থেকে তার অকুণ্ঠ স্বীকৃতি পাওয়া গেছে।"

"আজ এই উৎসবের দিনে আহ্বান করি তাঁকে যিনি বোধের দ্বারা আমাদের দৃষ্টির কলুষ, আমাদের বুদ্ধির জড়তা, চৈতন্যের সংকীর্ণতা দূর করেন। আর স্মরণ করি উপনিষদের সেই অমৃতময়ী বাণী—'অবিদ্যয়া মৃত্যুং তত্বা বিদ্যায়ামৃতমশ্নুতে'—কর্মের দ্বারা মৃত্যু উত্তীর্ণ হয়ে জীব অমৃতলাভ করে।"

এ বৎসর আবাসিকদের মধ্যে অনেকেই শরীর চর্চায় মনোনিবেশ করেছেন। এটা খুবই ভাল লক্ষণ বলতে হবে।

এ বৎসর সমস্ত ক্ষেত্রেই ছাত্রবৃন্দ কৃতিত্ব প্রদর্শন করেছেন। ১৯৪৮-৫০ ও ৪৯-৫১ এর ডরোথি স্কলারশিপ লাভ করেছেন শ্রীরাকেশ সরকার ও জনাব পিয়ার আলী নাজির ৩য় বর্ষের অমিয় বন্দ্যো বিশেষ বৃত্তি, সি এল রেমা (৩য় বর্ষ) ও তপন দাস সরকারী বৃত্তি, দামোদর মিশ্র (২য় বর্ষ), বলাই ভট্টাচার্য (প্রথম বর্ষ) ও তপন দাস (১ম বর্ষ) পূর্ণ এক্সিবিসন লাভ করেছেন।

বার্ষিক পরীক্ষায় রবি বন্দ্যো (৪র্থ বর্ষ) ২টি, ভাস্কর মুখো (৪র্থ বর্ষ) ১টি, দামোদর মিশ্র ২য় বর্ষ বিজ্ঞান) ৩টি, শৈলেশ পতি (২য় বর্ষ সাহিত্য) ২টি বিষয়ে প্রথমস্থান অধিকার করে পুরস্কৃত হয়েছেন। অজিত ভট্টাচার্য ও বীরেন বিশ্বাসও (উভয়েই ২য় বর্ষ) পুরস্কৃত হয়েছেন।

অমিয় বন্দ্যো (৩য় বর্ষ) ও ভাস্কর মুখো (৪র্থ বর্ষ) বিতর্ক প্রতিযোগিতায় যথাক্রমে ১ম ও ২য়, সত্যেন দে ছোটগল্প রচনা প্রতিযোগিতায় তৃতীয়স্থান, আবৃত্তি প্রতিযোগিতায় সত্যেন দে ও অমিয় বন্দ্যো ১ম ও ৩য় স্থান অধিকার করেছেন।

সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে সু-অভিনয়ের জন্যে ছাত্রাবাসের সত্যেন দে, অমিয় বন্দ্যো ও ভাস্কর মুখো পুরস্কৃত হয়েছেন। আন্ত-কলেজ প্রতিযোগিতায় বিভাস দেব এস্রাজে ১ম ও দলসিং গহতরাজ কণ্ঠ সংগীতে বিশিষ্ট স্থান অধিকার করেছেন।

এ বছর ফুটবলে সেণ্ট ডেভিডের মান প্রথমে অত্যন্ত নেমে যায় পরে নবাগত খেলোয়াড়দের প্রচেষ্টায় এই মান উন্নীত হয়। ক্রিকেট দল নবরত্নম্, অমিয় বসাক প্রভৃতির চেষ্টায় শক্তিশালী হয়।

বার্ষিক স্পোর্টসে এ বৎসর ছাত্রাবাসদল ৬৯ পয়েণ্ট পেয়ে ও টাগ অব ওয়ারে দলীয় চ্যাম্পিয়নশিপ লাভ করেছেন ও রবিয়ুল হক্ ২০ পয়েণ্ট পেয়ে ব্যক্তিগত চ্যাম্পিয়নশিপ পেয়েছেন। রবিয়ুল হক্ ৪টি বিষয়ে, এ, এস, আর্থার ২টি বিষয়ে, অজিত সিং ২টি বিষয়ে প্রথম হয়েছেন। এছাড়া দেবী প্রসাদ পাল, কে জর্জ্জ, দলসিং গহত রাজ, রচুংগা, নবরত্নম্ প্রভৃতিও বিশেষ কৃতিত্ব অর্জন করেছেন। আন্তকলেজ প্রতিযোগিতায় অজিত সিং ও রচুংগা কৃতিত্ব প্রদর্শন করেছেন। ব্লু পেয়েছেন দলসিং, আর্থার ও অজিতসিং।

ছাত্রাবাসের সবচেয়ে 'থ্যাংক-লেস যব' টিফিন ক্লাব ও মেসের পরিচালনা। আমাদের সৌভাগ্য এবছর এইটির প্রভূত উন্নতি সাধিত হয়েছে। মেস কমিটির প্রেসিডেণ্ট অধ্যাপক সুরেন্দ্র নাথ মৈত্র এজন্য আমাদের কৃতজ্ঞতাভাজন হয়েছেন। দৈনন্দিন আহার্য্যের উন্নতি ও মাসিক ভোজ সভার সুষ্ঠু আয়োজনে যাঁরা ধন্যবাদার্হ হয়েছেন তাঁরা হলেন ক্ষুদিরাম ঘোষাল, দেবী পাল, আনন্দ ভট্টাচার্য, অর্দ্ধেন্দু মাহাতা, বিভাস দেব, ভাস্কর মুখো, কৃষ্ণ উপাধ্যায়। পূর্বে উল্লেখ করা হয়েছে এবৎসরের অন্যতম প্রধান ঘটনা ৯ই আগষ্ট ছাত্রাবাসের একক মুখপত্র 'চরৈবেতি' [ও এর ইংরেজী সংস্করণ The Davidian] এর প্রকাশ। ১৯৪৫-৪৭ সালে অনিয়মিত যে The St. David's Times প্রকাশিত হ'ত এটি তারই নবপর্য্যায়। একটি সম্পাদক মণ্ডলী এটি পরিচালনা করেন। এর সভাপতি অধ্যাপক নিশীথ রঞ্জন রায়। পত্রিকাটির বহু বিভাগ আছে যথা- ইস্তাহার (সাধারণ সংবাদ), সম্ভাবনা (স্বরচিত প্রবন্ধ, কবিতা ইত্যাদি) মধুও হুল (মন্তব্য), আলোক চিত্র, বর্ণ-চিত্র, খেলার মাঠে প্রভৃতি। নিয়মিত ভাবে পত্রিকা প্রকাশ ব্যতীত এ পর্যন্ত ৬টি বিশেষ সংখ্যা (৯ই আগষ্ট, ১৫ই আগষ্ট, পূজা, বিজয়া সম্মিলনী, বড়দিন, সুবর্ণ-জয়ন্তী) প্রকাশিত হয়েছে। বিশেষ সংখ্যা গুলিতে অর্দ্ধেন্দু মাহাতা ও বলাই ভট্টাচার্যের চিত্র

সকলের প্রশংসা অর্জন করে। এর বার্ষিক সংখ্যা প্রকাশের তোড়-জোড় সুরু হয়ে গেছে।

ছাত্রাবাসের একক মুখপত্ররূপে 'চরৈবেতি'র দায়িত্ব অত্যন্ত অধিক। সেণ্ট ডেভিডের সমস্ত ছাত্ররা এই দায়িত্ব সম্বন্ধে সজাগ। ভবিষ্যতে ছাত্রাবাসের আদর্শ ও ঐতিহ্য বজায় রাখার উত্তর সাধনার প্রতিষ্ঠা এবং প্রত্যেক ছাত্র যাতে তাঁর "জীবনের চরম প্রসাদ ও পরম আশীর্ব্বাদ" এই ছাত্রাবাস থেকে লাভ করতে পারেন সেই প্রচেষ্টার ব্রতও চরৈবেতির। এই ব্রত পূর্ণ করার আশা ও বিশ্বাস নিয়ে আমরা এগিয়ে চলব—

"চরণ বৈ মধু বিন্দতি চরণ স্বাদুমুদুম্বরম।
সূর্য্যস্য পশ্য শ্রেমানাং যো ন তন্দ্রয়তে চরণ॥
চরৈবেতি চরৈবেতি।"

পুস্তক-পরিচিতি

তীর্থবাস প্রসঙ্গ—শ্রীবিপিন কৃষ্ণ ঘোষ

[সেণ্ট পলস্ কলেজ ছাত্র—১৯১৬—২১]

আমাদের মহাবিদ্যালয়ের সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠান প্রাঙ্গনে ২০ শে জানুয়ারী'৫০ প্রাক্তন ছাত্র সভায় স্কটিস্ চার্চ কলেজের অধ্যাপক শ্রদ্ধেয় বিপিন ঘোষের 'তীর্থবাস প্রসঙ্গ' পুস্তিকাটি জনৈক প্রাক্তন ছাত্রের স্মৃতিকথা হিসাবে পঠিত হইয়াছিল। পুস্তিকাটিতে লেখকের শৈশব জীবনের কিঞ্চিৎ আলেখ্য ও ছাত্রজীবনে সেণ্টপলস্ কলেজের পরিস্থিতি ও পরিবেশ সম্বন্ধে পরিচয় আছে। দীর্ঘকাল পরিত্যক্ত কলেজের প্রতিটি স্মৃতি তাঁহার ভাষা ও ভার মাধুর্য্যে সুগভীর আন্তরিকতার মাধ্যমে পরিস্ফুট হইয়াছে। কেবলমাত্র ছাত্র বন্ধু ও অধ্যাপক প্রসঙ্গ নহে, তৎকালীন জানি আলি ছাত্রাবাসের পাচক, ভৃত্য প্রভৃতির নাম, বৈশিষ্ট্য ও কার্য্যকলাপ পর্য্যন্ত তাঁহার রচনায় নিখুঁত ভাবে রূপায়িত। কলেজের প্রতি তাঁহার অকৃত্রিম আকর্ষণ ও একান্ত অনুরাগ প্রতি ছত্রে প্রাণবন্ততায় মূর্ত। রচনাটি বহু স্থানে অনুভূতি প্রাবল্যে রঞ্জিত হইয়াছে কারণ লেখকের আশৈশব দারিদ্র্যলাঞ্ছিত জীবনের ভাববিহ্বলতা। পরিশেষে ইহা অকুণ্ঠচিত্তে স্বীকার্য যে বর্ত্তমানে কলেজের ছাত্রছাত্রীবৃন্দ এই পুস্তিকা মারফৎ কলেজের অতীত জীবন সম্বন্ধে প্রচুর জ্ঞানলাভ করিবেন।

কৃষ্ণ উপাধ্যায়

শীতে উপেক্ষিতা—রঞ্জন

বেঙ্গল পাবলিসার্স: কলিকাতা।

শীতের অসহ্য আবহাওয়ায় দার্জ্জিলিংকে কেন্দ্র করিয়া ভ্রাম্যমানের উপকরণ সংগ্রহ। দুরূহ যাত্রাপথের কষ্টলব্ধ অভিজ্ঞতা ব্যতীত লেখকের অন্তর্দৃষ্টির বিভিন্ন সূক্ষ্ম পরিচয় রচনায় সুস্পষ্ট।

নয়াদিল্লীর পটভূমিতে যাযাবরের 'দৃষ্টিপাত' রচিত হইয়াছিল, দার্জ্জিলিংএর আবেষ্টনীতে আলোচ্য লেখকের প্রচেষ্টা অনুরূপ; তবে ভূমিকায় 'যাযাবরকে' উদ্দেশ্য করিয়া তিনি নিজেই লিখিয়াছেন, 'আপনার ভাষার ছন্দসমৃদ্ধ সাবলীলতা, আপনার দৃষ্টির মতামতশূন্য স্বচ্ছতা, আপনার লঘু রসবোধ ইত্যাদি কিছুই নাই শীতে উপেক্ষিতায়'। এ সম্বন্ধে কাহারও মতান্তর ঘটিবার অবকাশ নাই।

মিসেস রায়ের ভয়াবহ চরিত্রসৃষ্টি একক। অশীতিপর বৃদ্ধ আর্থার কলিনের অবতারণা প্রাণবন্ততায় মূর্ত। শিখার ক্ষণসান্নিধ্য অন্তরে রেখাপাত করে। নেপালী বন্ধুর আধ্যাত্মিক সংলাপ প্রকাশলালিত্য ও মননশীলতায় জীবন্ত।
বহুস্থানে বিশ্বসাহিত্যের বিভিন্ন চরিত্রের বা গল্পের তুলনা ও সম্বন্ধ স্থাপন সুধীজনের নিকট বিশেষ সমাদৃত।

তবু রঞ্জনের আংশিক ব্যর্থতা উপসংহারে। মহাত্মাজীর আকস্মিক মৃত্যু না ঘটিলে বইটির যবনিকাপাত করাই দুঃসাধ্য ছিল মনে হয়, অচিন্ত্য সেনগুপ্তর 'যে যাই বলুক' উপন্যাসটি সমদোষে পীড়িত। আলোচ্য গ্রন্থের শেষের পঁচিশ পৃষ্ঠা বেদনাজর্জ্জর চিত্তের অতিশয়োক্তি রসসৃষ্টিকে ব্যাহত করে।

তা সত্ত্বেও লেখকের ব্যপক সম্ভাবনা ও আত্মকেন্দ্রিক প্রতিশ্রুতি অনস্বীকার্য্য। বাংলাসাহিত্যের প্রত্যাশাকে তাঁর আত্মপ্রকাশ পুষ্পিত ও সম্মানিত করুক।

স, না, দে,